কথমিহ পরমার্থং নৈবমানন্দরপম্।
কথমিহ পরমার্থং জ্ঞানবিজ্ঞানরপং,
যদি পরমহমেকং বর্ততে ব্যোমরপম্॥ ৪৩॥
দহনপবনহীনং বিদ্ধি বিজ্ঞানমেকং,
অবনিজ্পবিহীনং বিদ্ধি বিজ্ঞানমেকং,
গগনমিব বিশালং বিদ্ধি বিজ্ঞানমেকং,

ন শ্রুরপং ন বিশ্রুরপং, ন শুদ্ধরপং ন বিশুদ্ধরপম্।
কপং বিরূপং ন ভবামি কিঞ্ছিৎ, হুরূপরপং পরমার্থতত্ত্বম্॥ ৪৫ র
মৃঞ্জ মৃঞ্জ হি সংসাবং ত্যাগং মৃঞ্জ হি সর্বাধা।
তাগাত্যাগবিষং শুদ্ধমৃতং সহজং প্রবম্॥ ৪৬ ॥

ইতি শ্রীদত্তাত্ত্ররবিরচিতায়ামবধৃতগীতায়ামাত্মগংবিভ্যুপদেশে।
নাম তৃতীয়োহধ্যার:। ৩

প্রমার্থ যে আনন্দর্রপ, তাহা কি প্রকারে বলি ? প্রমার্থ যে আনন্দর্রপ নম্ন, তাহাই বা কি প্রকাবে বলি ?' প্রমার্থ যে জ্ঞান-বিজ্ঞানরূপ তাহাই বা এখানে কির্ন্তেপ বলি ? যদি এখানে এই স্থির হইল বে, আমি এক ও প্রম ব্যোমরূপে বর্ত্তমান আছি ॥ ৪৩ ॥

এক বিজ্ঞানরপকে দহন ও পবন-হান বলিয়া জানিও, অবনী ও জনহীন বলিয়া জানিও এবং সমাগমনবিহীন বলিয়া জানিও, বিজ্ঞানরপকে গগনেব সার বিশাল জানিও॥ ৪৪॥

শৃন্ত, বিশ্তু, শুদ্ধ বা বিশুদ্ধ, রূপ বা বিরূপ, এ কিছুই আমি নহি, আমি অরপরূপ, আমি প্রমার্থতিও ॥ ৪৫ ॥

সংসারকে ত্যাগ কর, ত্যাগকেও সর্বতোভাবে ত্যাগ কর, ত্যাগা-ত্যাগবিষকে পরিত্যাগ কর এবং শুদ্ধ, অমৃত, সহজ ও ধ্রুব হও ॥ ৪৬॥

> ইতি শ্রীদস্তাত্তের-বিরচিত অবধৃত-গীতার আত্ম-সংবিদ্ধাপদেশ নামক তৃতীয়াধ্যাধ।

চতুর্থোহধ্যায়ঃ

প্ৰীদত্ত উবাচ।

নাবাহনং নৈব বিস্ক্লনং বা, পুশানি পত্রাণি কথং ভবন্ধ।
ধ্যানানি মন্ত্রাণি কথং ভবস্তি, সমাসমং হৈব শিবার্চনঞ্চ॥ ১ ॥
ন কেবলং বন্ধবিবন্ধম্ক্তো, ন কেবলং শুদ্ধবিশুদ্ধন্তঃ।
ন .কবলং যোগবিরোগমূক্তঃ, স বৈ বিমুক্তো গগনোপমোংহম্। ২ ॥
সঞ্জান্তত সর্বমিদং হি তথ্যং, সঞ্জান্তত সর্বমিদং বিতথ্যম্।
এবং বিকল্পো মম নৈব জাতঃ, স্বন্ধপনির্বাণমনাময়োহম্॥ ৩ ॥।
ন সাঞ্জনং হৈব নিবঞ্জনং বা, ন চান্তবং বাপি নিবস্তবং বা।
স্বন্ধবিভিন্নং ন হি মে বিভাতি, স্বন্ধপনির্বাণমনামযোহহম্॥ ১ ।
আরোববোবো মম নৈব জাতো, বোধস্বন্ধণ মম নৈব জাতম।
নির্বোধ্যক কথং বদামি, স্বন্ধপনির্বাণমনামযোহহম্॥ ০ ।
ন বশ্বম্কো ন চ পাপযুক্তো, ন বন্ধযুক্তো ন চ মোক্ষযুক্তঃ।
যুক্তং ব্রুহকণ ন চ মে বিভাতি, স্বন্ধনির্বাণমনামযোহহম্। ২ ॥
প্রাপ্রণং বা ন চ মে ক্লাচিত্র মধ্যস্তভাবো হি ন চাবিমিন্ন
হিতাহিতং চাপি কথং বদামি, স্বন্ধণনির্বাণমনাযোহাহ্য্য ৭ ।

শীদন্ত কহিলেন, াই তেবেৰ আৰ'হন নাই, বিসজন নাই, প্পণ্ট কি
হইবে গধান বা একে কি এইবে গণিবাৰ্চন সমাসমন্ত্ৰপ ।। ১ ।।
কেবল বন্ধ নামেন, প্ৰশ্ব বিবেশ্যুক, কেবল শুদ্ধ নহেন, প্ৰথ বিশুদ্ধন্ক,
কেবল যুক নহেন, প্ৰশ্ব বিবেশিষ্ক, আনি সেই বিষ্ক্ত গণনে প্ৰথ । ১ ॥
এই স্মূলয় তথ বা বিত্থা, এইকাপ সন্দেহ আমাৰ ভবনা না, আন্থি
স্কাপ নিৰ্বাণ ও অনাম্য ॥ ১ ॥

সাঞ্জন বা নিব্ৰন, অস্কৰ বা নিব্তৰ অথবা সন্ত্ৰিভিন্ন বিছ্ছ প্ৰভাত হয় না, প্ৰত্ৰামি স্বৰ্প নিকাণ ও অনাময় হি ॥

আমাৰ মনোগ-শেধ ও নায না, বোনজনপত আমাৰ জনাম নাই,
নি: ধাব-- বই বা কি প্ৰকাৰে বনি প্ৰস্থ আমি স্বল্পনি লাণ ও অন্ময় ।।
আমি ধর্মযুক্ত বা পাপকে, বন্ধযুক্ত বা মোল মৃত্যুক্ত বা অফুক, স্বল্প
এ সৰ কিছই আমাৰ প্ৰতিভাত হয় না, আনি স্বল্প, নিৰ্বাণ ও অনাম্য ॥৬॥
আমাৰ ক্থন পৰ বা অপ্ৰ নাই, মধ্যুত্তাৰ বা অমি বা অবিনিজ্ঞাৰ ।
নাই, হিতাহিত্তাবই বা কিব্পে বলি পু আমি স্বল্পনিৰ্বাণ অনাম্য ॥৭॥

নোপাসকো নৈৰমুপাক্তরূপং, ন চোপদেশো ন চ মে ক্রিয়া চ।
সংবিৎস্বরূপং চ কথং বদামি, স্বরূপনির্বাণমনাময়েছিছম্ ॥ ৮॥
নো ব্যাপকং ব্যাপ্যমিহান্তি কিঞ্চিন্ন চালন্নং বাপি নিরালন্নং বা।
অশুক্তশৃক্তং চ কথং বদামি, স্বরূপনির্বাণমনাময়েছিছম্ ॥ ৯॥
ন গ্রাহকো গ্রাক্তক্ষের কিঞ্চিন্ন কারণং বা মম নৈর কার্য্যম্।
স্কৃতিস্তাচিস্তাং চ কথং বদামি, স্বরূপনির্বাণমনাময়েছিছম ॥ ১০॥
ন ভেদকং বাপি ন চৈব ভেজং, ন বেদকং বা মম নৈর বেজুম্।
গতাগতং তাত কথং বদামি, স্বরূপনির্বাণমনাময়েছিছম্ ॥ ১১॥
ন চাস্তি দেকো ন চ মে বিদেকো, বৃদ্ধির্মনো মে ন হি চেক্রিয়াণি।
রাগো বিরাগক্ত কথং বদামি, স্বরূপনির্বাণমনাময়েছিছম্ ॥ ১২॥
উল্লেখনাত্রং ন হি ভিন্নমুচ্চেকল্লেখমাত্রং ন তিরোহিতং বৈ।
সমাস্যং মিত্র কথং বদামি, স্বরূপনির্বাণমনাময়েছিছম্॥ ১২॥

উপাসক বা উপাস্তকপ আমাৰ নাই, উপদেশ বা ক্রিয়া আমার নাই, গংবিংস্বৰূপট বা আমি কি প্রহাবে বলি ? প্রস্থ আমি স্বৰূপ-নির্বাণ ও অনাময়। ৮॥

স্বৰূপে বাপেলে, থক কিছুও নাই, আণ্য বা নিবালয় কিছুই নাই, আণ্য-শৃত্য হক্ষপই বা কি প্ৰকাৰে বলি পূপৰ্ত্ত আমি স্বৰূপ-নিৰ্বাণ ও অনাময়॥৯॥
স্বৰূপে গ্ৰাহক-গাফ্ক-ভাব নাই, কাৰ্য্য-কার্থ-ভাব নাই, অচিন্তা চিন্তাস্বৰূপই বা আমি কি প্ৰকাৰে বলি পূপ্ৰত্ত আমি স্বৰূপ-নিৰ্বাণ ও
অনাময়॥১০॥

ভেদক বা দেজ,বেদক বা বেজ,এ সব আমার কিছুই নাই,তাত! আমার অরূপকে গতাগতই ব কি প্রকারে বলি প প্রস্কু আমি অরূপ, নির্বাণ ও অনাময় ॥ ১১॥

আমার দেই নাই, বিদেইও াই, বৃদ্ধি, মন বা ইল্রিয়াদি কিছুই নাই, বাগবা বিমাণ আমার সক্ষপ, ইহাই বাফি প্রকারে বলি পরস্কামি স্বক্প-নিক্ষাণ ও অনাময় ৮॥ ১২ %

ক্রিনি কেবল উল্লেখমাত্র নহেন, উল্লেখমাত্র হইতে তিনি ভিন্ন . উচ্চ উল্লেখমাত্রে তিনি তিরোহিত হন না. মিত্র! সমাসমস্বরূপ আমি কি প্রকারে বলি ? প্রস্তু আমি স্বরূপনিস্কাণ ও অনাময়। ১৩॥ জ্বাজ্বে হিং ছজিতে জ্বিলো বা, ন সংব্যা যে নির্মোন জাতঃ।
জ্বাজ্বে মিত্র কথং বণামি, স্বরূপনির্বাণমনামরোইহম্॥ ১৪॥
অম্র্রেম্র্জিন চ মে কদাচিদাজস্তমধ্যং ন চ মে কদাচিৎ।
বলাবলং মিত্র কথং বদামি, স্বরূপনির্বাণমনামরোইহম্॥ ১৫॥
মৃতামৃতং বাপি বিষাবিষং চ, সঞ্জায়তে তাত ন মে কদাচিৎ।
অশুক্ত কং চ কথং বদামি, স্বরূপনির্বাণমনামবোইহম্॥ ১৬॥
স্বপ্ন: প্রবোধো ন চ যোগমূলা, নক্তং দিবা বাপি ন মে কদাচিৎ।
অত্যাত্যাং চ কথং বদামি, স্বরূপনির্বাণমনামরোইহম্॥ ১৭॥
সংবিদ্ধি মাং সর্ববিসর্বামৃকং, মাঘা বিমাষা ন চ মে কদাচিৎ।
সন্ধাদিকং কর্ম কথং বদামি, স্বরূপনির্বাণমনামবোইহম্॥ ১৮॥
সংবিদ্ধি মাং সর্বাসমাধিমৃক্তং, সংবিদ্ধি মাং লক্ষ্যবিলক্ষ্যমূক্তম্।
বোগং বিরোগং চ কথং বদামি, স্বরূপনির্বাণমনামযোইহম্॥ ১৯॥

মিত্র ! আমি জিতেক্সিয় বা অজিতেক্সিয়, সংযত বা নিষত, জর বা অজয়স্ক্রপ, তাহা কি প্রকারে বলি ? পবস্তু আমি স্বক্রপনির্বাণ ও অনাময় ॥ ১৪॥
অমুর্ট্রের মৃর্ত্তি কলাচ নাই, আগস্ত ও মধ্যও আমার কথন নাই; হে
মিত্র ! বলাবল আমার স্কর্মপ, ইহাই বা কি প্রকারে বলি ? পরস্তু আমি
স্ক্রপনির্বাণ ও অনামর্ট্যা ১৫॥

মৃতামৃত বা বিবাবিষ কখন আমার হয় নাই, অশুদ্ধ বা শুদ্ধ ইহাই বা কি প্রকারে বলি ? পরস্থ আমি স্বরূপনির্দাণ ও অনাময়॥ ১৬॥

স্থা, আমার প্রবোধ বা বোগম্লা,দিবা বা রাত্রি কিছুই নাই, অত্রীয় বা তুরীয়ভাব, তাহাই বা কি প্রকারে বলি? পরস্কু আমি স্বরূপনির্বাণ ও অনাময়॥ ১৭॥

আমাকে সর্ব্ধ-বিসর্ব্ব-মৃক্ত বলিয়া জানিও, মায়া বা বিমায়ামৃক্ত বলিয়া জানিও, সন্ধ্যাদি কর্ম আমার স্বরূপ, তাহাই বা কি প্রকারে বলি ? পরস্ক আমি স্বরূপনির্বাণ ও অনাময় । ১৮॥

আমাকে সর্অবনমাধিমুক্ত বলিরা জানিও, আমাকে লক্ষ্য-বিলক্ষ্য-মুক্ত বলিরা জানিও, বোগ বা বিরোগ বে আমার বরুপ, তাইটি বা কি প্রকারে ব বলি ? পরস্কু আমি বরুপনির্কাণ ও অনামর 1১৯॥ মৃৰেণি হলি নাহং ন চ পণ্ডিতোহহং, মৌনং বিমৌনং ন চ মে কদাচিৎ। তৰ্ক বিতৰ্কং চ কথং বদামি, স্বৰূপনিৰ্কাণমনাময়োহহম॥ ২০॥

।পতা চ মাতা চ কৃশং চ জাতির্জনাদি মৃত্যুন চ মে কচাচিৎ। স্মেচং বিমোহং চ কথং বদামি, স্বরূপনির্জাণমনামরোছহম্॥ ২১॥

> অন্তৰ্গতো নৈব সদোদিতোহহং, তেজো বিতেজো ন চ মে কদাচিৎ। সন্ধ্যাদিকং কৰ্ম কথং বদামি, অৱপনিৰ্ব্বাণমনাময়োহহম্॥ ২২॥

অসংশরং বিদ্ধি নিরাকুলং মামসংশরং বিদ্ধি নিরন্তরং মাম্। অসংশরং বিদ্ধি নিরন্তনং মাং, স্বরপনির্বাণমনামরোইইম্॥ ২০॥ ধ্যানানি সর্বাণি পরিত্যজ্ঞি, শুভাশুভং কর্ম পরিত্যজ্ঞি। ত্যাগামূতং তাত পিবস্তি ধীরাঃ, স্বরূপনির্বাণমনামরোইইম্॥ ২৪॥

আমি মৃথ'ও নহি, পণ্ডিতও নহি, মৌন বা বিমৌন নহি, তঠ কা বিতঠ আমার অরপ, তাহাই বা কি প্রকারে বলি ? পরস্ত আমি অরপ-নির্বাণ ও অনাময়॥ ২০॥

আমার পিতা, মাতা, কুল, জাতি, জন্মাদি-মৃত্যু,—এ দব কিছুই নাই, ক্ষেহ বা বিমোহ আমার স্বরূপ, তাহাই বা কি প্রকারে বলি ? পরস্ক আমি স্বরূপনির্বাণ ও অনামর ॥ ২১॥

আমি অন্তগত নহি, পরন্ধ সদা উদিত, তেজ বা বিতেজ আমার কথনও নাই, স্বরূপ যে সন্ধ্যাদি কর্ম, তাহাই বা কি প্রকারে বলি? পরন্ধ আমি স্বরূপনির্বাণ ও অনাময়॥ ২২॥

আমাকে নিরাকুল বলিয়া নিশ্চয় জানিও, আমাকে নিরস্তর বলিয়া নিশ্চয় জানিও, আমাকে বিরঞ্জন বলিয়া নিশ্চয় জানিও, পরস্তু আমি স্বরূপ নির্বাণ ও অনামর॥ ২৩॥

হে তাত ! ধীরগণ সম্দর ধ্যান পরিত্যাগ করেন, শুভাশুভ কর্ম পরি-ভ্যাগ করেন, তাঁহারঃ স্বরূপ হইরা ভ্যাগামৃত পান করিতে থাকেন; পরস্ক স্থামি স্বরূপনির্বাণ ও অনাময় ॥ ২৪ ॥ বিন্দতি বিন্দতি ন হি ন চি যত্র, ছন্দোলকণং ন হি ন হি তত্ত্ব।
সমরসমগ্রো ভাবিতপ্তঃ, প্রলপতি তত্ত্বং পর্মাবধ্তঃ ॥ ২৫ ॥
ইতি শ্রীদভাত্তেরবির্চিতারামবধৃতগীতারাং স্বামিকার্তিকসংবাদে
স্বাস্থ্যপথিত্যুপদেশে স্থরপনির্গরো নাম
চতুর্থোহধ্যারঃ ॥ ৪ ॥

পঞ্মোহধ্যায়ঃ।

শ্রীদত্ত উবাচ।

ওমিতি গদিতং গগনসমং, তন্ন প্রাপ্রসারবিচার ইতি।
অবিলাসবিলাসনিরাকরণং, কথ্মক্ষরবিন্দুসমুচ্চরণম্॥ ১॥
ইতি তত্ত্মসিপ্রভৃতিশ্রুতিভিঃ, প্রতিপাদিত্মাত্মনি তত্ত্মসি।
অম্পাধিবিবজ্জিতসর্বসমং, কিমু বোদিষি মানসি সর্বসমম্॥ ২॥
অধ-উর্জ্ববিজ্জিতস্বস্বসমং, কিমু বোদিনি মানসি সর্বসমম্॥ ২।
গদি চৈক্বিব্জিতস্বস্বসমং, কিমু বোদিনি মানসি সর্বসমম্॥ ২।

যথায **ছন্দোলকণ নাই, তথায় সমবস্ব**ল, ভাবপ্ৰিত্ৰ, প্ৰমাৰণ্ডত্ও প্ৰাণু ক্রেন না ॥ ২৫॥

ইতি শ্রীদভাত্তেম-বির্চিত অবশত-গাতার সামিকাত্তিকসংবাদে সাত্মসংবিভাপদেশ-সক্সমিণ্য নামক চতুও অধ্যায়।

্রাদত্ত কহিলেন, ওঞ্চারকে গগনসমতত্ব কলা হইশ্বাছে, তাহা পরাপর-শাববিচার নহে। অক্ষর বিন্দু-উচ্চাবণমাতে অবিলাস-বিলাসের কি প্রকারে নিবাকরণ হইবে ? ১॥

তত্ত্বমসি প্রভৃতি শ্রুতিবাবের আত্মাকে তওমসিরপে প্রতিপন্ন করা হটয়াছে, কিন্তু হং অর্থাৎ তুমি পদার্থ উপাধিবিবন্দিত ও সর্কাসম, অত্এব তুমি স্কাসম হইয়া মনে মনে কেন বোদন করিতেছ্ ? ২॥

অধঃ নাই, উৰ্দ্ধ নাই, সকলই সমান .— বিহিঃ নাই, অস্তৱ নাই, সকলই সমান .— বিদিচ একও বিবৰ্জিত হইয়া সৰ্কাসমান হয়, তবে সৰ্কাসম হইয়া মনে মনে কেন ৱোদন করিছেছ ৪৩॥

ন হি কলিভকলবিচার ইতি, ন হি কারণকার্যাবিচার ইতি ।
পদসন্ধিবিবিজ্ঞিতসর্বসমং, কিম্ বোদিষি মানসি সর্বসমম্ ॥ ৪ ॥
ন হি বোধবিবোধসমাধিবিতি, ন হি দেশবিদেশসমাধিরিতি ।
ন হি কালবিকালসমাধিবিতি, কিম্ রোদিষি মানসি সর্বসমম্ ॥ ৫ ।
ন হি ক্রতাল ন হি ক্স্ত ইতি, ন হি জীববপুন হি জীব ইতি ।
ন হি কাবণকার্যাবিভাগ ইতি, কিম্ বোদিষি মানসি সর্বসমম্ ॥ ৬ ॥
ইহ সর্বানিরস্বমোল্লপদং, লঘুদীর্ঘবিচারবিহীন ইতি ।
ন হি বর্ত্ত লকোণবিভাগ ইতি, কিম্ বোদিষি মানসি সর্বসমম্ ॥ ৩ ॥
ইহ শুলবিশূলবিহীন ইতি, শুদ্ধবিশ্বনিহান ইতি ।
ইহ শুলবিশূলবিহীন ইতি, কিম্ বোদিষি মানসি সর্বাসমম্ ॥ ৩ ॥
ন হি ভিন্নবিভিন্নবিচাব ইতি, বিশ্বস্বস্থিবিচাব ইতি ।
অবিমিত্রবিক্রিভ্রম্বিচাব ইতি, বিশ্বস্বস্থিবিচাব ইতি ।
অবিমিত্রবিক্রিভ্রম্বিচাব ইতি, বিশ্বস্বস্থিবিচাব ইতি ।
অবিমিত্রবিক্রিভ্রম্বিচাব ইতি, বিশ্বস্বস্থিবিচাব ইতি ।

ইং ক ল্লিভ-কল্লেল বিচাৰ নহে, কাৰ্য্যকাৰণেৰ বিচাৰ নহে, ইহা পদ-সন্ধিবিৰ বিভিত্ত, সৰ্বাসমভাব , তুমি সাবসম হইণ ভবে কি জাল মনে মনে বোদন কবিতেছ গও॥

ইছা বোধ বা বিবোধের নমানি নছে, দেশ বা বিদেশের সমানি নছে, কাল বা বিকালের সমানি নছে, তবে তুমি সক্ষদম ছইলা কেন মনে মনে বোদন ক্বিতেছ १৫।

হহা ঘটাকাশ বা ষ্ঠনত, জীৱশবীৰ বা জীবশনহে, ইহা কাৰণ বা কাৰ্যেৰে বিভাগনহে তবে তুমি সৰ্বসম হতয়া মনে মনে কেন রোদন কবিতেছ ৬ ॥

হতা লঘ্নীদ-বিচাবগান, বভাল কোণ-বিভাগ-হীন, স্কনিবস্তর-মোক্ষ-পদ অভএব তুনি স্কাসম ১ইর মনে মনে কেন বোলন ক্বিভেছ ८ - ॥

এই সক্ষমভাব শৃস।শৃতা, ভক্ষ বা বিচাব-গান ইছা সক্ষবিস্ক^{ৰ্ণ} চাব-বিছান, তবে তুমি সমসম হইয়া মনে মনে কেন বোদন ক্ষিতেই ? ৮॥

ইহাতে ভিন্ন বিভিন্ন বিচাপ নাই, বহিঃ বা অন্তব-সন্ধিব বিচাব নাই, ইহা শক্র-মিত্র-বিবৰ্ক্তিত, সংক্ষমভাব , অতংগ ুাম স্কাসম হইয়া কেন মনে মনে ব্যোদন কবিতেছ ১৯। ন হি শিশ্ববিশিশ্বস্থরপ ইতি, ন চরাচরভেদবিচার ইতি।

ইহ সর্বনিরন্তরমোক্ষপদং, কিম্ রোদিবি বানসি সর্ব্বসমষ্ ॥ ১০ ॥
নছ রূপবিরূপবিহীন ইতি, নহ ভিরবিভিরবিহান ইতি।
নহু সর্গবিদর্গবিহীন ইতি, কিম্ রোদিবি মানসি সর্ব্বসমষ্ ॥ ১১ ॥
ন গুণাগুণপাশনিবন্ধ ইতি, ফুডজীবনকর্ম করোমি কথম্।
ইতি শুদ্ধনিরন্তরনং সর্ব্বসমং, কিম্ রোদিবি মানসি সর্ব্বসমম্ ॥ ১২ ॥
ইহ ভাববিভাববিহান ইতি, ইহ কামবিকামবিহীন ইতি।
ইহ বোধতমং থলু মোক্ষসমং, কিম্ রোদিবি মানসি সর্ব্বসমষ্ ॥ ১০।
ইহ তত্ত্বনিরন্তরতত্ত্বমিতি, ন হি সন্ধিবিদ্ধিবিহীন ইতি।
যদি সর্ব্ববিশ্বিজতসর্ব্বসমং, কিম্ রোদিবি মানসি সর্ব্বসমষ্ ॥ ১৪ ॥
অনিকেতক্টীপরিবারসমং, ইহ সঙ্গবিসন্তবিহানপরম্ ।
ইহ বোধবিবাধবিহীনপরং, কিম্ রোদিবি মানসি সর্ব্বসমষ্ ॥ ১৪ ॥
অনিকেতক্টীপরিবারসমং, ইহ সঙ্গবিসন্তবিহানপরম্ ।
ইহ বোধবিবাধবিহীনপরং, কিম্ রোদিবি মানসি সর্ব্বসমষ্ ॥ ১৫ ॥
স্বাবিকারমসত্যমিতি, অবিলক্ষবিলক্ষমসত্যমিতি।
যদি কেবলমাত্মনি সত্যমিতি, কিমু রোদিবি মানসি সর্ব্বসমষ্ ॥ ১৬ ।
বিদ কেবলমাত্মনি সত্যমিতি, কিমু রোদিবি মানসি সর্ব্বসমষ্ ॥ ১৬ ।

ইহাতে শিশ্ব-বিশিশ্ব নাই, চরাচর-ভেদ-বিচার নাই, সর্ব্বসমভাবে সর্ব্বনিরস্কর মোক্ষপদ আছে, অতএব তুমি সর্ব্বসম হইয়া মনে মনে কেন রোদন করিতেছ ? ১ • ॥

ইহা রূপৰিরূপ-হীন, ভিন্ন-বিভিন্ন-বিহীন, ইহা সর্গ-বিসর্গ-ৰিহীন;
স্মন্তএৰ তুমি সর্কাসম হইয়া মনে মনে কেন রোদন করিতেছ ? ১১ ।

ইহা গুণাগুণ-পাশনিবদ্ধ নয়, মৃত বা জীবিত-বিচার নয়, ইহা গুদ্ধ, নিরঞ্জন, সর্কাসমতদ্ব; সর্কাসম হইয়া মনে মনে কেন রোদন করিতেছ ? ১২ ॥ সর্কাসমন্বরূপে ভাববিভাব নাই, কাম-বিকাম নাই, ইহা বোধতম ও মোক্ষসম; অতএব তুমি সর্কাসম হইয়া মনে মনে কেন রোদন করিতেছ ? ১৩॥ ইহাতে তত্ত্ব বা নিরন্তরতন্ত্ব নাই, সন্ধি-বিসন্ধি নাই, ইহা বদি সর্কা

ইহাতে তত্ত্ব বা নিরস্তরতত্ত্ব নাহ, সাজ-বিসাধ নাহ, হহা বাদ সক্ষ বিৰক্ষিত, তবে সর্কাসম হইয়া তুমি মনে মনে কেন-রোদন করিতেছ ? ১৪॥

ইহাতে আলর ও নিরালর বা পরিবার নাই, ইহাতে সল-বিসল নাই, ইহাতে বোধ-বিবোধ নাই; অতএব তুমি সর্কাসম হইরা কেন মনে মনে রোদন করিতেছ? ১৫ ম

অবিকার বা বিকার এ সব অসত্য, অবিসক্ষণ বা বিলক্ষণ এ সব অসভ্য,

ইং দৰ্শ্বতমং থলু জীব ইতি, ইং দৰ্শনিরপ্তরজীব ইতি।
ইং কেবলনিশ্চলজীব ইতি, কিমু রোদিবি মানসি দর্শক্ষমন্ ॥ ১৭ ॥
অবিবেকবিবেকমবোধ ইতি, অবিকল্পবিকল্পমবোধ ইতি।
যদি চৈকনিরপ্তরবোধ ইতি, কিমু রোদিবি মানসি দর্শক্ষমন্ ॥ ১৮ ॥
ন হি মোক্ষপদং ন হি বন্ধপদং, ন হি পুণপেদং ন হি পাপপদন্।
ন হি পূর্ণপদং ন হি রিপ্তপদং, কিমু রোদিবি মানসি দর্শক্ষমন্ ॥ ১৯।
যদি বর্ণবিবর্ণবিহীনসমং, যদি কারণকার্য্যবিহীনসমন্ ।
যদি ভেদবিভেদবিহীনসমং, কিমু রোদিবি মানসি দর্শক্ষমন্ ॥ ২০ ॥
ইং দর্শ্বনিরপ্তরদর্শ্বচিতে, ইং কেবলনিশ্বলস্থাচিতে।
ছিপদাদিবিব্জিতস্ব্বচিতে, কিমু রোদিবি মানসি দর্শক্ষমন্ ॥ ২১ ॥
অতিসর্শ্বনিরপ্তরস্ব্বগতং, রতিনিশ্বলনিশ্চলস্থ্যতম্ ।
দিনরাত্রিবিজ্জিতস্ব্বগতং, কিমু রোদিবি মানসি দর্শ্বসমন্ ॥ ২২ ॥

যদি কেবল আআই সত্য, ইহা স্থির হইল, তবে তুমি স্বাস্থান হইরা মনে মনে কেন রোদন করিতেছ ? ১৬॥

ইহাতে সর্বতম জীব আছে; ইহাতে সর্কনিরস্তর জীব আছে, ইহাতে কেবল নিশ্চল জীব আছে; অতএব তুমি সর্বসম হইরা মনে মনে কেন রোদন করিতেছ ? ১৭॥

অবিবেক বা বিবেক, ইছা অৰোধমাত্ৰ; অবিকল্প বা বিকল্প, ইছা অজ্ঞান-মাত্ৰ; বদি সৰ্বাসমতত্ত্ব এক ও নিরন্তর বোধমাত্ত হইলেন, তবে ভূমি সৰ্বাসম হইয়া মনে মনে কেন রোদন করিতেছ ৮ ১৮॥

ইহাতে মোক্ষৰৰ, পুণ্য বা পাপ, পূৰ্ণতা বা রিজ্ঞ**া[কিছুই নাই** ; অতএৰ তুমি স্কাসম হইয়া মনে মনে কেন রোলন করিতেছ ? ১৯॥

সমতত্ত্ব যদি বৰ্ণ-বিহীন, কারণকার্য্যবিহীন, ভেদবিভেদবিহীন হইল, তবে তুমি সর্বাসম হইলা মনে মনে কেন রোদন করিতেছ ? ২০॥

এই ইতত্ত সর্কনিরস্তর, সর্কচৈতক্সজাগরক, কেবল নিশ্চনতাবে সর্ক-চৈতক্তে আছে এবং বিপদাদিবিবজ্জিত সকলেরই চৈতত্তে আছে ;। অতএব ভূমি সর্কাসম হইয়া মনে মনে কেন রোদন করিতেছ ? ২১॥

এই তত্ত্ব নিয়ন্তর সর্কাগত আছে, রতি নির্মণ ও নিশ্চণ হইরা সর্কাগত আছে, দিন-রাত্তি-বিবজ্জিত হইরা সর্কাগত আছে, অভএব তুমি সর্কাসম হইরা মনে মনে কেন রোদন করিতেছ ? ২২ ঃ ন হি বন্ধবিবন্ধসমাগমনং, ন হি বোগবিরোগসমাগমনম্।
ন হি তক্ষিতক্সমাগমনং, কিমু রোদিষি মানসি সর্বসমম্॥ ২০॥
ইহ কালবিকালনিরাকরণং, অণুমাত্রকশাস্থনিরাকরণন্।
ন হি কেবলসত্যনিরাকরণং, কিমু রোদিষি মানসি সর্বসমম্॥ ২৪॥
ইহ দেহবিদেহবিহীন ইতি, নফ অপ্রস্থাপ্রিহীনপরম্।
অভিবানবিধানবিহীনপরং, কিমু রোদিষি মানসি সর্বসমম্॥ ২৫॥
গগনোপমশুদ্ধবিশালসমং, অতিসর্ববিব্যক্তিসর্বসমম্।
গতসারবিসারবিকারসমং, কিমু রোদিষি মানসি সর্বসমম্॥ ২৬॥
ইহ ধর্মবিধর্মবিরাগতরং, ইহ বস্তবিবস্তবিরাগতরম্।
ইহ কামবিকামবিরাগতরং, কিমু রোদিষি মানসি সর্বসমম্॥ ২৭॥
স্থতংগবিব্যক্তিতস্বস্বসমং, ইহ শোকবিশোকবিহীনপ্রম্।
৬৯শিস্তবিব্যক্তিতস্বস্বস্থা, কিমু রোদিষি মানসি সর্বসমম্॥ ২৮॥
ন কিলাক্রসারবিসার ইতি, ন চলাচলদ।মাবিসামামিতি।
অবিচাববিচারবিহীনমিতি, কিমু রোদিষি মানসি সর্বসমম্॥ ২৮॥
আবিচাববিচারবিহীনমিতি, কিমু রোদিষি মানসি সর্বসমম্॥ ২৮॥

এই তত্ত্বে বন্ধ-বিবন্ধের সমাগম নাই , শোগবিলোগের সমাগ্ম নাই, ঐ তর্ক-বিত্তকের সমাগম নাই , অত্থার তুমি সর্কাসম হত্যা মনে মনে কেন ব্যোদন করিডেভ ? ২০॥

এই তারে কাল-বিকাল নিবারত হয়, অগুনাত পদার্থও নিবাকত ত্র, কেবল সত্যেব নিরাকরণ হয় না, অতএব তুমি সর্বসম ২ট্যা কেন মনে ' মনে রোদন করিতেছা ? ২৪॥

ইঙাতে দেস-বিদেহ নাই, স্বপ্ন-সুষ্পি নাই, অভিধান বা বিবান নাই . অতএব তুমি সর্কাসম হইয়া কেন মনে মনে রোদন করিতেই ৭২৫॥

এই সমত ও গগনোপম বিশাল, সর্ব্বজিত, বিগতদাব, বিসার ও বিগতবিকাব . অত এব তুমি সর্ব্বিম হুট্য়া কেন মনে মনে রোদন করিতেছ ? ২৬।
ইহাতে ধর্মাধর্মে বিরাগ হয়, বস্তু-বিবস্ততে, বিরাগ হয়, কাম-বিকানে
বিরাগ হয় . অত এব তুমি সর্ব্বসম হুট্য়া কেন মনে মনে রোদন করিতেছ ? ২৭॥
ইহা সর্ব্বসমতত্ত্ব, অ্থতঃ ও-বিবজিত, শোক-বিশোকবিহীন, গুরুণিয়-বিব
ক্তিত প্রমতত্ত্ব; তবে সর্ব্বসম হুট্য়া মনে মনে কেন রোদন করিতেছ ? ২৮।
ইহাতে সারবিসারের অনুর্মাত্ত্ব নাই, চলাচল, সামা-

ইং সারসম্ভর্গারমিতি, ক্ষিতং নিজ্ঞাববিজেদ ইতি।
বিষয়ে ক্রণ্ড্রমতামিতি, কিমু রোদিবি মানসি সর্ক্রমম্॥ ৩০॥
বছধ। শুভরঃ প্রবদন্তি যতো, বির্দাদিরিদং মুগতোরসমন্।
যদি চৈক্নিরস্ভরস্ক্রমং, কিমু রোদিবি মানসি সর্ক্রমম্॥ ৩১॥
বিন্দতি বিন্দতি ন হি ন হি বত্ত, ছন্দোলক্ষণং ন হি ন হি তত্ত্ব।
সম্বদ্ময়ো ভাবিতপ্তঃ, প্রল্পতি তত্ত্বং প্রমাবধৃতঃ॥ ৩২॥

ইতি শ্রীদত্তাত্তেরবিরচিতারামবণ্ডগীতারাং স্বামিকার্ত্তিকসংবাদে আত্মসংবিত্তেপদেশে সমদৃষ্টিকথনং নাম পঞ্চামংগারঃ। ৫॥

বাং বৈৰ্মা, অবিচার বা বিচার কোন ভেদ নাই , অত্থব তুমি দক্ষনমুহট্যামনে মনে কেন রোদন করিতেছ ৪২৯॥

ইহাতে সারসমূচ্চরের সার জাছে, নিজ ভাবের বিভেদবশতঃ
এই তত্ত্ব কথিত হইল, পার্থিব বিধরে যাহা কিছু করা যার,
সম্পরই অসত্য, অভএব ভূমি স্কাসম হইরা মনে মনে কেন রোদন
কবিত্তিছ গত ॥

বহুশতিতে এই কথা বলা হইয়াছে বে, আকাশালি সম্নর
দৃশ্যকাতই মরীচিন্নমনাত্র , অতএব বলি এক, নিরন্তর ও
সর্বসম হইল, তবৈ তুমি সর্বসম হইয়া মনে মনে কেন রোদন
করিতেছ ? ৩১॥

যথার যথার ছলোলকণ নাই, তথার তথার সমরসমগ্ন, ধানিপৃত, পরমাক-ইত তত্ত্ব প্রলাপ করেন না। ৩২।

> ইতি শ্রীলভাজেরবিরচিত অবধৃতগীতান্তর্গত সমৃদ্**টিকর্থন** নামক পঞ্চমাধ্যার।

मर्छा २ शासः।

শ্ৰীদত্ত উবাচ।

বছধা শ্রুতন্তঃ প্রবদন্তি বন্ধং, বিন্নদাদিরিদং মৃগতোরসমন্।
বিদি চৈকনিরস্তরসর্কাশিবমূপমেন্নমথো ভ্যপমা চ কথম্॥ ১॥
অবিভক্তিবিভক্তিবিহীনপরং, নমু কার্যাবিকার্যাবিহীনপরম্।
যদি চৈকনিরস্তরসর্কাশিবং, যজনঞ্চ কথং তপনঞ্চ কথম্॥ ১॥
মন এব নিরস্তরসর্কাশিবং, মনসাপি কথং বচসা চ কথম্॥ ৩॥
দনরাত্রিবিভেদনিরাকরণম্দিতাম্দিতক্ত নিরাকরণম্।
যদি চৈকনিরস্তরসর্কাশিবং, রবিচন্দ্রমসো জলনশ্চ কথম্॥ ৪॥
গতকামবিকাম্বিভেদ ইতি, গভচেষ্টবিচেষ্টবিভেদ ইতি।
যদি চৈকনিরস্তরসর্কাশিবং, বহিরস্তরভিন্নমতিশ্চ কথম্॥ ৫॥
যদি চিকনিরস্তরসর্কাশিবং, বহিরস্তরভিন্নমতিশ্চ কথম্॥ ৫॥
যদি চিকনিরস্তরসর্কাশিবং, প্রথমঞ্চ কথং চরমঞ্চ কথম্॥ ৬॥
যদি চিকনিরস্তরসর্কাশিবং, প্রথমঞ্চ কথং চরমঞ্চ কথম্॥ ৬॥

অনেক শ্রুতি বলেন দে, আকাশাদি এই সমস্ত হুগৎ মরীচিকামাত্র । দদি এক নিরন্তর সর্বাশিব উপমেয় হন, তবে তাঁছার উপমা কোথায় ৫ ১॥

তিনি অবিভক্তি-বিভক্তি-বিহীন প্রম্পদার্থ, তিনি কার্য্যবিকাশ্যবিহীন প্রম্পদার্থ, যদি স্কাশিব এক ও নিরম্ভর হরেন, তবে যজনই বা কি প্রকারে সম্ভবে, তপক্সাই বা কি প্রকারে সম্ভবে ? ২॥

মনই নিরস্তর সর্কাগত, মনই অবিশাল এবং বিশালতা-বিহীন, মনই নিরস্তর সর্কাশিবময় মন যদি এরপ হইলেন, তবে মন ও বাক্য দারা ঠাহার কি প্রকারে অর্কনা হইবে ? ৩॥

যদি সেই সর্কাশিব এক ও নিরস্তর হরেন, তবে দিন-রাত্রি-বিভেদ, অথবা উদিত অনুদিত-ভেদ নিরাক্ত হয়, রবি-চন্দ্রমা অথবা অগ্নিই বা কি প্রকারে সম্ভবে ? ৪॥

যদি এক, নিরন্তর ও সর্কশিব ইহা সত্য হর, তবে কাম-বিকামবিতেদ বা চেষ্টা-বিচেষ্টা-বিভেদ নষ্ট হইয়া যায় : বহিঃ বা অন্তর, এইরূপ ভিন্ন বোদই বা কি প্রকারে থাকিবে ? ৫॥

যদি সারবিসার, শৃশু-বিশৃশ্প এ সব কিছুই নয়, বদি এক ও নিরশ্বর সর্কাশিব সভ্য হরেন, তবে প্রথম বা চরম কি প্রকারে সম্ভবে ? ৬॥ যদি ভেপবিভেদনিরাকরণং, যদি বেদকবেশ্যনিরাকরণম্।

যদি চৈকনিরস্তরসর্কশিবং, তৃতীয়ঞ্চ কথং তৃরীয়ঞ্চ কথম্॥ १॥

গদিতাগদিতং ন হি সত্যমিতি, বিদিতাবিদিতং ন হি সত্যমিতি।

যদি চৈকনিরস্তরসর্কশিবং, বিষয়েন্দ্রমুদ্ধমনাংসি কথম্॥ ৮॥

গগনং পবনো ন হি সত্যমিতি, ধরণী দহনো ন হি সত্যমিতি।

যদি চৈকনিরস্তরসর্কশিবং, জলদশ্চ কথং সলিলক্ষ কথম্॥ ৯॥

যদি কল্লিতলোকনিরাকরণং, যদি কল্লিতদেবনিরাকরণম্।

যদি চৈকনিরস্তরসর্কশিবং, গুণদোষবিচারমতিশ্চ কথম্॥ ১০॥

নরশামরণং হি নিরাকরণং, করণাকরণং হি নিরাকরণম্।

যদি চৈকনিরস্তরসর্কশিবং, গমনাগমনং হি কগং বদতি॥ ১১॥

প্রকৃতিঃ পুক্ষো ন হি ভেদ ইতি, ন হি কারণকার্যাবিভেদ ইতি।

যদি চৈকনিরস্তরসর্কশিবং, পুক্ষাপুক্ষং চ কথং বদতি॥ ১২॥

তৃতীয়ং ন হি তৃঃগসমাগমনং, ন গুণাদ্বিতীয়ক্ত স্মাগমনম্।

যদি চৈকনিরস্তরস্ক্শিবং, শুবিরশ্চ যুবা চ শিশুশ্চ কথম্॥ ১৩॥

যদি ভেদ-বিভেদ নিবারত ১টল, বেদক বেচ্চ নিরাক্ত হইল, যদি এক ও নিরস্তর সর্কশিব সত্য, তবে জাগ্রৎ, স্বপ্ন ও সুষ্প্রি এই অবস্থান্তর অথবা তুরীয়াবস্থা কিরপে সম্ভবে ৮৭॥

কথিত।কথিত সতা নয়, বিদিতাবিদিত বিষয় সত্য নয়, যদি এক নিরস্তর স্কাশিব সতা, তবে বিষয়, ইক্লিয়, মন ও বৃদ্ধি কোথায় থাকে ৮ ৮॥

আকাশ বা বাষুসত। নহে, অগ্নি বা পৃথিবী সত্য নতে, যদি এক নিরস্তর স্কশিবই সতা, তবে মেঘই বা কোপায় আৰু জলই বা কোথায় ১৯॥

দি ক্লিড লোক সকল মিথা স্থিতীক্ত ছইল, যদি কলিত দেব-লোক মিথা স্থিতীক্ত ছইল, যদি এক নিরস্তা স্কাশিব স্তা, তবে গুণ্দোষ্বিচার-বৃদ্ধিই বা কি প্রকারে স্ভবে ৪ ১ • ।

ফদি মরণামরণ, করণাকরণ নিরাক্ত হইল, ফদি এক নিরস্তর সর্কশিব সত্য, তবে গমনাগমনের কথাই বা বল কেন ? ১১॥

পুক্ষপ্রকৃতিতে ভেদ নাই, কার্য্যকারণে ভেদ নাই, ইহা যদি স্থির-সিদ্ধান্ত ইহল,যদি এক,নিরন্থর ও সর্বাশিষ সত্য,তবে পুক্ষাপুরুষের কথা বল কেন ? ১২॥

যদি সর্কশিব এক ও নিরস্তর সত্য,তবে দিতীয় গুণসমাগ্য বা তৃতীয় জু:খ-সমাগ্য নাই। ভবে আবার ইনি স্থবিব, ইনি যুবা ও ইনি শিশু কেনবল ?১৩॥ নত্ন আশ্রমবর্ণবিহীনপরং, নত্ন কারণকর্ত্বিহীনপরম্।
বিদি চৈকনিরস্তরসর্কশিবং, অবিনাইবিনইমতিশ্চ কথম্॥ ১৪ ॥
গ্রাসিতাগ্রসিতং চ বিতথ্যমিতি, জনিতাজনিতং চ বিতথ্যমিতি।
বিদি চৈকনিরস্তরসর্কশিবং, অবিনাশি বিনাশি কথং হি ভবেং॥ ১৫।
পুরুষাপুরুষত্র বিনইমিতি, বনিতাবনিতত্র বিনইমিতি।
বিদ চৈকনিরস্তরসর্কশিবমবিনোদবিনোদমতিশ্চ কথম্॥ ১৬॥
বিদ মোহবিবাদবিহীনপরো, বিদ সংশরশোকবিহীনপরঃ।
বিদ চৈকনিরস্তরসর্কশিবমহমেতি মমেতি কথং চ পুনঃ॥ ১৭॥
নত্ন ধর্মবিধর্মবিনাশ ইতি, নত্ন বন্ধবিবন্ধবিনাশ ইতি।
বিদ চৈকনিরস্তরসর্কশিবমিহ তঃখবিতঃথমতিশ্চ কথম্॥ ১৮॥
নত্ন বাজিকবজ্জবিভাগ ইতি, ন হতাশনবস্তবিভাগ ইতি।
বিদ চৈকনিরস্তরসর্কশিবং, বদ কর্মকলানি ভবন্তি কণম্॥ ১৯॥
নত্ন শোকবিশোকবিমৃক্ত ইতি, নত্ন দর্পবিদর্পবিমৃক্ত ইতি।
বিদ চিকনিরস্তবসর্কশিবং, নত্ন রাগবিরগ্যমতিশ্চ কথম্॥ ২০।

যদি সেই পরতর আশ্রম ও বর্ণবিহীন, কারণ ও কর্ত্বিহীন হটল, যদি এক, নিবস্তর ও সর্কশিব সভা, ভবে অবিনষ্ট বা বিনষ্টবৃদ্ধি কেন জনারঁ ? ১৪। বদি প্রসিত বা অপ্রসিত, জনিত বা অজনিত ইহাই প্রকৃত, বদি এক নিরস্তর ও সর্কশিব সভা, তবে অবিনাশী বা বিনাশী কি প্রকারে হইতে পারে ? ১৫।

পুরুষাপুরুষ ও বনিভাবনিত যদি নিরাকৃত হইল,যদি এক, নিরস্তর, স্ক্ষিব সতা, তবে সুধত্ঃধবৃদ্ধি কোধা হইতে আইসে ০ ১৬॥

ষদি সেই পরতর মোহবিষাদ অথবা সংশর-শোক-বিহীন হইলেন, যদি সর্বাশিব এক ও নিরম্ভর হয়েন, তবে মামি ও আমার ইত্যাদি জ্ঞান কি প্রকারে সম্ভবে ? ১৭॥

যদি ধর্ম-বিধর্ম ও বন্ধ-বিবন্ধ বিনষ্ট ছইল, যদি সর্বশিব এক ও নিরম্থর, ভবে তঃখ্বিতঃখবুদ্ধি হয় কেন ? ১৮॥

বাজিক কার্য্য বা যজ্জবিভাগ নাই, হতাশন-বস্তবিভাগও নাই, যদি এক, নিরন্তর, সর্কশিব সত্য, তবে কর্মফল সকল কোথা হইতে আইসে বল ? ১৯। যদি সেই পরতর শোকবিশোক ও দর্পবিদর্শস্ক নিশ্বর, যদি সর্কশিব এক, নিরন্তর স্তা, তবে রাসবিরাগ্যতি কোথা হইতে আইসে ? ২০॥

ন হি মোহবিমোহবিকার ইতি, ন হি লোভবিলোভবিকার ইতি।

গদি চৈক্ নির্ভ্রস্ক্লিবং, হ্ববিবেক্বিবেক্মতিশ্চ কথ্য॥ ২১॥

থমহং ন হি হস্ত ক্লাচিল্পি, কুলজাতিবিচারমস্তামিতি।

অহমেব শিবং প্রমার্থ ইতি, অভিবাদনমত্র করোমি কথ্য॥ ২২॥

শুক্লিয়াবিচারবিশীর্ণ ইতি, উপদেশবিচারবিশীর্ণ ইতি।

অহমেব শিবং প্রমার্থ ইতি, অভিবাদনমত্র করোমি কথ্য॥ ২০॥

ন হি ক্রিতদেহবিভাগ ইতি, অভিবাদনমত্র করোমি কথ্য॥ ২৪॥

সরজো বিরজো ন ক্লাচিল্পি, নম্থ নির্মান্তনশুদ্ধ ইতি।

অহমেব শিবং প্রমার্থ ইতি, অভিবাদনমত্র করোমি কথ্য॥ ২৪॥

ন হি দেহবিদেহবিক্র ইতি, অভিবাদনমত্র করোমি কথ্য॥ ২৫॥

ন হি দেহবিদেহবিক্র ইতি, অভিবাদনমত্র করোমি কথ্য॥ ২৫॥

অহমেব শিবং প্রমার্থ ইতি, অভিবাদনমত্র করোমি কথ্য॥ ২৫॥

অহমেব শিবং প্রমার্থ ইতি, অভিবাদনমত্র করোমি কথ্য॥ ২৫॥

অহমেব শিবং প্রমার্থ ইতি, অভিবাদনমত্র করোমি কথ্য॥ ২৬॥

মেহ-বিমোহ-বিকার নাই, লোভ-বিলোভ-বিকার নাই, বদি সর্কাশিব এক ও নিরম্ভর, ভবে অবিবেক বা বিবেকবৃদ্ধি কোধা হইতে আইদে १২১॥

তুমি কি আমি কদাচিংও সত্য হইতে পারি না, কুলজাতিবিচারও সত্য হইতে পারে না, কেবল আমিই শিব, ইহাই পরমার্থ সত্য , অতএব এ স্থলে কি প্রকারে তাহার অভিবাদন করি ? ২২॥

গুরু-শিশ্য-বিচার নিরস্ত হইল, উপদেশবিচার নিরস্ত হইল, আমিই শিব, এই পরমার্থ প্রতিপন্ন হইল, অতএব এথানে আমি তাঁহাকে কি প্রকারে অভিবাদন করি ? ২৩॥

কল্পিত দেহ-বিভাগ নাই, কল্পিত লোক-বিভাগও নাই, আমিই শিব, ইহাই প্রমার্থ; তবে মামি কি প্রকারে অভিবাদন কল্পি ? ২৪॥

সরাগ বা বিরাগ কদাচিৎ নাই, সেই পরতত্ত্ব নিশ্চরই নির্মাণ, নিশ্চল ও শুদ্ধ, আমিই শিব, ইহাই পরমার্থ . আমি এগানে কি করিয়া সেই শিবকে অভিবাদন করি ? ২৫॥

দেব-বিদেহ-বিকল্পনা নাই, মিণ্যাচরিতও কিছুই নাই, আমিই শিব, ইহাই প্রমার্থ : আমি এথানে কি করিয়া তাঁহাকে অভিবাদন করি ? ২৬ ॥ বিন্দতি বিন্দৃতি ন হি ন হি যত্ত, ছন্দোলক্ষণং ন হি ন হি তত্ত ।
সমবসমগ্রো ভাবিতপূত:, প্রলপতি তবং প্রমাবধৃত: ।, ২৭ ॥
ইতি শ্রীদ্ভাতেরবির্চিতারামবধৃত্যাভারাং স্থামিকার্ত্তিকসংবাদে
সাক্সমংবিত্ত,পদেশে মোক্ষনিণ্যো নাম সদোধান:॥ ৬ ॥

मखागाश्या ।

शिवत देन हा

বণ্যাকপটবিবচিতকভঃ, পুণ্যাপুণ্যবিবফিতপতঃ।
শৃস্থাগাবে তিষ্ঠতি নগ্নো, শুদ্ধনিবজনসমরসমগ্নঃ।। ২।
লক্ষ্যালক্ষ্যবিবিজ্ঞিতলক্ষ্যো, যুক্তানুক্তবিবিজ্ঞিতদক্ষঃ
কেবলত ইনিরঞ্জনপুতো, বাদবিবাদঃ কথ্মব-তঃ। ২।
আশাপাশবিবন্ধমুক্তঃ, শৌচাচাবিবিক্তিভত্যুকঃ।
এবং সর্কাবিবিজ্ঞিতসম্ভত্তবং শুদ্ধনিবজনবতঃ। ২।
কথ্মিহ দেহবিদেহবিচাবঃ, কথ্মিহ বাং বিবাগবিচ বঃ।
নির্মাননিশ্চলগগনাকাবং, স্বয়মিহ তত্ত্বং সহজ ক্রেম্ । ৪।

ষ্ণার ষ্ণার ছেন্দোলকণ নাই, সম্বস্মগ্ন ভাবপূত প্রমান্ত তথাৰ তথা কথনে প্রলাপ ক্ৰেন না॥ ২৭॥

ইতি শ্রীদভাতের-বিবচিত অবধৃতগাতাতে স্বামিকার্ত্তিক-সংবাদে স্বায়-সংবিভাগেদেশে মোক্ষনির্ণরন মক বছ অধ্যার সমপে।

শ্রীদন্ত কহিলেন, পতিত ছিল্লবন্থ-নিমিত-কহ্-নুক্ত হইল, পুণাপুণা বিবর্জিত পছা অবলম্বন করিলা শুদ্ধ নিরজন-সমরসে মগ্ন হওত নগ্ন অববৃত শ্রাগারে অবস্থান করিতেছেন ॥ ১॥

লক্ষ্যালক্ষ্যে এবং যুক্তাযুক্ত-বিবৰ্জনে দক্ষ হইয়া কেবল তত্ত্বস্বৰূপ নিরঞ্জন মগ্ন হইয়া আছেন , অভএব এ প্রকাবে অবধৃতের বাদবিবাদ কি १২॥

তিনি বিবিধ আশা-পাশ-মুক্ত ইইয়াছেন, শোচাচার-বিবর্জিত ও দুক্ত হইয়াছেন এবং স্কৃতত্ত্বিবর্জিত হইয়া শুদ্ধ নিবঙ্গনবস্ত হইবা আছেন॥ ও॥

এবস্থৃত অবস্থায় দেহ-বিদেহ-বিচাবই বা কি, রাগ-বিরাগ-বিচারই বা কি ? এ অবস্থায় কেবল নির্মাল নিশ্চল গণনাকাব ভ ৬—- এ অবস্থায় কেবল সহজাকার স্বয়ণ্ডত্ব ॥ ৪ ॥ কথমিহ হত্তং বিশক্তি যত্র, রূপমত্রপং কথমিহ তত্র।
গগনাকার: পরমো যত্র, বিষয়ীকরণং কথিমহ তত্র। ৫ ।
গগনাকারনিরস্তরহংসত ওবিশুদ্ধনিরস্তনহংস: ।
এবং কথমিহ ভিন্নবিভিন্নবন্ধবিবদ্ধবিকারবিভিন্নম্। ৬ ।
কেবলত ধনিরস্তরসর্কাং, বোগবিন্নোগো কথমিহ গর্কম্।
এবং পরমনিরস্তরসর্কাং, এবং কথমিহ সারবিসারম্। ৭ ।
কেবলত ধনিরস্তনসর্কাং, গগনাকারনিরস্তরশুদ্ধ।
এবং কথমিহ সন্ধবিসন্তং, সত্যং কথমিহ রন্ধবিরস্তম্। ৮ ॥
যোগবিন্নোগৈ রহিতো যোগা, ভোগবিভোগে রহিতো ভোগা।
এবং চরতি হি মলং মলং, মনসা কল্লিতসহজানলম্ ॥ ৯ ॥
বোধবিবোধা: সততং যুকো, দৈডাবিতে: কথমিহ মুক্ত: ।
সহজো বিরক্ত:কথমিহ গোগা, শুদ্ধনিরস্তনসম্রসভোগা। ১০ ॥
ভগ্নাভগ্নবিবিজ্ঞিতভগ্না, লগ্নালগ্নবিবিজ্ঞিতলগ্ন: ।
এবং কথমিহ সারবিসার: সমরসত ৪ং গগনাকার: ॥ ১১ ॥

যাহার রূপ **অরপ কিছুই নাই, তথার কি তত্ত্ব লাভ হইবে ?** যথার গগনা-কারই প্রমতত্ত্ব, তথার বিষয়ীকরণ কি প্রকারে সম্ভবে ? ৫॥

গগনাকাব নিরম্ভ হ**ইলে শুদ্ধ নির্ঞ্জন হংসতত্ত্বের উদ্যু হয়**; এই তত্ত্বে ভিন্ন বিভিন্ন-বন্ধ-বিকার-বিভিন্নাদি কি প্রকারে সম্ভবে ? ৬ ॥

কেবল ভত্ত নিরস্তর, সে তত্ত্ব যোগ-বিয়োগ বা গর্কা নাই, পরমনিরস্তর-দক্ষ এইরূপ হয়. এই নিরস্তরসর্কো সার-বিসার নাই ॥ १ ॥

নিরঞ্জন সর্বাই কেবল তত্ত্ব, ইহা গগনাকার ও নিরস্তর শুদ্ধ, ইহাতে সক্ষ-বদঙ্গ কিরূপে থাকিবে ? ইহা সত্যা, ইহাতে রক্ষ-বিরক্ষ কিরূপে সম্ভবে ? ৮॥ এ তত্ত্বে বোগী বোগবিরোগ-রহিত, ভোগী ভোগবিভোগ-রহিত হইরা মন:কল্লিত সহজানন্দে মন্দ মন্দ বিচরণ করেন॥ ৯॥

বোধবিবোধ ও বৈতাধৈত ধারা সতত যুক্ত থাকিলে কি প্রকারে মুক্ত হুইতে পারা যায় ? যোগীর সম্বন্ধে সহজ বা বিরক্ত কি প্রকারে ঘটিবে ? যোগী শুক্ত নিরঞ্জন সমরস ভোগ করিতে থাকেন ॥ >• ॥

এ তত্ত্ব ভগ্নাভগ্ন নাই, লগালগ্ন নাই এবং সার-বিসার নাই, সমরসত্ত্ব গ্রানাকার ॥ ১১ ॥

নততং সর্ধবিবর্জিতযুক্তঃ, সর্বাং তত্ত্বিবিজিতযুক্তঃ।

এবং কথমিত্ জীবিতমরণং, ধ্যানাধ্যানৈঃ কথমিত্ব করণম্॥ ১২॥
ইক্সালমিদং সর্বাং যথা মরুমরীচিকা।
অথপ্তিত্থনাকারো বর্ততে কেবলং শিবঃ॥ ১০॥
ধর্মাদো মোকপর্যন্তং নিরীহাঃ সর্বাধা বয়ম্।
কথং রাগবিরাগৈশ্চ করমন্তি বিপশ্চিতঃ॥ ১৪॥
বিন্দতি বিন্দতি ন হি ন হি যত্র, ছন্দোলকাণং ন হি ন হি তত্র।
সমরসমগ্রো ভাবিতপ্তঃ, প্রলপতি ভত্তং প্রমাবধৃতঃ॥ ১৫।
ইতি শ্রীদন্তাত্রেরবিরচিতারামবধৃতগীভারাং স্বামিকার্ত্তিকসংবানে
স্বাস্থ্যসংবিজ্যুপদেশে সপ্তমোহধ্যায়ঃ॥৭॥

व्यक्तिशाशः ।

শ্রীদত্ত উবাচ।

খন্যাত্রয়া ব্যাপকভা হতা তে, ধ্যানেন চেতঃপরভা হতা তে। স্বত্যা ময়া বাক্পরতা হতা তে, কম্ম নিত্যং ত্রিবিধাপরাধান্॥ ১॥

এ তত্ত্বে যোগী সতত সক্ষবিবৰ্জিত অথচ যুক্ত, সক্ষতত্ত্বিবৰ্জিত অপচ মুক্ত , এ তত্ত্বে জীবিত বা মরণই বা কি, ধ্যানাধ্যানই বা কি ? ১২॥

মরুমরী**চিকার স্থার এই সমুদর ইন্দ্রজান**, কেবলমাত্র অথণ্ডিত ও ঘনাকার শিবরূপ বিভ্যমান ॥ ১৩ ॥

আমরা অবধত, আমরা ধর্মাদি মোক পর্যন্ত সম্দর বিষয়েই সর্কথা নিক্টেই, পণ্ডিতেরা আমাদের রাগ-বিরাগ কি প্রকারে করনা করেন ? ১৪॥ যথার যথার ছন্দোলকণ নাই, তথার তথার সমরসমগ্র ভাবপৃত প্রমাবণৃত ভল্প প্রলাপ করেন না॥ ১৫॥

ইতি শ্রীদকাত্তেরবিরচিত অবধৃতগীতার স্থামিকার্তিকসংবাদে স্বাত্মসংবিজ্যুপদেশে সপ্তমাধ্যায় সমাপ্ত।

শ্রীদত্ত কহিলেন, তোমার যাত্রাতে ব্যাপকতা হত হইরাছে, তোমার ধ্যানে চিস্তার বিষরপরতা হত হইরছে,তোমার্শ্বতি বারা আমার বাক্পরতা হত হইরাছে, হে গুরো! আমার নিত্য এই ত্রিবিধ অপরাধ ক্ষমা কর॥ ১॥ कार्यत्रक्षीमधिखा मृष्टः छित्रकिश्वनः। অনীহো মিতভুক্ শাস্তঃ স্থিরো মচ্ছরণো মুনি:॥২॥ অপ্রমত্তো গন্ধীর।আ ধৃতিমান কিতবড়্ওণ:। অমানী মানদঃ কল্পে মৈত্র: কারুণিকঃ কবি: । ৩॥ কপালুরকৃতদ্রোহন্তিতিকঃ সর্বদেহিনাম। সতাসারোহনবভাত্মা সম: সর্ব্বোপকারক: ॥ ৪ ॥ অবধতলকণং বহৈণিক্রণতবাং ভগবত্রহৈ:। **ट्व**नवर्गार्थक खटेक ट्वनट्वन स्वतानिष्ठिः ॥ ४ ॥ আশা-পাশ-বিনিম্ ক আদিমধ্যান্তনির্মল:। আনন্দে বর্ত্ততে নিত্যমকারস্থ লক্ষণম ॥ ৬॥ ৰাসনা বৰ্জিতা যেন বক্তব্যং চ নিরাময়ম। বর্তমানেষু বর্ত্তে বকারং তভ লক্ষণমূ ॥ ৭ ॥ প্লিপূসরগাজাণি ধৃতচিত্তো নিরাময়:। ধারণা-ব্যান-নিশু ক্রো ধুকারন্তক্ত লক্ষণম্॥ ৮॥ তত্ত্বচিত্রা ধৃতা বেন চিস্তা-চেষ্টা-বিবজ্জিত:। তমোহহয়ার্মির্ক ক্রকারক্ত লক্ষণম্ । ১ ॥

কামনাসকল হারা বাঁহার বৃদ্ধি হত হয় নাই, যিনি দাসু, মৃত, শুচি,
শুকিঞ্চন, নিরীহ, মিতভুক্,শাস্ত,স্থির এবং আত্মাশ্রম,তাঁহাকেই মূনি কহে ॥২॥
দিনি অপ্রমন্ত, গন্তীরাত্মা, গুতিমান্, জিতেন্দ্রির, অমানী, মানদ, দাতা,
মৈত্র, কারুণিক এবং কবি, যিনি তুপালু, অকৃতজোহ, স্ক্লেটার প্রতি
তিতিকু, সতাসার, অনবভায়া, সম ও স্কোপকারক, তিনিই মূনি॥ ৩-৪॥

একলে বেদবর্ণার্থত হল্প ভগবান্ বেদবাদীরা বর্ণে বর্ণে অবধুতের যে লক্ষণ কহিয়াছেন, তাহা জানা উচিত ॥ ৫॥

অবধৃত শব্দের অকারে আশাপাশবিনিশ্বৃক্ত, আদিনধ্যান্ত-নির্মান এবং নিত্য আনন্দে বর্তমানকে বুঝায় ॥ ৬ ॥

অবণ্ত শব্দের বকারে বাসনাবজ্জিত,নিরাময় বস্তুতে বর্ত্তমানকে ব্ঝায় ॥৭॥
অবণ্ত শব্দের প্কারে ধূলিধ্দরগাত, ধৃতচিত্ত, নিরাময় এবং ধারণাধ্যান-নিমুক্তিকে বুঝা বার ॥ ৮॥
. . .

অবণুত শব্দের তকারে তত্তচিস্তাকারী, চিস্তা-চেষ্টা-বিবৰ্জ্জিত জম: বা অহস্বারনিমুক্তিকে বুঝার॥ ১॥ আবানং চায়তং হিষা অভিন্ন নোক্ষমবান্তম ।
গতো হি কুংসিতঃ কাকো বৰ্ত্তে নবকং প্রতি । ২০ ॥
মনসা কর্মণা বাচা ত্যজ্যতাং মৃণলোচনন ।
ন তে মর্গোহপবগো বা সানলং হলন্তং যদি । ১১
ন জানামি কথং তেন নিম্মিতা মুগলোচনা ।
বিশ্বাস্থাতকীং ৰিদ্ধি স্বগনোক্ষ্মথাগলাম ॥ ১২
মূত্রশোণিত্যগুলি ক্ষমেধ্যবাব্দবিতে ।
চর্মাকৃত্তে যে ব্যক্তি তে লিপান্তে ন সংশ্বং ঃ ১০ ।
কৌটিন্যালস্ত্রংগ্রুণ স্ত্যুশোচবিবিজ্জিতা ।
বেনাপি নির্মিতা নাবী বন্ধনং সর্ব্যাদহিন ম ১৯ ।
বৈলোক্যজননা বাহী সা ভগা নবকো ন ম
তক্ষাং জাতো বতত্ত্ব হাচা সংস্থানসংস্থিতিঃ ৷ ১৮
জানামি নবকং নাবাং ব্বং হানামি বন্ধনম
সন্তাং জাতো বতত্ব পুনক্ষীর্বধ্বিনি । ১৮

মাজিএ অধ্যা মে।কাশ্বন্প অমৃত্যন অ বা কে তাণ কাৰ্য কাক্ছ কুছান্ত নৰকেৰ প্ৰতি ধাৰিত হয়॥ ১০॥

ৰাক্য, মন ও ক্ষেৰ ধাৰা স্দালাল।ক্ষে তাণ কাৰ্ত তাহা না শ্বিলে তোমাৰ স্থাবা অপ্ৰা অধ্যা হৃদয়ে আমন্দ থাকিবে না ॥ ১১॥

কানি না, কি জন্ম মুগলোচনাব স্কুটি ইইয়াছে, তাহ'দিগকে বিধাস-ঘানিনা এবং স্বৰ্গ ও মোক্ষ-সুখেৰ অপাল্যকপ জানিও।১২।

মূত্র ও শৌণিত থাবা গুৰ্গন্ধয়, অপবিত্রত বাবা দ্বিত চ্ছাকুতে বাহাব। রুমণ কবে, তাহাবা বে পাপনিপ হয়, ইহাতে হাব দংশয় ন ই। ১৩॥

কৌটিলা ও দন্তসংযুক্ত, সত্য এবং শৌচ-বিবৰ্জিত নাবাজনকে কে নিশাণ কবিয়াছে নাবী স্বাদেহীৰ বন্ধনম্বৰূপ। ১৪।

নাৰী ³এলোক্যজননী ওধাতা, প্ৰস্তুত্দ নিশ্মই নৰক শাহাতে জন্ম হইলাছে, ভাহাতেই ৰত হওয়া, হাহা। এ বি সংসাৰ্সংভিতি । ১৫॥

নাবীকে স্মামি নরক বলিয়া জানি, নাবীকে বন্ধন বলিয়া আমি নি*চয়৳ মনে কবি, যাহা হইতে জন্ম, তাহাতেই রত, তাহাতেই ধ⁴বমান॥১৬॥ ভগাদি কুচপর্যান্তং সংবিদ্ধি নরকার্ণবন্।
বে রমন্তি পুনস্তর তরন্তি নরকং কথন্।
বিষ্ণাদিনরকং বোরং ভগন্ধ পরিনির্মিতন্।
কিম্ পশাদি রে চিত্ত কথং তত্তিব ধাবসি॥ ১৮॥
ভগেন চর্মকুণ্ডেন তুর্গন্ধেন ব্রণেন চ।
মণ্ডিতং হি জগং সর্কাং সদেৰাস্থ্রমান্থ্রন্॥ ১৯॥
দেহাগবে মহাঘোরে প্রিতং চৈব শোণিতন্।
কেনাপি নির্মিতা নারী ভগং চৈব অধ্যোম্থন্॥ ২০॥
অন্থবে নরকং বিদ্ধি কৌটিল্যং বাহ্মন্তিতন্।
ললিতামিহ পশাদি মহামন্বিরোধিনীম্॥ ২০॥
মন্তা জীবিতং লকং ভবস্তুরেব দেহিনাম্।
অহে। জাতে। রতন্ত আহে। ভববিডদনা॥ ২২॥
তর মুগ্রা রমন্তে চ সদেৰাস্থ্রমানবাং।
তে বাদি নরকং বোবং সভামের ন সংশ্রং॥ ২০॥

টংপত্তিস্থান চইতে আরও কবিয়া কৃচ পর্যন্ত সম্দানকেই নরকসমূদ বিশিষ্ট স্থানিও। বাহারা চাহাতে বমন করে,ভাহারা কিরপেনরক উত্তীর্ণ হইবে ?>৭॥ ভণ বিশ্বাদি বে।র নরকরপে নিশ্বিত। রে চিত্ত ! তুমি কি ভাহা দেখিতেছ না ০ সত্তব তথার আবার কেন ধাবমান স্থাপ ১৮॥

সনেৰ সুরন্ত্র সমৃদ্র জগংই তর্গন্ধ, ব্রণযুক্ত, চথাকুত যোনি ছারা মণ্ডিত রহিলাছে॥ ১৯॥

মহালোর দেহার্গবে শোণিত পূন্ আছে। ইহাতে কে নারী ও অধ্যেমুগ ংশনিকে নিশাণ করিয়াতে ৫২০॥

স্থ্যীজাতির অন্তর নরকমর এবং বাহ্যপ্রদেশ কোটিল্য পূর্ণ বলিরা জানিও। পশ্তিতগণ ললিতাগশকে মহামন্ত্রবিরোধিনী বলিয়া জানেন॥ ২১॥

নেহিগণ অজ্ঞানবশতঃ এই নাবীজাতি হইতে জীবন বাভ করিয়া আবাব ত। হাতেই রত হয়, অহো, কি ভববিভ্দনা। ২২॥

সদেবীস্থ্য-মানব এই স্থীজাতিতে মুগ্ধ হইরা ইহাতেই রমণ করে , যাহারা এইকপ করে,তাহারা যে বোর নরক প্রাপ্ত হয়,তাহাতে স্থার সংশয় নাই॥২৩॥ শারিকুগুসমা নারী স্বতকুগুস্মে নবং।
সংসর্বেণ বিলীবেত তন্মান্তাং পরিবর্জ দ্বেং॥ ২৪॥
গৌড়ী মাধবী তথা পৈষ্টী বিজেয়া ত্রিবিধা স্বরা।
চতুলী স্থা স্বরা জেলা ব্যেদং মোহিতং জগং॥ ২৫॥
মজপানং মহাপাপং নারীসঙ্গস্তবৈব চ।
ভন্মান্ত্রং পরিত্যক্ষা তত্ত্বনিষ্ঠো ভবেম্বনিং॥ ২৬॥
চিন্তাক্রান্তং গাত্বাকং শরীরং, নথে চিত্তে গাতবো নাজি নাশম।
তন্মাচিত্তং সর্কাতো বক্ষণীরং, স্বস্থে চিত্তে বৃদ্ধাং সম্বন্ধি॥ ২৭॥
দত্তাত্রের্বিগতেন নির্দ্ধিতানন্দ্রপিণা।
বে পঠক্তি চ শৃথন্তি তেলাং নৈব পুনর্ভবং॥ ২৮॥

ইতি শ্রীদন্তাত্তেরবিবাচতারামবধৃতগীতারাং স্বামিকার্ডিকসংবাদে স্বাস্থ্যসংবিত্ত পেদেশে অইমোহধাার: ॥ ৮॥

নারীকে অগ্নিকুতের সমান ও পুক্ষকে স্তকুত্বে তুলা বলিষা জানিও সংস্ঠা হইলেই বিলয় পাইতে হয় অতএব নারীজাতিকে পবিতা। ব ক্রিবে ম ২৪ ॥

গৌড়ী, মাধবী ও পৈটা এই ত্রিবিধ সুরা আছে , কিন্তু সী চতুর্থী সুবা, ভদারা এই জগৎ মোহিত হইয়া আছে ॥ ২৫ ॥

মছপান যেরপ মহাপাপ, নারীসক্ষাও তজ্ঞপ . ছত এব মনিজন এই ছুইটি পরিত্যাগ করিয়া তত্ত্বিষ্ঠ হইবেন॥ ২৬॥

চিত্ত নত হঠলে চিন্তাক্রান্ত ধাতু বন্ধ এবং শরীবও নত হঠনা যার, এই কারণে চিত্তকে সর্বতোভাবে বক্ষা কবা উচিত, চিত্ত সহ থাকিলে র্দ্ধি উৎপন্ন হর॥ ২৭॥

আনন্দরপী দ্রাত্রেরাবণত কর্তৃক এই গীত। রচিত চইল, টছা গাঁহারা পাঠবা প্রবণ করেন, তাহাদের আবাব পুনর্জন্ম হয় না ॥ ২৮॥

ইতি শ্রীদন্তাত্রেম-বিরচিত অবধৃতগীতাতে স্বামিকার্তিক-সংবাদে আত্মসংবিভুপেদেশে অধামাধারে।

ইতি দত্তাত্ত্রেযবিরচিত অবধৃতগীতা সমাপ্ত।

ষড়জ-গীতা

ষড়্জ-গীতা।

বৈশস্পায়ন উবাচ।

ইত্যক্ততি তীমে তু তৃকীভূতে যুধিছির:।
পপ্রছাবসগং গ্রা লাত্ন বিতরপক্ষমান্॥ ১॥
ধর্মে চার্থে চ কামে চ লোকবৃত্তিঃ সমাহিতা।
তেবাং গদীয়ান্ক ত্যো মধ্যমঃ কো লঘুশ্চ কঃ॥ ২॥
কম্মিংশচাল্লা নিধাতবাধ্বিক্রবিজয়ার বৈ।
সংস্টা নৈদিকং বাক্যং যথাবন্ধকুমহথ ॥ ৩॥
ত্তেহিপগতিত্ত্তঃ প্রথমং প্রতিভানবান্।
ক্রান্ বিত্রো বাক্যং ধ্রশাল্মহ্মারন্॥ ৪॥

বিছব উবাচ।

বল্পত্যং তপ্ত্যাগ: আংকা যজ্ঞ ক্রিয়া ক্রমা। ভাবত কিন্দ্রাস্ত্যং সংযম-চাত্যসম্পদ:॥ ৫॥

বৈশম্পায়ন কহিলেন, পিতামহ ভীম এই সমস্ত বিষয় বর্ণন করিয়। নীব্ব হইলে মহারাজ যুধি হব নিজ ভবনে গমন কবিয়া চারি ভ্রাতা এবং বিজুবকে স্বোধন পর্বক কহিলেন॥ ১॥

তে ধৰ্মজ্ঞান। ধৰ্ম, অৰ্থ ও কাম এই তিনের প্রভাববশতই লোক্ষাত্রা নিশাহিত হইলা থাকে, কিন্তু এই ভিনের মধ্যে কোন্টি প্রধান, কোন্টি ন্যধান এবং কোন্টি অপ্রত্ত ৮২॥

কামজোধাদি বিপুগণকে পরাভব করিবার জন্ম কোন্টি স্ববলম্বন কৰা কৰিব, এতি হিষয়ে যথাসথ বর্ণন কর॥ ৩॥

অনস্তর প্রতিভাশালী বিত্র ধর্মরাজ বুধিষ্টিরের এই কথা আবল করিয়া স্ক্রপ্রথমে ধর্মধাস্থেব নির্মায়সারে কহিতে লাগিলেন॥ ই ॥

হে ধর্মনন্দন । বতল অধায়ন, তপতার অহঠান, দান, আছা, যজাভভান, ক্ষা, সরলভা, দয়া, সভ্য এবং ইক্রিরসংযম এইওলি ধর্মের অম্ল্য সম্পাদ্যা হৈছি এতদেবাভিপত্তব মা তেইভূচ্চলিতং মনঃ।
এতনা লৌ হি ধর্মার্থাবে দেকপদং হি মে॥ ৬
ধর্মেনেবর্মজীর্থা ধর্মে লোকাঃ প্রভিত্তিতাঃ।
ধর্মেণ দেবা ব্রুধ্রমে চার্থাং সমাহিতঃ॥ ৭॥
ধর্মো রাজন্ গুণপ্রেমো মধ্যমো হার্ম উচ্যতে।
কামো ব্রীয়ানিতি চ প্রবদস্তি মনীবিণঃ॥ ৮॥
তক্মার্মপ্রধানেন ভবিতব্যং যতাত্মনা।
তথা চ সর্মভূতের্ ব্রিতব্যং যথাত্মনি॥ ৯॥

বৈশস্পায়ন উবাচ।

সমাপ্রবচনে তামির্যপালুবিশারদ: । পার্থো ধর্মার্থতন্ত্রে জন্যে বাকাং প্রচোদিত: ॥ ১০ ॥

অৰ্জুন উবাচ।

কিমভিমিরিয়ং রাজনিহি বার্তা **প্রণভতে ।** ক্সিকীণিজাগোর**কাং শিলানি বিবিধানি** চ॥ ১১॥

ষ্ঠ এব তোমাকৈ বলিতেছি, তুমি স্বিচলিত্তিতে ধশাই স্বল্ঘন কল,ধশাই জগতে স্কাপিকা শোভ পদাও ৮৩ ।

শ্বিগণ একমাত্র ধর্ম-বলেই সংসাররূপ সূত্ত্তর সাগর হইতে উত্তীপ হইরাছেন। সমুদ্র লোক একমাত্র ধর্মেই প্রতিষ্ঠিত রহিরাছে। (অক কং) কি.) দেবংগও ধর্মবলেই উন্নতি লাভ করিয়াছেন এবং অর্থও ধর্মে মধ্যে সমাহিত বহিরাছে॥ ৭.৮

অর্থ একমাত্র ধর্মেরই অন্তগত। অতএব সংসাবে সর্বাপেকা ধর্মই একমাত্র গুণশ্রেষ্ট। মনীধী ব্যক্তিরা একমাত্র ধর্মকেই সর্বপ্রধান, অর্থকে এবং কামকে সর্বাপেকা অপ্রত্ত বলিরা বর্ণন ক্রিয়াছেন॥ ৮ ॥

অতএব চুমি সংবতচিত্তে নিয়তকাল ধর্মেরই অঞ্চান করিতে থাক এবং নিজের মায়ার স্থায় সর্বভূতে সমদশী হও। ১৯০

বৈশম্পায়ন কহিলেন, মহাভাগ বিছরের কথাসমাপ্তির পর অর্থশাস্ত্র-বিশারদ ধর্মার্থভঞ্জ অর্জুন মহারাজ বৃধিষ্টিরকে কহিলেন॥ ১০ ঃ

বাজন্! ইহলোকই কর্মভূমি, অভগ্র এ স্থানে বাঞ্চাই (কর্মই) প্রশস্ত। ক্ষি, বাণিজ্য, গোরকা ও শিল প্রভৃতি সম্পার কার্য্যই সর্বম্বক। ১১॥ মর্থ ইতোর সংক্ষাং কর্মণামবাতিক্রমঃ।
ন হুতেইর্থেন বর্ত্তেও ধর্মকামাবিতি শ্রুতিঃ। >২
বিবরৈরর্থবান্ ধর্মমারাধরিত্ম্ত্রম্।
কামঞ্চ চরিতুং শক্তো তুপ্পাপমকতাত্মভিঃ॥ >৩॥
অগপাবয়বাবেতে) ধর্মকামাবিতি শ্রুতিঃ।
অর্থানির্বাবভাবেতে) ভবিষতেঃ॥ >৪॥
তদগতার্থং তি পুক্রং বিশিপ্তত্ববোনয়ঃ।
বন্ধানির ভূতানি সভতং পর্যুপাসতে॥ >৫॥
কটাজিনধর্ব দানাঃ পদ্ধদিমা জিতেজিয়াঃ।
নুগ্রা নিস্তত্বশ্বাপি বসন্ত্র্যাধিনঃ পূথক ॥ >৬॥
কাষার্বসনাশ্বাকে শ্রুকাঃ গ্রীনবেবিণঃ।
বিহাংসন্ত্রেক শাস্তাশ্ব মুক্রাঃ সর্ক্রপরিপ্রতিঃ॥ ১৭॥
মর্থাধিনঃ সন্তি কেচিদপ্রে শ্রুকাজিণঃ।
কুলপ্রত্যাগ্রাক্রিকেকে সং স্থং ধর্মমন্ত্রিতাঃ॥ ১৮॥

জ্ঞতিই এই যে, অৰ্থ কৰ্মসাধনের মৃত্ত-সাধন, অৰ্থ না হইতে ধৰ্ম ও কাম লাভ হইতে পারে না॥ ১২॥

অথবান মানব অৰ্থ ৰাৱা অনাৱাদে উত্তম ধৰ্ম সমাধা করিতে পারে। এমন কি, অর্থসাহারো অতি হেয় ব্যক্তিরও অতি চন্দ্রাপা কাম্যবিবরৈ সাক্ষ্যা লাভ হইয়া থাকে॥ ১৩॥

ধশা ও কাম অর্থেব অবয়বস্থারণ, ইহাই শ্রুত হওয়া যায়। বাস্তবিক অর্থাস্থির ইংলেই সহজে উভয়কে লাভ করিতে পাবা যায়॥ ১৪॥

সৰ্বভূত যেমন ব্ৰহ্মাৰ উপাসনা করে, তদ্ধপ বিশিষ্টবংশোৱৰ ব্যক্তিগণ
অথবান্ পুক্ষকে সত্ত উপাসনা কৰিয়া থাকেন॥ ১৫॥

জ্ঞটাজিনধানী, দাস্ত, ভশ্মদিগ্ধকলেবর, জিতেক্সির, মৃক্ত, দিগমর যতিরাও অর্থার্থী হইরা পৃথক পৃথক্ ভাবে বিচরণ করেন। ১৬ ।

বিখান্, শান্তখভাব, সজ্জাশীল, মৃক্ত পুরুবেবাও শাশ্রধারী ও কাষারবন্ত্রপবিধারী হইরা অর্থের সেবা করিয়া থাকেনঃ ১৭ ঃ

কেহ কেহ অৰ্থাণী, কেহ কেছ বা অৰ্গাকাক্ষী, কেহ কেচ বা কুলক্ৰমাগত ধৰ্ষের অনুষ্ঠাতা ॥ ১৮ ॥ আজিকা নাজিকালৈত নিরভাঃ সংধ্যেৎপরে।
অপ্রজানং ত্যাক্তং প্রজানত প্রকাশিতা। ১৯॥
ভূত্যান্ ভোগৈর্ঘিষা দতৈর্ঘা বোজরতি সোহর্ষনান্।
এতলতিমভাং শ্রেষ্ঠ মতং মম বর্ধাত্থম্॥ ২০॥
অনরোম্ভ নিবোধ বং বচনং বাক্যকর্ষরোঃ॥ ২১॥

বৈশম্পান্ধন উবাচ। ততে। ধর্মার্থকুশলো মাদ্রীপুত্রবিনস্তরম্। নকুলঃ সহদেবশচ বাক্যং জগদতুঃ পরস্থা ২২॥

নকুলসহদেবাবৃচতু: ।
আসীনশ্চ শরানশ্চ বিচরন্ধণি বা স্থিত: ।
অর্থনোগং দৃঢ়ং কুর্যাদ্যোগৈক্ষচাবচৈরপি ॥ ২৩॥
অবিংক্ত বৈ বিনিবৃত্তি চলুতে প্রমন্তিরে।
ইহ কামাননবাপ্লোভি প্রত্যক্ষণ নাত্র সংশর:॥ ২৪॥

কেহ বা নাতিক, কেহ বা আজিক, কেছ বা সংযমী, কেহ বা আজানা, কেহ বা জানী॥ ১৯॥

সংসারে এইরূপ বিচিত্র বিচিত্র পুরুষ বিজ্ঞান আছেন, কিন্তু অথে প্রয়োজন নাই, এমন পুরুষ দেখা বার না। যিনি ভরণীর পোল্পবর্গকে ভোগে যারা প্রতিপালন করেন ও শক্রগণকে দণ্ডধারা শাসনে বাথেন, তিনিই যথার্থ অর্থবান্। ফলত: তে মতিমতাম্বর । ইহাই আমার মত ॥ ১০॥

মহারাজ! আমার বাহা অভিমত, তাহা বলিলাম, একলে নকুল ও স্হদেবের বাক্য প্রবর্ণ করুন। ২১॥

বৈশস্পায়ন কহিলেন, অনস্থর ধর্মার্থকুশল মান্ত্রীপুত্র নকুল ও সহদেব কহিতে লাগিলেন। ২২॥

হে মহারাজ ! মহাব্য আসীন, শন্ধান, স্থিত বা বিচরণকারী হউক না কেন, স্কাব্যার নানা প্রকার উপায়ে অর্থ-সংস্থানে দৃঢ়তর সহবান্ হওয়া ভাহার কঠব্য । ২০॥

মহারাল ! এই তুর্লভ পথে প্রিরপদার্থ অর্থ হস্তগভ হইলে সংসারের সম্-দার কামনাই চরিভার্থ হয়, ইহা প্রত্যক্ষ, ইহাতে আর সংশব নাই॥ ২৪॥ বোহর্থা ধন্দের সংযুক্তো ধর্মো ফল্চার্থসংযুক্ত:।
তদ্ধিক্ষায়তসংবাদং তন্মাদেতো মৃত্যাবিহ ॥ ২৫ ॥
অনর্থক্তি ন কামোহন্তি তথাপোহধন্দিশঃ কুত:।
তন্মাত্বিজ্ঞতে লোকো ধর্মার্থাদ্বো বহিষ্কৃত: ॥ ২৬ ॥
তন্মার্কাপ্রধানেন সাধ্যোহর্থ: সংযতাক্মনা।
বিশ্বন্তেই হি ভূতেয়ু করতে সর্কমেব হি ॥ ২৭ ॥
ধর্ম: সমাচরেৎ পূর্কাং ত্তোহর্থ: ধর্মসংযুক্তম্।
তত: কামং চরেৎ পশ্চাৎ সিদ্ধার্থ: স হি তৎপরন্॥ ২৮ ॥
বৈশন্দান্দন উবাচ।
বিরেমভৃত্ব ভ্রাক্ষেমুক্ত্বা তাবন্ধিনীমূতে।।
ভীমসেনন্দা বাক্ষমিদং বক্ত্বং প্রচক্রমে ॥ ২৯ ॥
ভীমসেনন্দা বাক্ষমিদং বিশ্বনিত্তি।
নাক্ষম: কামন্তর্থ: নাক্ষমো ধর্মমিচ্ছতি।
নাক্ষম: কামন্তর্থ: নাক্ষমো ধর্মমিচ্ছতি।
নাক্ষম: কামন্ধানোহন্তি তন্ধাৎ কামো বিশ্বন্তে ॥ ৩০ ॥

বে অর্থ ধশাসংযুক্ত ও বে ধশা অর্থসংযুক্ত, তাহা অমৃত, ইহাই আমাদের মত॥২৫॥

অর্থহান ব্যক্তির কামন কোথার, অধ্নী ব্যক্তিরই বা অর্থ কোথার ? এ হেতু যে ব্যক্তি ধর্মাপ্রহিষ্কৃত, লোকে তাহাকে দেণিয়া উদির হইয়া থাকে ॥ ২৬॥

অতএব সংযতাত্মা বাজিশে প্রধান পদার্থ ধর্মকে অবলম্বন করিয়া অর্থ-সাধন করিবেন। আমাদের এই বাক্যে যাহাদের আহা আছে, ভাহারা সমুদ্রই লাভ করিতে পারে ৪২৭॥

পূর্কে ধর্মাচরণ, পরে ধর্মংযুক্ত অর্থোপাজ্জন, পশ্চাৎ কামনার দাধন করা মানবের পক্ষে কর্ত্তিয়। এইরূপ হুইলে সিদ্ধকাম হওয়া বায়॥ ২৮॥

বৈশপায়ন কহিলেন, নকুল ও সহদেব বিরত চইলে পর ভীমসেন তথ্ন নিজ অভিপ্রায় ব্যক্ত করিতে লাগিলেন॥ ২৯॥

ভীমদেন কহিলেন, কামন। না থাকিলে লোকে ধর্ম বা অর্থ কিছুরই চেষ্টা ক্রিত না, অথবা কামনাসাধনেরও প্ররাস পাইত না, অতএব কামই ত্রিবর্গের মধ্যে প্রেষ্ঠ প্লার্থ বলিয়া গ্লা॥ ৩০ ॥ কামেন যুক্তা ঋষরস্তপন্তেব সমাহিতাঃ।
প্রাণফলম্লালা বাষ্ত্ৰলাঃ স্থানংগতাঃ। ৩১॥
বেলোপবেদেশপরে যুক্তাঃ আধ্যারপারগাঃ।
শ্রুদ্ধান্তক্রারাঞ্চ তপা দানপ্রতিগ্রহে॥ ৩২॥
বিজ্ঞান কর্মকা গোপাঃ করেবঃ শিল্লিনন্তবা।
দৈবকর্মকতলৈব যুক্তাঃ কামেন কর্মস্থ ॥ ৩০॥
সমৃদ্ধা বা বিশ্বসন্তে নরাঃ কামেন সংঘৃতাঃ।
কামো হি বিবিধাকারঃ সর্বং কামেন সন্ততম॥ ৩৪॥
নাজি নাদীরাভবিষ্যৎ ভতং কামা মুকাৎ প্রম্।
এতৎ সারং মহারাজ ধর্মার্থাবিত্র সংস্থিতে।॥ ৩৫॥
নবনীতং বথা দয়তথা কামোহর্থধর্মতঃ।
শ্রেরন্তিলং হি পিণ্যাকাৎ শ্বতং শ্রের উদ্ধিতঃ।
শ্রেরাং পুষ্পাকলং কাছাৎ কামো ধর্মার্থব্যের্করঃ॥ ৩৬॥
পুষ্পতো মাধ্বীকরসঃ কাম আভ্যাং তথা শ্বতঃ।
কামো ধর্মার্থব্যেনিঃ বামন্টার্থ তলা শ্বতঃ॥ ৩৭॥
কামো ধর্মার্থব্যেনিঃ বামন্টার্থ তলা শ্বতঃ।

ফলমূলাৰী, ৰাষ্ডোজী, সংবতচিত ঋষিগণ কামনা-সংযুক্ত হওয়াতেই সমাহিতমনে তপস্থা কৰিয়া থাকেন॥ ২১॥

কামনাপ্রভাবেই শ্রদ্ধা, যজ্ঞ, দান, প্রতিগ্রহ, বেদ-উপবেদ-শিক্ষার পাঠ সম্দায়ই প্রবৃত্তিত বহিরাছে॥ ৩২॥

বণিক্, কৃষক, গোপ, কাককর, শিল্পী, দৈবকার্যকোরী দকলেই কামনা-প্রভাবেই স্ব কর্মে নিযুক্ত রহিরাছে॥ ৩৩॥

কামপ্রভাবেই লোকে সমৃদ্রে প্রবিষ্ট ইইতেছে, কামই বিবিধাকার ধারণ করিয়া জগংকে ভ্রমণ করাইতেছে ও জগতের সর্বত্রে ব্যাপ্ত রহিরাছে॥ ৩৪। কামনাশৃশু জীব থাকিতে পারে না—থাকিবে না বা ছিলও না । তে মহা-বাজ! কামনাই সার পদার্থ, ধর্ম ও অর্থ ইহার উপর প্রতিষ্ঠিত রহিয়াছে॥৩৫॥ যেমন দধি অপেক্ষা নবনীত, পিণ্যাক অপেক্ষা তৈল, ভক্র অপেক্ষা স্বত, কার্চ অপেক্ষা পুলা ও ফল উৎক্রই, সেইরপ ধর্ম ও অর্থ অপেক্ষা কামই শ্রেষ্ঠ পদার্থ॥ ৩৬॥

পুজ্পের সার যেমন মধু, কামই তেমনি ধর্মার্থের সার। কামই ধর্মার্থের যোনি ও আজ্বরূপ ॥ ৩৭॥ নাকামতো ব্রাহ্মণা: স্বর্মর্থা-রাকামতো দদতি ব্রাহ্মণেভা:। নাকামতো বিবিধা লোকচেষ্টা. ভন্মাৎ কাম: প্রাক ত্রিবর্গন্ত দই: ॥ ৩৮॥ সুচারুবেশাভিরলম্বতাভি-र्यामारक देशिक श्रियमर्गनाडिः। ব্যব্ব বোষাভিক্ষপেত্য কামং, কামো হি রাজন পরমো ভবের: ॥ ৩৯॥ বৃদ্ধিশ্বমৈষা পরিথান্তিতভা মা ভ্রিচারন্তব ধর্মপুত্র। স্থাৎ সংহিতং সদ্ভিরফল্ ওসারং, মমেতি বাক্যং প্রমানৃশংসম্॥ ৪০॥ ধৰ্মাৰ্থকামাঃ সমমেৰ সেৰ্যা. যো হোকভক্তঃ স নরে। জঘকু:। ত্যোত্র দাকাং প্রবদন্তি মধাং, স উব্যো যোহভিরতন্ত্রিবর্গে ॥ ৪১ ॥

কান না থাকিলে কেহই উপাদেয় অন্ন গ্ৰহণ করেন না এবং কাস-বিহীন হইলে কেহই ব্ৰাহ্মণদিগকে দান করে না। কাম না থাকিলে বিবিধ চেষ্টা থাকে না. অতএব ধর্ম এবং মর্থ অপেকা কামই শ্রেষ্ঠ ॥ এ৮॥

মহারাজ। আপনি কামপ্রভাবেই স্কুচারুবেশা, বিবিধ অলঙ্কার-বিভূষিতা, মদনোন্মন্তা, 'প্রিরদর্শনা প্রমদাগণেব সহিত বিহার করিতে থাকুন। কামই আমদিগের সর্বপ্রকার উৎক্ষতাবিধান করিতেছে॥ ৩৯॥

হে ধর্মনন্দন । আমার এইরপ ধর্মার্থকামের সিদ্ধান্তের প্রতি আপনি কিছুমাত্র সংশয় করিবেন না। বলিতে কি, সাধুগণ আমার এই সর্কোৎক্রষ্ট এবং পর্ম অনুশংস সার্বাক্যের প্রতি অবশুই স্যাদ্র করিবেন ॥ ৪০ ॥

ধর্ম, অর্থ এবং কাম সমস্তই তুলারপে সেবনীয় বলিয়া জানিবেন। যে মানব উহার মধ্যে একটির প্রতি ভক্তি প্রদর্শন করে, সে অতীব জ্বফু বলিয়। উক্ত হইয়া থাকে; কিন্তু ঐ তিনটির মধ্যে যে মানব হুইটির প্রতি ভক্তি-ভাবসম্পন্ন হয়, তাহাকে স্থানক এবং মধ্যমস্থানীয় বলা যাইতে পারে। যিনি প্রাক্তঃ সুক্তক্ষনসার্গিপো,
বিচিত্রমাল্যাভরপৈকপেতঃ ।
ভতো বচঃ সংগ্রহবিন্তবেশ,
প্রোক্ত্রাথ বীরান্ বিররাম জীমঃ ॥ ৪২॥
বৈশন্পারন উবাচ ।
ভতো মুহূর্জাদ্ধ ধর্মরাজ্যে,
বাক্যানি ভেষামন্তবিদ্য সমাকে ।
ভবাচ বাচা বিভেধং স্মরন্ বৈ,
লক্ষ্রনাং ধর্মভূতাং ববিদ্যা ॥ ৪৩॥
যুধিন্তিব উবাচ ।

যুগান্তব উবাচ :
নিঃসংশরং নিশ্চিতধর্মশাস্তা:,
সর্ব্বে ভবস্তি বিদিতপ্রমাণার:।
বিজ্ঞাতুকামশু মমেন্ন বাকামুক্তং ববৈ নৈন্তিকং তৎ শ্রুতং মে ।
ইলং ববখাং গদতো মম⁺পি,
বাকাং নিবোধধ্বমনসভাবা: ॥ ৪৪ ।
ধো বৈ ন পাপে নিবতো ন পুলো
নার্থে নধর্মে মন্তকো ন বামে ।

ধৰ্ম, অৰ্থ ও কাম এই তিনটি ৰৰ্গেব প্ৰতি সমভাবসক্ষম হন, তিনিই শ্ৰেষ্ট এবং মহৎ । চন্দনচৰ্চিত বিচিত্ৰ-পূস্পমালা-বিভ্যিত মহাৰীৰ প্ৰাক্ত সদৰবাদ ভীমসেল কামেৰ এই প্ৰকাৰ প্ৰশংসা ক্ৰিয়ানীৰৰ হইলেন ॥ ৪১ ৪২ ॥

বৈশস্পারন কছিলেন, অনস্তব পরম সুপণ্ডিত ধ্যানীল ধ্যাবাজ যুধিষ্টির তাঁহাদিগেব বাকা কণকাল প্র্যালোচনা কবিষ সমুদ্র অসাববাধ হওয়াছে বলিলেন॥ ৪৩॥

যুধিষ্ঠিব ক**ছিলেন, তোমরা সকলেই সংশ্যবহিত এবং ধর্মণান্থেব প্রক্ত** ভাৎপর্যাঞ্জ হইয়াছ। তোমরা আমাকে বাহা বর্ণন কবিলে, আমি তৎসম্দারই প্রবণ করিলাম। একণে আমি বাহা বলিতেছি, তাহা অনসমনে প্রবণ করে॥ ৪৪॥

বে মহাস্থা পাপ বা পুণাাহুটান করেন না, বিনি তিবর্গের কিছুমাত্র অপেকা রাথেন না, লোট্ট ও কাঞ্চনে বাঁহাব সমান জ্ঞান, বিনি কোন বিমৃত্তদোৰ: সমলোব্রকাঞ্চনো, বিমৃচ্যতে তৃ:থক্থার্থনিছে: ॥ ৪৫ ॥
ভ্তানি জাতিত্মরণাত্মলানি, জরারিকারৈশ্য সমৰিতানি।
ভ্রক্ষ তৈত্তৈ: প্রতিবোধিতানি, মোক্ষং প্রশংসন্তি ন তঞ্চ বিদ্য: ॥ ৪৬ ॥
কোহেন যুক্ত ন চাতি মৃত্তিরিতি স্বর্ভুর্তগবাহ্যাচ।
বুগান্চ নির্বাণপরা ভবন্তি, তত্মার কুর্যাং প্রিরমপ্রিয়ঞ্চ ॥ ৪৭ ॥
এতং প্রধানঞ্চ ন কামকারো, যথা নিযুক্তোচ্ছি তথা করোমি।
ভতাতি সর্বাণি বিধিনির্ভিক্তে, বিধির্বলীরানিতি বিত্ত সর্বোণ ৪৮ ॥
ন কর্মণাপ্রোত্যনবাপ্যমর্থং, যন্তাবি তবৈ ভবতীতি বিত্ত।
বিবর্গহীনোহপি হি বিন্দতেহর্থং,তত্মাদহো লোকহিতার গুজম্॥৪ ॥
বৈশ্পায়ন উবাচ।

ততন্ত গ্ৰাং বচনং মনোইস্থাং, সমন্তমাজ্ঞার ততো হি হেত্মং।
তদা প্রণেম্শ কহিবিরে চ তে, কুরুপ্রবীরায় চ প্রচাক্তিরেইগুলিম্। ৫০।
স্কার্জবর্ণাক্ষরচাক্ষভূবিতাং, মনোইহগাং নিধু ত্বাক্যকটকাম্।
নিশ্ম তাং পার্থিবপার্থভাবিতাং, গিরং নরেক্রা: প্রশশংস্করেব তে ॥৫১॥
নোমে লিপ্ত নন, তিনি স্থগতঃথ ও অর্থসিদ্ধি ইইতে মৃক্তি লাভ করিতে

ইহলোকে সম্দর জীবই জন্ম, মৃত্যু, জরা ও বিকারের বনী ভূত। লোকে জন্ম, মৃত্যু প্রভৃতি ত্রতিক্রমণীর যাতনার বারংবার নিপীড়িত হইরা মোক্রেরই প্রভাব কীওন করে: কিন্তু মোক্র যে কি পদার্থ, তাহা আমরা জানি না। ভগবান্ বলা কহিরাছেন, যাহারা সংসারজেহে আবদ্ধ, তাহারা কদাপি মোক্রনাভে সমর্থ হর না। আর যাহারা সাংসারিক প্রথতঃথকে অভিক্রেম করেন, তাঁহারাই মৃক্তিভাজন হন। অত এব কাহাকেও প্রির বা অপ্রির বিবেচনা করিতে নাই। আমি যাহা কহিলাম, ইহাই সার। বিধি কত্তক যেরপ নিযুক্ত হইরাছি, আমি তাহাই করি। প্রকৃত পক্ষে দেখিলে এ সংসারে কেহই ইচ্ছামুসারে কার্য্যক্রম নহে। বিধাতৃনপ্রেরত হইরাই সকল কার্য্য করিতেছে, ভগবান্ বিধাতা সমৃদর প্রাণীকেই স্বন্ধ কার্য্যে করিয়াছেন, অত এব তিনিই বলবান্। ফ্রন্ড যথন ত্রিবর্তিন হইরাও মহন্য মুক্তি পাইতে পারে, তথন আমার মতে মোক্রই স্ব্রাপেকা হিতক ॥ ৪৬-৪৯॥

পারেন ॥ ৪৫ ॥

য্ধিন্তির এই কথা কহিলে অর্জুন প্রভৃতি সকলেই তাঁহার

দ চাপি তান্ধর্মসূতো মহামনান্তলা প্রতীতান্ প্রশশংস বীর্যাবান্। পুনক্ত প্রাক্ত সরিষ্বাস্তঃ, ততঃ পরং ধর্মহীনচেতসমূ॥ ৫২॥

সমাপ্তেরং বড় জগীতা॥

যুক্তিযুক্ত বাক্য শ্রবণে দার পর নাই প্রীত হইয়া টাহাকে প্রণাম করিলেন। অন্তান্ত পার্থিবগণও ধর্মরাজের সেই স্ফার্চরু বর্ণাক্ষরভূষিত, মনোফুগ, দারগত বাক্য শ্রবণ করিয়া প্রশংসা করিতে
লাগিলেন। তথন মহামনা ধর্মনন্ধন মুধিন্তির বিশ্বস্ত প্রাতা ও অক্তরন্ধ
আত্মীন্দাপের বর্গেট গৌরব বর্দ্ধন করিলেন এবং পুনর্কার গ্রানন্দন ভীন্তরে
নীচজাতির ধর্মসহন্ধে প্রশ্ন করিলেন॥ ৫১-৫২।

হংস-গীতা

হংস-গীতা।

ৰুধিষ্ঠির উবাচ।

সত্যং দশং ক্ষমাং প্রস্তাং প্রশংসন্তি পিতামহ। বিঘাংসো মহুজা লোকে কথমেতন্মতং তব ॥ ১ ॥

ভীন্ন উনাচ।

মত্র তে বর্ত্তবিধ্যেত হমিতিহাসং পুরাতনম্। সাধ্যানামিহ সংবাদং হংসক্ত চ যুধিষ্টিব ॥ ২ ॥ হংসো ভূজাথ সেইবর্ণস্বজো নিত্য: প্রজাপতি:। স বৈ পর্য্যেতি লোকাংশীন্থ সাধ্যামুপাগমং॥ ২॥

माधा छि:।

শক্নে বৰং স্থা দেবা বৈ সাধ্য স্থামন্ত্ৰু গ্ৰেছে ।
পূজাম হাং মোক্ষধৰ্মং ভবাংশ্চ কিল মোক্ষবিৎ ॥ ৪ ॥
শতাংসি হং পণ্ডিতো ধীববাদী, সাধুশক্ষবতে তে প্ত ব্ৰিন্।
কিং মন্ত্ৰসে শ্ৰেষ্ঠতমং দিজ সং, কশ্বিন্মনত্তে রমতে মহাসুন্ । ৫ ।

সুধিষ্টিব কহিলেন, পিতানহা বিদান ব্যক্তিরা সত্য, দম, ক্ষম' ও প্রজ্ঞার প্রশংসা কবিরা থাকেন, একণে আপনার এ বিষয়ে মত কি, স্থানাদিগের নিকটে বর্ণন ক্রন্॥ ।॥

ভীম কহিলেন, মহারাজ ! এই বিষয়ে পূর্ব্বকালে সাধ্যগণের সহিত্ত হংসের যে কথোপকথন হইয়াছিল, আমি ভাষা কীর্ত্তন করিভেছি। ২ ॥

কোন সময়ে ভগবান্ প্রজাপতি স্বর্ণময় হংসমূর্ত্তি ধারণ পূর্ব্বক জিলোক প্রিভ্রমণ করিতে করিতে সাধাগণের সন্নিধানে উপনীত হইলেন॥ ৩ ॥

দাধ্যগণ হংসকে অবলোকন কবিয়া কহিলেন, হে বিহপরাজ। আমবা দাধ্যদেব, তুমি মোক্ষধর্মতত্ত্ত, অতএব তোমাব সন্নিধানে মোক্ষধর্ম ও অসায় বিষয়ের প্রশ্ন করিতেছি॥৪॥ '

তুমি সুপণ্ডিত, ধীরবাদী এবং ৰচন-রচনায় স্থদক্ষ, অত এব ইহলোকে তুমি সন্ধাপেকা কোন্কার্য শ্রেষ্ঠ বলিয়া মনে কর? কিলে তোমার মন আনন্দিত হর ? ৫॥ তন্ন: কার্য্যং পক্ষিবর প্রশাধি, বংকর্মণাং মন্ত্রসে শ্রেষ্ঠমেকম্।

যৎ ক্রমা বৈ পুক্ষঃ সর্কাবদৈর্মিক্চাতে বিহুগেক্সেই শীঘ্রম্ ॥ ৬ ॥

হণ্স উবাচ।

ইদং কাধ্যমমৃতাশা: পূণোমি, তপো দম: সত্যমাত্মাভিগুপ্তি:।
গ্রহীন্ বিম্চ্য হ্দরত সর্বান্, প্রিরাপ্তিরে স্বং বশমানরীত ॥ १ ॥
নাকত্বলঃ স্থার নৃশংসবাদী, ন হীনতঃ পরমভ্যাদদীত ।
বরাস্থ বাচা পব উদ্ভিত্ত, ন তাং বদেত্যতীং পাপলোক্যান্ ॥ ৮ ॥
বাক্সায়কা বদনাহিম্পত্তি, দৈবাহতঃ শোচ্তি রাজ্যহানি ।
পরস্থ নামর্মস্থ তে পত্তি, তান্ তান্ পণ্ডিতো নাবস্জেৎ প্রেই ॥ ৯ ॥
পরশ্চেদেনমতিবাদবাণৈ গুলং বিধ্যেক্তম এবেহ কাধ্যঃ।
সংবোধ্যমাণঃ প্রতিহ্নতে যঃ, স খাদ্তে স্কুতং বৈ প্রক্ত ॥ ১০ ॥

তোম।কে জিজাসা করি, কোন্কাস্ শ্রেষ ় কোন্কাস্রে অন্ধান করিলে সম্লায় বন্ধন হইতে মুক্ত হইতে পারা গায়, তাহা আমাদিগের নিকড বর্ণন কর। আমরা তাহার অন্ধানে যতুবান্ হইব॥ ৬॥

হংসরশী ভগবান্ প্রজাপতি (সাধ্যগণকে প্রণাম করিরা) কহিলেন, দেবগণ'! আমি জানিয়াছি, তপজা, দমগুণাবল্দন,সত্যবাক্যপ্ররোগ ও চিত্ত করিতে পারিলেই সর্বাপেকা অধিক লাভ হয়। বাগাদি হৃদয়গ্রন্থি সমুদ্ব মোচন প্রক প্রিয়বিষয়েব সংযোগে হস পরিত্যাগ করিবে এবং অপ্রিয়বিষয়েব বংশা । ৭॥

এইরপ সংগতভাব অবলম্বন করা নিতান্ত আবশুক। মর্মভেদী নৃশংস বাক্য কহিবে না এবং নীচব্যক্তির নিকট হইতে দান গ্রহণ করিবে না। ধে বাক্য ব্যবহার করিলে অন্তলোক উদ্বেজিত ও পাপস্পৃষ্ট হয়, তাহা কপন বলিবে না॥৮॥

ম্থ হইতে বাক্য-শলা বিনির্গত হইলে তদ্বারা দিবামিশি অমুতাপানলে
দক্ষ হইতে হয়। অতএক বাহাতে পরের মর্মপীড়ন হয়, পণ্ডিতগণের সর্কত্যেভাবে তাদৃশ কুবাক্য পরিভ্যাগ করা উচিত ॥ ৯॥

ইতর ব্যক্তিরা যদি কথনও কটুবাক্য প্রয়োগ করে, তালে হইলে শান্তি অবলমন করিয়া তাহা ক্ষমা করিতে যদ্রবান্ হইবে। অন্তে উত্তেজিত করি- কেপারমাণমভিষদব্যলীকং, নিগৃহাতি জ্বলিতং যক্ত মহাম্।
অত্ইচেতা মৃদিতোহনস্মৃঃ, স আদত্তে স্থকতং বৈ পরেষাম্॥ ১১॥
সাকুজমানো ন বদামি কিঞ্চিৎ, ক্যাম্যহং তাড্যমানক নিত্যম্।
শ্রেষ্ঠং স্থেতৎ যৎ ক্যামান্ত্রাগ্যাঃ, সত্যং তথৈবার্জব্যানৃশংক্তম্॥ ১২॥

বেদভোপনিষৎ সত্যং সত্যভোপনিষদ্দম: ।

দমভোপনিষদ্দেশ: এতং সর্বান্তশাসনম্ ॥ ১৩ ॥
বাচো বেগং মনস: ক্রোধবেগং, বিধিৎসাবেগম্দরোপদ্বেগম্ ।
এতান্ বেগান্ বো বিষহেত্দীর্ণান্, তং মন্তেহহং রাহ্মণং বৈ মুনিঞ্ ॥১৪॥
মক্রোধন: ক্র্ধ্যতাং বৈ বিশিষ্টত্তথা ভিভিক্রভিভিকোর্বিশিষ্ট: ।
অমান্ত্যানান্ত্বো বৈ বিশিষ্টত্তথা জ্ঞানাক্জানবিদ্বৈ বিশিষ্ট: । ১৫ ॥

আকুশুমানো নাকুশ্রেৎ মন্ত্যরেনং তিতিকত:। আকোষ্টারং নিদ্দহতি সুকৃতং চাস্ত বিন্দতি॥ ১৬॥

বাব চেষ্টা করিলে, দিনি ক্রোধ সংবরণ পূর্ব্বক প্রশান্তভাব অবলম্বন কবিতে পাবেন, তিনি তৎক্বত পুণ্যের ভাগ গ্রহণ করিতে সমর্থ হন॥ ১০-১১॥

কেই আমার প্রতি আজোশ প্রকাশ করিলে তৎপ্রতি ক্ষমা প্রদর্শন কর।
অবশ করিবা। সাধুপুরুষেরা ক্ষমা, সতা, সর্বতা ও অনুশংসতাকেই ভোষ্ঠ
বলিধা কীর্ত্তন করিরাছেন ॥ ১২ ॥

বেলের উপনিষদ সত্য-ব্যবহার এবং সভ্যেব উপনিষদ দম। দমের উপনিষদ মৌক, এই সমস্ত শাস্ত্রে উক্ত হইরাছে ॥ ১৩॥

বাক্যের বেগ, মনের বেগ, জেশেষবেগ, বিধিৎসার বেগ, উদর ও উপস্থবেগ এই সকল বেগ যিনি সহ্ করিতে পারেন, তিনিই ব্রাক্ষণ এবং ম্নি বলিয়া প্জিত হন॥ ১৪॥

ক্রোধপবারণ অপেকা অক্রোধী, অসহিষ্ণু অপেকা সহিষ্ণু, জনাচ্য অপেকা সাত্র এবং অজ্ঞান ব্যক্তি অপেকা জ্ঞানবান মানব ভেচি বলিয়া কীঠিত হন। ১৫॥

কেচ কোন প্রকাশ করিলে যিনি তংপ্রতি ক্রোধ প্রকাশ করেন না, প্রভাত চর্মভাব প্রদর্শন করেন, তিনি এই আক্রোশকারীর সমন্ত পুণ্য সংগ্রহ করিয়া থাকেন। অস্ত্র কথা কি, আক্রোশ-কর্তাকে প্রতিনিয়ত কুকার্য্য-নিবন্ধন মনস্তাপে দশ্ধ হইতে হয়॥ ১৬॥ যো নাত্যক্ত: প্রাহ রক্ষং প্রিরং বা, নো বা হতো ন প্রতিষ্ঠি বৈর্যাৎ পাপক বো নেচ্চতি তম্ম হত্তমেন্স দেবা: স্পৃহর্তি নিতাষ্ ॥ ১৭॥ প্রশীরস: ক্রেতিব শ্রেরণ: সদৃশক্ত চ।

বিমানিতো হতোৎজুই এবং সিদ্ধিং গমিয়তি॥ ১৮॥
সদাহমাণ্যান্ নিভতোৎপ্যপাসে, ন মে বিধিংসোৎসহতে ন রোষ:।
ন চাপাহং বিপ্নান: পরৈমি, ন চৈব কিঞ্চিং বিষয়েণ বামি॥ ১৯॥
নাহং শপ্তঃ প্রতিশপামি কঞ্চিৎ, দমং ছারং হাস্ত্রতেহ বেলি।
গুরুং বন্ধ তদিদং বা ব্রবীনি, ন মানুষাৎ শ্রেষ্ঠতরং হি কিঞ্চিৎ॥ ২১॥

নিষ্চামান: পাপেভ্যো খনেভ্য ইব চন্দ্রমা:।

ৰিৱজা: কালমাকাজ্জন্ ধীরো ধৈয়েণ সিধ্যতি ॥ ২১ ॥ য: দৰ্বেষাং ভ্ৰতি হঠনীয়, উৎসেধনন্ত ইবাছিলাত: । ভব্ম বাচং স্থাসয়াং বদন্তি, স বৈ দেবান্ গড়তি সংগতায়া॥ ২২ ॥

আছে কট্বাক্য প্রয়োগ করিলে থিনি তৎপ্রতি কটজি না করেন, প্রতিবাদ ভরিলে প্রিয়বাক্য প্রয়োগ করেন, প্রহার করিলে প্রতিপ্রহার বা প্রহাব-কর্ত্তার অনিট্রাসনা না করেন, তিনিই দেবভাদিগের সালোক্য প্রাপ্রনা ১৭॥

পাপাত্ম লোকে প্রহার করিলে পুণ্যবান্ ব্যক্তি-গের তৎপ্রতি ক্ষমান প্রদর্শন করা বিধেয়, ভাহা হইলে অনায়াসে দিছিল।ভ হয়॥ ১৮॥

পুট্রেরবিনিশ্ব জো বার্যত্র বিলীয়তে।
তত্র সংস্থং মনঃ রুখা তং ধ্যারেৎ পার্থ দিখরম্॥ ১১॥

উল্লিখিডরপে বোগধারণাপূর্বক ব্রম্মাননিষ্ঠ হওরা কন্তব্য, এই বিষয়ে বলা বাইতেছে।—ব্রন্ধবিদ্বাক্তি উল্লিখিড প্রকারে ব্রম্বন্ধপে অবস্থিতি করত স্থিরবৃদ্ধি ও ব্রম্বন্ধনী হইরা, বাহাতে নিখাস-বায়্র লয় হয়, সেই নাসা-গ্রের বহিবাকাশ এবং অন্তর্নাকাশ এই ছই স্থানে নিম্নল বন্ধ বিরাজমান আছেন, ইহা পরিক্ষাত হইতে পারে ॥ ১০ ॥

হে ধনগ্রত্ম ! ব্রহ্মজাননিষ্ঠ ব্যক্তি কিরপে মদ হিনীকৃত করিবে, তাহা প্রবণ কর। নিধাসবাদ্ধ নাসাপ্টদা হইছে বিনির্গত হইরা যে স্থানে লয়-প্রাপ্ত হয়, মনকে সেই স্থানে সংস্থাপন,পূর্বাধ প্রাৎপর উপরের ধ্যান করিবে। এইরূপ করিনেই মন স্থিয় হইবে সন্দেহ নাই। ১১,৪ নির্মনং ডং বিজ্ঞানীরাৎ বড় বিরহিতং শিবমু।

থাতাপুলং মনঃপৃতং বুদ্ধিপৃতং নিরাময়ম্॥ ১২॥

সর্ব্পৃত্তং নিরাভাসং সমাধিহক্ত লকণম্।

তিশৃত্তং যো বিজ্ঞানীরাৎ স তু মুচ্যেত বন্ধনাৎ॥ ১৩॥

সরম্চলিতে দেহে দেহী ভত্তসমাধিনা।

নিশ্চলং তং বিজ্ঞানীরাৎ সমাধিহক্ত লকণম্॥ ১৪॥

অমাত্তং শকরহিতং স্বরবাঞ্জনবর্জিতম্।

বিশ্বনাদকলাতীতং বতং বেদ স বেদবিৎ॥ ১৫॥

প্রাত্তে জ্ঞানেন বিজ্ঞানে জেরে চ হাদসংস্থিতে।

লক্ষণান্তিপদে দেহে ন যোগো নৈব ধারণম্॥ ১৬॥

কাম, ক্লোধ, লোভ, মৰ, মোহ ও মাৎস্থ্য এই বড়রিপুকে উর্দ্মি করে, শৈশবাদি বড়্বিধ অবস্থাকেও উর্দ্মি বলা বায়। সেই পরব্রদ্ম এই বড়্বিধ উর্দ্মির অতিক্রান্ত, তিনি নির্দ্মির, নিশ্চন, কল্যাণ্যরূপ, প্রভাবিহীন, মনঃশৃন্ত, বৃদ্ধিহীন ও নির্ময়। ব্রদ্মকে এইরপে ধ্যান করিবে॥ ১২॥

বে ব্যক্তি এরপে পরমান্তাকে সর্বাশৃপ্ত জাগ্রনালি অবস্থান্তমর হিত বলিয়া জানিয়াছেন, তি:নিই সমাধিত্ব ও ভববন্ধন হইতে বিষ্কুক হইয়াছেন সন্তেহ নাই: অব্বাং বখন ধানিবাোগ সহকারে বিষয়ালি সর্বাশৃত্ত ও আভাসবিহীন হইয়া বাহুহীন দীপবৎ শান্তিভাবাপর নিশ্চল ত্রন্ধরেপে অবস্থান করে, সেই অবস্থাই সমাধি বলিয়া জানিবে। যে ব্যক্তি এইয়পে সমাধিযোগে ছিয় হইয়া ত্রন্ধকে ত্রিগুণাভীত চৈতক্তস্বরূপ বলিয়া জানেন, তাঁহারই মৃজিলাভ হয়॥১০।

ষ্থন সমাধি করা যার, তথন চৈতন্ত-জ্যোতিঃ কর্ত্ক নায়াচক্রে পরিচালিত হওরাতে আপন শরীর উদ্ধাধোভাবে আন্দোলিত হয়; পরস্ত তৎকালেও সমাধিত্ব ব্যক্তি ঈশ্বক্তে হির বলিরা জ্ঞান করিবে। ইহাই সামাধিত্ব প্রক্রের সক্ষণ ॥ ১৪॥

ষিনি পেরমান্তাকে হ্রম-দীর্ঘ-প্লুডাদি-রহিত, স্বরব্যঞ্জনাত্মক, বর্ণসমূচের ম্বতীত এবং বিন্দু, কঠাদিনিঃস্ত শব্দ ও নাদৈকদেশের বহিত্ব ত বলিয়া জ্ঞান ক্রেন, তিনিই বেশের একমান্ত ভাংশগ্যক্ত জানিবে ॥ ১৫ ॥

বিনি সন্তক্তর উপদেশে এইরপ জানগাত করিরাছেন যে, "আম্ট্ ব্রহ্ম" কিংবা "বিনি সভা, মানক ও অনত্তমরূপ, তিনিই ব্রহ্ম," এইরপ জানিয়া- বো বেদাদৌ শবং প্রোক্ষো বেদান্তে চ প্রতিষ্ঠিতঃ ।
ভক্ত প্রকৃতিলীনক্ত বং পরং দ মহেশবং ॥ ১৭ ॥
নাবর্থী হি ভবেৎ তাবৎ বাবৎ পাবং ন সচ্ছতি।
উত্তীর্ণে তু সরিৎপারে নাবা বা কিং প্রয়োজনম্ ॥ ১৮ ॥
গ্রহমভাক্ত মেধাবী জানবিজ্ঞানতৎপরং ।
পলালমিব ধাকাথী ভ্যতেৎ গ্রহমশেবভঃ ॥ ১০ ॥
উত্তাহতো বধা কন্দিন্দ্রমালোক্য তাং ভ্যতেৎ ।
ভানেন জ্রেমালোক্য জানং পশ্চাৎ পরিভ্যতেং ॥ ২০ ॥

ছেন অথবা যাঁহার এই জ্ঞান ভারিষ।ছে যে, বেদান্তের তাৎপ্র্যান্থরপ দ্চিদানন্দ্রম প্রমাত্মা হৃদরপত্মে অধিষ্ঠান করিতেছেন, সেই শুদ্ধ বিশুদ্ধ-স্থাব যোগিবরের আরে যোগধারণা প্রভৃতি কোন কার্য্যান্থটানের প্রয়োজন নাই, কারণ, যদি কার্যান্ধল দিছ হইল, তাহ' হইলে কার্ম্পার আবিশ্রক রাথে না। ১৬॥

বেদের প্রথমে, মধ্যে ও শেষে বে প্রণবাত্মক শ্বর কথিত আছে, বিনি সেই প্রকৃতিযুক্ত প্রণব হইতে প্রধান, দেই জ্ঞানীই ঈশ্বরন্ধপে বিবাজ করিয়া। থাকেন ॥ ১৭ ॥

বাবৎ নদী পার হওয়া না বায়, তাবংকালই মানব নৌকার প্রার্থা হইয়া থাকে. কিন্তু নদী সমৃত্তীর্ণ হইলে আব নৌকার আবশুক থাকে না, সেইরপ যে পব্যস্ত আয়ুত্তবাপরোকাহভব না হয়, তাবংকাল পর্যন্তই যোগাভ্যাসে ও প্রাণায়ামানিসাধনে যত্বান্ হইবে, কিন্তু পরমাত্মা প্রত্যক্ষ হইলে আর সেই সকল বোগাদি-সাধনে আবশুক করে না ৪ ১৮ ॥

ধান্তাথী ব্যক্তি যেরপ পলাল মর্দ্ধন করিয়া খান্ত গ্রহণ করে এবং তৃণগুলি ফেলিয়া দেয়, সেইরপ জ্ঞানী ব্যক্তি বছবিধ শাস্ত্র পর্য্যালোচনা করিয়া আত্ম- ' জ্ঞানী হইলে পরে সেই সকল শাস্ত্র দুরে বিসর্জ্ঞন করিয়া খাকেন॥ ১৯॥

ভিমিরাবৃত নিশাতে কোন পদার্থ দৃষ্টিগোচর করিতে হইলে বেরূপ মানব উবা গ্রহণ পূর্বক গমন করে এবং সেই অন্নেষ্টব্য বন্ধ দৃষ্ট হইলে উবঃ ফেলিয়া দের, সেইরূপ অবিভারেপ অন্ধনারাজ্য সংসারত্রপ নিশাভাগে প্রমার্থ-দর্শনাভিলাবী ব্যক্তি ভানোভার প্রভাবে প্রমান্ধাকে দৃষ্টিগোচর করিয়াঃ অবশেবে বোগাদি ভান সকল বিসর্জন দিয়া বাকেন॥ ২০॥ যথামৃতেন ভৃপ্তত্ত পরসা কিং প্ররোজনম্।
এবং তৎ পবমং জাত্বা বেদে নান্তি প্ররোজনম্॥ ২১॥
জানামৃতেন ভৃপ্তত্ত কৃতকৃত্যত্ত যোগিন:।
ন চান্তি কিঞ্চিৎ কর্ত্ত্ব্যমন্তি চেন্ন স তত্ত্বিৎ॥ ২২॥
তৈল্পাবামিবাচ্ছিন: দীর্ঘণটানিনাদবং।
অবাচ্যং প্রণবব্যকং যত্তং বেদ স বেদবিৎ॥ ২০॥
আাত্মানমবিণিং কৃত্বা প্রণবঞ্চোত্তবাবিণিম্।
ধ্যাননিশ্রথনাভ্যাসাদেবং পভ্যেন্নিগ্রুবং॥ ২৪॥

বে ব্যক্তি অমৃত পান করিয়াছে, তাহাব বেরূপ জলে কোন প্রয়োজন থাকে না, সেইকপ প্রমন্ত্রন্ধকে জানিতে পারিলে আর বেদাদিতে কোন আবিশ্রুক কবে না॥ ২১॥

ষিনি জ্ঞানামূত পান করিয়া প্রম ত্রপিলাভ করিয়াছেন, সেই যোগীব আবে কোনকপ যোগালঞ্চানাদি কবির প্রযোজন নাই। কাবণ,নিজ শরীবেব ভোগদন্তির লাব চৈতল-সাহায্যে সকল দেহেব ভোগদৃষ্টি থাকাতে তত্জ্ঞানী ব্যক্তির সকল স্থই সর্ব্বথা সিদ্ধ আছে। কেবল লোকসংগ্রহার্থ কোন কোন কাযোর অফুটান কবিতে হয়। যদি অভিনিবেশ সহকাবে বিধিনিষিদ্ধ কার্য্যের অফুটান কবেন, তাহা হটলে তাহাকে তত্ত্জ্ঞ বলিয়া প্রিগণিত কবা যায় না। বস্তুতঃ জ্ঞেয়-স্থকপ প্রমাল্লার প্রস্তান হইলে যেকপ সকলই বিদিত হওয়া লায়্র, বেইকপ তাহাকে লাভ কবিলে সকলহ লাভ হইয়া থাকে, বাবণ, তিনিই সংসাবের সকল পদার্থ-সক্তব। জণতে তিনি ব্যতিবেকে আবে কিছুই নাই॥২২॥

এক নাত্র প্রণব দ্বাবাই পব ব্রহ্মকে জানা বার বেদেব মর্থ না ব্রিয়া কেবল বেদ মধ্যন কবিলেই তাহাকে বেদজ বলা যায় না। বেরপ তৈল-ধারা ও দীর্ঘদটা শব্দেব বিচ্ছেদ নাই, সেইরপ তিনিও বিচ্ছেদশৃষ্ঠ। কি বাক্য, কি মন, কিছু দাবাও তাঁহাকে প্রাপ্ত হওয়া যায় না। যাঁহাব এই-রূপ ধাবণা মাছে, তিনিই যথার্থ বেদেব তাৎপ্যাজ্ঞ। বস্তুত: বেদপ্রতিপাত্ত পরমাত্মাকে তত্ত্বরূপে জানিয়া হদয়ে ধাবণ করাই বেদপাঠেব কল। এইরূপ কবিতে যিনি সমর্থ, তিনিই প্রকৃত বেদজ্ঞ॥ ২৩॥

বে ব্যক্তি আত্মাকে এক অরণি * এবং ওকারকে বিতীর অরণিক্রপে করনা করিয়া ধ্যানরূপ মহনাভ্যাস করেন, তিনিই নিগৃত ব্রন্ধায়ির দর্শন

^{*} অরণি অর্থাৎ অর_{্য}ংশাদক কার্ছ I

তাদৃশং পরমং রূপং স্মরেৎ পার্থ হুনক্রধী: ।
বিধ্মান্নিভিং দেবং পঞ্চেদত্যস্তনির্দালম্ ॥ ২৫ ॥
দ্রস্থোহপি ন দ্রস্থা পিগুস্থা পিগুবর্জিত:।
বিমলা সর্বাদা দেহী সর্বব্যাপী নিরঞ্জন: ॥ ২৬ ॥
কারস্থোহপি ন কারস্থা কারস্থোহপি ন জারতে।
কারস্থোহপি ন ভূঞানা কারস্থোহপি ন বধ্যতে ॥ ২৭ ॥

করিয়া থাকেন অর্থাৎ তৃইথানি কাঠ গ্রহণ করিয়া তাহা পরস্পর ঘষণ করিলে বেমন তন্মধ্য হইতে গুপ্ত অগ্নির আবির্ভাব হয়, সেইরপ জীবাত্মা ও প্রণব এই উভয়কে একযোগে গ্রহণ পূর্বক পুন: পুন: ধ্যান করিলে গৃঢস্বরূপ প্রমাত্মার সাক্ষাৎ হইয়া থাকে। ২৪॥

ছে পার্থ! প্রমাত্মা গৃমহীন অগ্নির লার স্বপ্রকাশমান ; বে পর্যাস্ত-ঠাহার দর্শনলাভ না হয়, তাবৎকাল একমনে সেই প্রমরূপ চিন্তা ক্রিবে॥২৫ ৮

হে ধনপ্তম ! জীবাআ পরমাআ হইতে দ্রবন্তী হইলেও দ্রবন্তী নহেন, কারণ, জীবাআ ও পরমাআতে কোন ভিন্নতা নাই। পুত্র বেরপ পিতার প্রতিবিদ, জীবাআ ও পরমাআতে কোন ভিন্নতা নাই। পুত্র বেরপ পিতার প্রতিবিদ, জীবাআ ও পরমাআতেও তত্রপ নম্বন জানিবে। পদ্মপত্রে জল রাখিলে সেই জল বেমন পদ্মপত্রের পন্নিহিত হইরাও তাহাতে সংলগ্ন হয় না, সেইকপ জীবাআ পঞ্চভাত্মক শরীরে অবস্থিত বটে, কিন্তু তথাপি দেহে লিপ নহে। শরীর অনিত্য আবরণমাত্র। যেরপ বসন পুরাতন হইলে মানবগণ তাহা পরি-ত্যাগ করিয়া নৃত্রন বস্ত্র ধারণ করে, তত্রপ জীবাআ জীর্ণ শরীর পরিত্যাগ করিয়া শরীর গ্রহণ করে; স্ত্রাং জীবাআ দেহে লিপ্ত লহে। এই জীবাআ নির্মান, সর্মব্যাপী ও সর্কাথা মালিজ্বহিত। তর্জ্ঞানলাভ হইলেই এইকপে জীবাআ ও পরমাআর অভেদ পরিজ্ঞাত হওয়া যার॥ ২৬॥

জীবাত্মা শরীরস্থ হইরাও শরীরস্থ নহেন, মানবেরা ভ্রমবশেই ঐরপ কল্পনা করিরা থাকে। জীবাত্মা শরীরস্থ হইলেও জন্ম-মৃত্যুশীল দেহের ন্যার জন্ম-মৃত্যুর বশক্ত নহেন। কারণ, দেহের ন্যার জীবাত্মা পঞ্ভূতাত্মক নহে। স্থৃত্রাং তাঁহার আবির্তাব বা তিরোভাব কিছুই নাই। আর জীবাত্মা দেহ-স্থিত হইরাও কিছুষাত্র ভোগ করেন না, কারণ, ভিলি হুও দংধের অভীত, পূর্ণ তলমধ্যে যথা তৈলং ক্ষীরমধ্যে তথা স্বতম্।
পুপামধ্যে যথা গন্ধঃ ফলমধ্যে যথা রস:।
কাষ্ঠাগ্নিবং প্রকাশে তু আকাশে বাযুবচ্চরেং ॥ ২৮॥
তথা সর্ব্বগতো দেহী দেহমধ্যে ব্যবস্থিত:।
মনংস্থো দেহিনাং দেবো মনোমধ্যে ব্যবস্থিত:॥ ২৯॥
মনংস্থং মনোমধ্যস্থং মনস্থং মনোবর্জ্জিতম্।
মনসা মন আলোকা স্বাধং সিদ্ধান্তি বোগিন:॥ ২০॥

প্রমায়ার রূপভেদ্যাত্র। জীবাত্মা দেহস্থিত হইয়াও কি রোগ, কি শোক প্রস্থৃতি বন্ধনে বন্দীভূত নহেন, কারণ,তিনি আকাশেব ন্যায় নির্মাণ, আকাশ ব্যেরপ কিছুতেই সংবন্ধ নহে, তদ্রপ জীবাত্মাও কিছুতে বন্দীভূত হন না॥২৭॥

হে পার্থ। যেকপ তিলমধ্যে তৈল বিজ্ঞান থাকে, তথ্ধমধ্যে মৃত অবস্থিত হয়, কুমুমের অভ্যন্তবে গন্ধ থাকে এবং ফলেব মধ্যে রস-সঞ্চার হয়, সেইরূপ শরীরমধ্যে আয়া বিরাজ কবিতেছেন। তিনি সর্ব্ব্যাপী ও সর্ব্বহ্মপ, জগতে তিনি ব্যতিরেকে আর কিছুই নাই। যেকপ কাঠের মধ্যে বহিং প্রকাশিত হয়, সেইরূপ আয়কপী ঈশ্বর মনোমধ্যে প্রকাশিত হইতেছেন। এই বিষয় না জানিয়া মৃত ব্যক্তিব। তীর্থাদিতে ইতন্ততঃ পরমায়ার অবেষণ করিয়া থাকে। বায় যেমন সর্বাণা আকাশে পরিভ্রমণ করিতেছে, অথচ কাহারও দৃষ্টিগ্যোচর হয় না, সেইরূপ আয়রুর্মণী ঈশ্বর হ্লয়াকাশে বিবাজমান আছেন। বোগিগণ এই জন্যই হলমাকাশে তাহাকে ধ্যান করিষা থাকে। তিলমধ্যগত ইতলবং জীব নানা দেহত্ব হইয়াও একছকপে অবন্ধিত আব অথিল দেহীর মনত ইশ্বর সাক্ষিক্রপে মনোমধ্যে অবন্ধিতি পূর্বক বিরাজ করিতেছেন॥ ২৮-২৯॥

বিনি মন ও মনের অভান্তরে অবস্থিত আছেন, বিনি মনস্থ ইইরাও মনের ধর্ম সংকল্পবিকল্পাদিবহিত, গোগিগণ সেই পরমাত্মকণী ঈশ্বরকে মনোদারা, মনোমধ্যে দর্শন করিয়া সিদ্ধিলাভ করেন। ইহার তাৎপর্য এই বে, মনের সাহাষ্য বিনা কার্য্য সিদ্ধ হয় না. মনের দোবেই কার্য্যে বিশ্ব বটে, অভ এব মনকে সর্ক্রধা বনীভূত করা কর্ত্তব্য ॥ পুশা

আকাশং মানসং কথা মন: কথা নিরাম্পদম্।
নিশ্চলং তং বিজানীয়াৎ সমাধিস্ত লক্ষণম্। ৩১॥
বোগামৃতরসং পীথা বায়্ভক্ষ্য: সদা স্থী।
বং স লভ্যন্ততে নিত্যং সমাধিমৃ ত্যুনাশকং॥ ৩২॥
উদ্ধিশ্রমধঃশৃষ্ঠং মধ্যশৃষ্ঠং বদাত্মকম্।
সর্বাশ্রুং স আত্মতি সমাধিস্ত লক্ষণম্॥ ৩০॥
শ্ন্যভাবিতভাবাত্মা পুণাপাপে: প্রম্চ্যুতে॥ ৩৪॥
অর্জুন উবাচ।
অনুত্য ভাবনা নান্তি দুশ্যমেত্বিনশ্রতি।

অদৃখ্যে ভাবনা নান্তি দৃখ্যমেতদ্বিনশ্যতি। অবর্ণমীশ্বরং ব্রহ্ম কথং ধ্যায়ন্তি যোগিনঃ॥ ৩৫॥

বে ব্যক্তি মনকে আকাশের জায় নির্মাল ও বিষয়-বাসনা-পরিশৃষ্য করিয়া নিশ্চল সচ্চিদানন্দ পরমাত্মাকে অবগত হইতে পারেন, তিনিই সমাধিমান্ সন্দেহ নাই অর্থাৎ মনকে সংকল্লাদিরহিত ও আকাশবৎ সর্বব্যাপী এবং নির্দিপ্ত করিতে পারিলেই পরমাত্মাকে অবগত হওয়া যায়॥ ৩১॥

হে পার্থ। বিনি বোগায়ত পান ও অনিলমাত্র ভক্ষণ পূর্বক নিরন্তর আনন্দ ভোগ করিবার বাদনার সমাধি অত্যাদ করেন, তাঁহাকে জন্মরণাদি-মান্ সংসারে পতিত হইতে হয় না . তিনি নির্বাণপদ প্রাপ হইয়া থাকেন সল্লেহ নাই ॥ ৩২ ॥

বাহার উদ্ধ শৃন্ত. মধ্য শৃন্ত ও অবং শন্ত জর্থাৎ বাহার উর্ধ্বভাগ শৃন্তমাত্র, চন্দ্রাদি কিছুই নাই, মধ্যভাগ শৃন্ত অর্থাৎ শরারাদি নাই এবং নিম্ন শৃন্ত অর্থাৎ পৃথিব্যাদি কোন বস্তুই নাই, তিনিই প্রমাত্মা। এই রূপে প্রমাত্মার স্বরূপ প্রিজ্ঞাত হইয়া যিনি তাঁহাকে ধ্যান করেন. তাহাকেই যথার্থ সমাধিমান্বলা ধার এবং ঐরপ আয়ভাবনাই যথার্থ সমাধির লক্ষ্ণ। ইহাকেই নিরাল্য সমাধি কহে। এই সমাধি স্বারাই নির্বাণপদ লাভ করা হায় ১৯৩॥

এই প্রকারে সর্বাশৃষ্ণ পরমাজার মধ্যুর্গ তত্ত্ব জানিতে পারিলেই পুণ্যপাপ হটতে মৃক্ত হওয়া যায় অর্থাৎ তাহা হইলে বিধিনিবিদ্ধ করণাকরণজনিত ইটানিটের উৎপত্তি হয় না॥্৩৪॥

দেবদেব নারায়ণ এই প্রকারে সমাধিলকণ কীর্ত্তন করিলে জ্ঞানিপ্রবর ধনপ্রয় তাহার প্রকৃত তাৎপর্য্য বিদিত হইয়া মানবগণের হিতসাধনার্থ পুন-রায় জিজ্ঞাসা করিলেন, হে কৃষ্ণ! যে পদার্থ দৃষ্টিগোচর হয় না, ভাহাকে

শ্ৰীভগবামুবাচ।

উদ্ধপূর্বমধঃপূর্বং মধ্যপূর্বং যদাত্মকম্।
সর্বপূর্ব: স আত্মেতি সমাধিস্থত লক্ষণম্। ৩৬॥
অব্দ্রুল উবাচ।

সালম্বস্থাপ্যনিত্যত্বং নিরালম্বস্থ শৃক্ততা। উভয়োরপি দোষিত্বাৎ কথং ধ্যামন্তি যোগিনঃ॥ ৩৭॥

ত্রীভগবান্তবাচ।

হৃদয়ং নির্ম্মলং কৃতা চিন্তবিত্বা হৃনাময়স্। অহমেকমিদং সর্কমিতি পঞ্চেৎ পরং স্থা। ৩৮।

চিন্তা করা নিতান্ত অসম্ভব, আর এই দৃশ্যমান জগৎও অনিতঃ; অতএব যদি অদৃশ্য পদার্থের চিন্তন অসম্ভব এবং দৃশ্যমান পদার্থও বিনশ্বর হইল, তবে সাহাকে দেখিতে পাওয়া যায় না, সেই নামরূপাদি-বিহীন পরব্রন্দের ধ্যান কিরুপে করিবে? কুপা করিয়া এই সম্ভ বর্ণন পূর্বক আমার সংশয় দূর করুন্॥ ৩৫॥

শীরুষ্ণ পূর্বে নিরালয় সমাধি বর্ণন করিয়াছিলেন, কিন্তু অর্জ্ঞর লায় তাহা না বৃঝিয়া জিজ্ঞাসা করাতে এক্ষণে সাবলয় সমাধির লক্ষণ বর্ণন করিতেছেন।—তিনি কহিলেন, হে পার্থ! যিনি উর্জ্ধ, অধঃ ও মধ্যে অর্থাৎ সর্ব্ব-স্থানে পরিপূর্ণ রহিয়াছেন,তিনি আত্মা এবং যিনি সেই আত্মাকে তাদৃশভাবে চিন্তা করেন,তিনিই সমাধিত্ব আর তাদৃশ চিন্তাকেই সাবলয় সমাধি কহে ॥৬॥

ধনঞ্জয় জিজ্ঞাদা করিলেন, হে কেশব ! যদি আত্মা দাবার হন, তাহা হইলে তিনি নশ্বর সন্দেহ নাই, কারণ, ষাবতীয় দৃশুমান সাকার পদার্থই বিনাশশীল। যদি তাঁহাকে নিরাকার বলা যায়, তাহা হইলে তিনি শৃকা; স্তরাং আকাশ-কুসুমাদির ক্রায় সন্দেহ নাই; অতএব যাহা নশ্বর অথবা শৃক্ত, তাহাকে যোগিগণ কি প্রকারে হৃদয়ে ধ্যান করিবে ? ৩৭ ॥

অর্জুন এইরপ জিজ্ঞাসা করি । বাস্থদেব পুনরায় সবিন্থার সাবল্য সমাধির লক্ষণ বর্ণন করিতে আরম্ভ করিলেন। তিনি কহিলেন, হে অর্জুন ! রাগ, ছেম প্রভৃতিই হৃদয়ের মল, সেই মলসমূহ বিধেতি করিয়া অনাময় পরমাত্মাকে ধ্যান করত "আমিই অথও বিশ্ব" এইরপ অবলোকন করিতে হইবে। এই প্রকারে আগনাকে জগৎহরপে অবগত ইইলেই চিদানন্দ সুধালাভ করা যায়॥ ৩৮॥

অৰ্জুন উবাচ।

অক্ষরাণি সমাত্রাণি সর্ব্বে বিন্দৃং সদাখ্রিতাঃ. বিন্দৃন দিন ভিত্তেত স নাদঃ কেন ভিততে॥ ৩৯॥

শ্ৰীভগৰামুবাচ।

আনাহততা শব্দতা ততা শব্দতা যো ধ্বনি:।
ধ্বনেরন্তর্গতং ক্যোতির্জ্যোতেরন্তর্গতং মন:।
তত্মনো বিলয়ং যাতি ত্রিকো: প্রমং পদ্ম ॥ ৪০ ॥
৪° কারধ্বনিনাদেন বায়ো: সংহরণান্তিক্ম্।
নিরাশ্বং সমুদ্ধিতা যত্র নাদো লয়ং গত:॥ ৪১ ॥

অর্জন উবাচ।

ভিম্নে পঞ্চাত্মকে দেহে গতে পঞ্চম পঞ্চা। প্রাণৈবিমৃক্তে দেহে তু ধর্মাধর্মৌ ক গচ্ছতঃ॥ ৪২॥

ধনঞ্জয় জিজ্ঞাসা করিলেন, হে কেশব! অকারাদি বর্ণ সকল মাজাবিশিষ্ট এবং বিন্দুসময়িত, আর বিন্দু ভিন্ন হইলে নাদসম্পন্ন হয়, সেই নাদ ভিন্ন হইয়া কাহার সহিত মিলিত হইয়া থাকে, তাহা শুনিতে বাসনা করি॥ ৩৯॥

বাস্থাদেব কহিলেন, অনাহত শব্দের নাদনধ্যে জ্যোতিঃ বিরাজ করি-তেছে; সেই জ্যোতির অভ্যস্তারে মন অধিষ্ঠিত রহিয়াছে, ব্রন্ধে সেই মন বিলীন হয়, সেই লয়স্থানই বিষ্ণুর পরম পদ বলিয়া অভিহিত অথাৎ অনাহত শব্দের নাদমধ্যে যে পরম জ্যোতিঃ আছে, সেই জ্যোতির ধান করিতে করিতে মন ব্রন্ধের সহিত লয় প্রাপে হয়, স্বতরাং বিষ্ণুর পরমপদলাভ হইয়া থাকে॥ ৪০॥

বাস্থানে এই বলিয়া পুনর্বার সৃবিস্তার কহিতেছেন।—ও কারধবন্ত্যাআক নাদসহ প্রাণবায়র রেচক-প্রকাদি ক্রমে নির্বিশেষে ব্রহ্মকে উদ্দেশ
করিয়া যে স্থানে ওক্ষারধ্বনিময় নাদের ক্রিয় হয়, সেই স্থানই বিষ্ণুর পরম পদ
জানিবে॥ ৪১॥

আৰ্জুন জিজ্ঞাসা করিলেন, হে কেশব! ক্ষিত্যাদি পঞ্ছতাত্মক এই দেহ বিনষ্ট হইলেও প্রাণ বিমৃক্ত হইলে কিংবা পঞ্ছত পঞ্চ প্রকারে মিশ্রিত হইলে জীবের ধর্মাধর্মক অদৃষ্ট কোথার গমন করে? ইহা পরিজ্ঞাত হইতে বাসনা করি॥ ৪২॥

শ্রীভগবাছবাচ।

ধর্মাধর্মে মনশ্চৈব পঞ্চভূতানি বানি চ। ইন্দ্রিয়াণি চ পঞ্চৈব ষশ্চাস্থাঃ পঞ্চ দেবতাঃ। তাশ্চৈব মনসঃ সর্ব্বে নিত্যমেবাভিমানতঃ। জীবনে সহ গছন্তি বাবস্তবং ন বিন্দৃতি॥ ৪০॥

অর্জুন উবাচ।

স্থাবরং জন্দমকৈব যংকিঞ্চিৎ সচরাচরম্। জীবা জীবেন সিদ্ধান্তি স জীবং কেন সিদ্ধান্তি॥ ৪৪॥

শ্ৰীভগৰাত্বাচ।

ম্থনাসিকরোর্মধ্যে প্রাণ: সঞ্চরতে সদা।
আকাশ: পিবতি প্রাণং স জীব: কেন জীবতি । ৪৫॥

বাহদেব কহিলেন, হে পার্থ ! বে পর্যন্ত জীব আত্মাকে প্রত্যক্ষ করিতে না পারে, তাবংকাল তাহার ভৌতিকত্বও বিনাশ প্রাপ্ত হয় না ; স্থতরাং ধর্মাধর্মকাপ অনৃষ্ট, পঞ্চভূতের সত্তাত্মক মন, ইন্রিয় সমূহ ও তদধিষ্ঠাত্-দেবতা, ইহারা সকলেই অভিমান হেডু লিঙ্গদেহোপাধিক জাবের সহিত প্রস্থান করে। বস্তত: লিঙ্গদেহে যে প্রকৃতিসিদ্ধ অভিমান আছে, সেই অভিমানই মৃক্তির বিয় ৷ তত্মজানের উদয়ে সেই অভিমানর আভ্মানত্মপ হুইলে ইন্রিয়াদি তার কারণে লয় পায় ৷ স্থতরাং বেমন অভিমানত্মপ অহকারের বিনাশ হয়, অমনি তৎসহ ধর্মাধর্ম অনৃষ্টও বিনাশ পাইয়া 'থাকে ॥ ৪৩ ॥

অর্জুন জিজ্ঞাসা করিলেন, হে কেশব! স্থলস্ম্মদেহাভিমানী শীব সমাধি-স্থিত হইর। চরাচর পদার্থ সহ অথিল বিশ্বের অভিমান পরিত্যাগ করেন; পরস্ক কি প্রকারে তাঁহার নিজের ভ্রমশ্বরূপ জীবত্বের পরিহার হইয়া থাকে, তাহা কীর্ত্তন করুন্। ৪৪ ঃ

ভগবান্ কহিলেন, হে পার্থ! বদন ও নাসা ইহাদের অভ্যন্তরে যে প্রাণ-বাধু নিরস্তর প্রবাহিত হইতেছে, তরজ্ঞান জন্মিলে পঞ্চরকালে আকাশ সেই বায়ুকে সংহার করত অপানেতে বিলীন করে; সুতরাং সেই প্রাণবায়ু বিগত হইলে জীব আর কি প্রকারে জীবিত থাকিতে পারে ? বস্ততঃ প্রাণই জীবের জীবন। প্রাণবায়ু বিগত হইলে জীবনও বিগত হয়। ৪৫॥

অৰ্জুন উবাচ।

ক্রন্ধাণ্ডব্যাপিতং ব্যোম ব্যোমা চাবেটিতং জগৎ। অন্তর্য হিন্তব্যোম কথং দেবো নিরঞ্গনঃ॥ ৪৬॥

প্রীভগবাহবাচ।

আকাশো হুবকাশত আকাশব্যাপিতঞ্চ যৎ। আকাশস্ত গুণং শব্দো নিঃশবং ব্ৰহ্ম উচ্যতে॥ ৪৭॥ ইন্দ্ৰিয়াণাং নিরোধেন দেহে পশুস্তি মানবাঃ। দেহে নষ্টে কুতো বৃদ্ধিবৃদ্ধিনাশে কুতোহ্জ্ঞতা॥ ৪৮॥

অর্জুন জিজ্ঞাদা করিলেন, হে প্রভো! আপনার বাক্য পীযুষময়, উহা কর্ণকুহরে প্রবিষ্ট হইলে পরলোকভয় বিদ্রিত হইয়া থাকে। আমি ষতই ভাবণ করিতেছি, ততই আমার শ্রবণলালদা বলবতী হইতেছে; অতএব পুনরায় জিজ্ঞাদা করিতেছি যে, আকাশ যেরপ বিশ্বরাপিত, দেইরূপ এই অথিল জগৎ আকাশ দারা পরিব্যাপ্ত রহিয়াছে। যদি জগতে কি বাহা, কি মধ্য সকল স্থানই আকাশ দারা পরিব্যাপ্ত হইল, তাহা হইলে আকাশাতিরিক্ত প্রমান্ত্রা কি প্রকারে কোথায় অবস্থিতি করেন ৪৪৬।

বাস্থদেব কহিলেন, তে পার্ধ! আকাশ শৃহ্যস্বভাব. শব্দ উহার গুণ।
এখন বিবেচনা কর, যখন আকাশের গুণ শব্দ ইহল, তখন আকাশ অদৃশ্য বস্তু।
'বেরূপ বায়্র রূপ নাই, উহাকে দেগিতে পাওয়া যায় না, কেবল স্পর্শ দারা
উহার অমুভব হয়, সেইরূপ আকাশ অদৃশ্য পদার্থ, কেবল শব্দ দারা উহার
অমুমান করিতে হয়। যে বস্তু শ্ন্য, তাহার গুণ কখনই সন্তব হয় না।
পরমাত্মা শব্দশ্ন্য ও সর্ব্বব্যাপী। এই বৃহৎ আকাশ, যাবতীয় ভৃত ও ভৌতিক
বস্তু সকলই সেই ব্রেক্ষে প্রতিষ্ঠিত রহিয়াছে; বস্তুত: তিনি আকাশাদিসম্পন্ন
নিথিল ব্রন্ধাণ্ড হইতে বৃহৎ, এই জনাই তিনি ব্রুদ্ধ নামে পরিকীর্তিত॥ ৪৭॥

হে অৰ্জুন! নোগীরা প্রথমতঃ ইন্দ্রিসমূহকে স্থ বিশ্য ইইতে প্রতিনিবর্তিত ও বশীভূত করিয়া শরীরমধ্যে স্থপ্রকাশমান পরব্রহ্মকে দর্শন করিয়া থাকেন, অনন্তর দেহ ধ্বংস হইলে তৎসহ সেই আপরোক্ষতত্ত্জানীর বৃদ্ধিও নাশ প্রাপ্ত হয়, বৃদ্ধি বিনাশ প্রাপ্ত হইলেই অজ্ঞানও দরীভূত ইইগ যায়। এইরপ জ্ঞানের অন্তর্ধনিই মৃক্তির হেতু॥ ৪৮॥

অজু ন উবাচ।

দ এটা ভালু জি হ্বানামাস্পদং যত্ত্র দৃশুতে। অক্ষরতং কতন্তেষাং ক্ষরতং বর্ত্ততে সদা॥ ৪৯॥

শ্রীভগবান্থবাচ।

অঘোষমব্যঞ্জনমস্বরঞ্,
অতালুকগ্রেষ্ঠিমনাদিকঞ্।
অবেথজাতং পরমুমব্জিতং,
তদক্ষরং নৃ ক্ষরতে কথ্ঞিং॥ ৫০

অর্জুন উবাচ।

আঘা সর্ব্রগতং ব্রহ্ম সর্ব্রভৃতাধিবাসিতন্।

হাত্রয়াণাং নিরোধেন কথং সিধ্যন্তি যোগিনঃ । ৫১ ॥

শ্রীভগবাত্র্বাচ ।

ইত্রিয়াণাং নিরোধেন দেহে পশুন্তি মানবাঃ ।

দেহে নটে কুতো বুদ্ধিবুদ্ধিনাশে কুতোহক্ত্রতা ॥ ৫২ ॥

ধনজন্ম জিজ্ঞাসা করিলেন, হে কেশব। অকারাদি আক্ষর সকল দস্ত, ওঠ, জিহ্না, কণ্ঠ প্রভৃতি স্থানকে আশ্রেম করত সঞ্জাত হয়, বাবতীয় উৎপন্ন পদার্থই বিনাশশীল। অত এব উৎপন্ন বর্ণ সকলও যে বিনাশশীল, তাহাতে সংশয় নাই. স্থতরাং শব্দ দারা কি প্রকারে ব্রহ্মপ্রতিপাদন হইতে পারে ? ৪৯॥

ভগবান্ কহিলেন, তে পার্থ! যিনি নাদরহিত, ব্যঞ্জনরহিত, স্বররহিত, তালু কণ্ঠ প্রভৃতি উচ্চারণস্থানবহিত, রেখাবহিত ও উন্মবর্ণরহিত, তাহাকেই বন্ধা কানিবে॥ ৫০॥

অর্জুন জিজ্ঞাসা করিলেন, হে মাধব ! পরমাত্মা সর্ব্বগত. সর্বভূতে অধি-ক্তি, তিনি সর্ব্বজীবের অন্তরে ও বাহে বিরাজ করিতেছেন। যোগিগণ ইন্দ্রিয় নিরোধ প্রবিক তাঁহাকে প্রাপ্ত হইয়া কি প্রকারে মোক্ষলাভ করিবেন, তাহা কীর্ত্তন করুন্য ৫১ ।

ভগবান্ কহিলেন, যোগী ব্যক্তিরা ইন্দ্রিনিরোধ পূর্বক আপন দেহনধ্যে আশ্বাকে প্রত্যক্ষ করিয়া থাকেন, সতরাং দেহদার্চ ক্রি জ্ঞানের উপায়। দেহ নই হইলে জ্ঞান বিনাশ প্রাপ্ত হয় এবং জ্ঞান বিনাই হইলেই অ্জ্ঞান দ্রীভূত হইয়া যায়; স্কুতরাং অ্জ্ঞান দ্রীভূত হইলেই অনায়াসে মুক্তিলাভ হইয়া থাকে॥৫২॥

তাবদেব নিরোধ: স্থাৎ ধাবতত্ত্বং ন বিন্দৃতি।
বিদিতে চ পরে তত্ত্বে একমেবামুপশ্যতি ॥ ৫৩॥
নবচ্ছিদ্রাথিতা দেহা: সুবতে জালিকা ইব।
নৈব ব্রহ্ম ন শুদ্ধং স্থাৎ পুমান্ ব্রহ্ম ন বিন্দৃতি ॥ ৫৪॥
সত্যস্তমলিনো দেহো দেহী অত্যস্তনির্ম্মল:।
উভয়োরস্তরং মহা কম্ম শৌচং বিধীয়তে ॥ ৫৫॥

ইতি প্রথমোহধ্যার:॥ ১॥

নাবৎকাল দেই অপরোক্ষ—জ্ঞানের উদয় না হয়, তাবৎকাল ইন্দ্রিয়—সংযম করিতে হইবে। অনস্তর ইন্দ্রিয়সংযম হারা অথণ্ড চিদানলম্বকপ পরব্রহ্মকে প্রাপ্ত হইয়া কেবল সেই একমাত্র নিত্যানন্দকেই দর্শন করিতে থাকে'॥ ৫০॥

নৰ্বছিত্ৰিশিষ্ট শ্বীর হইতে নিরন্ধর জ্ঞানবিজ্ঞানাদি নিঃসত হইতেছে।
মানবগণ ইন্দ্রিয়সংযম করত দেহাভিমান ও রাগাদি পরিত্যাগ পূর্বক সাক্ষাৎ
বন্ধবং পরিশুদ্ধ না হইলে কোন প্রকারেই ব্রহ্মকে লাভ কবিতে পারে না;
বস্তুত: বিবেচনা করিয়া দেখিলে স্পষ্ট জানা যায় যে, যে পদার্থ যাদৃশ, তজ্ঞপ
না হইলে কথনই তাহার সন্মিলন হইবার সন্তাবনা নাই। বে মানব
ক্রিপ তত্ত্ব জানিয়াছেন, তিনিই ব্রহ্মকে প্রাপ্ত হইয়া সিদ্ধিলাভ
করেন। ৫৪॥

এই দেহ অত্যন্ত মলিন এবং দেহাভ্যন্তরস্থ আত্মা অতি বিশুদ্ধ। যিনি তর্জ্ঞানপ্রভাবে বৃদ্ধি মার্জ্জিত করত দেহ ও আত্মার পরস্পর বিভিন্নতা জানিতে পাবিয়াছেন, তিনি আর কাহার শোকবিধান করিবেন ? বস্তুতঃ স্নানাদি কবিয়া দেহের মল দ্রীভূত হইলে যেমন পুনর্কার আর স্নানাদির প্রয়োজন করে না, সেইরূপ অস্তু করণ বিশুদ্ধ হইয়া জীবনুজি প্রাপ্ত হইলে আর শোচাদির কি প্রয়োজন ? ৫৫ ম

দ্বিতীয়োহধ্যায়ঃ।

অৰ্জুন উবাচ।

জ্ঞাত্বা সর্বগতং ব্রহ্ম সর্বজ্ঞং পরমেশ্ব ংম্। অহং ব্রহ্মেতি নির্দেষ্ট্র: প্রমাণং তত্র কিং ভবেং ॥ ১ ।

শ্ৰীভগবামুৰাচ।

ষথা জলে জলং ক্ষিপ্তং ক্ষীরে ক্ষীরং ম্বতে মৃতম্।
অবিশেষো ভবেৎ তত্ত্বে জীবাত্মপরমাত্মনোঃ॥ २॥
জীবে পরেন তাদাত্ম্যং সর্ব্বগং জ্যোতিরীশ্বরঃ।
প্রমানলক্ষণৈজ্ঞেরং স্বয়মেকাগ্রবেদিনা॥ ৩॥

অৰ্জুন উবাচ।

জ্ঞানেনৈব ভবেজ জ্ঞেরং বিদিস্বা তৎক্ষণেন তু। জ্ঞানমাত্রেণ মুচ্যেত কিং পুনর্যোগধারণম্॥ ৪ n

জীবের যে ব্রহ্মণাভ হইয়া থাকে, তাহার প্রমাণ কি ? এই বিষর জানিতে অভিলাধী হইয়া অর্জুন জিজ্ঞাসা করিলেন, হে মাধব! সর্বগত, সর্বজ্ঞ, পর-মেখব ব্রহ্মকে পরিজ্ঞাত হইয়া "আমিই সেই ব্রহ্ম, জীব যে এইরপ জানকরে, তাহার প্রমাণ কি ? ১॥

ভগবান কহিলেন, হে ধনঞ্জয় । যেমন জলমধ্যে জল, তৃগ্ধমধ্যে তৃগ এবং স্বতমধ্যে স্বত নিক্ষেপ করিলে তাহা একত্রিত ইইয়া যায়, সেইরূপ তত্তজান-প্রভাবে রাগাদি বিকারভাব বিনম্ভ হইয়া শুদ্ধিযুক্ত হইলে নির্বিকার পরমাস্থার সহিত একতা জন্মিয়া থাকে ॥ ২॥

তত্ত্বজ্ঞানী ব্ৰহ্মপরায়ণ সদ্গুক্তর নিকট উপদেশ গ্রহণ পূর্বক তত্ত্বমসি প্রভৃতি মহাবাক্যার্থ-বিচার দারা জীবে প্রমাত্মার একতা জ্ঞান করিবে, তাহা হইলেই জ্যোতির্মার চিদানল স্বয়ং প্রকাশিত হইয়া থাকেন॥ ৩॥

যদি এরপ গুরুপদিই জ্ঞান দারা অপরোক্ষান্থভব হয়, তাহ। হইলে বোগধারণার প্রয়োজন কি ? এই বিষয় জানিতে অভিলাষী হইরা অর্জ্ঞ্ন কহিলেন, হে কেশব ! যদি গুরুর উপদেশেই জ্ঞেষ বিষয় অবগত হওয়া যার এবং
তাহাতেই তত্ত্ত্পান জন্মে আর তত্ত্ত্পানমাত্রেই যদি মৃক্তি হইল, তাহা হইলে
আর যোগধারণাদি অভ্যাদের আবশুক কি ? এই সমস্ত বিস্তাররূপে কীর্ত্তন
কর্মন । ৪ ।

শ্রীভগবাহুবাচ।

জ্ঞানেন-দীপিতে দেহে বৃদ্ধির ন্সমন্থিতা।
ব্রক্ষানাগ্রিনা বিষার্কিছেৎ কর্মবন্ধনম্ ॥ ৫॥

হতঃ পবিত্রং পরমেশরাখ্যমন্থৈতরপং বিমলাম্বরাভন্।

যথোদকে তোরমম্প্রবিষ্টং, তথাস্মরূপো নিরুপাধিসংস্থিতঃ ॥ ৬॥
আকাশবৎ স্ক্রশরীর আত্মা, ন দৃশ্যতে বাষ্বদন্তরাত্মা।

সবাফশ্যভান্তরনিশ্বাত্মা, অন্তর্মুখং পশুতি তর্মেক্যন্॥ ৭॥

শত্র তত্র মৃতো জ্ঞানী যেন বা কেন মৃত্যুনা।

যদা সর্ব্যান্তং ব্যোম তত্র তত্র লরং গতঃ॥ ৮ ॥

শরীবব্যাপি চৈতকং জাগ্রদাদিপ্রভেদতঃ।
ন ত্রুদেশবর্ত্তিরুম্ব্যব্যতিরেক্তঃ॥ ৯ ॥

ভগবান্ কহিলেন, হে পার্থ ! যেমন তিমিবারত বামিনীতে আলোক
হারা সমস্ত পনার্থ প্রদীপিত হয়, সেই প্রকার তত্ত্জানপ্রভাবে অজ্ঞানারত
মলিন দেহ সম্ভাগিত হইলে তওজানী মহায়ার বৃদ্ধি সেই পরমন্ত্রেল নিহিত
হইয়া থাকে, সেই সময়ে তিনি ব্রহ্মজ্ঞানস্বরূপ বহিল হারা শুভাশুভ কর্মবন্দন
দগ্ধীভূত করিয়া থাকেন ॥ ৫॥

জল যেকপ জলমণ্যে নিক্ষিপ্ত হইলে তাহাতেই মিলিত হইয়া যায়, সেই-কপ পরম পবিত্র, নির্মাল, অহৈত পরমাত্মাকে জানিতে পারিলে তছলে তত্ত্তজানী ব্যক্তি সর্কবিধ উপাধিশূল হইয়া আত্মাক্রপে পরমাত্মাতেই প্রবিষ্ট হইয়া থাকেন। ৬॥

হে অৰ্জুন ! পরমাত্মা বেমন আকাশবং কৃষ্ম ও অদৃখ্য, অন্তরাত্মাও তদ্রপ বাযুর স্থায় অদৃখ্য। যে মহাত্মা বিকল্পুন্থ সমাধি কারা ক্ষাত্মাকে নিশ্চন করিয়াছেন এবং তজ্জন্থ যাহার চিত্ত প্রশান্ত, বাহ্ম বিষয় হইতে বিরত ও আত্মনিরত হইরাছে, সেই পরম যোগীই ঐ পরমাত্মা ও অন্তরাত্মা এই উভয়ের একীভাব দর্শন করিয়া থাকেন । প্র

যেরপ সর্বগত সর্ববাপী আকাশ উপাধি-বিনাশে সেই মহাকাশেই বিলীন হয়, সেইরপ আত্মতত্তভানী ব্যক্তি যে কোনরপে মৃত্যুম্থে পতিত হউন্না কেন, ব্রহ্মে লয় প্রাপ্ত হইয়া থাকেন। ৮॥

হে অর্জুন! চৈতভারপী যে আত্মা এই দেহ পরিব্যাপ্ত করত অধিষ্ঠিত

মৃহুর্ত্তমপি বো গচ্ছেরাসাথে মনসা সহ।
সর্বাং তরতি পাপানং তক্ত জন্মশতার্জিতম্॥ > ॥
দক্ষিণা পিদ্দা নাড়ী বহিমগুলগোচরা।
দেববানমিতি জ্ঞেরা পুণকেশালুসারিণী॥ >> ॥
ইড়া চ বামনিখাসং সোমমগুলগোচরা।
পিতৃবানমিতি জ্ঞেরা বামমাখিতা তিষ্ঠতি॥ >২॥
গুদক্ত পৃষ্ঠভাগেহন্মিন্ বীণাদগুক্ত দেহত্ব।
দীর্ঘান্থি মর্দ্ধি, পর্যান্তং ব্রহ্মদণ্ডেতি কথাতে॥ > ৩॥

মাছেন, মন্ত্র ও ব্যতিরেক দারা সেই আত্মাকে জাগ্রং, স্বপ্ন ও সুষ্ধ্য এই অবস্থান্ত্রের সম্ভীত বলিয়া জানিতে হইবে ॥ গাঁ

ে বোগা চৈতকজোতির অহভব নিবন্ধন মুহর্তকালও নাসিকার অগ্র-ভাগে দৃষ্টি নিক্ষেপ করেন, তিনি শতজ্বার্জিত পাতক হইতে মুজিলাভ করেন সন্দেহ নাই॥ ১০॥

্চ অর্জুন। শরীরের দক্ষিণাংশে নিম্ন হইতে শিঃস্থিত সহস্রদল-কমল
পর্যান্ধ পিদলা নামে যে নাজী বিজ্ঞান আছে, উহা অগ্নির ক্যায় জ্যোতিমতী ও পুণাকর্দাস্পারিণী, উহাকে দেবযান বলে মর্থাং যে ব্যক্তি মনকে
বশীভূত ও ল নাজীতে নিহিত করত সাধনা করেন, তিনি স্কুরগণের ক্যায়
শক্তপথ অবলম্বন পূর্বক অবলীলাক্রমে দকল স্থানে গমনাগমন করিতে স্মর্থ
তন। এই কারণেই ও নাজীকে দেবযান বলা যায়। ১১॥

শরীরাভান্তরে বাম-চরণের নিম্নভাগ হইতে শিরস্থিত সহস্রদল-কমল পর্যান্ত ইডা নামে শানা বিভামান আছে, উহা শশান্তমগুলের ন্থায় প্রকাশ-মানা। সেই নাজীকে পিতৃষান বলে। বে যোগী ঐ নাজীতে মন নিহিত্ত করিয়া সাধনা করেন, তিনি শূন্তপথে পিতৃলোকের বাসস্থান চন্দ্রমণ্ডল পর্যান্ত যাতায়াত করিতে সমর্থ হন,এই কারণেই উহার পিতৃষান নাম হইয়াছে ॥২॥

জীবের শরীরাভ্যস্তরে মৃলাধার হইতে শিরোদেশ পর্যান্ত বীণাদণ্ডের ন্থায় একটি দীর্ঘ অন্থি বিভ্যমান আছে, উহাকে মেরুদণ্ড কহে। উহা ঘারাই দেহ ধৃত রহিয়াছে। উহাকৈ ব্রহ্মণণ্ড বলে। ঐ দণ্ডের মধ্যে যে ক্ষুদ্র রন্ধ্রের অভ্যস্তরে শিরোদেশ হইতে মৃলাধার পর্যান্ত একটি নাড়ী আছে, বুধ্গণ ভাহা- তত্যান্তে স্বিরং ক্ষং ব্রন্ধনাড়ীতি প্রিভি:॥ ১৬.
ইড়াপিদলরার্মধ্যে সূর্য়া ক্ষরপিনী।
দর্বং প্রতিষ্ঠিতং যদ্মিন্ দর্ববাং দর্কতোম্থম্।
তত্যা মধ্যগতাং ক্র্যোসামাগ্রিপর্মেশ্বরা:।
ভূতলোকা দিশ: ক্ষেত্রং সম্দ্রা: পর্বতাঃ শিলা:।
দ্বীপাশ্চ নিম্নগা বেদা: শাস্ত্রবিদ্যা কুলাক্ষরা:॥ ১৫॥
স্বর-মন্ত্র-প্রাণানি গুণান্ডৈতানি দর্বগ:।
বীজজীবাত্মকন্তেবাং ক্ষেত্রজ্ঞা: প্রাণবারব:।
সূর্যান্তর্গতং বিশ্বং ত্র্মিন্ দর্বং প্রতিষ্ঠিতম্॥ ১৬॥
নানানাড়ীপ্রদ্বগং দর্বভৃতান্তরাত্মনি।
উদ্ধ্যলমধ্যশাথং বায়ুমার্গেণ সর্বগম্॥ ১৭॥

কেই সুষ্মা নাড়ী বলিয়া থাকেন। বিনি ঐ নাড়ীতে মন নিহিত করিয়া সাধনা করেন, তিনি ব্রহ্মলোক প্রাপ্ত হন ॥ ১৩-১৪ ॥

ইড়া ও পিঞ্চলার মধ্যভাগে স্ক্ষর্মপিনী বে সুধ্যা নাড়ী বিগমান আছে, তাহার শিথাতেই সর্বব্যাপী বিশ্বতোম্থ সর্বাত্মক ব্রন্ধজ্যাতিঃ অবস্থিত রহিয়াছেন। হে অর্জ্জন। এই স্থ্যা নাড়ী জগতের বীক্ষরপ্রপ, পরব্রন্ধ নিরন্তর ইহাতে অবস্থিত আছেন, ইহা মন্তিছ ও বৃদ্ধির স্থান, এই জনাই ইহাকে জ্ঞাননাড়ী বলে। চক্র, স্থ্যা, বহিং, পরমেশ্বর, পঞ্চত্ত, চতৃদ্ধণ ভ্বন, দশদিক্, বারাণসী প্রভৃতি ধর্মক্ষেত্র, সপুসাগর, মেরু প্রভৃতি অচল, যজ্ঞশিলা, সপ্তানীপ, সপ্ত নদী, সপ্ত নদ, চতৃর্বেদ, শাস্ত্রবিত্যা, চতৃত্রিংশং বর্ণ, ব্যাড়ণ স্বর, মন্ত্রবর্ণ, অষ্টাদশ মহাপুরাণ, সন্থাদি গুণত্রয়, প্রাণাদি পঞ্চ বায়ু, নাগাদি পঞ্চ বায়ু, এই সকলই ঐ সুধুমাতে অবস্থান করিতেছে ॥ ১৫-১৬.॥

হে অর্জ্বন! এই সুষ্মা নাড়ী জীবসম্ভের আধারস্বরূপ। উহা হইতে নানাবিধ নাড়ী সঞ্জাত হইরা দেহের চতুদিকে পরিব্যাপ্ত রহিয়াছে; স্ত্তরাং উদ্ধৃভাবে মৃল ও নিম্ভাবে শাথাসমাষ্ক্র একটি তরুর আয় শোভা পাইতেছে। তত্ত্বানী যোগী প্রাণবায় সহারে ঐ নাড়ীর সর্বতেই যাতায়াত ক্রিডে সমর্থ হইরা থাকেন॥ ১৭॥

দিসপ্ততিসহস্রাণি নাড্য: স্থাবন্ত্গোচরা:।
কর্মমার্গেণ শুষিরা তির্যাঞ্চ শুষিরাত্মিকা॥ ১৮॥
অধশ্চোর্দ্ধং গভান্তান্ত নবদারাণি রোধরন্।
বাযুনা সহ জীবোর্দ্ধজানী মোক্ষমবাপুরাং॥ ১৯॥
সমরাবতীন্দ্রলোকেহিম্মাসার্গে প্রত্তা দিশি।
অগ্নিলোকা হথ জ্ঞেরশ্চক্তেজোবতী পুরী॥ ২০॥
বাম্যাং সংযমনী শ্রোত্মে যমলোক: প্রতিষ্ঠিত:।
নৈর্প্তা হথ তংপার্থে নৈশ্বতা লোক-আপ্রিত:॥ ২১॥

এই শরীবাভান্তরে (বিদপ্ততি সহস্ৰ-সংগ্যক নাড়ী বিভ্যমান রহিয়াছে। বাযুর সাহাক্ষে প্রতি নাড়ীতে যাতায়াত করা যায়। বোগী ব্যক্তিরা বাযুর সহায়তাবলে ঐ সকল ছিদ্রবিশিষ্ট নাড়ীর অভ্যন্তবে গমনাগমন করত তাহা-দের তত্ত্ব পবিজ্ঞাত হইয়া থাকেন ॥ ১৮॥

বে সমন্ত নাডী সুষ্মা হইতে ৰহিৰ্গত হইষা ইন্দ্রিয়রপ নবদার নিরোধ পূর্বক উদ্ধ ও মধোভাগে প্রস্ত হইয়াছে, জীব বায়ব সহায়ভায় উপরিস্থিত জ্ঞানেন্দ্রিয়কপ সেই সকল দার অবগত হইলেই মোক্ষ প্রাপ্ত হইয়া থাকেন॥ ১৯।

সুষ্মাব পূর্বে নাসার অগ্রাদেশে অমরাবতী নামে ইন্দ্রলোক এবং নরনমধ্যে তেজোবতী নামে বহিলোক বিজমান অর্থাৎ কতকগুলি ধমনী নেত্রের
সমীপে গমন কবিষা মণ্ডলাকারে ছই ভাগে বিভক্ত হওত নেত্রন্থরমধ্যে প্রবিষ্ট
হইরাছে, তাহাদিগকে তেজোবতী বলে এবং নাসার নিকটস্থ যে ধমনী অথাৎ
নাসার সমীপ হইতেই মণ্ডলাকারে ছই ভাগে বিভক্ত হইয়া নাসাধ্যের অভ্যস্তব্রে গিয়াছে, ভাহাকে অমরাবতী বলে। অমবাবতী ঘারা ভ্রাণশক্তি এবং
তেজোবতী ঘারা দর্শনশক্তি জন্মে॥২০॥

কর্ণেব নিকটে দক্ষিণভাগে সংযমনী নামে যমলোক এবং তাহার পার্থে নৈশ্বতিলোক বিভমান আছে। ইহার তাৎপয্য এই যে, কর্ণের পার্থে এরুপ একটি স্থন আছে বে,তাহাতে আঘাত লাগিবামাত্র জীব অচেতন হইরা পড়ে, অধিক কি,মৃত্যু পর্যান্তও হয়, এই জন্ম উহাকে যমলোক বলে। উহারই পার্থে, মু এরূপ একটি স্থান আছে যে, তাহার সাহায্যে জীব মাংসাদি চর্ব্য বন্ধ ভক্ষণ ক্রিতে সমর্থ হয়, এই জন্ম তাহাকে নৈশ্বতিলোক বা রাক্ষ্যলোক ক্রে ॥২১॥ বিভাবরী প্রতীচ্যান্ত পৃষ্ঠে বারুণিকী পুরী।
বারোগন্ধবতী কর্ণপার্থে লোক: প্রতিষ্ঠিত: ॥ ২২ ॥
সৌম্যাং পূস্পবতী সৌম্যা সোমলোকস্ত কণ্ঠত: ।
বামকর্ণে তু বিজ্ঞেরা দেহমান্রিত্য তিন্ঠতি ॥ ২০ ॥
বামচক্ষি চৈশানী শিবলোকো মনোন্রনী।
মূর্দ্ধি, ব্রহ্মপুরী জ্ঞেরা ব্রহ্মান্তং দেহসংশ্রিতম্ ॥ ২৪ ॥
পাদাদধঃস্থিতোহনস্তঃ কালাগ্নি: প্রলয়ান্তক: ।
অনামর্মধন্চোর্দ্ধং মধ্যমন্তর্বহি: শিবম্ ॥ ২৫ ॥
অধঃপাদেহতলং বিভাৎ পাদঞ্চ বিতলং বিতঃ ।
নিতলং পাদসন্ধিস্ত স্তুতলং জ্ব্র্য উচ্যতে ॥ ২৬ ॥

শরীরের পশ্চিমদিকে পৃষ্ঠদেশে বরুণের পুরী বিজ্ঞমান, উহাকে বিভাবরী পুরী বলে , কণের পাশ্চদেশে বাযুর গন্ধবতী নগরী বিরাজিত আছে। পৃষ্ঠস্থ ধমনীসমূহে চিত্ত নিহিত করিলে জীব নিজায় অচেতন হয়, এই জন্ম সেই লানকে বিভাবর' কহে। এই প্রকার কণেব নিকটে যে স্থানে চলনাদি অস্থলেপন প্রদান করা যায়, সেই গন্ধ নাসারশ্বে প্রবিষ্ট হয় বলিয়া সেই স্থানকে গন্ধবতী কহে। উহা বাযুর সাহায্যে সম্পাদিত হয়, এই ভান, উহার নাম বাযুলোক। ২২ ।

সুৰুষার উত্তবে কথ হইতে বামকণ পৰ্য্যক কুবেরলোক বিভয়ান, উহাকে পুশ্বতী পুনী বলে। চল্ৰলোক বামদেহ আশ্রয় পূর্বক ঐ হানে প্রতিষ্ঠিত রহিয়াতে ॥২০॥

বামচক্তে একটি নাড়ী বিভয়ান আছে, ঈশান তথীয় অবস্থিতি করেন, উচাকে মনোন্মনী বলে। মন্তক্মধ্যে বে স্থানে ব্রহ্মপুরী বিভয়ান, তাহাই দেহসংখ্যিত ব্রহ্মাণ্ড বলিয়া কীর্তিত। ঐ ব্রহ্মপুরীই সুষুমার মূল জানিবে । ২৪॥

প্রলয়সময়ের অনলের ফ্রায় সম্জ্জল ভগবান্ অনস্ত চরণমুগলের নিয়ে শোভা পাইতেছেন। কি উর্দ্ধ, কি অধঃ, কি মধ্য, কি বাহা, কি অস্তর, তিনি সকল স্থানেই কল্যাণবিধান করিয়া থাকেন ॥ ২৫॥

পদকে বিভল, পদের অধোদেশকে অতল, গুল্ফের উর্দ্ধ গ্রন্থিক নিতল এবং ক্ষমাকে সুতল কছে ॥ ২৬ ॥ মহাতলং হি জান্থ: স্থাৎ উকদেশে রসাতলম্।
কটিন্তলাতলং প্রোক্তং সপ্তপাতালসংজ্ঞয়। ॥ ২৭ ॥
কালায়িনরকং ঘোরং মহাপাতালসংজ্ঞয়। ॥ ২৭ ॥
পাতালং নাভাধোভাগে ভোগীক্রফণিমগুলম্।
বেষ্টিতঃ সর্পতোহনস্ক: স বিভ্রজীবসংজ্ঞক: ॥ ২৮ ॥
ভূলোকং নাভিদেশে তু ভূবলোকস্ত কৃষ্ণিত: ।
ক্রন্ধং স্থালোকস্ব স্থাদিগ্রহতারকম্ ॥ ২৯ ॥
স্থাসোমস্থাকরঃ বৃধস্থক্রকুজাপিনা: ।
মলশ্চ সপ্তমো জ্বেমা জ্বোত্রহুজ্বাপিনা: ।
হলমে কল্লমেন্থালি তিন্মিন স্ক্রপ্তং লভেং ॥ ৩ ॥
ক্রদয়েহস্ত মহলোকং জনলোকস্থ কঠত: ।
ভূপোলোকং ভ্রবোম্ধা মদ্ধি সভাং প্রতিষ্ঠিতম্ ॥ ৩১ ॥

জাক মহাতল, উক রসাতল এবং কটি তলাতল বলিয়া কীর্স্তিত। কে অব্দুন। এইরূপে সপ্থ পাতাল জীবশরীরে বিভাগান রহিয়াছে॥২৭॥

নাভির নিয়দেশে বে স্থানে ফণীন্দ্র ও সাধারণ ভূজকের বাসস্থান, সেই পাতাল কালাগ্নিরিয় সমান মহাভয়ক্তর মহাপাতাল জানিবে। জীবরূপী অনন্ত কুণ্ডলাকারে এ স্থানে শোভা পাইতেছেন ॥২৮॥

নাভিকে ভ্লোক, কৃষ্ণিকে ভৃংলোক গবং স্থায়কে চক্স স্থা প্রতাদি-সমন্তি স্থালোক কহে। দেবদেব স্থায় এই লোকতা স্থিকার পূর্বক প্রতিষ্ঠিত আছেন, এই কারণেই তাঁহাকে তিধামা বলিয়া থাকে.॥ ১৯॥

তে অজ্জুন। তত্ত্বজ্ঞানী গোগী ব্যক্তি আপনার হাদরাভাস্করে রবি, সোম, মঙ্গল, বুধ, রহস্পতি, শুক্র,শনি এবং নক্ষজ্ঞাদি সপ্লোক ও প্রবাদি সমন্ত লোক কল্পনা করিবেন। এইরপে কল্পনা করিতে।করিতে তিনি পরম আনন্দ লাভ করিবেন সন্দেহ নাই॥ ৩০॥

বে বোগী পূর্ব্বোক্তরূপে স্বরমধ্যে ঐ সমন্ত কল্পনা করেন, তাঁহার স্বদরে মহলে কি, কঠে জনলোক, জমধ্যে তপোলোক এবং মন্তকে সভ্যলোক বিজ্ঞান থাকে ॥ ৩১॥

ব্ৰহ্মাণ্ডক্লপিনী পৃথী ভোষমধ্যে বিলীয়তে।
অধিনা পচাতে তত্ত্বং বায়না গ্ৰন্থতেহ্বলঃ ॥ ৩২ ॥
আকাশন্ত পিবেৎ বায়ং মন আকাশমেৰ চ।
ব্জাহকারচিত্তঞ্চ কেত্ৰজ্ঞং পরমাত্মনি ॥ ৩০ ॥
অহং ব্রন্ধেতি মাং ধ্যায়েদেকা গ্রমনসা কৃত্রম্য।
সর্বাং তরতি পাপানং করকোটিশতৈঃ কৃত্রম্ ॥ ৩৪ ॥
ঘটসংবৃত্তমাকাশং লীয়মানং বর্থা ঘটে।
ঘটে নট্টে মহাকাশং তছজ্জীবং পরাত্মনি ॥ ৩৫ ॥
ঘটাকাশমিবাত্মানং বিলয়ং বেজি তত্ত্তঃ।
স গচ্ছতি নিরালম্বং জ্ঞানলোকং ন সংশয়ং॥ ৩৬ ॥
তপেদ্বর্ধসহঁমানি একপাদন্থিতো নরঃ।
একত্র ধ্যান্যোগত্র কলাং নাহ স্থি ব্যাড়শীম ॥ ৩৭ ॥

হে ধনজয়! ব্ৰহ্মাণ্ডক্ৰপিণী পৃথিবী জলে, জল বহিতে এবং বহি বায়ুতে বিলীন হইয়া থাকে। এই প্ৰকার বায়ু আকাশে, আকাশ মনে এবং মন বুদ্ধিতে লয় পাইয়া থাকে। পরে সেই বৃদ্ধি অহজারে, অহজার চিত্তে এবং চিন্ত ক্লেক্তে বিলীন হইয়া থাকে। অবশেষে ক্লেক্ত পর্মাত্মাতে বিলীন হয়॥ ৩২—৩০॥

ঐরপ তত্ত্ব পরিজ্ঞাত হইরা যে ব্যক্তি "আমিই ব্রহ্ম" এইরপ জ্ঞান করত একান্তমনে ধ্যান করেন, তিনি শতকোটিকল্লফত পাপ হইতে পরিত্রাণ পান সন্দেহ নাই । ৩৪॥

হে অৰ্জুন। ঘট ভগ্ন হইয়া গেলে তন্মধ্যত আকাশ বেরূপ মহাকাশে লয় পায়, সেইকপ অবিভা দ্রীভূত হইলে জীবও পর্মাআতে বিলীন হইয়া থাকে॥ ৩৫॥

খটস্থ আকাশ বেমন ঘট ভন্ন হইলে মহাকাশে লীন হন্ন, লেইরূপ জীবাজা পরমাজাতে লন্ন পাইয়া থাকে, যে ব্যক্তি ইহা বিশেষ্ক্রণে বোধগম্য করিন্না-ছেন, ভিনি মান্ত্রাক্ষকার পরিত্যাগ করিয়া চিদানন্দমন্ন সুথধানে প্রস্থান করেন। ৩৬॥

ে হে ধনপ্রয় ৷ আমি যে ধ্যানযোগ কীর্ত্তন করিলাম, একপদে দণ্ডারমান কইরা সহস্র বংসর তপশ্চরণ করিলেও তাহার যোড়শাংশের একাংশ ফল্লাভ হর মা ॥ ৩ ॥ ব্রন্ধহন্ত্যাসহম্রাণি জ্রণহত্যাশতানি চ।

এতানি ধ্যানযোগ্ন দহত্যাগ্নিরিবেদ্ধন্য ॥ ৩৮ ॥

আনোচ্য চতুরো বেদান্ ধর্মশাস্ত্রাণি সর্বাদা।

যোহহং ব্রন্ধ ন জানাতি দব্বী পাকরসং যথা ॥ ৩৯ ॥

যথা ধরক্তনভারবাহী, ভারত্ত বেস্তান তু চন্দনত্ত ।

তথিব শাস্ত্রাণি বহুল্পীত্য, সারং ন জানন্ ধরবং বহুং স: ॥ ৪০ ॥

অনন্তং কর্ম শৌচঞ্চ তপো বক্তন্তথিব চ ।

তীর্থবাত্রাদিগমনং যাবস্তব্ধং ন বিন্দৃতি ॥ ৪১ ॥

অরম্চ্চলিতে দেহে অহং ব্রন্ধাত্র সংশারী ।

চতুর্বেদধ্রো বিপ্রাঃ সুন্ধং ব্রন্ধ ন বিন্দৃতি ॥ ৪২ ॥

চতাশন বেরপ মূহর্তকালমধ্যে কাঠরাশি দক্ষ করে,সেইরূপ এই ধ্যানবোগ সহস্র ব্রহ্মহত্যা ও শত শত ভ্রণত্যাঞ্চনিত পাতকসমূহ বিনাশ করিয়া দেয়॥ ৩৮॥

দক্ষী যেমন রাশি গাশি অত্যুত্তম দ্রব্য প্রস্তুত করে, কিছ স্থাদগ্রহণে তাহার সামর্থ্য নাই, সেইরূপ নিবিল বেদ ও যাবতীর শাস্ত্র পর্যালোচনা করিয়াও যে ব্যক্তি "আমি ব্রহ্ম" এই জ্ঞান লাভ না করিয়াছেন, তিনি আত্মানন্দরসাম্বাদনে সক্ষম হইতে পারেন না॥৩৯॥

গর্দভ চলনাদির ভার বহন করে, কিন্তু সে বেরূপ চলনাদির গুণ পুরি-জ্ঞাত নহে, সেইরূপ যাবতীর শান্ত পাঠ করিয়াও বে ব্যক্তি সকল শান্তের সার চিদানল ব্রহ্মকে প্রিক্তাত নহেন, তাঁহার সমন্ত শান্তাধ্যয়নই গর্দভের ক্যার নিফল হইয়া থাকে। ৪০॥

যে পর্যান্ত তত্ত্বজ্ঞানের সঞ্চার না হয়, তার্ৎকাল শৌচ, তপ, বঙ্কা, তীর্থ-বাত্তা প্রাকৃতি কার্য্যের অনুষ্ঠান করিবে॥ ৪১॥

হে পার্থ। দেহ আপনি উচ্চালিত হইলেও "আমি বৈদ্ধ কিনা?" বাহার মনে এই প্রকার সংশর উপস্থিত হর, সেই বিপ্র বেলচভূইরে, পারদর্গী ইইলেও স্ক্রেখরপ ব্রদ্ধলাভে বঞ্চিত হইরা বাকে। ৪২॥ গবামনেকবর্ণনাং ক্ষীরং স্থাদেকবর্ণতঃ।
ক্ষীরবদ্খতে জ্ঞানং দেহানাঞ্চ গবাং ধ্বা। ৪০॥
আহার-নিদ্রা-ভর-মৈথুনঞ্চ, সামাস্তমেতৎ পশুভিন রাণাম্।
জ্ঞানং নরাণামধিকং বিশেষো, জ্ঞানেন হীনাং পশুভিঃ সমানাঃ॥৪৪॥
প্রাভম্ ত্রপুরীষাভ্যাং মধ্যাহে ক্ষ্পেপাসয়।
ভৃপ্তাঃ কামেন বাধ্যন্তে চান্তে বা নিশি নিদ্রয়॥ ৪৫॥
নাদবিন্দুসহস্রাণি জীবকোটিশতানি চ।
সর্বাঞ্চ ভত্মনিপ্তিং বত্র দেবো নিরন্তনঃ॥ ৪৬॥
আহং ত্রন্কোতি নিয়তো মোকহেতুর্মহাজ্মনাম্॥ ৪৭॥
ব্রে পদে বন্ধমোক্ষায় নির্দ্মমেতি মমেতি চ।
মমেতি বধ্যুতে জন্তুর্নির্মমেতি বিমুচ্যতে॥ ৪৮॥

ধের সকল পৃথক্ পৃথক্ বর্ণবিশিষ্ট হইলে তাহাদিগের ত্র্য যেরূপ একবর্ণ-বিশিষ্ট হয়, সেইরূপ জীবগণের দেহ ভিন্ন ভিন্ন রূপবিশিষ্ট হইলেও তাহাদিগের আত্মা ভিন্ন নহে, সকলের আত্মাই একরূপ ॥ ৪০॥

হে ধনঞ্জর ! কি আহার, কি নিদ্রা, কি ভর, কি নৈগুন, এই সমস্ত বিষয়ে পশুর সহিত মানবের কিছুমাত্র প্রভেদ নাই। একমাত্র জ্ঞানলাভ করিলেই মানব পশু হইতে প্রেষ্ঠ হইতে পারে, স্বতরাং স্পষ্টই প্রতীয়মান হইতেছে বে. যাহারা জ্ঞানশূল, তাহারা পশুতুলা সন্দেহ নাই॥ ৪৪॥

প্রভাতকালে মানবগণ যেমন মণমূত্র বিসর্জ্জন করে, মধ্যাহ্নকালে ক্ষ্বা ও তৃষ্ণার প্রপীডিত হইরা ভোজন পূর্বাক তৃপ্ত হয় আর নিশাকালে বিহারাকে নিদা যার, পশুগণও সেইরপ করিয়া থাকে; স্ত্তরাং মহুয়ের সহিত তাহা-দিগের কি প্রভেদ আছে? একমাত্র তথ্যজানসঞ্চার হইলেই পশু হইতে প্রভিন্ন হওরা যায়॥৪৫॥

সহস্র সহস্র নাদবিন্দু এবং কোটি জীব দগাভূত চইর নিরঞ্জন ব্রন্ধে লয় প্রাপ্ত হইতেছে; সুত্রাং "আমিই ব্রদ্ধ" বাহার এই জ্ঞান জনািরাছে, সেই ব্যক্তিই মুক্তিলার্ভে সমর্থ হয়॥ ৪৬-৪৭ ।

'হে অজ্ন। নির্মানতা ও মমতা এই তৃইটি জীবের মৃত্তি ও বন্ধনের এক-মাত্র কারণ) 'আমি, আমার' ইত্যাদি মমতাজ্ঞান যতক্ষণ বিভ্যমান থাকে, তাবং জীব বন্ধ থাকে, কিন্তু যথন ''আমি, আমার" ইত্যাদি জ্ঞান দ্রীভৃত হইরা নির্মানতাসঞ্চার হয়, তথনই জাব মোকলাভ করে সন্দেহ নাই ॥ ৪৮ ॥ মনসো স্বানীভাবাৎ দৈওং নৈবোপপছতে।

যদা যাত্যুমনীভাবং তদা তৎ প্রমং পদ্ম ॥ ৪৯ ।

হস্তামুষ্টিভিরাকাশং ক্ষার্ভ: কুণ্ডরেভ্রুষম্।

নাহং ব্রেজ্ঞানাতি তক্ত মৃক্তিন বিহতে ॥ ৫০ ॥

ইতি শীমতভরগী তারাং দিতীয়োহধ্যার:॥

ञ्जीरमाश्यामः ।

শ্ৰীভগৰাত্মবাচ।

অনন্তশাসং বছ বেদিতব্যং,স্তল্প কালো বহবক বিল্লা:। শং সারভূতং ততুপাসিতব্যং, হংসো যথা কীর্মিবাস্মিশ্রম্ ॥ ১ ॥

কে পার্থ। মন অহস্কার পরিত্যাগ পূর্বক স্বীয় পদে অধিষ্ঠিত হইলে
মারিক পদার্থের জ্ঞান বিনষ্ট হইরা থাকে। মনের যে উন্মনীভাব অর্থাৎ অহক্র'কাদি বিদর্জন পূর্বক অবৈতজ্ঞানসঞ্চার, উহা হইলেই তাহাকে পরম পদ
বলা যায়। কাবণ, মন ঈদৃশ অবস্থায় বাহ্য পদার্থ পরিহার পুরঃসর পরম
ক্ষুত্রপ গ্রহণ করিয়া পরব্রহাপদে প্রতিষ্ঠিত হইরা থাকে॥ ৪৯॥

ক্ষুধাতুর বাজি মৃষ্টি দারা নভোমগুলে প্রহার করিলে অথবা তুষ কুণ্ডন করিলে যেমন তাহাতে অন্ন লাভ করিতে পারে না, কেবল তাহার পরিশ্রমন্মাত্র সার হয়, তত্রপ যে ব্যক্তি আপনাকে ব্রহ্ম বলিয়া বিদিত না আছে, সেকলাচ মোক্ষলাভে সমর্থ হয় না। বস্ততঃ সে বেদাদি শিক্ষার যে পরিশ্রম ও বন্ধ করে, তাহা তাহার কষ্টমাত্র হয়, তাহাতে কোন ফল দর্শে না। স্বতরাং একমাত্র ব্রহ্মজ্ঞানই সকলের শেষ ফল, তদ্যভিরেকে মানব পশুবৎ পরিগণিত হয় সন্দেহ নাই॥ ৫০॥

হে অর্জুন ! শাস্ত্রের অবধি নাই, এক একটি শাস্ত্র অধারন করিতে বছ পরিশ্রম ও সমরক্ষেপ হইরা থাকে, কিন্তু জীবন অল্লদিনস্থারী, তাহাতে আবার এই অনিত্য জীবন রোগ, শোক প্রভৃতি ছারা সমাকীর্ব ; প্রপ্রাক্তিত পুরাণং ভারতং বেদাঃ শাস্তাণি বিবিধানি চ।
পুত্রদারাদিসংসারে রোগাভ্যাসস্থ বিশ্বরুৎ ॥ ২ ॥
ইদং জ্ঞানমিদং জ্ঞেয়ং বং সর্বাং জ্ঞাতৃমিচ্ছসি ।
অপি বর্ষসহস্রায়্থ: শাস্ত্রাস্তং নাধিগচ্ছসি ॥ ৩ ॥
বিজ্ঞেরোহক্ষরসন্মাত্রো জীবিতঞ্চাপি চঞ্চলম্ ।
বিহার সর্বশাস্ত্রাণি বং সত্যং তত্পাস্থতাম্ ॥ ৪ ॥
পৃথিব্যাং যানি ভূতানি জিহ্বোপস্থনিমিত্তকম্ ।
জিহ্বোপস্থপরিত্যাণে পৃথিব্যাং কিং প্ররোজনম্ ॥ ৫ ॥

জনবিদ্ যেমন চঞাল, এই জীবনও তজপ অনিত্য। ঈদৃশ অবস্থায় নিথিল শাস্ত্র পরিজ্ঞাত হওয়া কাহারও সাধ্যায়ত্ত নহে, অতএব হংস যেরূপ জলমিশ্রিত ক্ষীরমধ্য হইতে জল পরিত্যাগ কবিয়া ক্ষীব গ্রহণ করে, তজ্ঞাপ ধীমান্ব্যক্তি অথিল শাস্ত্রের মধ্যে যাহা সাবাংশ, তাহাই গ্রহণ করিবেন॥১॥

হে অর্জুন ! কি বেদ, কি পুবাণ, কি ভারত প্রভৃতি সকল শাস্ত্রই এই পুত্রকল্যাদিমর সংসারে যোগশিক্ষাব অন্তরায়ন্ত্ররপ অর্থাৎ সংসারমধ্যে পুত্রকল্যাদি বেমন যোগাভ্যাসের বিল্প, তল্প বেদাদি শাস্ত্রসমূহের মধ্যে বে ভিন্ন ভিন্ন হেতুবাদ আছে, তদ্ধারা মন বিচলিত হয়, স্কুতরাং যোগশিক্ষার বিশ্ব ক্রিয়া থাকে ॥ ২ ॥

"এইটি জান, এইটি জের" এই প্রকার সকল বিষয় পরিজ্ঞাত হইবার বাসনা হইলে সহস্র বংসর পরমায় লাভ করিয়াও শাস্ত্রেব পার দর্শন করিতে সমর্থ হওয়া বার না॥ ৩॥

হে অর্জুন! জীবন কণস্থারী, কিন্তু পরমাত্মা অক্ষয় ও সং, এই বিষয় বিদিত হইয়া নিধিল শাস্ত্র পরিহাব প্রঃসর বাহা সত্য, তাহাবই আরাধনায় প্রবৃত্ত হও ॥ ৪ ॥

ধরাতবে যে কোন পদার্থ দৃষ্ট হয়, তৎসমুদ্রই রসনা ও উপস্থ এই উভরের সজোগের নিমিত্ত উৎপন্ন। যদি এই ইন্দ্রিয়ের ভোগ বিসর্জন দেওরা বান্ন, তাহা হইলে ধরাধামে আর কি প্রবোজন সাছে ? ৫॥ তীর্থানি তোররপাণি দেবান্ পার্যাণমুগ্রহান্।
বোগিনো ন প্রপদ্যক্তে আত্মধ্যানপরারণা: ॥ ৬ ॥
অগ্নিদে বো দিজাতীনাং ম্নীনাং কদি দৈবতম্।
প্রতিমা স্বল্লবুলীনাং সর্বত্ত সমদর্শিনাম্ ॥ १/॥
সর্বত্তাবস্থিতং শাস্তং ন প্রপশ্যেজ্জনার্দ্ধনম্।
জ্ঞানচক্বিহীন হাদরঃ স্থ্যমিবোদিতম্॥ ৮ ॥
যত্ত্র বত্র মনো যাতি তত্ত্ব তত্ত্র পরং পরম্।
তত্ত্বত্র পরং বন্ধত্তম্ ॥ ১ ॥

় যাহারা আত্মধ্যানপরায়ণ, তাঁহাদিগের দেহাভ্যস্তরে কাশী প্রভৃতি নিথিল তাঁর্থ এবং নারায়ণ প্রভৃতি যাবতীয় দেবতা অধিষ্ঠিত আছেন; স্কুতরাং ভাঁগারা জলরপী তার্থে পরিভ্রমণ বা পাষাণাদিময় প্রতিমা পূজা করেন না॥ ৬ ।

যে সকল ব্যক্তি বজ্ঞাদি কর্মান্ত্র্চানতৎপর, অগ্নিই তাহাদের দেবতা; বে সকল ব্যক্তি নিরস্তর পরমপুরুষের চিন্তা করেন, অন্তর্যামী আত্মাই তাহাদের দেবতা, যাহারা অন্তর্মুদ্ধি, মৃত্তিকাপাযাণময়াদি প্রতিমাই তাহাদের দেবতা এবং বে সকল ব্যক্তি সমদশী, তাহাদের দেবতা সর্বব্যাপী সংরশ পরবৃদ্ধা । গ ॥

পূর্ণ শাস্তমরূপ দেবদেব জনার্দন সকল স্থানেই বিভয়ান রহিরাছেন, কিছ বেমন দিবাকর সকল স্থানে সমভাবে উদিত থাকিলেও অন্ধ ব্যক্তি তাঁহাকে দেখিতে পার না, সেইরূপ অজ্ঞানাবৃত মৃঢ় জনেরা জ্ঞাননেত্রের অভাবে সেই সর্বব্যাপী জনার্দনকে দেখিতে সক্ষম হয় না॥৮॥

যাহারা তত্ত্তানী, তাহাদের চিষ্ঠ অতি বিশুদ্ধ, তাহাদিগের মন বে স্থানেই গমন করুক্ না কেন, সেই স্থানেই পরমাত্মাকে নেত্রগোচর করিতে সমর্থ হয় আর সেই সেই স্থানেই তাঁহার পরম পদ দেখিতে পাইয়া থাকে। ইহার কারণ এই বে, পরমাত্মধরণ পরব্রম্ব সর্বাত্তই বিরাজিত আছেন, ফুডরাং তত্ত্বজানীরা যে সর্বাত্তই তাঁহাকে দেখিতে পাইবেন, ইহা বিজি নিছে॥ ॥

দৃশুন্তে দৃশি রূপাণি গগনং ভাতি নির্মাণম ।
অহমিত্যক্ষরং ব্রহ্ম প্রমং বিষ্ণুমব্যরম্॥ ১০॥
অহমেকমিদং সর্কমিতি পশ্যেৎ পরং স্থেম্।
দৃশুতে তৎ থগাকারং থগাকাবং বিচিন্তব্যেৎ॥ ১১॥
সকলং নিষ্কাং স্কাং নোক্ষারবিনির্গতম্।
অপবর্গশু নির্কাণং প্রমং বিষ্ণুমব্যরম্॥ ১২॥
সর্কাত্মজ্যোতিরাকারং সর্কাভ্যাধিবাদিত্য্।
সক্র প্রমাত্মানং ব্রহ্মাত্মবনাত্মনা॥ ১০॥
অহং ব্রহ্মেতি যা সর্কাং বিজ্যানিতি নরঃ সদা।
হক্ষাৎ স্বর্মমান্ কামান্ সর্কাশী সর্কবিক্রন্তী॥ ১৪॥

বিমল আকাশ বেরপ নেত্রে স্পণ্ডরপে দৃশ্যমান হয় আর তত্ত্বস্থা মার পাদি দ্রাসমূহ যেরপ প্রত্যক্ষ দেখা যায়, সেইরপ যে ব্যক্তি "আমিই অক্ষয় প্রস্ক্রপ" এইরপ জ্ঞান লাভ করিয়াছেন, 'হনি অব্যয়স্থরপ সর্ক্রব্যাপী প্রমায়াব দর্শন পাইয়া থাকেন , বস্ততঃ তত্ত্বজ্ঞানোদয় ২ইলে যোগিগণ সেই নিত্য পর্মায়াকে বাহ্যবস্তর নামে সম্বে ও বাহ্যে দেখিতে পাইয়া থাকেন॥ ১০॥

ে অর্জুন! যে ব্যক্তি যোগত ৪জ, তিনি "আমিই এই অণিল ব্রন্ধাও" এই প্রকারে প্রম স্থম্বরূপ আত্মাকে জাননেত্রে দৃষ্টিগোচর কবেন আব ঐ অবস্থায় তিনি ধংকালে আপনাকে অগও আকাশরপে দশন করেন, তৎকালেই প্রমান্মাকে আকাশবৎ সর্ব্ব্যাপী ধ্যান করিয়া ধাকেন॥ ১১॥

পরমাত্মা সকল, নিহ্নল, ত্র্ম্ম, মোক্ষ-দার-বিনিজ্জি, অপবগেব কারণ, স্বার এবং পরম্ বিষ্ণুত্বরূপ॥ ১২॥

তিনি সকলের আত্মা ও জ্ঞানজ্যোতিঃস্বরণ, তিনি সর্বভৃতের হদরে অধিষ্ঠিত আছেন, তাঁহা হইতে কোন বস্তু বা কোন স্থান ভিন্ন নাই। সেই শাস্থাই প্রমাত্মা ও যোগিগণের আত্মরূপী ব্রহ্মস্বরূপ ॥ ১৩ ৮

"আমিই এই অথিল ব্ৰহ্মাণ্ড এবং আমিই ব্ৰহ্ম" যে ব্যক্তির এইরূপ জ্ঞান জন্মিরাছে, সেই তত্ত্বজ্ঞ ব্যক্তিই ভোজন, ক্রয়-বিক্রয় প্রভৃতি সকল কামনা বিস্কুল করেন॥ ১৪॥ নিমিবং নিমিষার্দ্ধং বা যত্র তিষ্ঠন্তি বোগিন:।
তত্ত্ব তত্ত্ব কুকক্ষেত্রং প্রয়াগো নৈমিবং বনষ্। ১৫ ॥
নিমিবং নিমিষার্দ্ধং বা প্রাণিনোহধ্যায়চিন্তকা:।
ক্রুকোটিসহস্রাণাং ধ্যানমেকো বিশিক্ষতে॥ ১৬ ॥
ব্রক্ষজানাগ্রিনা চাপি নিদ্ধহেৎ পুণ্যপাপকৌ।
মিত্রামিত্রে স্থং তৃঃথমিষ্টানিষ্টং শুভাশুভম্।
এবং মানাপমানঞ্চ তথা নিক্লাপ্রশংসনম্॥ ১৭ ॥
শতচ্চিদ্রান্থিতা কন্থা লীতাশতনিবাৰণন্। ১
ক্ষচলা কেশবে ভিক্তিবিভবৈং কিং প্রয়োজনম্॥ ১৮ ॥

বোগীজন নিমেষকাল বা তাহাব অন্ধ্যমষ যে ততে অবস্থান কবেন, সেই স্থলেই কুকক্ষেত্র, প্রয়াগ, নৈমিষাবণ্য প্রতৃতি তীর্থসমূহ বিবাজিত থাকে॥ ১৫॥ ‡

আত্মধ্যানপ্ৰায়ণ মহাত্মাবা নিমেষকাল বা নিমেষার্দ্ধ সময়ও যে আত্মধ্যান কবেন, সহস্র কোটি যজ্ঞফল অপেক্ষাও সেই ধ্যান শ্রেষ্ঠ সন্দেহ নাই॥ ১৬॥

আর্ধ্যানপ্রায়ণ যোগী ব্রহ্মজ্ঞানরপ অগ্নি ছাবা পাপ ও পুণ্য উভরকেই ভ্রমীভূত করিয়া ফেলেন , স্মৃত্যাং ব্রহ্মজ্ঞান জ্মিলে কি মিজ্ঞা, কি শক্রু, কি স্থ, কি তঃখ, কি ইই, কি অনিষ্ট, কি শুভ, কি অশুভ, কি মান, কি অপমান, কি প্রশংসা, কি নিন্দা, সকলহ তাহাব নিকট সমান বলিয়া বোধ হইয়া থাকে , স্তরাং শক্রু-মিত্র, স্থ্থ-তঃখ, ইই-মনিষ্ট, শুভ-মণ্ডভ, মান-অপমান, প্রশংসানিন্দা প্রশৃতি সকলই যাহার নিকট সমান বোধ হইল, তাহাব পাপপুণ্য কিরুপে হইতে পাবে ? ১৭॥

শতচ্ছিদ্ৰসমন্ত্ৰিত কন্ধা দাৱাও শী গুনিবাবণ ২ইং৷ থাকে, কিন্তু কেশংৰৰ প্ৰতি যে ব্যক্তির অচলা ভক্তি আছে, দেই ভক্তিমাত্ৰ ভিন্ন অন্ত বিভবে তাহাৰ কি প্ৰয়োজন ? ১৮/

^{*} শীতক্লেশনিবারণম্-পাঠান্তর।

[🗜] हेशत बाता यांग्रित नाशंचारे विल्लंसकरण राज्य शहेराउट ।

ভিক্ষা বাং দেহরকার্থং বস্তুং শীতনিবারণন্।
আগানঞ্চ হিরণ্যঞ্চ শাকং শাল্যোদনস্তথা।
সমানং চিন্তরেদ্যোগী যদি নোক্ষপেক্ষতে ॥ ১৯॥
ভতবস্তুতশোচিতে পুনর্জন্ম ন বিহুতে॥ ২০॥

ই তি শ্ৰীমত্তরগীতা সমাপ্তা।

যে যোগী মৃক্তি কামনা করেন, তিনি বিষয়-চিন্তা পরিহার পূর্বক কেবল শরীর-রক্ষার্থ ভিক্ষার ভোজন ও শীত-নিবারণের জন্ম বস ধারণ করিবেন. আর কি পাষাণ, কি ষণ, কি শাক, কি শাল্যোদন এই সমন্ত দ্রব্যকেই সমান জ্ঞান করা তাঁহার স্বব্য কর্ত্তব্য ॥ ১৯॥

কি গত বিষয়, কি প্রাপ্ত বিষয় কিছুতেই যাহার শোক নাই, তাঁহাকে আর পুনর্জন্ম ধারণ করিতে হয় না॥ ২০ ル

গীতাসার

গীতাসার।

অৰ্জুন উবাচ।

ও কারত চ মাহাত্মঃ কপং স্থানং তথাকরম্। তৎ সর্বং শ্রোত্মিজ্ঞানি কহি মে পুক্ষোত্তম॥ > ॥

শ্রীভগবামুবাচ।

সাধু পার্থ মহাবাহো যন্ত্রাণ হং পরিপৃক্তসি।
বিস্তবেশ প্রবক্ষামি তত্রে নিগদত: শৃণু॥ ২॥
পৃথিব্যামগ্নি ঋগ্বেদো ভরিত্যেব পিতামহ:।
অকারে তুলয়ং প্রাথে প্রথমে প্রণবাংশকে॥ ও
অন্তর্নকং যজুব্যায়ুর্ভবো বিষ্ণু: সনাতন:।
উকারে তুলয়ং প্রাথে দিতীয়ে প্রণবাংশকে॥ ৪॥
দিবি স্থাঃ সামবেদ: স্বরিত্যেব মহেশব:।
মকাবে তুলয়ং প্রাথে তৃতীয়ে প্রণবাংশকে॥ ৫॥

মৰ্জ্বন কহিলেন, তে পুক্ষোত্তম! ওঁকারের মাহাত্ম্য, তাহার স্বরূপ, যে তানে ওঁকারের স্থিতি এবং যে যে অক্ষরে তাহার স্পৃষ্টি, এ সমস্তই শ্রুবণ করিতে আমার ইচ্ছা হইয়াচে, মতএব আপনি আমার নিকট তাহা কীর্ত্তন করন। ১॥

ভগৰান্ কহিলেন, হে সাধো পার্থ! তুনি আমাকে বাহা জিজাস। করিলে, আমি তাহা স্থিতার বলিতে ছি, শ্রুণ কর॥ ৩॥

প্রণবের প্রথমাংশ জকার লয় প্রাপ হইলে পৃথিবীতে অগ্নি, ঋণ্ফেদ, ভূ ও পিতামহ, এই কয়েকটি বভ্রমান থাকে॥ ৩।

ষিতীয় প্রণবাংশ উকার লয় প্রাপ্ত হইলে অন্তরীক, যজুর্বেদ, বান, শিব এবং সনাতন বিষ্ণু লয় পাইয়া থাকেন । ৪.॥

ততীয় প্রণবাংশ মকার লয় প্রাপ্ত হইলে আকাশে স্থা, সাম্বেদ, স্বর্গ ও মহেশ্বর লয় পাইয়া থাকেন ॥ ৫॥ অকারো রক্তবর্ণ: ভাত্কার: রুফ উচ্যতে

মকার: শুরুবর্ণভিরিবর্ণ: সিন্ধিরুচ্যতে ॥ ।

অকার: পীতবর্ণক বজোগুণসমূহর: ।

উকার: সান্ধিক: শুরো মকার: রুফভাসম:।

অকারে তু উকারে তু মকারে তু ধনপ্রা:

ইদমেকং স্থনিপারং ওমিতি জ্যোতিরপকম ।

তিহানক ত্রিমাত্রক ত্রিক ত্রিত্রাকরম্।

ত্রিমাত্রকার্ধমাত্রক বন্ধার বিলয়করম্।

ত্রিমাত্রকার্ধমাত্রক বন্ধার বিলেষতঃ ॥ ১০ ॥

অইমক চতুক্রিরং ত্রিহানং পঞ্চদেবতা।

পবিক্ষোরুহ্রবং বীকং কেচিবিভা চিদিত্যুভৌ ॥ ১১ ॥

ওঁকারপ্রভবং স্কাং ত্রিলোক্যং সচরাচরম্ ॥ ১২ ॥

জকার রক্তবর্ণ, উকার ক্ষণ, মকার শুক্রবর্ণবিশিষ্ট, এই ভিন বর্ণ সন্মিলিত হুইলেই সিদ্ধি ঘটিয়া থাকে ॥ ৬ ॥

রজোগুণ হইতে সমূদ্ত অকারের বর্ণ পীত, উকার সত্তপাবলম্বী শুক্লবর্ণ, মকার ক্ষাবর্ণ । ।।

হে ধনজর ! অকার, উকার ও মকারে জ্যোতিবি শিষ্ট ওঁ এই পদ নিষ্পন্ন হইরা থাকে ॥ ৮॥

বে ব্যক্তি ত্রিস্থান, ত্রিমাত্রাবিশিষ্ট, তিন অক্রযুক্ত, তিন অর্জমাত্রাবিশিষ্ট ওঁকারের স্বরূপ অবগত আছেন, তিনিই বেদবেক্তা। ১।

বীজরপী, বীজমন্ত্রে মন্ত্রিত, মহাবীজন্তরূপ এই প্রেণব ত্রিমাত্রা বা দশমাত্রার উচ্চারিত হইলে বিশেষ ফলপ্রদ হর॥ ১০॥

্ ইহার অষ্টম মাত্রা চতুর্বারবিশিষ্ট, পর্ধ দেবতা ইহার তিন স্থান অধিকার করিয়া আছেন, বিষ্ণু হইতে বীজের উৎপত্তি, ইহাকে কেহ বিদ্যা এবং কেই বা চিৎ বলিয়া বর্ণনা করেন ৪ ১১ ॥

ওঁকার হইতে দেবগণের উৎপত্তি হইরাছে; স্বর সকল ওঁকার হইতে উত্তত, সচরাচর জৈলোক্যের সকল পদার্থই ওঁকার হইতে উৎপুর॥ ১২॥ পাनरत्रोच उनः विषादन्र्यः विषनः उथा। স্তলং জন্দেশে তু গুল্কদেশে রসাতল্য। ১৩॥ তলাতলকোরদেশে গুরুদেশে মহাতলম্। পাতালং সন্ধিদেশে তু সপ্তমং পরিকীর্ত্তিম্ । ১৪। ভূলেকিং নাভিদেশহং ভূবলেকিঞ্ ভূকিগম্। হদিহং স্বৰ্গলোকঞ্চ মহলে কিঞ্চ বক্ষদি । ১৫॥ जनलाकक कर्शवः ज्ञालाकः मूर्य विज्ञा। সত্যলোকঞ মৃদ্ধি হং ভূবনানি চতুর্দশ ॥ ১৬॥ হৃদি প্রাণো বঙ্গেরিত্যমপানো গুরুমগুলে। সমানো নাভিদেশস্ উদান: কণ্ঠদেশগ: ॥ ১৭ ॥ ব্যান: সর্বশরীরম্ব: প্রধানাশ্চেতি বারব:। ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম হংপেন্মান্তরসংস্থিত্য ॥ ১৮॥ তবাত্তমভাদেরিত্যং সর্বাবে পরমেররম্। ধৃতিররির্মনো যুপং সম্ভোষঃ সমিধঃ স্থতাঃ । ১৯॥ ইব্রিয়াণি পশূন্ হত্বা আত্মা জয়তি দীকিত:। আত্মানমরণিং ক্রতা প্রণবঞ্চোত্তরারণিম্॥ ২০॥

ওঁকারের পাদম্লে তল অবস্থিত, তদ্ধে বিতল, জজ্মাদেশে স্তল, গুল্ফে রসাতল, উক্দেশে তলাতল, গুস্কদেশে মহাতল, সন্ধিদেশে পাতাল, নাভিদেশে ভ্লোক, কুলিতে ভ্বলোক, স্বদের স্বলোক, বক্ষে মহলোক, কঠে জনলোক, মুথে তপোলোক, মস্তকে সত্যলোক, এইরূপে চতুর্দশ ভ্বন বিরাজমান ॥ ১৩-১৬॥

হৃদরে নিত্যকাল প্রাণের অবস্থিতি,গুরুমগুলে অপানের অবস্থান,নাভিদেশে, সমান,কঠদেশে উদান,সর্বাশরীরে ব্যান,এইরপে প্রধান প্রধান বায়ু সকল প্রবা-হিত আছে, তন্মধ্যে ওঁ এই অক্ষর ব্রহ্ময়, ইহা হৃদরপদ্যে অবস্থিত॥ ১৭-,৮॥ এই কারণে সর্বাহে সতত প্রমেশ্রের ধ্যানাভ্যাসপরারণ হওরা লোকের কর্ত্তব্য; এরপ যজে অ্রিই ধৃতি, মন যুপকাঠ এবং সভোষ্ট যজ্ঞকাঠ-স্বরূপে কীর্ত্তিত হইরা থাকে॥ ১৯॥

যে ব্যক্তি এই যজে দীকিত হয়, ইব্রিয়রপ পশুগণকে হত্যা করিয়া আত্মাকে অরণিরূপে আরোপিত করত উত্তরোত্তর প্রণরের অফুশীলন পূর্বক আত্মার উৎকর্ষদাধন করা ভাহার কর্ত্ব্য ॥ ২০ । হুমো দহতি পাপানি দীর্ঘো মোক্সপ্রদায়ক: ।
ইড়ায়াং বাস্মারোপ্য প্ররিখোদরং তথা ॥ ২১ ॥
ধ্যায়ন্ তং বেচয়েৎ পশ্চাৎ শনৈঃ পিজলয়া পুনঃ
ইডাপিঙ্গলয়োমধ্যে সুধ্রা ফক্ষরপণী ॥ ২২ ॥
প্রিতো প্রণবেনের আঅধ্যানপরায়ণঃ ।
প্রাণায়ামঃ পরং ব্রহ্ম প্রমায়া চতুম্বুখঃ ॥ ২৩ ॥
বক্ষা তু প্রকো ক্রেয়ঃ কুন্তকো বিষ্ণুক্চাতে ;
বেচকস্ত মহাদেবঃ পশ্চাৎ প্রতবঃ শিবঃ ॥ ২৭ ॥

অজ্ন উবাচ।

অক্ষরাণি চ মাত্রাণি সক্ষে বিন্দুবমাশ্রিতাঃ। বিন্দুং ভিনত্তি যো নাদঃ স নাদঃ কেন ভিন্ততে॥ ২৫॥

শ্ৰীভগৰাত্বৰ চ।

ওঁকারধ্বনিনাদেন বাযুঃ সংহরণাত্মক:। মুথনাসিকধ্যোম ধ্যে বাযুঃ সঞ্চরণাদ্যতঃ॥ ২৬॥

এইরূপে অভ্যাসবলে ধ্যানমন্থন করিলে প্রণবাগ্নি যথন ক্ষীণ থাকে, তথন পাপসমহ দগ্ধ হইয়া থাকে.যদি উচা প্রবল হয়,তাহা হইলে মোক্ষবিধান করিয়া ' থাকে। ক্রমে ইড়াতে বায় আরোপণ কবিয়া উদর পূণ কবিতে হয়॥ ২১॥

তদনস্তর কেমশং পিদলাব সাহাব্যে ধ্যেয় ব্রহ্ম পদার্থের ধ্যান করিয়া বেচকেব অনুষ্ঠান করিতে হয়। যাহ। হউক, সুষ্য়া অতিশয় অক্সক্সিণী এবং তাহা ইছা ও পিদলার মধ্যে অবস্থিতি কবে॥ ২২॥

যে ব্যক্তি আআধ্যানপরায়ণ, তিনি এইরপে প্রণবসাহাব্যে পূণ হইয়া থাকেন, যে প্রাণায়ামের কথা শুনিতে পাও, উহা চত্মুখি এবং পরম এক পরমাক্সা॥ ২৩॥

ব্রহ্মা প্রক, বিষ্ণু কৃত্তক এবং বেচক প্রতর মহাদের বলিয়া কীর্ত্তিত হইয়া থাকেন ॥ ২৪॥

অর্জুন কহিলেন, অক্ষর ও মাত্রা সমূহ সকলই বিন্দৃব আশ্রয় গ্রহণ ক্রে, আবার দেখিতেছি, বিন্দৃকে ভেদ কবিয়া নাদের উৎপত্তি হয়, যাহা হউক, সেই নাদের কিরুপে ভেদ ঘটিয়া থাকে, বলুন ॥ ২৫॥

ভগবান্ কহিলেন, যে বাযু মৃথ ও নাসিকার মধ্য দিয়া সঞ্চারিত হয়,তাহা-ওঁকারথবনিনাদ নিবন্ধন সংহার-মৃত্তি ধারণ করিরা থাকে॥ ২৬॥ নিরালয়ং সমৃদ্ধিত তত্র নাদো লয়ং গতঃ।

অনাহতত শক্ত তত্ত শক্ত যো ধ্বনিঃ॥ ২৭॥

ধ্বনেরস্কর্গতং জ্যোতির্জ্যোতিরস্কর্গতং মনঃ।

তন্মনো বিলয়ং যাতি ত্রিফো: পরমং পদম্॥ ২৮

তৎ পদং পরমং ধ্যানং তুদ্ধ্যানং ক্রম উচ্যতে।

নাভিম্লে স্থিতং পদাং নালং তত্ত্ত দশাসুলম্॥ ২৯॥

কোমলং তত্ত্ত তল্লালং নিম্পত্রমধাম্থম্।

কদলীপুস্সস্কাশং চক্রকান্তিস্ক্রিশ্রলম্॥ ৩০।

বৃদিস্থিতং পদ্ধন্দ স্পত্ৰং,
সক্ৰিকং কেশরমধানালম্।
অঙ্গুষ্ঠমাত্ৰং মুনব্নো বিদন্ধি,
ধ্যায়ন্ধি বিষ্ণুং পুরুষং প্রধানম্॥ ৩১॥
বিশালদলসম্পূর্ণস্থপ্রভং তৎ স্থানিশ্বলম্।
নিত্যানন্দময়ং জ্ঞানং ড্ছিফোঃ প্রমং পদম্॥ ৩২॥

বাযুর আলয় শৃন্তস্থানের উদ্দেশে বে নাদ উথিত হয়, তাহাই লয়ে প্যাবসিত হয়, অনাহত শব্দের যে নাদ, তাহাই ধ্বনিপদ্বাচ্য ॥ ২৭ ॥

ধ্বনির অভান্তরে জ্যোতির অবস্থান, তদভ্যন্তরে মনের অধিষ্ঠান, সেই মনই বিষ্ণুর পদ কৈবল্য প্রাপ্ত হইয়া থাকে॥ ২৮॥

থি পদপ্রাপ্তির কার্য্যই পরম ধ্যান এবং উহাই ব্রহ্ম বলিয়া কীর্ত্তিত হইরা থাকে, থ জীবের নাভিম্লে দশাঙ্গুলি-পরিমিত পদ্মনাল বিরাজমান আছে ॥২৯শা

উহা কোমল, নিমুপত্রবিশিষ্ট এবং অধোমুথে অবস্থিত. উহা দেখিতে কদলীপুশের ভার, উহা সুনির্মাল ও চক্তের ভার রমণীয়। ৩০॥

হৃদরমধ্যে যে অইপত্রবিশিষ্ট পঙ্কজ অবস্থিতি করে,উহার কেশরের মধ্যজাগ রাজ্বর্ণ এবং উহা কর্ণিকার বিশোভিত। উহার আকার অকুষ্ঠ-পরিমাণ; ম্নিগণ উহাকেই প্রধান পুরুষ বিষ্ণু বলিয়া ধ্যান করিয়া থাকেন। ৩১॥

যৎকালে জীবের অন্তরে বিশালনলশৌজী, সুপ্রভাশালী, স্থনির্দাল, নিভ্যানন্দমর জ্ঞানালোক সংপ্রবর্তিভ হর, তথন বিষ্ণুর পরমপদ উপলব্ধি হইরা
বাকে ॥ ৩২ ॥

অৰ্জুন উবাচ।

চৰিজ্ঞেরং ছুরারাধ্যং চঃৰগম্যং জনাৰ্দ্দন।
অধোমুথং যথা গড়া জনমং কেন গছুতি॥ ৩৩॥

খ্ৰীভগৰামুবাচ ।

ইভারাং বারুমারুষা প্রিভোদরসংস্থিত:।
ততাইয়িদেহমধ্যস্থং ধারেন্তমবনীযুত্ম্॥ ৩৪ ॥
হংসঞ্চ বিধিসংযুক্তং বক্রিমগুলমধ্যগম্।
ধারেন্ত বিজ্ঞ বং পশ্চাদস্ত: পিন্সলয়া পুন:॥ ৩৫ ॥
ততঃ পিন্সলয়া পুর্বং নাম দক্ষিণয়া সুধী:।
অধামুথন্ত কংপদ্মং উদ্ধৃত্য প্রণবেন তু॥ ৩৬ ॥
গতা তু পদ্মকোষাস্তং বিকর্যেরান্ততং পুন:।
ততঃ পশ্চান্তবেং পদ্মং সর্বগাত্তে সুধাবহম্॥ ৩° ॥
মইপত্রন্ত হংপদ্মং দ্বাত্তিংশং কেশরং তথা।
অইপত্রন্তিতং ধ্যাদেদিক্রান্তা দশদেবতাঃ॥ ৩৮ ॥

অৰ্জ্যুন কহিলেন, হে জনাৰ্দ্দন! যিনি ছবিজেয়, ছবারাধ্য ও ছঃখলভ্য, সেই প্রমণ্যার্থ অধােমুখে কিন্নপে হৃদরে প্রবেশ করেন । ৩০॥

ভগৰান্ কহিলেন, যোগীকে প্রথমে ইডাতে বায়ু আক্ষণ করিয়া উদব পূণ করত স্থিতি করিতে হয়, পশ্চাৎ পরিদেহমধ্যস্থিত পুরুষকে চিস্তা করিতে হয় ৪ ৩৪ ॥

ক্রমে বথাবিধি হংগ-মন্ত্রোচ্চারণে বহ্নিওলমধ্যগত বস্তুকে চিস্তা করিতে হয়, তদনস্তর পুনর্বার পিক্লার সাহায্যে কাহ্য করিতে হয়॥ ৩৫॥

পবে স্থাী ব্যক্তি পিঙ্গলার সাহায্যে পূর্ব্ব এবং দুক্লিণদিক্স্থ নাড়ীর সাহায্যে বামদিকে অধােম্থস্থিত হৃদর-পদ্মকে প্রণৰ হারা উদ্ধৃত করিয়া থাকেন ৫৬৬।

এইনপে পদ্মকোষাভ্যস্তরে গমন পূর্বক আকর্ষণ করিয়া, পুনশ্বার ব্যাহ্নতি-ক্রিয়াম্ন্র্চান কর্ত্তব্য , ভাছা হইলে পশ্চাৎ সর্বশ্রীরের স্থাবহ প্রেব আবিশ্রাৰ ঘটিবে ॥ ৩৭ ॥

জীবের জনয়-পদা অটপত্রবিশিষ্ট, উত্থার কেশর সকল দাত্রিংশৎ সংখ্যার বিভক্ত; যাহা হউক, অষ্টপত্রত্ব আধারে ইক্রাদি দশ দেবভার অর্চনা করিবে॥ ১৮। তত্ত মধ্যগতো ভাষ্ঠানোম ধ্যৈ গতঃ শনী।
শনিমধ্যতো বছিব ছিমধ্যগতা প্রভা॥ ৩৯॥
প্রভামধ্যগতং পীঠং নানারত্ববেষ্টিতন্।
অনেকরত্বদংকার্থং জলনাক্সমপ্রভন্॥ ৪০॥
তত্ত্য মধ্যস্থিতং দেবং নাবার্থমনাম্রম্।
শীবংসকৌস্বভোরত্বং প্রবীকাক্ষমচ্যুত্তন্॥ ৪১॥
শন্ধচক্রগদাপন্মভ্রণং বর্গমের চ।
ধক্ষেত্রত বাণাদি অইবাহধরং হরিম্॥ ৪২॥
পদ্মকিজ্বসন্ধাশং তপ্তকান্তসমপ্রভন্॥ ৪০॥
স্ব্যুকোটিপ্রতীকাশং চন্দ্রকোটিস্থলীতলম্।
কেষরন্পুরৌ পদ্যাং কটিস্ত্রঞ্চ নির্মালম্॥ ৪৪॥

ঐ পদ্মের মধ্যে ভারুর সাবিভাব, তন্মধ্যে স্থোর সম্দর, তদভাস্তরে চন্দ্রের আবিভাব, উহার অস্তরে বক্তি এবং তন্মধ্যে স্থানর প্রভা জাজন্য-মান। ৩৯॥

ঐ প্রভার অভ্যস্তবে নানারত্বসমাকার্ণ পীঠের অবস্থিতি, উচা দেখিতে ক্র্যারশ্বি অথবা মলিকুলিক সদৃশ ॥ ৪০ ॥

ইহারই অভ্যন্তরে নিরাময় নারারণ দেবের অবস্থিতি, তাঁহার বক্ষংস্থল শীবংস ও কৌস্বভর্মাণ ঘাবা সমলস্কৃত, তদীর চক্ষ প্রফল পুগুরীকসদৃশ, তিনি অচ্যুত ॥ ৪১ ॥

তাঁহার হত্তে শব্দ, চক্র, গদা ও পদ্ম বিভয়ান; বর্ণালকারে তাঁহার শরীর সমলস্কত; তিনি অইবাহসম্পন্ন, শর ও শরাসন প্রভৃতি তাহাতে শোভ্যান, তিনিই হরি নামে পরিচিত ধ্৪২ #

ক্ষমলকেশর ও তপ্তকাঞ্চনের স্থায় ঠাহার বর্ণ স্থলিম্বল, শরীরের লাবণ্য শুদ্ধকটিক বা চক্রকান্তমণি সদৃশ ॥ ৪৩॥

দেহের ভেজ কোটি স্থান্তির সার, উহা মিধতার কোটিচক্রতৃন্য; তদীর চরণহ্গলে নৃপুর ও কেয়ুরানির সমাধেন, কটিবেশ স্থনির্মণ কটিস্তে স্থানাভিত ॥ ৪৪ ।

কতে খেতং হরিং বিস্থাৎ ত্রেভারাং কালবর্ণকম । चाश्रदत शिज्वर्गक कानवर्गः करनी बूरम ॥ ६० ॥ শুদ্ধং সূত্রং নিরাকারং নিবিকরং নিরঞ্জনম। অপ্রমেরমজং দেবং তং বিভাৎ পুরুষোত্তমম ॥ ১৬॥ তেনাগ্নিবর্ত্তিদংবোগে নিধুমং জ্যোতিরূপক্ম। কারণং হে তুনির্বাণং হেতুসাধনবন্দি ভ্রম ॥ ৪৭ ॥ সমাত্রশব্দরহিতং স্বব্যঞ্জনবর্জ্জিতম। नानिवनकनां जोजः यद्यः (तम म त्वनिवः । १৮॥

অজ্জন উবাচ।

মদৃশ্যভাবনা নান্তি দৃশ্যমানো বিনশ্যতি। অবর্ণমক্ষরং ব্রহ্ম কথং ধ্যায়ন্তি বোগিন:॥ ৪২॥

শ্রীভগবাহুবাচ।

अञ्चः পূर्वः विदः পূर्वः भन्त भूर्यः ७ था श्रामि । সর্বসম্পূর্ণ মাজানং সমাধেন্তক্ত লক্ষণম্॥ ৫०॥

এই হরির বর্ণ সত্যযুগে খেত, ত্রেতাযুগে রুঞ্চ, দ্বাপবে পীত এবং কলি-युगाधिकारत कृष्धवर्ण ॥ १९० ॥

তিনি ওম, স্ক্ম. নিবাকাব, নিবিকিল্ল, নিরঞ্জন, অপ্রমের, অজ ও পুরুষোত্তম॥ ৪৬॥

অগ্নিবর্ত্তিদংবোলে বেরূপ রূপ প্রকাশিত হইয়া জ্যোতি বকীরণ করে. তজ্ঞপ যোগৰহি দাবা তাঁহার জোতি প্রকাশিত হর, অধিক কি বলিব, তিনি নির্বাণের হেতু॥ ৪৭%।

जिनि माजा ও मलम्छ, यहराअन्दिहिन्छ, नामित्म এदः कमाटक অতিক্রম করিয়া তিনি শোভা পাইয়া থাকেন; প্রকৃত প্রস্তাবে তাঁহাকে যে জানিতে পারে, সেই ব্যক্তিই বেদবেত্তা । প্রচ ।

এর্জ্জন কছিলেন, যে অদৃশ্য পদার্থের ভাবনা হইতে পারে না, দেখিবা-মাত্র বিনি অদৃশ্য হইরা থাকেন, বর্ণ ও অক্ষরে বিনি অপ্রকাশিত, সেই अक्रांक रांगीता किक्रांल शान करत, बनून १ हरू॥

ভগবান কহিলেন, याँहात असःकत्रन, वहिः खालन এवः मधाकां मृर्वভाव-প্রাপ্ত হইরাছে, তাঁহার আত্মা সর্কবিষয়ে সমাক্তকারে পূর্ণভাব ধারণ क्रिकाटक, क्रानिअ, देशहे नमाधित नक्षण ॥ 40 ॥

লম্পৃথিক বদা পক্তেৎ সমাধেন্তত্ত লক্ষণম্ ।

বাবং পক্তেৎ থগাকারং তঞ্চ কালং বিচাররেং ॥ ৫১ ॥
ধমধ্যে কৃক্ষ চাত্মানমাত্মধ্যে চ থং কৃক্ষ ।
আত্মানং বে লারং কৃত্যা ন কিঞ্চিদিপি চিন্তরেং ॥ ৫২ ॥
ভিমে কৃত্তে যথাকাশো মহাকাশে বিলীরতে ।
ভিমে চ প্রাকৃতে দেহে তথাত্মা পরমাত্মনি ॥ ৫০ ॥
॰ দেশং পরমাত্মানং স্মরেং পার্থ অনন্যভাক্ ।
হৃৎপদাকর্ণিকামধ্যে শুভদায়িশিথাকৃতি ॥ ৫৪ ॥
অসুঠাৎ পবনং ধ্যেরং ধ্যারেত্তৎ পরমেশ্বরম্ ।
অর্থারুটো গজারুটাং সংগ্রামে স্কটে রণে ॥ ৫৫ ॥
এতদেব সদা ধ্যারেং পরং ব্রহ্মাধিগচ্চতি ।
আসীনো বা শ্রানো বা গচ্ছন তিষ্ঠন সদা শুচিঃ । ৫৬ ॥

বথন সকল বস্তুই পূর্ণজ্ঞানে দর্শন ঘটে, তথনই সমাধিলক্ষণ প্রকাশ পার, বে কাল পর্যান্ত পক্ষীর আকার দর্শন হয়, সে কাল পর্যান্ত বিচার-পরায়ণ হওয়া কর্ত্তবা ॥ ৫১ ॥

আকাশমধ্যে আত্মাকে এবং আত্মার মধ্যে আকাশকে স্থির করিবার জন্ম প্রস্তুত হও, এইরপে আত্মাকে স্বকী পদ্দ স্থিতি করাইলে চিস্তার বিষয় কিছুই থাকিবে না । প্রি ।

বেরপ কুন্ত ভগ্ন হইলে তর্মধ্যন্থ আকাশ মহাকাশে বিলীন হয়, তাহার স্থায় দেহীর প্রাকৃত দেহ বিনষ্ট হইলে প্রমাত্মাতে আত্মার বিলীনভাৰ তাটিয়া থাকে ॥ ইত।

হে পার্থ! এই জনা বলি, হনর-পদান্থিত কর্ণিকামধ্যে শুভনারক অগ্নি-শিথাসদৃশ যে পরমাত্মার স্থান বিভামান আছে, তাহা একমনে ভাবনা কর। কর্ত্তবা ॥ ৫৭॥

অক্ষ্ঠ হইতে আরম্ভ করিয়া প্রনের ধ্যান করা কর্ত্তব্য , সংগ্রামে বা সেশ্বটে নিপতিত হইলেও, অম্ব বা গজপৃষ্ঠে থাকিয়াও প্রমেশ্বরের ধ্যানচ্যুত হইতে নাই॥ ৫৫॥

জীব উপবিষ্ট থাকুক বা শ্যাশারী হউক, গমন করিতে থাকুক বা ছিত্ত-ভাব অবলয়ন কর্মক, সর্বাদা শুচি হইরা ধ্যের ঈশ্বরের ধ্যান কবিলে ভাতার ব্রশ্বপ্রাপ্তি হইরা থাকে॥ ৫৬॥ তন্মাৎ সর্বপ্রয়েন বোগবুজো ভবার্জ্বন।
বোগিনামপি সর্বেষাং মদসতেনাস্তরাক্মনা । ৫৭ ॥
বিষয়াসজেবেদেং শাস্ত্রমক্ষত্ত দর্পণম্।
অনপন্ধতিহীনত্ত মোহভাজো বিবেকতা । ৫৮ ॥
সর্বসংকলনিম্ জি: পভোলাত্মানমান্থান।
নিরালম্বে পদে শৃক্তে যতেন উপজায়তে ॥ ৫৯ ॥
তদগর্ভমভ্যসেরিভ্যং ধ্যানমেত্রদ্ধি যোগিনাম্।
নিরালম্বে পদে প্রাপ্তে চিত্তে বিলয়ভাং গতে ॥ ৬০ ॥
নির্বেজ্ব জিয়া: সর্বা যন্মিন্ দৃষ্টে প্রাব্বে।
শিলামৃদ্যাক্রবিচ্ছা দেবতা বৃদ্ধিকরিতা । ৬১ ॥
অকল্পিতং স্বরং জ্যোভিরাত্মনো দেবতা ন কিম্।
দেহো দেবালয়: প্রোজো জীবো দেবং সদালিব: ॥ ৬২ ॥

তে অর্জুন! এই জন্য বলি, তুমি সর্ব্ধপ্রয়ে আমাকে পাইবার জক্ত যোগাবলম্বন কর; জানিও, যোগিগণ তদগতচিত্ত হইয়া অন্তবে আমার জক্ত বোগান্তচান করিয়া থাকেন। ৫৭॥

অন্ধলনের পক্ষে দর্পণ যে প্রকার, বিষয়াসক্ত জনেব পক্ষে এই বোগশান্তও সেই প্রকার। তাহা না হইলে জানিও, অগ্নির স্তববিহীন মোহমুগ্ধ ব্যক্তিরও বিবেকোদয় হইতে গাবে॥ ৫৮॥

অধিক কি বলিব, শে ব্যক্তি সকল প্রকাব বাসনা হইতে বিনিমুক্ত হই-য়াছে, তাহার আলমনবিহীন প্রপদে যে তেজ প্রকাশিত হয়, তাহাতেই আত্মাতে আয়বস্তুর দর্শন ঘটিয়া থাকে॥ ৫৯॥

অতএব ধাহাতে সেই তেজের উদ্গীরণ হয়, নিত্যকাল তাহার অভ্যাস করা কর্ত্তব্য, ইহাই যোগিগণের ধ্যান , জানিও, নিরালয় পদপ্রাপ্ত হইলে চিত্তের বিলীনদশা ঘটিয়া থাকে॥ ৬০॥

তথন পরাবর ব্রহ্মবস্ত দৃষ্ট হয়, স্মৃতরাং জীবের সমস্ত ক্রিয়াকশ্ম নিবর্ত্তিত হইরা থাকে, অধিক কি বলিব, এ সমরে বৃদ্ধিকলিত শিলা, মৃত্তিকা বা প্রস্তব্তননির্দ্ধিত দেবতার আদর থাকে না ॥ ৬১ ॥

বাস্তবিক, বিবেচনা করিয়া দেখিলে, যে অকল্লিত জ্যোতিঃ আত্মা হইতে সমূত্য হয়, তাহা কি দেবতা না হইবার কথা ? যথার্থ জ্ঞান ঘটিলে দেহীর দেহই দেবালয় এবং জীব সদাশিবদেবতুলা হয় ॥ ৬২॥

ত্যজেদজ্ঞাননির্মাল্যং দোহহংভাবেন প্রুরেং ॥ ৬৩ ॥ বদেহে প্ররেদ্ধেং নাক্সদেহে কণাচন। বদেহোপারমজ্ঞাত্বা ভিক্ষানটিত ত্র্মতিঃ ॥ ৬৪ ॥ রানং মনোমলত্যাগঃ শৌচমিন্তিরনিগ্রহঃ ।.
অভেদদর্শনং ধ্যানং জ্ঞানং নির্মিষরং মনঃ ॥ ৬৫ ॥ । অক্রিরের পরা পূজা মৌনমের পরো জপঃ । অক্রিরের পরো বোগঃ অনিচ্ছৈর পরং স্থম্॥ ৬৬ ॥ নান্তি শান্তিপরো মন্ত্রো ন দেবশ্যাত্মনঃ পরঃ । নাম্সক্রেং পরা পূজা ন তৃ তৃথেঃ পরং ফলম্॥ ৬৭ ॥ ঘটে ভিল্লে ঘটাকাশো মহাকাশে বিলীরতে । দেহাভাবে তথা বোগী স্বরূপে পরমাত্মনি ॥ ৬৮ ॥

এই দেবতার অর্চনা করিতে হইলে অজ্ঞাননিশাল্য পরিভাগে ও সোহহংমল্লে পূজা করিতে হয়॥ ৬৩॥

মাপনার দেহস্থ দেবতার অর্চনা করা কর্ত্তব্য, কথন অক্ত দেবতার পূজা কবিতে নাই, যে ব্যক্তি স্বশরীরস্থ উপারের প্রতি জ্রক্ষেপ না করিয়া কাল হবন করে, সেই ত্র্মতি গৃহে অন্নাদি থাকিলেও অজ্ঞাতদোষে ভিক্লার্থে প্রটন করিয়া থাকে॥ ৬৪॥

বিবেচনা করিয়া দেখিলে যে ব্যক্তি মনের মালিন্য পরিত্যাগ করিতে পাবিষাছেন, তাঁহার তাহাই স্থান, ইন্দ্রিয়সংযমই পবিত্রতা, তাঁহার অভেদ-দর্শনই ধ্যান এবং বিষয়বাসনা-বিহীন অস্তঃকরণই জ্ঞান বলিয়া গণ্য হইয়া থাকে ১৬৫॥

জীবের যে ক্রিয়াশৃক্ততা, তাহাই পরমপৃতা, মৌনাবলম্বই প্রধান জপ, চিম্বা-বিহীনতাই উৎকৃষ্ট যোগ এবং ইচ্ছার অভাবই প্রকৃত স্থ বলিয়া কীঠিত সহয়া থাকে॥ ৬৬॥

বিক্ষ অপেকা আর মন্ত্র নাই, বাবা ব্যতিরেকে আর প্রধান দেবতা নাই, অনুসন্ধান অপেকা অর্চনা আর নাই এবং তৃপ্তির অপেকা আর ফল দেখিতে পাওয়া বায় না॥ ৬৭॥

বট ষেরপ ভার হইলে তদভাস্তরস্থ আকাশ মহাকাশে লর পাইরা থাকে, ভাহার ক্রায় বোগী দেহ বিনষ্ট হইলে প্রমাত্মাতে লীন হইরা থাকেন। ৩৮ । বজ বজ মনো বাজি তজ তজ সমাণর: ॥ ৩৯॥
বাসনাস্থ বিশীনাস্থ চিতে নির্মিবরং মন: ।

যক্ত নির্মিবরং চেতো, জীবসুক্ত: স উচ্যতে । ॰ ॰ ॥
ক করোমি ক গছামি কিং গৃহামি তাজামি কিন্ ।
ভাজানা প্রিতং বিশং মচাকরোহম্না বলা ॥ ৭১॥
নেব ককিং পরো বন্ধা মোক্ষদো ক্ষম্না ভবেং ।
বন্ধমোক্ষবিকরোহয়ং কিঞ্চিদজানলকণম্ ॥ ৭২ ॥

যদান্ত যন্ত্রাতি তদাত্মরপং, ন চাক্ততো ভাতি ন চাক্ষদন্ত ।
সভাবসংবিং প্রতিভাতি কেবলা, গ্রাহং গৃহীতে চ মুষা বিকল্পনা ।
ন বন্ধোহন্তি ন মোক্ষো বা ব্রক্ষবান্তি নিরামন্ত্রম্।
নৈকমন্তি ন চ বিতং সচ্চিৎকারং বিজ্বতে ॥ ৭৪ ॥

সংক্রেপে তোমাকে বলিতেছি, যেথানে বেথানে মনের গতি, তত্তৎস্থলে সমাধিরও সঞ্চরণ আছে। ৬১॥

বাসনা লয়প্রাপ্ত হইলে মন নির্কিষয় হইয়া থাকে, অধিক কি বলিব, যিনি নির্কাসনচিত্ত হইয়াছেন, ভিনিই জীবমুক্ত বলিয়া উক্ত হইয়া থাকেন ॥ ৭০ ॥

করান্তকালীন মহাধ্যরপ আত্মা বারা বেরপে এই সংসার পূর্ণ হয়, তাহার ভায় জীবের অন্তরে কি করি, কোথার যাই, কি গ্রহণ করি বা কি পরিত্যাগ করি, এই চিন্তাই প্রবল হইয়া থাকে॥ १১॥

বিবেচনা করির। দেখিলে ইহা অপেক্ষা প্রধান বন্ধন আর নাই, কিছ ইহা ছইতে উত্তীর্ণ হইতে পারিলে মোক্ষপ্রাপ্তি ঘটে। এই আমি বন্ধ-মোক্ষ-সম্বন্ধীয় জ্ঞানাজ্ঞানের লক্ষণ তোমার নিকটে বলিলাম এ ৭২ ॥

এই সংসারে যাহা আছে এবং যাহা শোভা পাইয়া থাকে, তাহাই ব্রহ্মরূপ বলিয়া জানিও; তথাতিরেকে অন্ত কিছুই প্রকাশ পায় না এবং অন্ত পদার্থও নাই; এই পদার্থ গ্রাহ্ম এবং ইনি গ্রহীতা, এ সকল বিচার মিথ্যা মাত্র; জানিও, কেবল স্বভাবশক্তিতে ব্রহ্মসংবিং প্রতিভাত হইয়া থাকে ॥ ৭৩ ॥

বিবেচনা করিয়া দেখিলে জীবের বন্ধন বা মোক কিছুই নাই, কেবল নিরাময় এক ব্রহ্মমাত্র বিরাজমান আছেন; তাঁহাতে বৈত বা অবৈতভাব নাই, তিনি চৈতভ্রমণে বিজ্ঞিত আছেন। ৭৪ ৮ গীতসারমির্বং শান্তং সর্কশান্তে স্থানিক্তিম্ ॥ १৫ ॥

যত্র স্থিতং ব্রহ্মজ্ঞানং বেদশান্তের্ নিক্তিজ্য্ ।

ইলং শান্তং ময়া প্রোক্তং ব্রহ্মবেদার্থদর্পণম্ ॥ १৬ ॥

যঃ পঠেৎ প্ররতো ভূষা স গচ্ছেৎ বিঞ্শার্যতম্ ।

এতৎ পূণ্যং পাসহরং ধক্তং তঃথপ্রাণশনম্ ॥ ११ ॥

পঠতাং শৃণ্ তাং বাপি বিকোর্মাহান্তাম্ক্রম্ ।

অর্গোহপি স্বল্লকন্তেষামপবর্গো ভবেৎ প্রবম্ ॥ १৮ ॥

অষ্টাদশপুরাণানি নব ব্যাকরণানি চ ।

নির্মাথ্য চতুরো বেদান ম্নিনা ভারতং রত্ম্॥ १৯ ॥

ভারতোদ্ধিকুশুক্ত গীতানিম থিতক্ত চ ।

সাবম্দ্র তা রক্ষেন অর্জ্ নক্ত মুণে হতম্ ॥ ৮০ ॥

মলাদিশোচিনাং পুংসাং গঙ্গান্তানং দিনে দিনে ।

সক্লগীতান্তিসি স্থানং সংসার্মলনাশনম ॥ ৮১ ॥

সকল শান্তের মধ্যে এই গীতাস।র-শান্ত নিশ্চরই উৎকৃষ্ট॥ १৫॥

ইহাতে বেদজ্ঞান ও ব্রহ্মনিরপণ বিশেষরপে বার্ণত আত্তে, ব্রহ্মবিছা-সংক্ষীর জ্ঞানের পক্ষে ইহা দর্শণত্লা, আমি ইহাব বিষয় তোমাকে উপদেশ দিলাম॥ ৭৬॥

বে ব্যক্তি পৰিত্রভাবে পাপনিবারক, তঃথবিনাশক এই পৰিত্র গ্রন্থ পাঠ করেন, তাঁহার নিত্যকাল বিষ্ণুলোকপ্রাপ্তি বটিয়া থাকে॥ १९॥

যাঁহারা এই উৎক্ট বিষ্ণু-মাহাত্ম্য পাঠ বা শ্রবণ করেন, তাঁহাদের স্বর্গবাস ত সামান্ত কথা, নিশ্চরই অপবর্গপ্রাপ্তি হইরা থাকে॥ ১৮॥

ব্যাসদেব অষ্টাদশ প্রাণ, নব ব্যাক্বণ ও বেদচতুইয় মছন পূর্বক মহা-ভারত রচনা করিয়াছেন ॥ ৭৯॥

শ্রীকৃষ্ণ ভারতরূপ দধিকৃণ্ড নির্মান্ত করিয়া গাতারূপ সত বারা কর্জুনমূথে হোম করিয়াছেন ॥ ৮০ ॥

যাহারা অশুচি এবং মালিজ-দোষদিশ্ব, নিত্যকাল গদামানে নিরত হইলে তাহাদের অপবিত্রতা বিনষ্ট হয়, কিন্তু যদি একবারমাত্র গীতাসলিলে অব-গাহন ঘটে, তাহা হইলে অজ মলের কথা কি, সংসারমালিজ বিদ্বিত হইরা থাকে॥ ৮১॥

কেবলে নোদকেনৈব মন্তঃ অপ্তে দমর্চনেই।

য়ন্তানামসহস্রেণ স্তবরাজাে বিনির্মিতঃ।

য়য় কুকৌ চ বর্ত্তে সোহপি নারারণঃ স্বতঃ॥৮০॥

সর্বাদেবমন্ত্রী গীতা সর্ব্রাদেশমন্ত্রো মহঃ।

সর্বাদেবমন্ত্রী গালা সর্বাদেবমন্ত্রো হরিঃ॥৮৪॥

পাদল্যাপ্যর্মপাদং বা স্নোকং স্নোকার্দ্মমেব বা।

নিত্যং ধাররতে যস্ত স মোক্রমধিগছতে॥৮৫॥

রক্ষরুক্ষসমূভ্তা গীতামতহরীতকী।

মাহ্যঃ কিং ন স্বদেত কলাে মলবিরেচনী॥৮৬॥

গঙ্গা গীতা তথা ভিক্ষঃ কপিলাসাধুসেবনম্।

স্থপ্রেরং পদ্মনাভক্ষ পাবনং কঃ কলাে যুগে॥৮৭॥

অধিক কি বলিব, গীতাজলে স্নান করিবার প্রয়োজন নাই, মস্বোচ্চারণ পূর্ব্বক জপান্তে গীতাকে অর্চনা করিলেই অপবিত্রতার শান্তি হ**ইয়া** থালে, স্বল্পদোষ-বিনাশের জন্ম ইহাতে অবগাহনের কথা উল্লেখ আছে ॥ ৮২ ॥

সহস্র গীতানামোচ্চারণে শুবরাজের সৃষ্টি হইয়াছে, অধিক কি বলিব, থাহার কুক্ষিতে ইহা অবস্থিতি করে, তিনি নারায়ণস্করণ উক্ত হইয়া থাকেন॥৮৩॥

গীতা সর্বাদেবমরা, মতু স্কাবর্ণময়, গঙ্গা স্কাতীর্থমরী এবং হরি স্কাদেবময় ॥৮৪॥

কে বাক্তি এই গীতার একপাদ, অর্জপাদ, পূর্ণ শ্লোক্ষ বা শ্লোকার্দ্ধ নিত্যকাল ধারণ কবে, তাহার মোক্ষলাভ ঘটিয়া থাকে ॥ ৮৫॥

বেরপে বৃক্ষ হইতে হরীতকীর সৃষ্টি হইয়া তাহার অ্মৃতময় রস-প্রাদানে
নক্ষের মল শোবিত কবে, তাহার স্থায় রুফস্বরূপ বৃক্ষ হইতে
অমৃতময় হরীতকীতুলা গীতার উৎপত্তি হইয়াছে, অতএব কলিমুগের
জীবগণ অন্তবের মালিস্ত দূর করিবার জন্ত তাহা কি সেবন করিবে
নাং ৮৬॥

গদাতীর, গীতাশাস্ত্র, ভিক্ষুকাশ্রমাশ্রয়, কপিলা ধেরুর পরিচর্য্যা ও সাধু-

গীতা স্থগীতা কর্ত্তব্য কিমতে: শাক্রবিভারে:।
বা স্বরং পদ্মনাভক্ত মুপপদ্মাদিনি: স্তা ॥ ৮৮ ॥
বাং পঠেৎ প্ররতো ভূহা নিশি বা সন্ধারোর্ছ রো:।
তক্ত নক্তত্তি সর্বাণি পাপানি বানি কানি চ ॥ ৮৯ ॥
এতত্তে কথিতা গাঁতা সর্বাকল্মবাশিনী ।
গোপনীয় প্রয়েত্রন ক্রুরে গর্ভে শঠে খলে ॥ ৯০ ॥
ভক্তায় শুদ্দিভায় সদাচাবপরায় চ ।
দাতব্যেরং স্থাগাঁতা সর্বসোভাগদোয়িনী ॥ ৯১ ॥
আপদং নবকং ঘোবং গাঁতাধ্যায়ী ন পশ্যতি।
গঙ্গা গাঁতা চ গান্ধত্রী গোবিন্দো হৃদি সংস্থিতঃ ॥ ৯২ ॥
চতুর্বর্গং করে প্রাপ্তঃ পুনর্জন্ম ন বিভাতে।
এতদহস্যং দ্রবান্ধ পুণাং তঃপপ্রণাশন্ম॥ ৯৩।

সেবাই কলিতে একমাত্র পবিত্রতাব কারণ এবং ব্রহ্মাবও প্রিয়জনক, এত-দ্বির কলিতে অজ পবিত্রতা আরু কি আছে গ ৮৭॥

এই গীতাশাস্ত্র পদ্মনাভ ভগবান্ বিষ্ণুব ম্থপদ্ম হইতে বিনিঃসত হইরাছে, অতথ্য অভা বহুলশাস্ত্র চর্চার প্রয়োজন কি, ধ্নার্কপে ইহার অধ্যয়ন ক্রাই কর্ত্তব্য ॥ ৮৮॥

যে ব্যক্তি প্রয়ত হইয়া রাত্রিকালে বা উভয় সন্ধার এই গাঁত। পাঠ কবে. ভাহার বে কোনরূপ পাপ থাকুক, সমস্তই বিনষ্ট হয়॥ ৮৯॥

এই আমি সর্ব্যকল্মধন।শিনী গাঁতা কীর্ত্তন করিলাম। বে ব্যক্তি ক্রুব, ধৃত্ত, শঠ বা থল, তাহার নিকট ইহা স্বত্তে গোপন করিবে ॥ ৯০ ॥

যে ব্যক্তি ভক্ত, শুদ্ধচিত্ত ও সনাচারপরাষণ . এই সর্বদৌভাগ্যদায়িনী গীতাস্থা তাগাকে প্রদান করিবে॥ ১১॥

অধিক কি বলিব, যাহার হৃদয়ে গীতাশাস্ত্র, গল।, গাস্করা ও গোবিলের অধিকার, সেই গীতাধ্যারী ব্যক্তিকে ঘোর বিপদ্ বা চন্তব নরকে নিপতিত হইতে হয় না॥ ১২॥

অক্ত ফলের কথা কি, চতুর্বর্গ তাঁহার করন্থ হয় এবং তাঁহাকে আর পুন-

পঠতাং শৃণ্তাং বাপি বিষ্ণোৰ্যাসান্ত্রম্থ । ভবেছিলং ন সর্বতি চঃথং পুণ্যমবাপুরাৎ ॥ ১৪॥

ইতি গীতাসার: সম্পূর্ণ:।

জন্ম যমুণা ভোগ করিতে হয় না। তোগাকে অধিক কি বলিব, এই গীতা-রহস্ত তুঃখনিবারক ও পুণ্যপ্রালে॥ ১০॥

যাহারা গাঁতাশাস্ত্রোক্ত বিষ্ণুর উৎকৃষ্ট মাহাত্ম্য পাঠ বা শ্রবণ করে, তাহা-দিগকে কোনও বিন্ন বা কোনও চঃথই অধিকার করিতে পারে না. প্রত্যুত ভাহারা নানাপ্রকার পুণ্যসঞ্চয় করিয়া থাকে॥ ১৪॥

গীতাসার সম্পূর্ণ।

রাম-গীতা

রাম-গীতা।

यहारमव खेवाह।

ততো জগনাস্থ্য কৰিব বিধায় রামায়ণকী তিম্ত্রমাম।

চচার প্র্বাচরিতং রঘ্ত্রমো, রাজ্যিব বৈর্গির সি সেবিতং যথা॥ ১॥

সৌমিত্রিণা পৃষ্ট উদারবৃদ্ধিনা, রাম: কথা: প্রাহ্ পুরাতনী: শুভা:।

রাজ্ঞ: প্রমতক্ত নৃগক্ত শাপতো, দিজক্ত তির্গাক্তম্থাই রাঘ্ব:॥ ২॥

মহাদেব কহিলেন, (১) অনস্তর রঘ্কুলতিলক রামচন্দ্র, যাহা জগতের মকলসম্ভেরও মকলের একমাত্র কারণ, সেই স্বরূপ দারা ধর্মার্থ-কামমোক্ষ-দায়িনী রামায়ণকীতি ধরাতলে প্রথিত করিয়া স্থীয় পূর্বপুরুষগণের আচরিত প্রভাগালন, সংকথাশ্রবণাদি যাবতীয় কর্ম ও অক্সাক্ত রাজ্বিগণাত্তিত যজ্ঞাদি কায়ও সুসম্পন্ন করিলেন ॥১॥

তিনি কোন সময়ে উদারবুদ্ধি (২) সৌমিত্রি কর্ত্ব জিজ্ঞাসিত হইয়া শুভপ্রদ পুরাতনী কথা (৩) সকল বর্ণন করিয়াছিলেন এবং ত্রাহ্মণের অভি-শাপে মহীপতি নুগের তিয়াক্যোনি-প্রাপির বিবরণও ষথাবং কীর্ত্তন করিয়া-ছিলেন (৪)॥ ২॥

^{(&}gt;) দেবদেব শব্দর রামলক্ষণ ক ক ক কেথাপকখনক্ষলে বর্ণিত প্রতন্ত্বোপদেশ প্রদান করিতেছেন। বউড়বর্ধাবান্ রঘুকুলতিলক রামচন্দ্র ধরাতলবাসিপণের হিতসাধনোক্ষেশে অবুথে মোক্ষমাধক গুরুজানবিদয় অস্কুল লক্ষণের নিকট বর্ণনা করিয়াছিলেন। ইহা সংসারানলে অতিসক্তপ্ত জনগণের স্থাহণ উপকারী সন্দেহ নাই। দেবদেব ভগবান্ পিনাকপাণি প্রথমে মহাদেবার নিকট, তৎপরে ব্রহ্মা নারদের নিকট এবং অবলেবে উপ্রপ্তর নৈমিষারণ্যবাসং তাপসগণের নিকট এই রামগীতা কীর্ত্তন করেন।

⁽২) **উদার শব্দে দাতা অথবা গুরুদেবতা**দির প্রতি বিশ্বাসরূপ গুণহুতা।

⁽৩) পুরাতনী-প্রাচীনরাজসথবিনী।

⁽৪) নরপতি নৃগ অতীব ধার্ম্বর্চ ছিলেন, কিন্তু অজ্ঞানকৃত এক্ষমাপহরণ বণতঃ অতীব ছর্মশাপর হন, তিনি কোন সময়ে রাহ্মণকে গোলান করিয়াছিলেন, কিন্তু তাঁহার গোসমূহনধ্যে রাহ্মণের গো নিপ্রিত ছিল,তিনি তাহা জানিতে পারেন নাই; কাঁলে কালেই তাঁহাকে বন্ধখাপহন্নপর্কনিত পাণে লিপ্ত হইতে হইল: ফুডরাং ব্রহ্মখবিমুখতা বে পরম ধর্ম, তাহাই প্রম্থীকৃত হইতেছে।

কদাচিদেকান্ত উপন্থিতং প্রভুং, রামং রমালালিতপাদপক্ষম্ ।
সৌমিত্রিরাসাদিতগুদ্ধভাবম:, প্রণম্য ভক্ত্যা বিনয়ান্বিতোহরবীং ॥।
ছং শুদ্ধবোধোহসি হি সর্বাদেহিনামান্বাস্থিশৈহিসি নিরাক্ষতিঃ স্বয়য়য় ।
প্রতীগ্রসে জ্ঞানদৃশাং মহামতে, পাদাজভূক্ষাহিতসক্ষসিকাম্ ॥ ৪ ॥
ছহং প্রপরোহন্দি প্রদাস্কং প্রভো, ভ্রাপবর্গং তব বোগিভাবিতম্ ।
বথাঞ্জসাজ্ঞানমপারবারিধিং, স্থং তরিক্তামি তথাস্থশাধি মাম্ ॥ ৫ ॥
শ্রুষাথ সৌমিত্রিবচোহথিলং তদা, প্রাহ প্রপন্নান্তিহরং প্রসয়ধীঃ ।
বিজ্ঞানমজ্ঞানতমোপশান্তরে, শ্রুভিপ্রপন্নং ক্ষিতিপালভূবণঃ ॥ ৬ ॥

শ্রীরাম উবাচ।

আদে ব্বণাশ্রমবণিতাঃ ক্রিয়াঃ, ক্রা সমাসাদিতভদ্দানসঃ। সমাপ্য তৎপ্রম্পাতসাধনঃ, সমাশ্রমেৎ সদ্গুক্মাত্মলক্ষে॥ १॥

একদা প্রভুরামচন্দ্র একাস্তে সম্পবিষ্ট আছেন, আর লক্ষী তদীয় পাদ-পদ্ধজ সেবা করিতেছেন, ইত্যবসরে শুদ্ধাস্তঃকরণ লক্ষণ তৎসমীপে উপনীত ছইরা ভক্তিভাবে প্রণাম পূর্বক বিনয় সহকারে কহিলেন॥ ৩॥

তে মহামতে। আপনি অনবচ্ছিন্ন চৈতক্সস্থলপ, আপনিই দেহিগণের আজা ও নিয়ন্তা, আপনি নিরাকৃতি। যাহাদিগেব চিত্ত আপনার চরণকমলে ভুদ্দবং সংলগ্ন হইয়াছে, একমাত্র সেই সকল জানচক্ষ ভক্তেবাই আপনার স্থলপ অবগত হইয়া থাকে । ৪॥

হে প্রভো । যোগিগণ নিরস্তর যাহা ধ্যান করেন, যদ্বারা সংসারবন্ধন বিদ্রিত হয়, আমি আপনাব সেই চরণকমণে শরণাপন্ন হইলাম। যাহাতে অবিল্যে অনারাসে অপার বারিধিরূপ সংসারমূলকারণ অজ্ঞানকে অতিক্রম করিতে পারি, আমাকে তজ্ঞপ উপদেশ প্রদান করুন্। ৫॥

শরণাগত তঃথহারী, প্রসন্নমতি, ক্ষিতিপালগণের ভূষণস্বরূপ রামচন্দ্র সৌমি-ত্রির এই বাক্য প্রবণ করিয়া তদীয় অজ্ঞানরূপ অন্ধকার-বিদ্রণার্থ প্রতি-প্রতিপাদিত আত্মজ্ঞান বর্ণন করিতে লাগিলেন ॥ ৬॥

রাম কহিলেন, হে লক্ষণ ! সর্কাগ্রে স্ব বর্গ ও আশ্রেবিভিত কর্ম সাধন পূর্বক অস্তঃকরণে বিশুদ্দিলাভ হইলে শমদমাদি সাধন করিয়া * পরিশেষে আত্মনালাভার্থ সদ্তক্ষর আশ্রম গ্রহণ করিবে॥ १॥

^{*} এ ছলে ইহাই প্রকাশিত হইভেছে বে, শমনমানির লাচ্যিবন পর্যন্ত কর্মান্ত্রীন করিবে !

কিয়া শরীরোম্ভবহেত্রাদৃতা, প্রিরাপ্সিয়ে তে। ভবও: সুরাপিণ:।
ধন্মেতরো তত পুন: শরীরকং, পুন: ক্রিয়া চক্রবদীয়তে ভব:॥ ৮॥
মজানমেবাস্থা হি ম্লকারণং, তদ্ধানমেবাত্র বিদৌ বিধীয়তে।
বিজ্যৈব জন্মাশবিধো পদীয়নী, ন কর্ম্ব ভক্তং স্বিরোধ্যীরিভন্॥ ৯॥

নাজ্ঞানহানিন চ রাগসংক্ষরো,
ভবেত্ততঃ কথা সদোষমুগুবেং ।
ততঃ পুনঃ সংস্তিরপ্যবাধিতা,
তত্মাদ্র্ধো জ্ঞানবিচারবান ভবেং ব ১০ ৪

সংসার চক্রবং পুন: পুন: খুর্ণায় নান হইতেছে। দেহিপণ প্রবজন্ম আদর প্রক বে সকল কার্যায়ন্তান করে, সেই সকল কিরাই তাহাদিগের জন্ম-ধাবণেব কারণ হইয়া পাকে। বিষয়াভিলাবিপণের অন্ত্রিভ ধর্মাধর্মই ভাহাদিপেব স্থগ্যথের ও পুন: পুন: শরীরধারণের কারণ হয় ॥ ৮ ॥

অজ্ঞানই এই সংসারের মূল কাবন, এই জন্ত নির্ভিষামোপলক্ষিত চিত্তশ্দিনস্পাদন-বিষয়ে দেই অজ্ঞানের বিনাশসাধনই বিধেয়। একমাজ
রক্ষজানই অজ্ঞান বিনাশে সমর্থ। যদি এরপ বিবেচনা করা যায় যে, কর্মই
দক্ষাননাশক, জ্ঞানেব কি প্রয়োজন ? তাহাও হইতে পারে না, কারণ,
ক্ষানোংপন্ন কর্ম শজ্ঞানেব বিরোধী নহে, অজ্ঞানবিরোধী জ্ঞানই অজ্ঞানবিনাশে সমর্থ হটনা থাকে॥ ১॥

কান্যকর্মান্ঠ ন খাবা জজানবিনাশ হয় না এবং চিত্ত ভিও জন্ম না,
্বরং ভদস্ত গান বশতঃ কোষকর কর্মেব উত্তব হৃত এবং পুনবার অবারিস্ত সংসারের উৎপত্তি ভৌরা থ'কে, স্ভিকাতের কিছুগাত প্রভাশা থাকে না,
অভএব বিবেকী ব্যক্তি জ্ঞানবিচাববান হইতে যত্ন করিবে । ১০॥

- ইহার তাৎপর্যা এই নে, বাহারা বিষয়াসক্ত, তাহাদিসের মব্যে কেই ধর্মাসুসারে এবং কেই বা অধর্মাসুসারে কর্মাসুসান কবে, তুররাং সেই সেই কর্মের ফলে তাহাদিসকে দেলতে পুনর্বার উক্ত বা নাচ কুলে জয়য়ঽন করিতে হয় এবং প্রক্রমার্ক্সিত কর্মাকেল ভবদুঃশ ভোগ হইয়া থাকে। এই প্রকাবেই সংসায় চক্রমণে ভ্রায়বান হইতেছে।
- * ইহার ভাংপর্যো এই বুঝা যাইতেছে বে, বিবেকী ব্যক্তি অর্থাং বিনি মুক্তিলাভাদির প্রভাগনা কল্পেন, তিনি আগ্রতফুজান লাভ করিছে সর্বাধা বছবান স্টবেন ধ

নমু ক্রিয়া বেদমুখেন চোদিতা,

গথৈব বিদ্যা প্রবার্থসাধনম্।
কর্ত্তবাতা প্রাণভ্তঃ প্রচোদিতা,
বিদ্যা সহায়অমুপৈতি সা পুন:॥ >> ॥
কর্মারু ট্রে দোষমপি শ্রুতির্জু গো, তন্মাৎ সদা কর্যামিদং মুমুকুণা।
নম্ন স্বতন্ত্রা প্রবার্থসারিণী, বিদ্যা ন কিঞ্ছিলনসাপ্যপেকতে॥ >২ ॥
নাসতাকার্যোহিপি হি যদক্ষরঃ, প্রকাক্ষতেইস্থানপি কারকাদিকান্।
তথৈব বিদ্যা বিধিতঃ প্রকাশিতৈ-বিশিষ্যতে কর্মভিরেব মুক্তরে॥ >০ ॥
কেচিঘদন্তীতি বিতর্কবাদিনভাদপ্যসদ্ইবিরোধকারণাৎ।
দেহাভিমানাদভিবর্জতে ক্রিয়া, বিদ্যা গতাহঙ্গুতিতঃ প্রসিদ্যতি॥ ১৬ ॥

শ্রুতি, শ্বতি,পুরাণ প্রভৃতি দারা যেরপে তত্ত্বজ্ঞান মৃক্তিসানধরপে বর্ণিত হইরাছে, তদ্রপ অকর্ম দারা ঈশ্বরার্চান করিলে মোক্ষণাভ হর,ইত্যাদিস্চক শ্বত্যাদি দারা নিত্যত্ত্বরূপে বিহিত ক্রিয়াসকলও পুরুষার্থসাধনরপে কীত্তি হইরা থাকে, অতএব বিহিত কর্মাক্ষান জীবগণ সম্বন্ধে জ্ঞানোৎপত্তির পরেও মৃক্তিবিষয়ক জ্ঞানের সহায়ত্ব প্রাপ্ত হর॥ ১১॥

শ্রুতিতে কথিত আছে বে, কর্ম না করিলে দোষোৎপত্তি হইয়া থাকে,
অতএব মুমুক্সণ সকান কথা ছাঠান করিবে, কারণ,জ্ঞান কর্মযোগী দিগের অনপেক্ষ স্বাধীনকপে মোক্ষসম্পাদক নহে, অতএব নিত্যকর্মান্ত ঠানমাত্রকেই
অক্ষরকপে অপেকা করে ॥ ১২ ॥

যাহার কর্ম সকল সত্য, তাদৃশ যজ বেরপ ক্রিরাসম্পাদক ক্রাদি ও দেশকালাদি আকাজ্ঞা করে, তদাতিরেকে অন্ত কিছুই আকাজ্ঞা করে না, সেইরপ তত্তানও কর্মকাতীর বেদবিহিত নিত্যাদি কর্মসমূহের সহিত মুক্তিব নিমিত্ত সমর্থ হয়॥ ১০॥

কোন কোন বিতর্কবাদী ব্যক্তিগণ **ষাহা বলেন, তাহাও অসং অর্থাৎ**যজ্ঞপ কেবল কন্মকেই মোক্ষসাধন বলা যাইতে পারে না,তজ্ঞপ জ্ঞান-কর্ম্মের
সম্চেয়কেও বিবের বলা অযুক্ত। কারণ, তাহাতে বিরোধ দৃষ্ট হয়। দেহাভি-মান ঘাবাই ক্রিয়া বর্জিত হয় এবং তত্ত্ত্তামাদি **ঘারাই দেহাভিনী**ন বিনট হইয়া থাকে॥ ১৪॥ বিশুদ্ধবিজ্ঞানবিরোচনাঞ্চিত্রা, বিভান্মবৃত্তি-চরমেতি ভণ্যতে । উদেতি কর্মাধিলকারকাদিভিনিছান্তি বিভাগিলকারকাদিকম্॥ ১৫॥ তত্মান্ত্যক্রেৎ কার্য্যমশেষতঃ সুধীবিভাবিরোধার সম্ভরো ভবেৎ। আত্মান্তসন্ধানপরায়ণঃ সদা, নিবৃত্তসর্বেন্দ্রির্বৃত্তিগোচরঃ॥ ১৬॥ সাবচ্ছরীরাদিয়ু মার্যাত্মধীন্তাব্দিধরো বিধিবাদকর্মণাম্।

নেতীতিবাকৈয়রখিলং নিষিধ্য তং,

জ্ঞারা পরাস্থানমথ ত্যজেৎ ক্রিয়া: ॥ ১৭ ॥

সদা পর। আ্মারিভেদভেদকং, বিজ্ঞানমাস্থানতভাতি ভাস্বরম্।

ভাদৈব মায়া প্রবিলীয়তেইগুদা, দকারকাকারণমাস্থাদংস্তে: ॥ ১৮ ॥

শৃতিপ্রমাণাভিবিনাশিতা চ দা, কথং ভবিষ্যত্যপি কার্যকারিণী।
বিজ্ঞানমাত্রাদমলাদ্ভিবীয়তন্ত্রশাদ্বিদ্যা ন পুনভবিষ্যতি ॥ ১৯ ॥

বেদাক্ষবাক্যের বিচার দ্বাবা যে চবম জ্ঞান, বুধগণ তাহাকে বিভা বলিয়া বর্ণন করেন। কশ্ম অর্থাৎ যজ্ঞাদি কর্ত্তব্যকশাদি অক্ষের সহিত ফ্লভেংগ দান কবে এবং বিভা অর্থাৎ তত্ত্জান কর্ত্ত্যাদি বৃদ্ধির বিনাশ কবিয়া দেয়॥ ১৫॥

বিরোধিতানিবন্ধন বিভা ও কর্মের সমুচ্চয় হয় না, অএব মুমুক্ ব্যক্তি সম্যক্কণে কর্ম পরিত্যাগ করিবে এবং ইন্দ্রিয়বিষয় হইতে নিবৃত্ত হইয়া আজ্ঞানপ্রায়ণ হইতে যদ্লবান্ হইবে। ১৬॥

যে পর্যান্ত এই অনা যুভ্ত শরীরে অবিভারত অহংবৃদ্ধি বিভাষান থাকিবে, তাবং বেদবিধানোক্ত কর্মসমূহের অন্তর্চান করিয়া এবং ক্রমে ক্রমে চিত্তভাদ্ধি জন্মিলে ও প্রমান্ত্রাকে অবগত হইলে এই অথিল জগং মিথা। বলিষা প্রতীয়মান হইবে, তথন ক্রিয়া সকল সম্যক্ বিস্থান করিবে। ১৭॥

জ্ঞান ঈশ্বর এবং জীবের মায়া ও অবিভাশ্বরণ উপাধিষরকৃত রূপভেদের বিনাশক এবং শ্বয়ংপ্রকাশরপ, যথন গুকর রূপায় সেই জ্ঞান লাভ হয়, তথনই সংসারকারণ অবিভা বিনষ্ট হইয়া থাকে। অজ্ঞাননাশ হইলেই সংসারাদি বিনাশ হয়, স্মৃতরাং জ্ঞান ব্যতিরেকে মৃক্তিলাভের আর উপায়ান্তর নাই॥১৮॥

শ্রতিপ্রমাণ ছারা বিনাশিত অবিভা কোন কোন সমরে কার্য্যকারিণী হইরা থাকে, কিন্তু বিশুক ও অদিতীয় বিজ্ঞান ছারা বিনাশিত অবিভা একে-বারেই বিলুপ্ত হইরা বার ॥ ১৯॥ কদি স্থ নাষ্টা, ন পুন: প্রস্থাতে, কর্তাহমস্তেতি মতি: কথং ভবেং।
তন্মাৎ স্বতন্ত্রা ন কিমপ্যপেকতে, বিভা বিমোক্ষার বিভাতি কেবলা ।২০৮
না তৈত্তিরীর ক্রতিরাহ সাদরং, ক্রাসং প্রশুতাধিলকর্মণাং স্ফুটম্ ।
ক্রতাবদিত্যাহ চ বাজিনাং ক্রতিজ্ঞানং বিমোক্ষার ন কর্ম সাধনম্ ॥২১॥
বিভাগমত্বেন তু দর্শিত তর্মা, ক্রতুর্ন দৃষ্টান্ত উদাহত: সম:।
কলৈ: পৃথক্তাদহকারকৈ: ক্রতুং, সংসাধাতে জ্ঞানমতো বিপর্যারম্ ॥২২॥
সপ্রত্যবাহেশ ক্রহমিতানাম্মধী রক্তপ্রসিদ্ধান তু তত্ত্দিনি:।
তন্মান্ব্রৈধন্ত্যাক্রমেপি ক্রিয়াক্সভিক্ষিধানত: কর্ম বিধিপ্রকাশিতম্ ॥২০॥

বদি তত্ত্বজ্ঞানবিনাশিতা অবিদ্যা আর পুনরুপারা না হর, তাহা হইলে কার্মাভাব নিবন্ধন অগংবৃদ্ধিই বা কির্মানে জন্মতে পারে? অতএব মৃজির বিমিত্ত জ্ঞানই সাধীন, কর্মাদি কিছুমাত্র অণেক্ষা করে না ॥ ২০॥

"কর্মসন্তাস করাই লেখি," ইত্যাদিস্চক তৈতিবীর শ্রুতিতে কর্মত্যাগের বিষয় আদরপূর্বক লিখিত আছে এবং অবৈতজ্ঞান ই নিশ্চিত, অন্ত কোন সহকারী কারণের অপেকা না করিয়া মৃক্তির কারণ হয়, ইত্যর্থস্চক বাজ-ধনের নামক সুহলারধ্যকোপনিষ্কে তথ্জানই যে মৃত্তির কারণ, তাহা বর্ণিত হইয়াছে । ২১॥ .

ধাৰ বল বে, পূর্বেক কর্মকে বিভাগদৃশ বলিয়া বর্ণন করিছাছ, এখন একপ বালতেত কেন ? তাখাব উত্তব এই যে, পূর্বেক দৃষ্টান্তনাত প্রদর্শিত হ্ইয়াছে, প্রস্ত অগ্নিটোমানি কর্মকে বিভাগ সমূল বলিছা বণন করা হয় নাই, কর্মের ক্ল এবং বিভা অধাব তও্জানের ফলপ্যমূহ জ্ঞান দ্বারা মৃতিলাভ ও কর্ম দাবা বিভাল বালি প্রস্তি হওয়া বারা। ২২॥

বদি ইহা বল বে, বিভার সহিত কর্মের এইরূপ তুলার হইলেও বেদবিহিতকার্থোর অনুষ্ঠান করিলে যে প্রভাবার হৃত্, হাহার পরিহ, রার্থ কর্মা ক্ররা
উচিত। ইহার উত্তরে বলা বাইতেছে।—"কর্ম পরিত্যাগ করিলে নিক্তরই
ক্ষানিষ্ঠাধন হইবে" অনাত্মহোদিতে যাহাদিগের অহস্কারাদি বিভাষান আছে,
সেই অজ্ঞানিগণই ঐরূপ বিবেচনা করে, কিন্তু তন্ত্রজানীরা কদাচ ওক্রপ জান
করেন না; স্মতরাং বৃধ্পণ সর্বধা বিধিবিহিত কর্ম পরিত্যাপ করিবে। ২০ ১

শ্রেকারিত অব্দর্শতি বাক্যতো, গুরো: প্রসাদাদিশি শুদ্ধানসং।
বিজ্ঞার চৈকাত্ম্যথাত্মধীবিংনাঃ, সুথী ভবেন্দ্রেরবিপ্রকল্পনঃ ॥ ২৪।
আদৌ পদার্থাবগতিহি কারণং, রাক্যার্থবিজ্ঞানবিধে বিধানতঃ।
তবংপদার্থে প্রমাত্মধীবকাবসাতি চৈকাত্ম্যথানরোর্ভবেৎ ॥ ২৫।
প্রত্যক্পরোক্ষাদিবিরোধমাত্মনার্কিহার সংগৃহ্ তরোশ্চিদাত্মতাম্।
সংশোধিতাং লক্ষণমা চ লক্ষিতাং, জ্ঞাত্ম স্বমাত্মানমথাত্মে ভবেৎ ॥২৬॥
একাত্মকত্মাজহতী ন সম্ভবেত্থাজহলক্ষণতাবিরোধতঃ।
সোহয়ং পদার্থাবিব ভাগলক্ষণা, মুজ্যেত তব্ধপদ্যোরদাসতঃ ॥ ২৭ ॥

প্ৰমত: শ্ৰদ্ধা সহকাৰে ৬ক-কোশে "তথ্যাস" প্ৰভৃতি বাকা শ্ৰেৰ প্ৰক চিত্ৰ-দি নাভ কৰিয়া প্ৰমাত্মা ও জাবের ঐকাথ্য প্ৰিজ্ঞাত হইৰে, ভাচা ১ইলেই বিষয় ভোগাভিনাদে অনিচ্ছু হইয়া প্ৰম আনন্দ লাভ করা* যায় । ২৪ ॥

হে লক্ষণ ' 'ভর্মসি শক্ষেব মর্থ প্রিক্সাত হওয়া নিতাক আবশুক, অতএব উহাব মর্থ বলিতেছি, শ্রুণ কব। "তং"ও"ড্ং"এই তৃই পদে পর-মাজ্মা ও ভাব এবং "অসিত' শক্ষে "তং" ও "ফ্" এই উভরেব ঐক্য বুঝাইবে ৯ ২৫।

"তং" ও "হং" পদার্থস্বরূপ জাব ও ঈশবের অপবোক্ষজ্ঞতাদি ও পরো-কৃত্ব সর্ব্বজ্ঞতাদিরূপ বিক্ষাংশ পবিচাব-ক্রণানন্তব যুক্তি দাবা স্থাদেবাদি হইতে সমাব বিচাবিত এবং ক্থিত লক্ষণাব দাবা লক্ষিত সেই তত্তং-পদার্থ-ভূত ঈশ্বব ও জীবেব অবিক্ষাংশস্ক্রপ চিংকপকে সমকে গ্রহণ করিয়া ব্রহ্মকে নিজ্ঞ স্ক্রপ জ্ঞান কবত অবশেষে অদ্বয় চইবে ।২৬॥

দদি বল নে, তথং পদার্থেব চিৎরপতা প্রহণকরণাদি কথিত হইল, কিছ উচা কি জহং-স্বার্থলক্ষণা কিংবা অজহং-স্বার্থলক্ষণা? ইচার উত্তর এই বে, "তং" ও "হং" পদার্থেব চিদংশক্রমে একরপতা হেতু জহংস্বার্থলক্ষণা সন্তবে না, কাবণ, বাক্যার্থকে অশেষরপে পবিত্যাগ কবিয়া তৎসম্বন্ধীয় অর্থান্ধবে বর্ত্তনকেই জহলক্ষণা বলে। অপ্রত্যক্ষত্ব ও প্রত্যক্ষত্বাদি-বিশিষ্ট চৈতন্তের এক-ছের বিষয়েধ হেতু অজহং স্বার্থলক্ষণাও সন্তবে না, কারণ, বাচ্যার্থের অপরি-ত্যাগক্রমে এতৎসম্বন্ধীয় বন্তনকেই অজহলক্ষণা বলে। আর "সোহরং" প্রত্যার্থের ক্রায় "তং" ও "ত্বং" পদেব জহদজহলক্ষণাই মৃক্তিসকত হয়,কারণ, বাচ্যার্থের একদেশ পরিভাগে এবং একদেশ গ্রহণ করাকেই জহদজহলক্ষণা কহে। ২৭ ॥ রদাদিপঞ্চীক তত্ত সম্ভবং, ভোগালরং তংগ স্থাদিক র্মণায়।
শরীরমালস্ক বদাদিক র্মজং, মারামলং হুলমুপাধিমাল্মনঃ ॥ ২৮ ॥
হেলং মনোবাদ্দিশোল্দ হৈয় হুলং, প্রাণৈরপঞ্চাক তত্ত সম্ভবম্ ।
ভোজকুঃ স্থাদেবল সাধনং ভবেৎ, শরীরমল্ম ছিত্রাল্মানো বৃধাঃ ॥ ২৯ ॥
সনাল নির্বাচ্যমণীত কারণং, মারাপ্রধান র পবং শরীবকম্ ।
উপাধিভেদালু যতঃ পৃথক জিতং, স্বাল্মনাল্ম ক্রমার হৈছে ক্রমাৎ ॥ ৩১ ॥
কোষের্ পঞ্চপপি তত্ত দাক তিকি ভাতি সন্ধাৎ ৭ টিকে। পলে। বথা ।
সসন্ধ পোহর নজে। বতাহ ছবো, বিজ্ঞায়তে হিল্পি বিচাবিল্ড ।৩১

এক্ষণে স্থাস্থ শরাব হইতে আত্মাব বিবেচনাক্রম ও তালীয় বিবেচনাব কলপ্রদর্শন জন্ম আ্রাব উপাধি সকল কথিত হইতেছে। জ্ঞানিগণ পৃথিবী প্রভৃতি পঞ্চীক্রত ভূত সমূহ হইতে সমূৎপর স্থতঃথাদি কর্মেব ভোগাপ্রার, উৎপত্তি ও নাশবিশিষ্ট, প্রাক্তনকশ্বত এবং মায়াময় শরীবকে আত্মাব স্থলশরীর বলিয়া বর্ণন করেন এবং যাচা দশ ইন্দ্রির, মন, বৃদ্ধি ও পঞ্চপ্রাণ এই সপ্রদশ্বন্দরিত, অপঞ্চাক্রত, আকাশাদি পঞ্চভূত হইতে সমূৎপর, স্থাদেহ হইতে ভির্ন এবং যাচা অধিষ্ঠানের সহিত চিলাভাসত্বরূপ ভোক্তাব ইছ ও পরলোকগমনক্রমে স্থত্থাদি অভভবের সাধনত্বরূপ, তাচাকেই আ্রাব স্থা শবীর বিলিয়া থাকেন অর্থাৎ মন, বৃদ্ধি, চক্লু, কর্ণ, নাসিকা, জিহবা, ত্বন্, হন্ত, পদ, মুণ, গুন্থ, লিয়, প্রাণ, অপান, সমান, ব্যান ও উদান, এই সকল বিশিষ্ট স্থান্দেহ হইতে পৃথক বে লিঙ্গদেহ, তিনি অধিষ্ঠানেব সহিত চিদাভাসত্বরূপ ভোকার স্থত্থ প্রভৃতি প্রতীতির সাধনত্বরূপ হন। ইহাকেই বৃধ্গণ আত্মার স্থাদেহ বলিয়া থাকেন ॥ ২০০২৯॥

জ্ঞানিগণ আত্মার কারণকপথ পরিজ্ঞাত আছেন, উহা উৎপত্তিহীন, অনি-বাচা, সকল প্রপঞ্চের কারণ, মায়াপ্রধান এবং চৈত্রস্বরূপ। জ্ঞানিগণ উহাকেই স্বাত্মসূদ্দ বিবেচনা করেন॥ ৩-॥

স্ফটিক যেরপ জবাদিসঙ্গ নিবন্ধন তত্ত্বর্গে প্রতিভাত হয়, তদ্রুপ এই আত্মাও অন্নয়, প্রাণময় প্রভৃতি কোষসমূহে তত্তৎসঙ্গ বশতঃ সেই আক হিছে প্রতিভাত হন, বস্তুতঃ উহা অসঙ্গরূপ, অজ ও অব্যা ॥ ৩১ ॥

বুদ্ধেস্থিন বৃত্তিরপীই দৃষ্ঠতে, স্বপ্নাদিভেদেন গুণজ্ঞান্তনঃ।
অকোকতোইন্মিন্ ব্যক্তিচারতো মৃষা,নিত্যে পরে ব্রহ্মনিকেবলে শিবে ॥৩২॥
দেহেন্দ্রিরপ্রাণমনশ্চিদাত্মনাং, সজ্যাদজন্ত্রং পরিবস্ত্তাত বিষঃ।
বৃত্তিস্তমে। মূলভয়াজ্ঞলক্ষণা, যাবদ্ধবেত্তাবদসৌ ভবোদ্ধবঃ॥ ৩০॥
নেতিপ্রমাণেন নিরাক্ষতাথিলো, স্থান সমাস্থাদিতচিদ্ধনামতঃ।
তাজেদশেষং জগদাত্তসদ্রসং, পীতা যথান্তঃ প্রজহাতি তৎক্রম্॥ ৩৪॥
কদাচিদাত্মান মতোন জায়তে, ন ক্ষীয়তে নাপি বিবর্দ্ধতেহনবঃ।
নির্ভ্সন্বাতিশয়ঃ স্থাত্মকঃ, স্বয়ংপ্রভঃ সর্ব্বগতোহয়মন্বয়ঃ। ৩৫॥

এবংবিধে জ্ঞানময়ে স্থপাত্মকে,
কথং ভবো তঃথময়ঃ প্রতীয়তে।
অজ্ঞানতোহধ্যাসবশাৎ প্রকাশতে,
জ্ঞানে বিলীয়েত বিরোধতঃ ক্ষণাং॥ ৬॥

জাগ্রং, স্বপ্ন ও সুষ্প্রিভেদে যে তিন প্রকার বৃত্তি দৃষ্ট হয়, উহা সর, বজা ও ত্যাকিপা বৃদ্ধির কর্ম, আত্মার নহে, আত্মা উৎপত্তিনাশরহিত, গুণত্তমা-তীত, সর্বজ্ঞাপক, অসক ও আনন্দময়॥ ৩২॥

যদি ইচা বল হে, এই জডরপা বৃদ্ধিবৃত্তি কি প্রকারে ক্ষণে ক্ষণে পরিব্রিত হয় ? ইচাব কারণ কি, তাচা বলা যাইতেছে।—ইন্দ্রিয়, প্রাণ, মন ও চিদারাব অধ্যাদকতত্ব চেতৃ সর্বাদা একত্রাবস্থান নিবন্ধন অন্তঃকরণের বৃত্তি পবিবর্ত্তিত হয়, সেই বৃত্তি তমোগুণনিবন্ধন বাবৎ বিভ্যমান থাকে, তাবৎকাল পর্যন্তই পুনঃ পুনঃ সংসারোদ্ভব হইয়া থাকে॥ ৩০॥

যদি ইহা বল যে, কি প্রকারে সংসারকে বিসজ্জন দেওয়া বার ? তিষ্বিরে বলা বাইতেছে।—লোক যেরপ নারজাদি কলের রস পান করিয়া সেই নিঃসার ফল পরিত্যাগ করে, তেজপ জ্ঞানিগণ ুবিশুদ্ধ চৈতন্তসম্বর্গ জগংকারণ আত্মাকে পরিজ্ঞাত হইরা পরিশেষে এই নিধিল জগংকে মিধ্যা জ্ঞান করত পরিত্যাগ করেন॥ ৩৪॥

সদা নবভাবে অান্থিত আত্মার মৃত্যু নাই, জন্ম নাই, হাস নাই বা বৃদ্ধি নাই, আত্মা স্বয়ংজ্যোতিঃ সর্বাত, অহম ও আনন্দময় ॥৩৫ .

যদি বল যে, ঈদৃশ জ্ঞানময় স্থাত্মক আত্মাতে কিব্লপে সংসারজ্ঞান হইতে পারে ? তাহার উত্তর এই যে, অজ্ঞানাধ্যাসবশাৎ ঐক্লপ হয়, জ্ঞানোদয় হইলেই উহার বিনাশ হইয়া ধার ॥ ৩৬॥ বদক্ষদক্ত বিভাব্যতৈ ভ্রমাদ্ধাসমিত্যাহরম্ং বিপশ্চিত:।
অনুপভূতেং হিবিভাবনং যথা, রজ্ঞাদিকে তথ্যপ্রীধরে জগং॥ ৩৭
বিকল্পমারাবহিতে চিদায়কেইইজার এমং প্রথম: প্রকলিত:।
অধ্যাস এবাত্মনি সক্ষক।রণ্ড, নিরাময়ে ত্রন্ধণি কেবলে পরে॥ ৩০ ॥
ইচ্ছাদিবাগাদিস্রগাদির্যাদ্ধান্দকাঃ, সদা ধিয়ঃ সংস্তিহেতবঃ পরে।
যক্ষাৎ সুধুপ্থে) তদভাবতঃ পরঃ, সুথস্করপেণ বিভাব্যতে হি নঃ॥ ৩২॥
অনাভবিভােছবর্ত্নিবিদ্যিতো জীবঃ প্রকাশোহয়মিতীয়াতে চিতঃ।
আত্মা ধিয়ঃ সাক্ষিত্রা পথক্সিতো, ব্দ্যা পরিচ্ছিলপরঃ স এব হি নঃ ॥
চিছিলসাক্ষ্যাশুধিয়াং প্রসক্ষতন্ত্রক্ত্র বাসাদনলাজিলোহবং।
আত্যান্তমধ্যাসবশাৎ প্রভারতে, জভাজভত্ক চিদায়চেত্রসোঃ। ১.॥

ষেরপে জীবের সংসাবলম হয়, একণে সেই অধ্যাসবিষয় বিঠ্এ ইট-তেছে।—অজ্ঞান হেছু এক দ্রবো অপর দ্রবোর যে জ্ঞান, তাহাই অব্যাস। যেমন সহসা বজ্জাননি সপজ্ঞান হয়, কিন্তু রজ্জ্ঞান হহলে ,তাহাব নিকাশ হয়, তদ্ধাপ অজ্ঞানবিনাশ হইলেই ঈশ্ববে জগতের প্রতীতি হইয়া থাকে ৮৫%

পুনবার উলিখিত অবাধাবিষয় সবিস্তার বর্ণন করিতেছেন।—গাবতীয় বিকলের কাবশ্বরূপ, মারাবিবহিত, চিৎস্বরূপ, সর্বকারণ, নিরাময়, সক্ষ-বিকারশৃত্য, সর্বব্যাপক আগ্রাতে প্রথমে অহঙ্কার কলিত হয়, সেই খহং-বৃদ্ধিই অধ্যাস, উহাই সর্বসংসারেব কারণ॥ ৩০॥

ইচ্ছোপেক্ষাবিশিট বাগ, বেল ও স্থপতঃথাদিবশ্বসময়িত অভ্যাক বণের বৃত্তিসমূহ হইছে সর্কালখী আত্মাতে সংসারকারণ লক্ষিত হয়, কেন না, সুবৃত্তি অবস্থায় সেই বৃদ্ধি সকল বিভ্যমান থাকে না, স্থতরাং তলভাবহেত্ আমাদের দ্বারা প্রস্থার হৈত্ত স্বস্থানান্দ্রপে প্রতীয়মান হয় না ৷ ৩৯ ৷

পুনরায় তথা: পদাথেব স্বরূপ কথিত হইতেছে। — স্থানাদিস্থরপ অবিচা হইতে বে বৃদ্ধি সম্পেন্ন হয়, সেহ বৃদ্ধিতে প্রতিবিদিত চিজ্রপ আত্মাব চিদাপট জীবনামে অভিহিত হইয়া থাকে। আত্মা ধীধশাসকহেতু জ্বারূপে পৃথক্ষিত বৃদ্ধাদি দারা পবিচেদ রহিত এবং পরশক্ষে অভিহিত ॥ ৪০॥

চিৎ এবং অন্তঃকবণ এই উভয়ের জভাজভূত্বও অধ্যাসজনিত, ইহাই বিবৃত হইতেছে।—অধ্যাসবশতই সাশীচৈতক্ত ও অন্তঃকরণ এই উভরেব পরস্পার জড়াজভ ও হইয়া থাকে। অনল ও লৌহের একত্র সংসর্গ বশতঃ বেরূপ লৌহের দাহকত্মাদি প্রতীয়মান হয়, তদ্ধপ চিদাভাস, সাক্ষীচৈতক্ত ও শুরো: দকাশাদপি বেদবাক্যতঃ. সঞ্জাতবিভান্তভবো নিরীক্ষ্য তম্।
বায়ানমায়স্থ্পাধিবজ্ঞি চং, ত্যজেদশেষং জন্তমান্তগোচরম্ ॥ ६२ ॥
প্রকাশরপোগ্রমজাইচমঘ্রোই সক্ষিভাতোইইমতীবনির্মলঃ ।
বিশুদ্ধবিজ্ঞানময়ো নিরাময়ঃ, সংপূর্ণ-আনলমরোইচমক্রিয়ঃ ॥ ৪০ ॥
সদৈব মুক্তোইচমানিজ্ঞাকিলানতী প্রিয়জ্ঞানমবিক্রিয়ায়্রকঃ ।
আনস্তপাবোইচমানিশঃ বুধের্বিভাবিতোইইং ক্রদি বেদবাদিভিঃ ॥ ৪৪ ॥
এবং সদায়ানমথণ্ডিতাজ্মনা, বিচাবমাণশু বিশুদ্ধভাবনা ।
হক্তাদবিভামচিবেণ কারবৈর্বায়নং ব্রুতপাসিতং ক্রজঃ ॥ ৪৫ ॥
বিবিক্ আসান উপারতেক্রিয়ো, বিনিজিতাজ্মা বিমলাজ্বাশয়ঃ ।
বিভাবিষ্টেকমনস্সাধনো বিজ্ঞানদ্ধ কেবল আয়ুসংস্থিতঃ ॥ ৪৮ ।

অভঃকরণ প্রসঙ্গ কমে ইহাদেব এক তাবিস্থান হেতুই ভাডাজভার প্রভারমান হইয়া থাকে। ৪১॥

গুক্সকাশে উপদেশবাক্য শ্রেষণ পূর্মকি জ্ঞানলাভ হইলে স্বায়তও প্র-জ্ঞাত হওয়া যায়, তথনই স্বায়াকে উপাধিবজ্বিত ও সদিস্থ বলিবা নিপা^{কি}ত হুইয়া থাকে। ৪২॥

"আমি স্থ-প্রকাশস্বরপ, জ মাদিরহিত, অবিতীয়, প্রকাশমান, খাণার্ব নির্মাল, বিশুদ্ধ-বিজ্ঞানময়, নিরাময়, সম্পূর্ধ আনন্দ্রক্রপ, অক্রিয়, সদামুক্ত, অচিস্তা-শক্তিমান্, অতীক্রিয়, অপরিণামী, এনজপার," বেদবাদী জ্ঞানিগণ অহনিশি হাদয়ে এইরূপ ভাবনা করেন॥ ৪৩-৪৪॥

ভত্তজানী মহাথা পূর্বকণিত প্রকারে ধ্যাননিময় হইলে কি প্রকার অবস্থাপর হন, তাহাই কথিত হইতের ।--এইরপে চিত্তকে বিষয়াকশণ হইতে প্রতিনিবৃত্ত কবিয়া আয়ার ধ্যান করিবে বিশাকারামংকর্ণবৃত্তি উদিত হয়। রসায়ন ব্যর্কপ রোগের বিনাশ করে, তজপ ঐকপ ক্লান জ্মিবেই কর্মাদি সহ মবিভা বিনুপ্ত হয় ॥ ৪৫ ॥

বিজ্ঞানদৃক্ ব্যক্তি নির্জ্জনে সমাসীন চইয়া উপারতেজ্রিয়, বিনিজিতায়া, বিমলচিত, এমর্হিত, সমহীন ও আত্মসংস্থিত হইয়া নিরস্তব আত্মাকে ভাবনা করিবে॥ ৪৬॥

বিশ্বং যদেতৎ প্রমাত্মদর্শনং, বিলাপদ্মেদাত্মনি সর্ব্ধকারণে।
পূর্ণশিচদানন্দময়োহ্বতিষ্ঠতে, ন বেদ বাফং ন চ কিঞ্চিদান্তরম্॥ ৪৭॥
পূর্বং সমাধেরখিলং বিচিন্তক্ষেদো দারমাত্রং সচরাচরং জগও।
তদেব বাচ্যং প্রণবো হি বাচকো, বিভাব্যতেইজ্ঞানবশাল বোধতঃ ।৪৮॥

অকারসংজ্ঞ: পুক্ষো হি বিশ্বকো,

হাকারকভৈজস ঈর্যাতে ক্রমাৎ।
প্রাজ্ঞো মকার: পরিপঠাতেইথিলৈ:,
সমাধিপূর্বাং ন তু তর্তো ভবেৎ॥ ৪৯॥
বিশ্বং অকারং পুক্ষং বিলাপয়েছ্কারমধ্যে বহুধা ব্যবস্থিতম্।
হতো মকারে প্রবিলাপ্য তেজসং, শ্বিতীয়বর্ণং প্রশ্বক্ত চান্তিমম্॥ ৫০॥

ততো মকারে প্রবিলাপ্য তেজসং, দ্বিতীয়বর্ণং প্রবেশ্ছ চান্তিমম্॥ ১০ ॥
মকারমপ্যাত্মনি চিল্মনে পরে, বিলাপত্তে প্রাক্তমপীহ কারণম্।
সোহহং পরং এক সনঃ বিম্ক্তিমদ্বিজ্ঞানদৃত্যুক্ত উপাধিতোহমলঃ॥ ৫১ ॥

বৈত্তবন্ধ প্রপঞ্চ বিষের বিভ্যমানতা থাকিতেও গে প্রকারে অহৈত-শ্বন্ধ আত্মভাবনা হয়, তাহা বর্ণিত হইতেছে।— এই বিশ্বকে প্রমাত্ম-শ্বন্ধ জ্ঞান হইলেই বাহাও আন্তর-দৃষ্টি বিলয় হইয়া যায় অর্থাৎ হদরে নির-শ্বর ব্রহ্মদর্শনই হইয়া থাকে॥ ৪৭॥

এক্ষণে যে প্রকারে পরমান্ত্রার ধ্যান করিতে হয়, তাহা বিস্তার পূর্বক বর্ণিত হইতেছে।—সমাধির পূর্বে এই সচরাচর জগৎকে ওঁকারমাত্র বৈলিয়া বিবেচনা করিবে। জগৎ বাচ্য, প্রণবাধ্য ওঙ্কার বাচক, সজ্ঞান বশ-ভূই এইরূপ প্রতীতি হয়, তভ্তজান হইলে ঐ প্রতীতি থাকে না॥ ৪৮॥

- ও কারের অন্তর্গত অকারবাচ্য শ্রীরস্থ পুরুষ বিশ্ব, উকার তৈজস এবং মকার প্রাক্ত শব্দে অভিহিত; এই সমন্তই সমাধির পূর্বে হন, তত্ত্বসাক্ষাৎকার হইলে আর এ সমস্ত জ্ঞান থাকে না॥ ৪৯॥

এবং সদা ভাতপ্ৰাত্মভাবনঃ, স্থানন্ত্ইঃ পরিবিশ্বভাবিলঃ।
আন্তে স নিত্যাশ্বর্থপ্রকাশকঃ, সাক্ষান্ত্রিক্তাং চল্লবারিসির্বং ॥৫২॥
এবং সদাভান্তসমাধিযোগিনো, নিবৃত্তসর্কেন্দ্রিরণাচবক্স হি।
বিনিজিতাশেষরিপোরহং সদা, দৃশ্যো ভবেয়ং জিত্যভূ গুণাজ্মঃ। ৫৩॥
বাাইরবমাত্মানমহনিশং ম্নিন্তিঠেও সদা মৃক্তসমন্তবকনঃ।
প্রাবক্ষমন্ত্রভিমানবজ্জিতেও, মযোব সাক্ষাৎ প্রাবলীয়তে ততঃ॥ ৫৪।
আন্তো চ মব্যে চ তথেব চান্ততো, ভবং বিদিন্ধ ভল্লশাকক।বণম্।
হি হা সমন্ত বিধিবাদচোদিতং, ভক্তও স্থমোজান্মথাতিলাজ্মনাম॥ ৫৫॥
আন্ত্রভদন বিভাবর্মিলং, ভবত্যভেদেন ম্যাল্মনা ভলা।
তথ্য জলং বাহিনিষৌ বথা প্রঃ, ক্ষীরে বির্ব্বোদ্ধানিলে ম্থানিতঃ॥ ৫৬॥
তথ্য বলীক্ষেত্র হি লোকসংস্থিতো, জগ্রুইববেন্তি বিভাবরেন্ন্নিঃ।
নিবাক ত্রাচ্ছতিম্ভিন্নতো, যথেন্তেদো দিন্দি দিগ্রুমাদয়ঃ॥৫৭॥

একলে আয়োপাসনাব স্বরূপ বণিত হইতেছে।—এই প্রকাবে ক্রন্থে ক্রনে আয়ুজ্ঞানলাভ হইলেই সেই ব্যক্তি বিষয়বাসনাবহিত, নিতা সুখীও জীবগুক্ত হুহয়া অচলবারি সিকুবৎ বিরাজমান থাকেন। ৫২।

এই প্রকারে সমাধিবাগে অভ্যাস করিলে কাম-ক্রোবাদি রিপু সকল প্রাাজত হব, ক্ল্বা-তৃষ্ণাদি যড্গুণ প্রাভৃত হইয়া থাকে এবং ইন্দ্রিরবিষয় সকল সেই ব্যক্তিব নিকট প্রাঞ্জিত হয়, স্মৃত্রা সামি সকলা সেই ব্যক্তিকে দর্শন দিয়া থাকি ॥ ৫০॥

হে লক্ষণ। মননশীল ব্যক্তি এই ক্রপে অহনিশি আছাধ্যান করিয়া নিবভিমানে প্রাথক ভোগ কর**ত সমন্ত বন্ধন হইতে বিমৃক হইলেই** আমাতে বিলীন হইতে পারে॥ ৫২॥

কীবন্ধুক্ত ব্যাক্ত কি প্রকার লক্ষণবিশিষ্ট, তাহাই বলা ষাইতেছে ।—এইকপে সংসারকে কি আদি, কি মধ্য, কি অনম্ভ সকল সময়েই ভয় ও শোকেব
কাবণ জ্ঞান কবিয়া সমস্ত বিধিবিহিত কর্ম পরিত্যাগ পূর্দ্দক একমাত্র আয়াকেই ভক্তনা করিবে। ৫৫॥

বেরূপ সমৃদ্রে নদীজল। নপতিত হইলে সেই বারি সমৃদ্র এবং গ্রাদিক্ষীরে নিপতিত জল ক্ষীরই হয়, তদ্ধপ আত্মার সহিত জগতেব অভেদ্ঞান হইলেই আমার সহিত অভিন্নতালাভ হয় । ৫৩।

এই রূপ হইলেই সেই ব্যক্তি জীবনুক্ত ও জ্ঞানী বলিরা অভিহিত হইরা

যাবন্ধ পশ্রেদধিলং মালাস্থাকং, ভাবন্ধদারাধনতৎপরে। ভবেং।

শ্রেজানুরত্যজিতভজিলক্ষণো, যন্তস্ত দৃশ্যোহহমহনিশং কদি ॥ ৫৮ ॥

বহস্তমেতজ্ঞ তিসারসংগ্রহং, ময়া বিনিশ্চিত্য তবোদিতং প্রির ।

যন্তেলালোচরতীহ বুদ্ধিমান্, স মৃচ্যতে পাতকরাশিভিঃ ক্ষণাং ॥ ৫৯ ॥

নাত্যদীদ পবিদৃশ্যতে জগনায়ৈর সকাং পরিক্ত্য চেতসা।

মন্তাবনাভাবিতশুদ্ধমানসং, সুখী ভবানন্ময়ো নিরাময়ঃ ॥ ৬০ ॥

যং সেবতে মামগুণ গুণাং পরং, হদা কদা বা যদি বা গুণাক্সকম।

সোহং স্পাদাকিতরেণ্ডিঃ স্প্রান্, পুনাতি লোক্ষিত্রণ সংগ্রবিঃ ॥ ৬১ ॥

বিজ্ঞানমেত্দখিল শ্রুতিসাবমেকং, বেদাক্যবেল্ডব্রেণন মথৈব শিল্ম।

যং শ্রেষণা পরিপঠেদ্গুক্ভিক্তিকিন্ত্রিল্যা, মুজপমেতি স্থি মন্ত্রনে ভকিং ॥৬১॥

থাকেন। তিনি এই নিধিল ভগৎ দর্শন করেন সতা, কিন্তু চল্লে শ্রেপ বিচক্ষত্র ও প্রাণি কিক্সমূহে দিগ্তম হল, চল্প শ্তিপ্রণণাড়দারে বাধিত্র ২৭ত: সকলই মিধ্যা বলিং। জ্ঞান কবিয়া থাকেন। ৫৭ :

ভকিষোগ কি প্রকারে জন্মে, তাহারই দৃচ উপায় বলা দ্টাতে । ।
যাবৎ এই অথিল বিশ্ব মদাত্মক বলিয়া অন্তমিত না হর, তাবং আমার আবাধনাম নিবত থাকিবে। যে ব্যক্তি শ্রদ্ধা সহকারে মংপ্রতি প্রমূলকি প্রকাশ
কবে, আমি তাহাব হৃদ্যে নিক্সব অবস্থিতি কবি ॥ ৫৮॥

হে বংস। আমি এই তোমাব নিকট শ্রতিসারসংগ্রু বলল কীওন করিল লাম, যে বৃদ্ধিমান্ ব্যাক্ত নিরপ্তর ইহা মালোচনা কবে, ভাষাৰ শাৰ্তীয় পাপরাশি বিদ্যান্ত হয়॥ ১৯॥

তে ভ্রাতঃ। তুরি এই জগৎকে মায়ামাত্রজ্ঞানে পবিত্যাণ কবিবা বিমলচিত্র আমাকে চিন্ধা করিলেত প্রম স্থুগ ও নিত্যানল লাভ কবিতে পাবিবে ॥৮০॥

অধুনা ভগবান্ দাশর।থ আপন ভক্তজনের মার্গক্সি বর্ণন কবিতেছেন।—
আমি অন্তন. শুণাতীত ও শুণাত্মক, যে ব্যক্তি হৃদয়ে আম।কে ভাবনা কবেন,
তিনি মৃৎস্বরূপ ইয়া সুয়োর স্থায় চবণরেণু হারা ছিত্বন্ পবিত্র কবেন ॥৬১॥

ঁহে লক্ষণ। এই আমি তোমার নিকট বেদান্তপ্রতিপাদিত শ্রুতিপ্রতিবর বর্ণন কবিলাম, আমার বাক্যে বিশ্বাস পূর্বক ভক্তি ও শ্রদ্ধা সহকারে কিচা পাঠ কবিলে মৎসারশালাভ হইয়া থাকে সন্দেহ নাই ॥ ৬১ ॥

ইতি শীরামগীতা সমাধা॥

শান্তি-গীতা

শান্তি-গীতা।

মকলাচরণম্।

শাস্কারাব্যক্তরপার মারাধারার বিফ্বে।
স্বপ্রকাশার সভায়ে নমোহস্ত বিশ্বসাক্ষিণে। ১।
শ্রী যক্ত প্রকটতি পরং ব্রশ্বত্থং স্থগতং,
ক্রীচ্ছুনাং গমরতি পদং পূর্ণমানন্দরপম্।
বিভাকানাং শমরতি মতিং ব্যাকৃলাং লান্তিমূলাং,
ব্রশ্বাইয়কংং বিদিশতি প্রবং শ্রীগুকং তং নমামি॥ ১॥

প্রথমোহধ্যায়ঃ ।

বিখ্যাতঃ পাওবে বংশে নৃপেশো জনমেছবং।
তক্স পুলো মহারাজ: শতানীকো মহামতি: ॥ ১॥
একদা সচিবৈমিবৈত্বে প্রতা রাজমন্দিরে।
উপবিষ্টা ন্ত্রুমানে মাগধাৈ স্তবন্দিভি:॥ ২॥
সিংহাসনসমারতো মহেল্রসদৃশপ্রভ:।
নানাকাব্রেসালাপে: পণ্ডিতৈ: সহ মোদিত:॥ ৩॥

যিনি শাস্ত এবং অব্যক্তরপ, মারাব আত্রর, স্বরস্থাকাণ বিষ্ণু অর্থাৎ ব্যাপক, সেই সত্য-স্বরূপ বিশ্বসাক্ষী প্রমাত্মাকে নমস্থাব ॥ ১ ॥

ষাহার বাণী অতি স্থগত পর্মত্রন্ধ-তত্তকে প্রকাশ কবিষা দের, মৃযুক্ত-গণকে নিরাবরণ পূর্ণানন্দ্ররপকে প্রাপ্তি ও সবিশ্রান্ত বিভ্রান্তচিত্রদিগের ভ্রান্তিম্লা ব্যাক্লা বৃদ্ধিকে শান্তিলাভ করায় এবং ব্রহ্মাইয়েক্য-জ্ঞানরূপ পর্ম-ভর্কে প্রকাশ করে, সেই শ্রীশুক্দেদেবকে প্রণাম করি ॥ ২॥

পাগুববংশে বিখ্যাত নৃপকুলচ্ডামণি জনমেজরের পুত্র, দেবেজ্র-সম-প্রভ মহামতি মহারাজা শতানীক একদা রাজমন্দিরে বন্ধু ও অমাত্যবর্গে পরিবেটিত হইয়া সিংহাসনে স্থাসীন আছেন এবং মাগধ-স্ত প্রভৃতির আতি সিম্বার শ্রীমান্ শাস্তরতো মহাতপা: ।
সমাগত: প্রসরাঝা তেজারালিন্তপোনিধি: ॥ ৪ ॥
রাজা দর্শনমাত্রেণ সামাত্যমিত্রবান্ধবৈ: ।
প্রোথিতো ভক্তিভাবেন হর্ষেণাংফুরমানস: ॥ ৫ ॥
প্রণমা বিনয়াগর: প্রস্নীভাবেন শ্রুমান ।
দদৌ সিংহাসনং তথ্য চোপবেশনকাক্রয়া ॥ ৬ ।
পাছমর্ঘাং মথাযোগ্য জক্তিমুক্তেন চেতসা ।
দিব্যাসনে সমাসীনং মুনিং শাস্ত্রতং নূপ: ॥ ৭ ॥
পপ্রচ্ছ বিনত: স্বাস্থ্যং কূশলং তপ্সপ্রত: ।
মুনি: প্রোবাচ সর্বত্র স্থাং সর্বস্থায়য়াং ॥ ৮ ।
আন্মাকং কুশলং রাজন্ বাক্তঃ কুশলত: সদা ।
স্বাক্রমার রাজনেহস্থ রাজ্য কুশলং বদ ॥ ৯ ॥
বাজোবাচ যত্র ব্রুমান কুশনেপ্রয়া ॥ ১০ ॥

প্রতিবাক্য দারা বন্দিত হইয়া পণ্ডিতগণের সাহত নানাপ্রকার রসালাপ করিতেছেন, এনত সময়ে প্রসন্মানা তেজোবাশি-সমন্বিত তপোনিধি শ্রীমান্ শাস্ত্রেক ক্ষরি রাজসন্মিধানে সমাগত হইলেন ॥ ১ : ॥

নুপতি মুনিববকে দেশনাত্র ক্রেবিশ্যাচন্তে অমাত্য ও বন্ধ্ব বিবেধ সাহত গ সোধান কবিষা ভক্তিভ সৈ বিনয় ও নম্রতা সহকারে সাষ্টাঙ্গে প্রণত হলনে এবং মধাবোগা সিংহ দেউপবিষ্ট করাইয়া ভক্তিযুক্ত চিতে পাছা অর্থ প্রণান প্রান্ত মর্থানি সিংহ দেউপবিষ্ট করাইয়া ভক্তিযুক্ত চিতে পাছা অর্থ প্রণান প্রান্ত সংসার করিলেন। মুনি দিব্যাসন্যে সংসার ন এই না না বিনী হলাবে শানীবিক স্বাস্থ্য এবং তপ্রভাগ কুশল জিজে সা ক বানেন, মুনিবে কহিলেন, রাজন্। যে স্থা সর্ক্ত অন্ধিত অর্থাৎ যে কুরেব সক্রেই নহন্ধ সেহা স্থাই স্থা। মহারাজের কুশলেই আমাদিগের কুর্বল। অত্রব রাজনেহের অ্তিভ্রাই কুশল বলা। ১০০০

রাজা বলিলেন, হে এফন্! যে স্থানে দিদশ তংপামৃতি বিরাজমান, কশল আত্মকুশকরাভেচ্চার দেই স্থানে বিরাজমান থাকে। আপনার ক্ষেমস্তি ও ওডদৃষ্টির প্রসাদে আমার দেহ, গৃহ ও।রাজ্য সর্বতে শুভ এবং শাস্তি সর্বদাই বিরাজিত আছে ॥ ১০ ॥ কেমমূর্জ্ঞা প্রসাদেন ভবতঃ শুভদৃষ্টিতঃ।
দেহে গেহে শুভং রাজ্যে শান্তিমে বর্ত্ততে সদা ॥ >> ।
প্রাণিপত্য ততো রাজা বিনয়াবনতঃ পুন:।
কৃতাঞ্জলিপুটঃ প্রহাং প্রাহ তং মুনিসত্তমম্॥ >২।
শ্রুতা ভবংপ্রসাদেন তত্ত্বার্তা ম্বধা পুরা।
ইদানীং শ্রোত্মিছামি বচ্চ সারতরং প্রভো।
শ্রুতা তৎ কৃতকৃত্যঃ শ্রাং কৃপয়া বদ মে মুনে। >২।

শাস্তবত উবাচ।

শুণু রাজন্ প্রবক্ষ্যামি সারং গুহুতমং পবষ্।
বহুক্তং বাস্থদেবেন পার্থায় শোকশাস্তবে॥ ১৪।
শান্তিগীতেতি বিধ্যাতা সদা শান্তিপ্রদায়িনী।
পুরা শ্রীগুকণা দত্তা কুপয়া পরয়। মুদা॥ ১৫॥
তাং তে বক্ষ্যাদি রাজেন্দ্র রক্ষিতা বহুতো ময়া।
ভবদ্বুভূৎসয়া বাজন্ শুণুষাবহিতঃ হিরঃ॥ ১৬।

অনস্তর রাজা ম্নিবরকে বিনীতভাবে প্রণিপাত করিয়া কুতাঞ্চলিপতে নিবেদন করিলেন, হে এন্ধন । পূর্বে আপনার প্রসাদে যে স্থাপূর্ণ তত্ত্ববার্ত্তা শ্রবণ করিয়াছিলাম, অধুনা সেই সারতম কথা পুনর্ব্বার শ্রবণ করিতে অভিলাষ হইতেছে, অতএব যাহা শ্রুতিগোচর হইলে কুতক্ত্য হই, কুপা করিয়া সেই সারবভা কীর্ত্তন ক্রক্ত্র ॥ ১১-১০॥

শাস্তব্রত মুনি বলিলেন, হে বাজন্। শাস্তিগীতা নামে বিখ্যাতা গীতা সদা শাস্তিরসপ্রদায়িনী, ঐ অ' গ্রহুত্য সারতত্ত্ব পূর্বে অর্জ্নের শোকশান্তির নিমিত্ত ভগবান বাস্থদেব ফেরপ উপদেশ করিয়াছিলেন, কোন সময়ে কুপা- গুরু আমাকে সেই সারতত্ত্ব প্রদান করিয়াছিল, আমিও ভাহা অতি বত্বপূর্বক বক্ষা করিয়াছি, হে নৃপেক্ত! এক্ষণে ভোমার আগ্রহ ও বৃত্ৎসায় সেই গুছুত্য ভত্ত্বকথা বলিভেছি, সমাহিত্তিত্তে ভ্রিভাবে অবশ্বর ॥ ১৪-১৬ ।

দ্বতীয়েহেধ্যায়ঃ

যুকে ৰিনিহতে পুলে শোকবিহৰলমৰ্জ্বন্। দৃষ্টা তং বোধয়ামাস ভগবান্ মধুস্দন:॥ ১॥

শ্রভগবামুবাচ।

কিং শোচসি সথে পার্থ বিশ্বতোহসি পুরোদিতব।

মৃতপ্রারো বিমুজোগসি মল্লোগসি শোকসাগরে । ২ ।

মারিকে সত্যবজ্জান শোকমোহতা কারণম্ ।

জং বৃদ্ধোগসি চ ধীরোগসি শোকং ত্যক্তা স্থী ভব ॥ ৩ ।

সংসাবে মারিকে ঘোবে সত্যভাবেন মোহিত: ।

মমতাবদ্ধচিত্রেগসি দেহাভিমানযোগত: ॥ ৪ ॥

কো বাসি হে কথং জাত: কং স্তো বা কলত্রক্।

কথং বা স্তেবদ্ধোহসি কণ্মাত্রং বিচারর ॥ ৫ ॥

অজ্ঞানপ্রভবং সর্কাং জীবা মারাবশক্তা: ।

দেহাভিমানযোগেন নানাত্রংথাদি ভুগতে ॥ ৬ ॥

কুরুপাঞ্চিব যুদ্ধকেরে পুত্র সন্মিন্য নিহত হইলে, তাঁহাব পিতা সক্ত্রিক নিকে বিহল দেখিয়া, ভণবান্ মধুস্দন তাঁহাকে সাল্পনা করিয়া-ছিলেন॥ ১।

ভণবান্ বলিলেন, সংগ পাথ। পূর্ব্বোপদিষ্ট হিতবাক্য সমূহ বিশ্বত হইরা বৃথা কেন শোক কবিতেচ এবং মৃচলোকের জার বিমুগ্ধ হইরা শোকসাগরে কেনই বা নিমগ্ন হইতেছ ? মারিক মিথ্যা পদার্থ সমূহে সভাবৃদ্ধিই
একমাত্র শোক ও মোহের কারণ, ভূমি বৃদ্ধিমান্ ও ধীরপ্রকৃতি, অভএব
শোক পরিভাগে কবিরা সুখী হও ॥ ২—৩॥

মিথা। এই ঘোর মারিক সংসাবকে সভাজান করিয়া দেহাভিমান রুণতঃ মুমুভাবত-চিত্তে বিমোহিত হইরাছ ॥ ৪ ॥

ভূমি কে, কিকপে ভন্মগ্রহণ করিয়াছ এবং পুদ্ধকল্ঞাদিই বা কে আর কি প্রকারেই বা তাহাদের স্নেহে আবদ্ধ হইয়াছ, ক্লণকাল বিচার করিয়া দেখ। । ।

মালার অবস্থাবিশেষের নাম অজ্ঞান, সেই অজ্ঞান অর্থাৎ মারা ইইতে নামরূপাত্মক এই বিশ্ব-সংসার সমন্ত সমৃত্ত হইয়াছে, জীবগণ সেই মারার অধীন হইয়া দেহাভিমানবলে নানাপ্রকার ছঃথভোগ করিতেছে ॥ ৩॥ মন:ক্রিভসংসারং সভ্যং মন্তা মৃষাত্মকন্।
তঃগং সুথঞ্চ মন্তরে প্রাতিকৃল্যারুক্ল্যরোঃ ॥ १ ॥
মমতাপাশসংবদ্ধঃ সংসারে ভ্রমপ্রত্যারে ।
অনাদিকালতো জীবং সভ্যবৃদ্ধ্যা বিমোহিতঃ ॥ ৮ ॥
ত্যক্রণ গৃহং যাতি নবং পুরাণমালমতে দিব্যগৃহং যথাস্তং ।
জীবস্তথা জীর্বপুরিহায়, গৃহাতি দেহান্তরমান্ত দিব্যম্॥ ৯ ॥
অভাবং প্রাগভাবন্ত চাবস্থাপরিবর্ত্তনাং ।
পরিণামান্থিতে দেহে পূর্বভাবো ন বিহুতে ॥ ১০ ॥
ন দৃশ্রতে বাল্যভাবো দেহস্ত যৌবনোদরে ।
অবস্থান্তরসম্প্রাত্তি দেহং পরিণমেন্বতঃ ॥ ১১ ॥
অতীতে বহুলে কালে দৃষ্ট্রা ন জ্ঞায়তে হি সঃ ।
বৃদ্ধঃ প্রভাবমাত্রং তৎ স এবেতি বিনিশ্চয়ঃ ॥ ১২ ॥
ন পশ্রন্থি বাল্যভাবং দেহস্ত ঘৌবনাগমে ।
সুক্তম্ত জনকংশুন ন শোচতি ন বোদিতি ।
তথা দেহান্তরপ্রাপ্তর্মতা শোকং সণ্য জহি॥ ১০ ॥

মনংকল্পিত এই মিথ্যা-সংসাবকে সত্য মনে করিয়া প্রাণিগণ মনেব অকুকুল বিষয়ে স্থুণ এবং প্রতিকৃল বিষয়ে দুঃখ অকুভব করিয়া থাকে॥ ৭॥

অনাদিকাল হইতে জীবপবস্পরা এই ভ্রম-প্রত্যন্নসংসারকে সত্ত জান করিরা মমতাপাশে আবদ্ধ ও বিমোহিত হইরা আছে॥৮॥

মানব থেরপ পুবাতন গৃহ পরিত্যাগ করিয়া দিব্য নৃতন গৃহ অবলম্বন করে, জীবও সেইরপ জীর্ণ শরীর পরিত্যাগ করিয়া দিব্য নৃতন শরীরাম্বর গ্রহণ করিয়া থাকে॥ ১॥

দেহের অবস্থাপরিবর্ত্তন হইলে তাহাতে পূর্ব্বভাবের অভাব হয়, স্কুতরাং শপরিণত দেহে আর পূর্ব্বভাব বর্তুমান থাকে না॥ ১০॥

যেমন যৌবন উদয় চইলে শরীরে বাল্যভাব দেখিতে পাওয়া যায়
না, অবস্থান্তরপ্রাপ্তি জন্ম দেহ পরিণত হইলে বহুকালের পর তাহাকে
দেখিয়া চিনিতে পারা যায় না, একমাত্র বৃদ্ধি ছারা 'সেই এই' ইহা নিশ্চর
করা হইয়া থাকে, যেমন দেহের যৌবনাগ্যে পুত্রের বাল্যভাব না দেখিয়া
পিতা শোক অথবা রোদন করেন না, হে স্থে! সেইরূপ অবস্থান্তরপ্রাপ্তির
ভার দেহান্তরপ্রাপ্তি মনে করিয়া শোক পরিত্যাগ কর ॥ ১১—১০॥

বং পশ্চনি মহাবাহো জগন্তং প্রাতিভাসিকম্।

সংস্থারবশতো বৃদ্ধে ইপুর্বেতি প্রত্যায়: ॥ ১৪ ॥

দৃষ্টা তু শুক্তিরজন্তং লোভং গ্রহীতুম্পত: ।

প্রাক্ চ বাধোদয়াৎ দ্রষ্টা স্থানাস্তরগন্তশুভ: ॥ ১৫ ॥
প্ররগন্ত্য তত্ত্বৈর রক্ষতং স প্রপশ্চতি ।

প্র্কিদ্টং মন্তমানো রজন্তং হর্ধমোদিত: ।

বৃদ্ধে: প্রত্যারসংস্কারাৎ নাস্তি রূপ্যং ত্রিকালকে ॥ ১৬ ॥

দেহো ভার্যা ধনং প্রত্যক্ররাজি নিকেতনম্ ।

শুক্তিরজন্তবৎ সর্কাং ন কিঞ্চিৎ সত্যমন্তি তৎ ॥ ১৭ ॥

স্বৃপ্তিকালে ন হি দৃশ্তমানং, মনংস্থিতং সর্কামনন্তবিশ্বম্ ।

সম্থিতে তন্মনসি প্রভাতি, চরাচরং বিশ্বমিদং ন সত্যম্ ॥ ১৮ ॥

হে মহাবাহো! ভাস্তিবশতঃ বেরপ শুক্তিতে প্রাতিভাসিক অর্থাৎ প্রতীতি কালমাত্র হারী মিথাা রজত-জ্ঞান হইরা থাকে, এই সমস্ত জ্ঞাৎও সেইরপ শক্তি-রজতের স্থার প্রতিভাসিক মিথা।, কেবল বৃদ্ধির প্রত্যারে পূর্ব্ব-দৃষ্ট সংক্ষারৰশে প্রতীত হয় মাত্র। বেরপ শুক্তিতে আরোপিত রজত দর্শন করিয়া বিভাল্ত পুরুব লোডাভিভ্ত হইরা গাহা গ্রহণ করিতে উন্থত হয় এবং সেই নান্তিনাশের পূর্বে, জয়া বলপি কার্য্যাহরোধে হানান্তরে গমন করে, পরে সেই স্থানে পুনরাগত হইয়া যদিও ভূত, ভবিশ্রুৎ, বর্ত্রমান, বিকালেই শুক্তিতে রজত-সন্তার সম্পূর্ণ অভাব, তথাপি তাহার ভান্তি জ্ঞানের বাধ্য হয় নাই বলিয়া, বৃদ্ধিতে সত্য রজত জ্ঞান থাকাতে যে রজতই দর্শন করে এবং পূর্ব্ব-দৃষ্ট সেই রজত এই, ইহা মনে করিয়া হর্বোৎফুল হয়; যে পর্যান্ত শুক্তি-তত্ত্ব পরিজ্ঞাত না হয়, ততকাল রজতভ্রম নিবারণ হয় না, স্মতরাং বৃদ্ধির সংস্থার বশতঃ বেমন বারংবার রজতই দৃষ্ট হইয়া থাকে, সেইরূপ দেহ, ভার্যা, ধন, পুত্র, তরুরাজি, নিকেতন, সমস্তই শুক্তি-রজতের স্থার ক্রিছ্, মিথ্যা, ইহারা কিছুই সত্য নহে॥ ১৪-১৭॥

সূৰ্প্তিকালে বৃদ্ধি অজ্ঞানে বিলীন হইলে, এই জনস্ত বিশ্বসংসার কিছুই বিভয়ন থাকে না, জাগ্রদবস্থাতে মন সম্থিত হইলে চরাচর বিশ্ব সমস্ত প্রকাশ পার। অভএব শুক্তি-রজতের ক্রায় মন:ক্রিড এই অনস্ত বিশ্বসংসার প্রাতিভাসিক মিথা। ॥ ১৮॥ নদেবাসীং পুরা স্টের্নান্তং কিঞ্চিন্মিষন্তত:।
ন দেশো নাপি বা কালো, ন ভূতং নাপি ভৌতিকম্ ॥ >> ॥
মায়াবিজ্ব ভিতে তন্মিন্ প্রক্ষণীবোখিতং জগং ।
তং সং মায়াপ্রভাবেন বিশ্বাকারেণ ভাসতে ॥ ২০ ॥
ভোক্তা ভোগন্তথা ভোগ্যং কর্তা চ করণং ক্রিয়া ।
জ্ঞাতা জ্ঞানং তথা জ্ঞেয়ং স্বপ্রবন্তাতি সর্বাণ: ॥ ২১ ॥
মায়ানিতাবশাং ব্বপ্র: সংসারো জীবগং থলু ।
কারণং হাত্মনোহজ্ঞানং সংসারক্ত ধনজয় ॥ ২২ ॥
অজ্ঞানং গুণভেদেন শক্তিভেদেন ন বৈ পুন: ।
মায়াহবিতা ভবেদেকা চিদাভাসেন দীপিতা ॥ ২০ ॥

সৃষ্টির পূর্বেকে কেবল এক "সং" মাত্র ছিল, তথন দেশ, কাল, ভূত, ভৌতিকাদি অন্ত কোন পদার্থই ক্ষুরিতভাবে ছিল না॥ ১৯॥

যথন তাঁহাতে মারাশজি বিজ্ঞিত হর, তথন মাল্য-ভূজদের স্থার এই জগৎ সমূত্ত হইয়া থাকে। যেমন দেশ, কাল ও অবস্থাবিশেষে ল্রান্তি বশতঃ মালাতে সর্পের অধ্যাস হর, তল্লপ তাঁহাতে এই জগৎ অধ্যাসিত হর এবং মারার প্রভাবেই সেই "সং" বিশ্বাকারে অবভাসিত হন; স্থতরাং ভোজা, ভোগা, ভোগা, কর্ত্তা, কর্মা, জ্রাতা, জ্ঞান, জ্ঞের ইত্যাদি সমন্ত স্থাকরিত পদার্থের স্থার তাঁহাতে প্রকাশ পাইয়া থাকে ॥২০-২১॥

হে ধনঞ্জয় ! মায়ারপ নিজাবশে স্বপ্রত্ন্য সংসার ও জীবাদি সমূহ প্রতীয়মান হয় । এই সংসারের কারণ কেবল একমাত্র আত্মগত অজ্ঞান । বেরূপ
মাল্যগত অজ্ঞানে তাহাতে সর্পের অধ্যাস হয়, তজ্ঞপ আত্মগত অজ্ঞানে
তাঁহাতে সংসারের অধ্যাস হইয়া থাকে ॥ ২২ ॥

সেই আত্মগত অজ্ঞান গুণ এবং শক্তিভেদে চিদাভাস দারা অবভাসিত হইরা মারা এবং অবিভারতে ছই লাগে বিভক্ত হয়, অর্থাৎ চৈতক্তম্বরূপ আত্মার প্রতিবিধিত সন্ধ, রজ, তমোগুণস্থরূপ সেই অজ্ঞান, বাহাকে প্রকৃতি বলা বার, তাহা ছই ভাগে বিভক্ত হয়। রজন্তমোগুণ দারা অনভিভৃত শুদ্ধ সন্ধ্রপ্রধান অজ্ঞান মারা এবং রজন্তমোদারা অভিভৃত মলিন সন্ধ্রপ্রধান অজ্ঞান মারা এবং রজন্তমোদারা অভিভৃত মলিন সন্ধ্রপ্রধান অজ্ঞান মারা এবং রজন্তমোদারা অভিভৃত মলিন সন্ধ্রপ্রধান অক্টান মারা এবং রজন্তমোদারা অভিভৃত মলিন সন্ধ্রপ্রধান অক্টান অবিভা নামে অভিহিত হর । ২০ ট

মারাভাসেন জীবেশো করোতি চ পৃথিপিথে।।
মারাভাসো ভবেদীশোহবিছোপাধিক জীবক: ॥ २५।
চিদধাসাচিদাভাসো ভাসিতে চেতনাকৃতী।
মারাবচ্ছিয় চৈতক্সঞাভাসাধ্যাস্যোগত: ॥ ২৫ ॥
ঈশ: কণ্ডা ব্রহ্ম সাক্ষী মারোপহিতস্তরা।
অথগুং সচিদানলং স্বাধিষ্ঠানমবার্ম্ ॥ ২৬ ॥
ন জারতে ব্রিরতে বা ন দহতে ন শোয়তে।
অবিকার: সদাসকো নিত্যমূকো নিরঞ্জন:।
ইত্তেং তে ময়া প্র্বং শ্বাব্রন্থবধারয় ॥ ২৭ ॥
শুক্রশোণিত্যোগেন দেহোহয়ণ ভোতিক: শ্বত:।
বাল্যে বালকরপোহসো যৌবনে যুবক: পুন: ॥ ২৮

সেই মারা চৈততের প্রতিবিশ্বংষ্ক হইরা জীব এবং ঈশরের শ্বরপকে
পথক্রপে কল্পনা করে। তদ্ধ সন্ধ-প্রধান মারা-প্রতিবিশ্বিত যে চৈততে, তিনি
যারাকে বশীভূত করিয়া সর্বজ্ঞাদি গুণবিশিষ্ট ঈশর নামে কথিত হন এবং
মিবিন সন্বপ্রধান অবিভাতে প্রতিবিশ্বিত যে চৈততে, তিনি জীব উপাধিবিশিষ্ট হন॥ ২৪॥

মারা এবং অবিভাগত যে চিদাভাস অর্থাৎ চৈতন্তের প্রতিবিদ্ধ, তাহা চৈতন্তের অধ্যাসবশত: চৈতন্তের ভার অবভাসিত হর। শুদ্ধসন্ধ্রপশ্রধান মারা ও ভদবচ্ছির চৈতন্ত্র এবং ভদগত প্রতিবিধিত চৈতনা মিলিত হইরা অধ্যাস-বোগে কর্তৃথাদি গুণবিশিষ্ট, সর্বজ্ঞ, সর্বেশ্বন, সর্বান্ধ্যামী, বিশ্বস্তা ঈশর-রূপে উক্ত হরেন। আর মারা-উপহিত চৈতনা অর্থাৎ মারার আধাররূপ যে শুদ্ধ চৈতন্য, তিনি সাক্ষী, ব্রহ্ম, অথও সচ্চিদানন্দ্ররূপ, সকলের অধিষ্ঠান ও অব্যর। তাঁহার জন্ম-মৃত্যু নাই। প্রপাধিক শরীরাদি দয় অথবা শুদ্ধ হইলে তিনি দয় বা শুদ্ধ হন না। তিনি সভতই নির্বিকাব, অসঙ্গ, নিত্য মৃক্ত এবং নিরঞ্জন। ইহা আমি তোমাকে পূর্বে উপদেশ ক্রিরণ্ডিলাম, তাহা শ্বরপ করিয়া আহার শ্বরূপ অবধারণ করে। ২৫—২৭॥

এই যে দৃশ্যমান স্থল শরীর, ইহা পিতৃমাতৃত্ত অলেব পরিশামরূপ শুক্র ও শোণিত-সংযোগে জন্মান্তরীণ কর্মবীজের অনুসারে পঞ্চীকৃত পঞ্চ মহাভূত হইতে উদ্ভৃত। এই ভৌতিক দেহ বাল্যকালে বালকর্মপে থাকে। বৌৰন-কালে পরিণত হইরা যুবকরূপ ধারণ করে॥ ২৮॥

গৃহী হান্ত কভাং হি পত্নীভাবেন মোহিত:।
পুরা বরা ন সহলঃ সাজিলী সহধর্ষিণী ॥ ২৯ ॥
তলগতে রেভসা জাত: পুত্রণ্চ স্বেহভাজন:।
দেহমলোদ্রব: পুত্র: কীটবন্মলনির্দ্মিত:।
পিতরো মমতাপাশং গলে বন্ধা বিমোহিতো ॥ ৩০ ॥
ন দেহে তব সহলো ন দারেগ্ সতে ন চ ।
পাশবদ্ধ: ব্রং ভূতা মুলোহসি মমতাগুলৈ:॥ '> ॥
তর্জেরো মমতা-পাশশ্চাচ্ছেত্য: সুরমানবৈ:।
মম ভার্যা মমাপত্যং মতা মুলোহসি মুচ্বং ॥ ৩২॥
ন বং দেহো মহাবাহো তব পুত্র: কথং বদ ।
সর্বং ত্যক্ত । বিচারেণ স্বরপমবধাবর ॥ ৩২।

আৰ্জুন উবাচ।
কিং করোমি জগলাথ শোকেন দলতে মন: ।
পুল্ৰন্ত গুণকৰ্মাণি রূপঞ্চ ক্ষরতো মম॥ ৩৪॥

অক্তের কলাকে গ্রহণ করিয়া তাহাতে পত্নীভাব সংস্থাপন পূর্কক মোহে
আভিড়ভ হর। বাহার সহিত পূর্কে কিছুমাত্র সম্পন্ধ ছিল না, সে পত্নীরপে
আর্দ্ধালী এবং সহধর্মিণী হয়। সেই পত্নীর গভে অরের পরিণাম মলরপ শুক্র
ছারা পুত্র উৎপন্ন হর এবং সেই পুত্রই অভিশন্ন স্নেহের পাত্র হইয়া থাকে।
দেহমল হইতে বেরপ কাঁট সকল উদ্ভুত হয়, পুত্রপ সেইরপ মল-নির্মিত
কীটের তুলা; ইহাতে কিছুমাত্র সংশন্ন নাই। তথাপি পিতা-মাতা মমতা-পাশ
পলার বাধিরা পুত্র বলিতেই বিমোহিত হয়॥ ২৯-২০॥

যথন দেহের সহিত তোমার কিছুমাত্র সম্বন্ধ নাই, তখন সেই দেহ-সম্বনী
পদ্মী এবং পুলের সহিত্ত কোন সম্বন্ধ নাই। তুমি মমতা-পালে আবিদ্ধ
ইইরা বিম্ধ হইতেছ। মমতি-পাশ অতি চক্তরি, সুর নর কেইই উহা ছেদন
করিতে সমর্থ হন না। সেই চক্তরি মমতা-পালে তুমি আবিদ্ধ হইরো আমার
ভার্যা, আমার পুত্র বলিরা মৃঢ়ের স্থার বিম্ধ হইতেছ। হে মহাবাহো! বখন
তুমি দেহ নহ, তখন তোমার পুত্র কি প্রকারে ইইবে ? অতএব বিচার দারা
অনাল্লবস্থ সকলে আমি ও আমার ভাব ত্যাগ করিয়া মাপনার স্বর্গ
অবধারণ কর॥ ৩১-৩৩॥

, অজ্জুন বলিলেন, হে জগলাথ! আমি কি করিব, পুত্রের রূপ, 🖦 ও

চিন্তাপরং মনো নিতাং ধৈর্যাং ন লভতে কণম্। উপায়ং বদ মে রুঞ্চ যেন শোকঃ প্রশাম্যতি ॥ ৩৫ ॥

শ্ৰীভগৰামুবাচ।

মনিদ শোকসন্তাপৌ দহমানন্ততো মন:।

বং পশ্যসি মহাবাহো দ্রষ্টাসি বং মনো ন হি ॥ ৩৬ ॥

দ্রষ্টা দৃশ্যাৎ পৃথক্ স্থারাৎ বং পৃথক্ চ বিলক্ষণ:।

অবিবেকাৎ মনো ভূবা দম্যোহহমিতি মক্সসে ॥ ৩৭ ॥

অন্তঃকরণমেকং তচ্চতুর্ বিসমন্তিম্।

মন: সম্বন্ধরাপং বৈ বৃদ্ধিন্দ নিশ্বরাত্মিকা।॥ ৩৮ ॥

অন্ত্র্সন্ধানবচিত্তমহকারোহতিমানক:।

পঞ্জুভাংশসভুতা বিকারী দৃশ্যচঞ্চল:॥ ৩৯ ॥

কশ্ম সমূহ স্মরণ করিয়া আমার মন নিরস্তর শোকাগ্নিতে দগ্ধ হইতেছে।
চিস্কা-নিমগ্ন মন কণমাত্রও ধৈর্যাবলম্বন করিতে অশক্ত। অতএব হে রুঞ্ছ।
কুপা করিয়া এমন কিছু উপায় বলুন, যাহা দার এই শোক প্রশাস্ত হয়॥৩৪-৩৫॥

ভগবাল্ কহিলেন, হে মহাবাহো! শোকসন্তাপাদি মনের ধর্ম, মন কর্তৃকই উহা কল্পিত হয় এবং ননই স্বয়ং উহাতে দগ্ধ হইয়া থাকে।) গঞ্জভাগে হইতে সমৃদ্ভ মন ভৌতিক, বিকারী, চঞ্চল এবং দৃশ্ঠ, সে মন তৃষি নহ। তৃমি অসন্ধ, নিত্য-শুক্ত, বিকার-বিহীন, চিদানলম্বরূপ, মনের গুল ধর্ম, ভাব এবং অভাবের দ্রষ্টা। দৃশ্ঠ পদার্থ হইতে দ্রষ্টা পৃথক্, এই স্থার অন্থারে দৃশ্ঠ মন হইতে তাহার দ্রষ্টাস্ক্রপ তৃমি পৃথক্ ও বিলক্ষণ। অবিবেক বশতঃ দৃশুদ্রষ্টার অভেদজ্ঞানে আমিই মন, ইহা নিশ্চয় করিয়া "আমি দগ্ধ হইতে তিঁ" মনে করিতেছ॥ ৩৬-৩৭॥

এক অন্ত:করণ বৃত্তিভেদে মন, বৃদ্ধি, চিত্তি, অহকার এই চারি প্রকারে বিভক্ত। সঙ্কল্লাত্মক বৃত্তি মন, নিশ্চরাত্মিকা বৃত্তি বৃদ্ধি, অনুসন্ধানাত্মিকা বৃত্তি এবং অভিমানাত্মিকা বৃত্তি অহঙ্কার, ইহারা আবার দৃগু, আত্মা ইহাদের দ্রষ্টা ॥ ৩৮—৩৯॥,

বদকমগ্রিনা দক্ষং জানাতি পুরুষো যথা।
তথা মন: শুচা তপ্তং ছং জানাসি ধনঞ্জয় ॥ ৪০ ॥
দক্ষহন্তো যথা লোকো দক্ষোহ্ছমিতি মক্সতে।
অবিবেকাতথা শোকতপ্তোহ্ছমিতি মক্সতে ॥ ৪১ ॥
জাপ্রতি জারমান: তৎ প্রষ্প্রৌ লীয়তে পুন: ।
ছং চ পশুদি বোধন্তং ন মনোহিদি শুগালয়: ॥ ৪২ ॥
স্বর্প্রৌ মানসে লীনে ন শোকোহপাণুমাত্রকঃ ।
জাপ্রতি শোকত্ঃথাদি ভবেন্মনিদ চোখিতে ॥ ৭০ ॥
দর্কং পশুদি সাক্ষা ছং তব শোকঃ কথং বদ ।
শোকো মনোময়ে কোষে ছ্ঃখোছেগভয়াদিকম্ ॥ ৪৭ ॥
স্ক্রপাহনববোধেন তাদান্ত্যাধ্যাসযোগতঃ ।
অবিবেকাননোধর্মং মতা চাল্মনি শোচসি ॥ ৪৫ ॥

সত্যোহহং সর্বান্ত: শান্ত ক্রেতারির্গেরিবং গুরু: ।
গৌরহং গহবরং চাহং দ্যৌরহং জগতাং প্রাভু: ॥ ১৪ ॥
জ্যেচঃ সর্বান্তর বির্দ্ধিইহমপাম্পতি: ।
আর্ব্যোহহং জগবানীশন্তেজোহহং চাদিরপ্যুহ্ম ॥ ১৫ ॥
সংগ্রেলাহহং হজুর্বেদঃ সামবেদোহহমাত্মন: ।
অর্থবিণশ্চ মন্ত্রোহহং তথা চাদিরসো বর: ॥ ১৬ ॥
ইতিহাসপুরাণানি কল্লোহহং কল্লবানহম্ ।
নারাশংসী চ গাথাহং বিদ্যোপনিষদোহত্মাত্ম্ম ॥ ১৭ ॥
ব্যোকাঃ স্ক্রাণি চৈবাহ্মস্ব্যাণ্যানমেব চ ।
ব্যাথ্যানানি তথা বিদ্যা ইটং ভত্মপাত্তি: ॥ ১৮ ॥
দন্তাদন্তমন্থং লোকঃ পরলোকোহহমক্রর: ।
করঃ সর্বাণি ভূতানি দান্তিঃ শান্তিরহং থগা: ॥ ১৯ ॥
গুহোহহং সর্ব্যবেদের আর্ণ্যোহ্মন্ত্রাহ্ম্ ।
পুদ্ধরঞ্চ পবিত্রঞ্চ মধ্যং চাহ্মতঃ পরম্ ।
বহিশ্চাহং তথা চান্তঃ পুরন্তাদহ্মব্যাঃ ॥ ২০ ॥

আমি সত্যস্ত্ররূপ এবং অবিভার ধশ্মদারা অনভিভূতস্থভাব, আমি দক্ষিণ, গাহপিত্য ও আহবনীয়াগ্নিস্করপ। আমিই গুরুর কর্ম অধ্যয়নাদি এবং আমি গুরু বাক্য, রহস্ত, স্বর্গ এবং অগ্রিয়ন্তা॥ ১৪॥

আমি সকলের আদিভ্ত, তাই আমি জ্যেষ্ঠ এবং সকল স্থগণের শ্রেষ্ঠ, আমি বর্ষিষ্ঠ, আমি সমুদ্রস্থরপ, আর্য্যা, ভগবান, ঈশ্বর এবং বায়্ত্ররপ ॥ ১৫॥ আমি ঋণ্ডেদ, বন্ধুক্রেদ, সামবেদ এবং ব্রহ্মস্বরপ। আমি শ্রেষ্ঠ অথর্কণ ও আজিবসমন্ত্রস্বরূপ ॥ ১৬॥

আমি ইতিহাস, প্রাণ, প্রাণে প্রাণ এবং প্রয়োগকর্তা বৌধায়নাদিখনপ।
আমি নারাশংসী মন্ত্র, বজ্ঞপ্রশংসাদি, উপাসনা এবং উপনিষদ অগাং
বন্ধপ্রতিপাদিকা বিভাস্থরপ। আমি লোক, স্ত্রে, অহব্যাথ্যান (টাকা),
ব্যাথ্যা, গন্ধর্কাদি বিভা, যাগ, হোম এবং হোম-সাধন দ্রবাধ্রপ ॥ ১৭-১৮॥

আমি দানীর গবাদি, দান, ইহলোক, পরলোক, কর, অকর, সর্বভৃত, দম, শম-এবং বিহুগত্বরূপ। আমি সর্ববেদের গোপনীর বৈত্ত, আমি অরণ্য-সভুত দ্রব্য এবং আমি অর-স্বরূপ। আমি জল, পবিত্র, মধ্য, বহিঃ, অন্ত, অগ্র এবং অব্যব্দরূপ। ১৯—২০।

জ্যোতিশ্চাহং তমশ্চাহং তথাত্রাণী ব্রিরাণ্যহম্।
বৃদ্ধিশ্চাহমহক্ষারো বিষদাণ্যহমেব হি ॥ ২১ ॥
ব্রহ্মা বিষ্ণুম হৈশো হৃচমুমা স্কলো বিনারক: ।
ইল্রোহিগ্রিশ্চ ষমশ্চাহং নিশ্ধ তির্বারুণো হিনল: ॥ ২২ ।
কুবেরোহহং তথেশানো ভূভু বংস্বর্ম হর্জ ন: ।
তপ: সত্যঞ্চ পৃথিবী চাপন্তেজোহনিলোহপহেম্ ॥ ২০ ॥
আকাশোহহং রবি: সোমো নক্ষত্রাণি গ্রহাণ্যহম্ ।
প্রাণ: কালন্তথা মৃত্যুবমুতং ভূতমপ্রেম্ ২৪ ॥
ভবাং ভবিষ্যৎ রংশ্রুঞ্চ বিশ্বং সর্বাত্মাকোহপ্যহম ।
প্রমাদে চ তথা মধ্যে ভূভু বন্ধন্তথৈব চ ।
তভোহহং বিশ্বরূপোচল্মি শীর্ষঞ্চ জপতাং সদান ২৫ ॥
অলতং পারিতং চাহং কৃতং চাকুতমপ্রহম্ ।
পরং চৈবাপরং চাহমহং স্থাঃ পরার্ণঃ ॥ ২৬ ॥
আহং জগদ্ধিতং দিবমেক্ষরং শুক্ষমব্যেম্ ।
প্রাজাপত্যং পবিত্রঞ্চ সৌমামগ্রাহ্মগ্রিরম্ ॥ ২৭ ॥

আমি জ্যোতিঃ, অন্ধকার, পঞ্চন্মাত্র, ইন্দ্রিয়, বৃদ্ধি, অহঙ্কার এবং বিষয়-হরুপ ॥ ২১ ॥

আমি ব্রহ্মা, বিষ্ণু, মচেশব, উমা, স্কল, গণেশ, ইন্দ্র, অগ্নি, যম, নিশ্বতি, বঞ্গ, বায়ু, কুবেন, শিন, ভংগাকি, ভ্বলোক, খলোক, মহলোক, মহলোক, ক্লোলোক, পৃথিবী, জল, ডেজ, বায়ু, আকাশ, স্থা, চন্দ্র, নক্ষত্র, গ্রহ, পঞ্চ-প্রাণ, বর্ত্তমান কাল, মৃত্যু, অমৃত এবং অভীত কালস্বরূপ ॥ ২২—২৪॥

শামি ভূত-ভবিশ্যৎ কালবজী সমস্ত বিশ্বরূপ, আমি অন্তর্যামী। গান্ধ-ধার আদিভূত ওঙ্কার, মন্যে ভূভূবি: বং, তৎপর পারত্রী এবং তৎপর "বাপো-খ্যোতি:" ইত্যাদি শীর্ষমন্ত্রপকারী বিজ্ঞাণের ওঙ্কারাদি-প্রতিপাত বন্ধবন্ধপ আমি, আমি বিরাট, মৃতি ॥ ২৫ ॥

কামি ভুক্ত, পীত, কৃত, অকৃত, পর, অপর এবং স্কাশস্ত্র-বর্গ ।২৬॥

আমি জগতের হিতকাথী এবং দিব্য অক্ষরত্বরূপ, আমি প্রাজাপত্য. পবিত্র, সৌষ্য, অগ্রাহ্ এবং অগ্রিয় বস্তুত্বরূপ ৪২৭॥ অগনেবাপনংহন্তা মহাগ্রাদোজসাং নিধিঃ।
১৮ বে নিবতাবেন প্রাণিবেন প্রতিষ্ঠিতঃ ॥২৮ ॥
শিরশ্যেওরতো ষদ্য পাদৌ দক্ষিণতন্তথা।
যদ্য সর্ব্বোত্তরঃ দাক্ষাদোলারোহহং জিমাজকঃ ॥২৯ ॥
উর্দ্ধাপরে যত্মাদধক্ষাপনয়ামাধ।
তত্মাদোক্ষার এবাহমেকো নিত্যঃ সনাতনঃ ॥৩০ ।
অবাদোক্ষার এবাহমেকো নিত্যঃ সনাতনঃ ॥৩০ ।
বাচো যক্তংবি দামানি যো একা যজ্ঞকর্মাণ।
প্রণাময়ে রান্ধণেভান্তেনাহং প্রণবো মতঃ ॥৩১ ॥
প্রেংগ যথা মাংস্থতং ব্যাপ্রোতি ব্যাপয়ত্যপি।
সর্ববলাকানহং তত্বৎ সর্ব্বব্যাপী তত্যাহত্ম্যহম্॥৩২ ।
বন্ধা হরিক ভগবানাদ্যন্তং নোপলক্ষান্।
হংগহন্যে চ স্বরা ষত্মাদনস্তোহহ্মিতীরিতঃ ॥৩০।
গর্ভজন্মজরামৃত্যুসংসারভয়সাগরাও।
তারয়ামি যতো ভক্তং তত্মাতারোহহ্মীরিতঃ ॥৩৪ ॥

আমিই সংহর্তা, আমিই নগ-সাগরাদির বিনাশক প্রলরাগ্নির আশ্রদ্ধ বরুপ, আমিই প্রাণীর হৃদরে দেবতা ও প্রাণরূপে অবস্থিত রহিরাছি। ২৮॥

উত্তরদিগ্ভাগে বাঁহার শির,দক্ষিণভাগে বাঁহার চরণ এবং সমস্তই বাঁহার মধ্যভাগুষরপ,সেই আমি ত্রিমাত্রাত্মক ওদ্ধারস্বরূপ। বেহেতু,আমি ওদ্ধারকাপী-দিগকে অর্গে উন্নাত করিয়া থাকি,আবার পুণ্যক্ষীণ হইলে অধঃরুত করি, সেই কারণেই আমি ওদ্ধাবস্বরূপ, আমি এক, নিত্য ও সনাত্ন পুরুষ॥ ২৯-৩০॥

সামিই ৰজ্ঞকাৰ্ণ্যে ব্ৰহ্মাখ্য পুরোহিতবিশেষ হইয়া ঋক্, যজু ও সামৰেদী পুরোহিতগণকে উপদ্বাপিত করিয়া থাকি, এই কারণেই আমি প্রণৰ বলিয়া পঞ্জিতগণের সম্মত ॥ ৩১ ৫

প্রতাদি স্লেংজবা বেমন মাংস্থতকে ব্যাপ্ত করে এবং সেই মাংস্থতভুক্ ব্যক্তির সূল দেহকেও পরিব্যাপ্ত করায়, সেই প্রকার আমি এই সর্বলোক পরিব্যাপ্ত করিয়া রহিয়াছি, তাই আমাকে সর্বব্যাপী বলে। ৩২॥

ব্ৰহ্মা, বিষ্ণু, ভগবান্ শিব এবং অক্টান্ত স্থ্যগণ আমার আছম্ভ জানিতে পারেন না. তাই আমি অনস্ত বলিয়া কীর্ত্তিত হইরা থাকি [॥] ৩০ ॥

বেহেতু, আমি আমার ভক্তকে গর্ভোৎপত্তি, জরা ও মৃত্যুক্তপ সংসারভন্ন-সাগর হইতে উত্তীর্ণ করি, সেই কারণে আমি তার নামে বিখ্যাত ॥ ৩৪ । চতুর্বিধেষু দেহেষু জীবত্বেন বসাম্যহষ্।
সংক্ষা ভূবাথ হাদেশে যন্তৎস্ক্ষা প্রকীর্তিতঃ॥ ৩৫॥
মহাতমসি মগ্নেড্যো ভল্ডেড্যো যৎ প্রকাশরে।
বিহারদত্লং রূপং তক্ষাবৈদ্যুত্মস্ম্যহম্॥ ৩৬॥
এক এব যতো লোকান্ বিস্কামি স্কামি চ।
বিবাস্যামি গৃহামি তন্মাদেকোহ্হমীশ্রঃ॥ ৩৭ ।
ন বিতীয়ো যতন্তত্বে তুরায়ং ব্রহ্ম যৎ স্বয়ম্।
ভূতান্তাত্মনি সংহত্য চৈকো কলো বসাম্যহম্॥ ৩০॥
স্বলোকান্ যদাশেহহমাশিনীভিশ্চ শক্তিভিঃ।
দ্বানমস্ত জগতঃ স্বদৃশিং চক্ষ্রীশ্রম্॥ ৩৯॥
স্পানমন্তত্বেঃ সর্বোধামিপ স্বাদা।
স্পান মন্তত্বাং বদীশানন্তদ্ম্যহম্॥ ৪০॥

স্থামি পূর্ব্বোক্ত চতুর্ব্বিধ শরীরাভ্যস্তরে জীবরূপে বাস করি এবং আমার স্থাভাবিক স্ক্ষাতা না থাকিলেও আমি জীবের হৃদয়ে অন্ত:করণোপাধিবশতঃ সুক্ষ হইসা বাস করি, তাই আমি সুক্ষ বলিয়া প্রসিদ্ধ ॥ ৩৫॥

আমি অবিভান্ধকারে নিমগ্ন, আমার ভক্তগণের স্থানরে বিহাৎসদৃশ অতুল রূপের প্রকাশ করিয়া দেই, তাই আমাকে বৈহাত বলে॥ ৩৬॥

এককাত্র আমিই সমস্ত লোকের সৃষ্টি, সংহার, লোকান্তরপ্রাপ্তি এবং অমুগ্রহ করিয়া থাকি, তাই আমি এক অদিতীয় ঈশ্বর বলিয়া কথিত হইয়াছি। ৩৭॥

জামি ভিন্ন বিতীয় কোন বস্তুর সভা নাই, আমি তুরীয় রুদ্রস্বরূপ, আমি ব্রহ্মরূপে ভূত সমুদায়কে আয়াতে সংস্কৃত করিয়া অবস্থিতি করিতেছি॥ ৩৮॥

বেহেতু, আমি মায়াশক্তি ঘারা সমন্ত লোককৈ নিয়ন্ত্রিত করিয়া রাথি-য়াছি, সেই কারণে আমাকে ঈশান বলে। তাই শ্রিত্র আমাকে স্থাবর-জন্মাত্মক জগতের ঈশান, সর্বলোকদ্রষ্টা, চক্ষ্ অর্থাৎ মভিব্যঞ্জক সম্ভাপ্রদ বস্তু এবং ঈশ্বর বলিয়াহেন ॥ ৩৯॥

আমি স্থাবর পদার্থের ঈশ্বর, অধিক কি, আমি সমন্ত পদার্থের -ঈশ্বররূপে পর্মনা বিভ্যান আছি, আমি সমন্ত বিভার ঈশ্বর, তাই আমি ঈশান নামে ভিজাহত হইয়া থাকি ॥ ৪০ ॥

ন্ধান্ ভাবানিরীকেইইমাজ্ঞানং নিরীক্ষরে ।
বোগং চ শমরে বন্ধান্তগবান্ মহতো মতঃ ॥ ३১ ॥
অজল্পং যক্ত গৃহামি স্কামি বিস্কামি চ ।
সর্বালেশকান্ বাসরামি তেনাহং বৈ মহেশ্বং ॥ ৪২ ॥
মহৎস্বাজ্ঞানবোগৈরেশ্বৈর্যান্ত মহীয়তে ।
সর্বান্ ভাবান্ মহাদেবং স্কতাবতি সোহস্মাহম্ ॥ ৪০ ॥
এযোইন্মি দেবং প্রদিশোহিপি সর্বাঃ, পুর্বো হি জাতোহস্মাহমেব গর্তে ।
অহং হি জাতশ্চ জনিল্পমাণং, প্রত্যাক্তনান্তিইতি সর্বতাম্থং ॥ ৪৭ ॥
বিশ্বতশ্বক্ত বিশ্বতোম্থো, বিশ্বতো বাহকত বিশ্বতশ্পাং ।
সংবাহ্নাং ধমতি সংপত্তৈদ্যাবাভূমী ক্রমন্ দেব একং ॥ ৪৫ ॥

আমি অতীত ও ভবিশ্বৎ সমন্তই প্রত্যক্ষ করিয়া থাকি, আমি মহাপুরুষ-গণের সম্বন্ধে আত্মজানসাধনযোগ সম্দ্বোধন কবি এবং আমি সমস্ত পবি-ব্যাপ্ত করিয়া অবস্থিত আছি, তাই আমি ভগবান্ (ঐশ্বর্যাশালী) বলিয়া কথিত হইয়া থাকি ॥ ৪১॥

আমি এই সমন্ত লোককে পরিব্যাপ্ত করিয়া বহিয়াছি, আমিই সমন্ত লোকের স্বাষ্ট, স্থিতি ও সংহার করিয়া থাকি, তাই আমাকে মহেশ্বৰ বলে॥ ৪২॥

আমি আত্মজ্ঞান ও বোগগম্য বস্তু, আমি ঐপ্যাশালী এবং আমি সমক্ত পদার্থকৈ সৃষ্টি ও রক্ষা করি, তাই আমি ব্রাহ্মণাদিব মধ্যে মহাদেব বলিয়া অভিহিত হইরাছি॥৪৩॥

আমিই শ্রুতিপ্রতিপাদিত দেব, আমি সর্ব্ব বিজ্ঞমান আছি। আমিই পূর্ব্বে উৎপন্ন হইরাচি, আমিই গর্ভে বর্ত্তমান আছি এবং আমিই গর্ভ হইতে নির্গত হইরা উৎপন্ন হইব। পরস্থ আমি সর্ব্বজনস্বরূপ, তাই আমাকে সর্ব্বতোম্থ বলে। আবার আমিই সত্য, জ্ঞান ও আনন্দরূপে প্রকাশিত হইরা থাকি, তাই আমাকে প্রত্যক-হৈতক্ত বলিন্না থাকে ॥ ৪৪॥

আমি বিশ্বস্থরপ, তাই আমাকে সর্বাচক্, সর্বমুখ, সর্ববাছ এবং সর্বাপাদ বলিরা থাকে। একমাত্র আমিই আকাশ ও পৃথিবী সৃষ্টি করিয়া বাছ ও চরণ-হারা অর্থাৎ বাছ চরণস্থানীয় জ্ঞান, অজ্ঞান, ধর্ম ও অর্থন্মাদি হারা আকাশ ও 'পৃথিবীস্থ পদার্থকে প্রেরণ করিতেছি॥ ৪৫॥ বালাপ্রমাত্রং হৃদরত্থ মধ্যে, বিষেদেবং জাতবেদং বরেণ্যম্।
মামাত্মহং যেহত্পশুন্তি ধীরাত্তেষাং শান্তিঃ শান্তী নেতরেষাম্॥ ৪৬॥
আহং বোনিমধিতিষ্ঠামি চৈকো, ময়েদং পূর্বং পঞ্চবিধং চ সর্কাম্।
মামীশানং পুরুষং দেবমিখং, বিচার্য,মাণং শান্তিমত্যক্তমেতি ॥ ৪৭ ॥

প্রাণেষ হর্মনসো বিশ্বমাত্র্যশ্বিশ্বশনারা চ তৃঞ্চাংক্ষমা চ।
তৃষ্ণাং ছিত্তা হেতুজালস্ত মূলং, বুদ্ধাা চিত্তং স্থাপরিছা মরীহ।
এবং মাং যে ধ্যারমানা ভজন্তে,
তেষাং শাস্তিঃ শাস্থতী নেতরেষাম্॥ ৪৮॥
বতো বাচো নিবর্তন্তে অপ্রাপ্য মনসা সহ।
আনন্দং ব্রহ্ম মাং জ্ঞাত্বা ন বিভেতি ক্তক্তন॥ ৪৯॥

বে ধীর পুরুষগণ কেশাগ্রপ্রমাণ, হৃদরমধ্যবর্ত্তা, বিশ্বস্ক্রপ, জাতবেদরূপ, বরণীর আমাকে বৃদ্ধিত্বরূপ অর্থাৎ বৃদ্ধি-প্রতিবিহিত ভাবে নাক্ষাৎ করে, ভাহাদিপের মোক্ষম্রও আবিভূতি হইরা ধাকে, আর যাহারা ভেদদশা, ভাহারা সেই স্থুপলাভে সমর্থ হয় না॥ ৪৬॥

এক আনিই সমস্ত অধিষ্ঠান আশ্রয় করিরা রহিরাছি, আনা ঘারাই এই পঞ্চভাত্মক সমস্ত পরিপূর্ণ রহিরাছে। যিনি এই প্রকারে পরমেশ্বর প্রুফ্ষ আমাকে বিচার করিতে পারেন, তিনি অত্যন্ত শান্তি অর্থাৎ মোক প্রাপ্ত হরেন। ৪৭॥

প্রাণ ও বহিরিজ্রিরের মধ্যেই মনের বৃত্তিরূপ চিহ্ন পরিলক্ষিত হর, এই মনেই বৃত্তৃকা, তৃষ্ণা ও অক্ষমা বিভামান আছে. অতপ্রব মনোনিগ্রহ অবভাই কর্ত্তবা। যিনি শুভাশুভ কলহেতৃক ধর্মধর্মাদির মৃণীভূত তৃষ্ণাকে উচ্ছিন্ন
করিরা আমাতে চিন্ত সংস্থাপনপূর্ককি পূর্কোন্ত রীতি অমুদারে আমার ধ্যান
করত ভলনা করেন, তিনি শাখত মোক্ষ. লাভ করিরা থাকেন, অক্তে তাহা
লাভে সমর্থ ইইতে পারে না ॥ ৪৮॥

বাহাকে মন ও বাক্য বিষয় করিতে পারে না অর্থাৎ মন বাহাকে চিন্তা-ধ্যানাদি করিতে সমর্থ নয়, বাক্যও বাহাকে নির্দেশ করিতে অসমর্থ, সেই আনক্ষয় ব্রশ্বরূপ আমাকে জানিতে পারিলে আর সংসারাদি কিছুরই ভয় বাকে না॥ ৪৯॥ শ্বৈতি দেবা মহাক্যং কৈবল্যজ্ঞানমূত্ত্যম্।

কপজো মম নামানি মম ধ্যানপরারণাঃ ॥ ৫০ ॥

সর্বেতে স্বল্যন্তে মৎসাযুজ্যং গতাঃ পুরা।
ততো যে পরিদৃশ্যন্তে পদার্থা মহিত্ত্তরঃ ॥ ৫১ ॥

ময্যেব সকলং জাতং ময়ি সর্বাং প্রতিষ্ঠিতম্ ।

ময়ি সর্বাং লয়ং যাতি তদ্ত্রক্ষাহ্মমম্যঃহম্ ॥ ৫২ ॥

অণোরণীয়ানহমেব তহ্মহানহং বিশ্বমহং বিশুদ্ধঃ ।
পুরাতনোহহং পুরুষোহ্হমীশো, হিরগ্রয়োহহং শিবরূপম্মি ॥৫০॥

অপাণিপাদোহহ্মচিন্ত্যুশক্তিঃ, পশ্যাম্যচক্ষ্য স্পৃণাম্যকর্ণঃ ।

অহং বিজ্ঞানামি বিবিক্তরূপো, ন চান্তি বেত্তা মম চিৎ সদাহম্ ॥ ৫৪ ॥

বেদেরশেষেরহমেব বেত্তো, বেদান্তর্কুদেবিদেব চাহম্ ।

ন পুণ্পাপে ময়ি নান্তি নাশো, ন জন্ম দেহেন্দ্রির্দ্ধরুক্ষ দ্বাত ৫৫ ॥

(হে রামচন্দ্র!) দেবগণ কৈবল্যজ্ঞানপ্রদ অত্যন্তম আমার এই প্রকার বাক্য প্রবণ করিয়া আমার নাম জপ করিতে করিতে আমার ধানপরায়ণ হইয়াছিলেন এবং তাহারা সকলেই স্ব স্ব দেহ ত্যাগ করিয়া আমার সামুদ্র প্রাপ্ত হইয়াছিলেন। সতএব ত্রিভ্বনে বাহা কিছু পদার্থ দৃষ্ট হইয়া থাকে, তৎসমন্তই আমার বিভৃতি বলিয়া জান। আমাতেই নিথিল ব্রহ্মাণ্ড উৎপন্ন চ্ম ও প্রতিষ্ঠিত থাকে, আবার আমাতেই বিলীন হইয়া বায়, আমিই সেই অবর ব্রহ্মস্বরূপ॥ ৫০-৫২॥

আমি কুল্ম হইতে কুল্মতম, আমি মহৎ হইতে মহত্তম, আমি বিশ্ববন্ধপ, অথচ বিশুদ্ধ অর্থাৎ নিলিপ্তি, আমি পুরাতন পুক্ষ, আমি প্রমেশ্বর, আমি হিরণ্যগর্ভ এবং আমিই শিবস্বরূপ ॥ ৫০ ॥

আমি হস্তপদবিহীন, আমার শক্তি অচিস্কনার, আমি চকুরিজিরবিধীন হইরাও বিষয় সাক্ষাৎকার করিয়া থাকি, প্রবণেক্রিরবিধীন হইরাও শব্দের উপলব্ধি করি, আমার স্বরূপের কথনই আবরণ হয় না, আমি সর্বাদাই সমস্ত প্রকাশ করিয়া থাকি, আমার স্বরূপ কেহই জানিতে পারে না, আমি শর্কাদাই চিৎস্করপে বিরাজমান থাকি ॥ ৫৪॥

অশেষ বেদের হারা একমাত্র আমাকেই জানিতে হয়,আমিই বেদান্তকর্তা, আমিই বেদবিৎ, আমার পুণ্য-পাপ কিছুই নাই, আমার বিনাশ নাই, উৎপত্তি নাই এবং দেহ, ইক্লিয়, বুদ্ধি কিছুই নাই॥ ৫৫॥ ন ভূমিরাপো ন চ বহিরন্তি, ন চানিলো মেংতি ন মে নভঙ্গ।
এবং বিদিছা প্রমাত্মরপং, গুহাশারং নিজলমন্বিতীরম্।
সমস্তসাঞ্চিং দদসন্বিহীনং, প্রয়াতি শুদ্ধং প্রমাত্মরপম্॥ ৫৬॥
এবং মাং তত্ততো বেতি বস্তু রাম মহামতে।
স এব নালে। লোকেষু কৈবল্যকলমগ্রতে॥ ৫৭॥

ইতি শীপদ্মপুরাণে শিবগাভাস্পনিষৎস্থ ব্রহ্মবিদ্যান্নাং যোগশান্ত্রে শিব-রাঘব-সংবাদে বিভৃতিযোগো নাম বঠোইধ্যান্নঃ ॥৬॥

দপ্তমোহধ্যায়ঃ।

শ্রীরাম উবাচ।

ভগবন্ যন্ময়া পৃষ্টা তত্তথৈব স্থিতা বিভো।
আলোত্তরা ময়া লব্ধা অত্তো নৈব মহেশার ॥ ১ ॥
পরিচ্ছিন্নপরীমাণে দেহে ভগবতন্তব।
উৎপত্তিঃ সর্বভূতানাং স্থিতির্বা বিলয়া কথম্। ২ ॥

আমি ভূমি, জল, বহিন, বায়ুও আকাশস্বরূপ নহি। এই প্রকার নিজ্ঞ অংশং নির্বিকার, অফিটীর পরমাত্মস্বরূপ আমাকে শুহাশয় অংশাং অজ্ঞানো-পহিতভাবে জানিয়া সমস্ত সাক্ষিম্বরূপ প্রপঞ্চ ও অবিভারহিত শুদ্ধ প্রমাত্ম-ভাব প্রাপ্ত হইতে পারে॥ ৫৬॥

হে মহামতে রাম ! দে ব্যক্তি আমাকে এইরূপ তত্ত্তাবে জানিতে পারে, সেই ব্যক্তিই কৈবল্যকল অর্থাৎ মৃক্তিকললাভে সমর্থ হয়, কিন্তু যে ব্যক্তি জ্ঞানহীন হইরা কেবলমাত্র কর্মান্ত্র্চান-নিরত অথবা সগুণোপাসনা-প্রসক্ত, সে ব্যক্তি মৃক্তি লাভ করিতে পারে না ॥ ৫৭॥

শীরাম জিজ্ঞাসা করিলেন, ভগবন্! আমি আপনাকে বাহা জিজ্ঞাসা করিয়াছি, ভাহার প্রকৃত উত্তর কিছুই আপনার নিকট পাইলাম না। ১॥ আপনাকে পরিচ্ছিন্ন শরীরধারী দেখিতেছি, আপনার এই দেহে সর্কান্ততের উৎপত্তি, স্থিতি ও লয় কেমন করিয়া হইতে পারে ? হে দেব! স্বস্থাধিকারসংবদ্ধাঃ কথং নাম স্থিতাঃ স্থরাঃ।
তে সর্ব্বে ত্বং কথং দেব ভ্রবনানি চতুর্দ্দশ ॥ ৩॥
ত্বতঃ শ্রুত্বাপি দেবার সংশ্রোমে মহানভং।
অপ্রত্যায়িতচিত্তক্র সংশ্যাং চেত্রুম্হসি॥ ৪॥

ভগবাহুবাচ।

বটবীজে সুস্কোহপি মহাবটত ক্যথা।
সর্কদান্তেহ কথা বৃক্ষঃ কত আয়াতি তদদ।
তদ্মন তনৌ রাম ভ্তানামাগতিল য়:॥ ৫।,
মহানৈদ্ধবপিণ্ডোহপি দলে ক্ষিপ্তো বিলীয়তে।
ন দৃশ্যতে পুনঃ পাকাৎ তত আয়াতি পূর্ধবং॥ ৬॥
প্রাতঃ প্রাতর্থালোকো জায়তে স্থ্যমণ্ডলাং।
এবং মন্তো জগৎ সর্বাং জায়তেহন্তি বিলীয়তে।
মন্যেব সকলং রাম তদ্ধজানীহি স্বত্ত।॥ १॥

আপনি বলিয়াছেন, দেবগণ স্ব স্থাধিকার-সংযুক্ত ইইয়া আমাতে স্বান্থিতি করিতেছে, তাহাই বা কি প্রকাবে সন্তবে এবং সমস্ত স্থারগণ ও চতুর্দশ ভূমওল আপনারই স্বরূপ, ইহাই বা কিরপে সম্ভব ইইতে পারে ? আপনার নিকট এই সকল বিষয় প্রবণ করিয়া আমার অতীব সংশয় উপস্থিত ইইয়াছে, স্বত্ত অনিশিত্তিচিত্ত আমার সংশয় ছেদন করুন ॥ ২— ৪ ॥

শীভগবান্ শিব বলিলেন, তে রাম ! অতীব স্থা বটবীজমধ্যে বেমন সর্জ্বদাই মহাবটবৃক্ষ বিভ্যমান রহিয়াছে, সেই প্রকার আমার দেহ পরিচ্ছিন্ন হইলেও
ইহাতেই ভূতগণের উৎপত্তি ও বিলয় হইতেছে । যদি বল, বটবীজে মহাবটবৃক্ষ থাকে না, তবে উহা কোথা হইতে আসিল ? যদি বল যে, যদি থাকে,
তবে উহার উপলব্ধি হয় না কেন ? এই বিষয়ে দৃষ্টান্ত শ্রেবণ কর, যেমন বৃহৎ
সৈদ্ধবিপিও সলিলে নিক্ষিপ্ত করিলে তৎক্ষণাৎ বিলীন হইয়া যায়, আর
ভাহাকে দেখিতে পাওয়া যায় না, অথচ জলের মধ্যেই থাকে, জল পাক
করিলে পুনরায় ভাহা হইতে উৎপন্ন হয়, সেইরপ সমন্ত পদার্থ আমাতেই
বিলীন হইয়া থাকে, আবার আমা হইতেই উৎপন্ন হয়॥ ৫-৬॥

হে স্বত ! প্রতিদিন প্রাত:কালে স্থ্য হইতে আলোক উৎপন্ন হইনা যেমন আবার তাহাতেই বিলীন হয়, সেই প্রকার নিথিল ব্রহ্মাণ্ড আমা হই-তেই টুউৎপন্ন, আমাতে প্রতিষ্ঠিত, আবার আমাতেই বিলীন হয় জানিবে ॥ ৭॥ শ্ৰীরাম উবাচ।
কথিতেহপি মহাভাগ দিগ জঞ্চ বধা দিশি
নিবর্ততে ভ্রমো নৈব তদন্ম করোমি কিষ্॥।
শ্ৰীভগবাস্থবাচ।

মরি সর্বাং যথা রাম জগদেতচ্চরাচরষ্।
বর্ততে তদর্শরামি ন দ্রইং ক্ষমতে ভবান্ ॥> ॥
দিবাং চক্ষঃ প্রদাস্থামি তৃত্যং দশরথাত্মজ ।
তেন পশা ভর ত্যক্ত্য মত্তেকোমগুলং ক্ষরম্॥ >
ন চশ্মচক্ষা দ্রইং শকাতে মামকং মহঃ।
নরেণ বা স্বরেণাপি তর্মায়গ্রহং বিনা ॥ >> ॥

স্ত উবাচ।

ইত্যক্তা প্রদদে তিশ্বে দিবং চক্ষ্যেহেরর: । অধানশ্রদেতশৈ বক্ত্রুং পাতালসন্নিভম্॥ ১২॥ বিত্যুৎকোটপ্রভং নাপ্তমতিভীমং ভন্নাবহম্। তদ্ধ্যুব ভন্নাল্রামো জান্তভামবনীং গতঃ॥ ১৩॥

রাম কহিলেন, হে মহাভাগ। দিক্নির্দ্ধেশ করিয়া দিলেও বেমন দিগ্-লাস্ক ব্যক্তির ভূম দ্রীভূত হয় না, সেই প্রকার আপনার নিকট শুনিয়াও আমার চিত্তল্রম নির্ভ হইতেচে না, মত্এব আমি কি কারব ? ৮॥

ভগবান্ মহাদেব বলিলেন, হে রাম ' আমার দেহে যেরূপে এই সমস্থ চরাচর জগৎ বিজ্ঞমান রহিয়াছে, তাহা তোমাকে প্রদর্শন করাই েছি। হে দাশরথে ' তুমি দিব্য চক্ষ্ ব্যতীত এই সামাস্ত চক্ষ্ বারা দেখিতে সমর্থ হইবে না, অতএব তোমাকে দিবা চক্ষ্ প্রদান করিতেছি। তুমি তাহা দারা ভয় পরিহার প্রক্রক মদীয় তেজামণ্ডল অবলোকন কর॥ ১-১০॥

হে রামচন্দ্র ! আমার অন্ধগ্রহ ব্যতীত দেবতা বা ,মানব কেহই চর্মচক্ষ্ণ-ম্বারা মদীয় তেজোমণ্ডল দর্শন করিতে সমর্থ হয় না॥ ১১॥

স্ত বলিলেন, মহেশ্বর এই প্রকার বলিয়া রামচন্দ্রকে দিব্য চক্ষ্ প্রদান পূর্বক পাতালদন্ধিন, কোটি বিজ্যাৎদদ্শ প্রভাসম্পন্ধ, প্রদীপ্ত, অতি ভয়াবহ বদনমণ্ডল প্রদর্শন করাইলেন। রাম সেই ভীষণ মুথমণ্ডল নিরীক্ষণ করত ভয়ে জাত্মধ্য অবনত করিয়া ভৃতলে উপবেশন করিলেন এবং মহেশ্বরকে প্রণম্য দণ্ডবৎ ভূমে তুরাব চ পুন: পুন: ।

অথোথায় মহাবীরো যাবদেব প্রপশ্যতি ॥ ১৪ ॥

বজ্বং পুরভিদন্তাবদন্তর্ক্সাপ্তকে টিয়: ।

চটকা ইব লক্ষান্তে জ্ঞালামালাসমাকুলাঃ ॥ ১৫ ।

মেকমন্দরবিন্ধ্যালা গিরয়: সপ্ত সাগরাঃ ॥

দৃশন্তে চন্দ্রস্থ্যালাঃ ৭ঞ্চভূতানি তে প্ররা: ॥ ১৬ ॥

অবণ্যানি মহানাগ। ভূবনানি চতুর্দ্দশ ।

প্রতিক্রন্দা গুমেবং তদ্দৃষ্টা দশবধাজ্ম । ১৭ ॥

প্রবাস্ত্রাণাং সংগ্রামাংস্তরে প্রকাপরান্সি ।

বিক্ষোদশাব হারাংশ্চ তৎকর্ত্রবাক্সি ছিছাঃ ॥ ১৮ ॥

প্রভিবাংশ্চ দেবানাং প্রদাহং মহেশিতুং ।

উৎপত্রমানান্তৎপন্নান্ স্ব্রান্সি বিন্দ্রতঃ ॥ ১৯ ॥

দৃষ্ট্য রাম্যে ভয়াবিষ্টং প্রণনাম পুনঃ পুন: ।

উৎপত্রজ্জানোহসি বভ্র রঘ্নন্দন: ॥ ২০ ॥

অথো পনিষ্কাং সারৈরইপ্রস্তার শ্রুম্ম ॥ ২১ ॥

পুন: পুন: দণ্ডবং প্রণাম প্র্কাক স্তব করিতে লাগিলেন। অনস্তর গাত্রোখান করিয়া দেগিলেন, ত্রিপ্রারিব বদনমণ্ডলের অভ্যন্তরে শিধাবলি-প্রবৃষ্ট চটকের (ক্ত প্রক্রিবশেষের) সায় কোটি কোটি ব্রহ্মাণ্ড প্রবিষ্ট রহিয়াছে ॥১১-১৫॥ সেই বদনমণ্ডল-মধ্যে স্থামেক, মন্দ্র বিদ্যা প্রভৃতি পর্বত, সপ্র সাগর চন্দ্র প্রভৃতি গ্রহ, পঞ্চভৃত এবং দেবগণ লক্ষিত হইতেছে ও মহা-রণ্য সমূহ (নাগগণ), চতুর্দিশ ভ্রন ও পৃথক্ পৃথক্ ব্রহ্মাণ্ড সকলও বিজ্ঞান দেখিতে পাইলেন॥ ১৬-১৭॥

পরস্ক সেই মৃথমণ্ডলমধ্যে দেব ও অধ্বরগণের ভৃত ও ভাবা সংগ্রাম স্কল
এবং বিষ্ণুর দশাবতার ও ওত্তৎ-অবতারে অফুষ্টীয়মান কার্যাবলী বিগ্নমানরূপে দর্শন করিতে লাগিলেন, দেবাসুরষ্দ্ধে দেবগণের পরাভব ও
মহেশবের ত্রিপুরদহন দৃষ্টি করিলেন, এধিক আর কি, উৎপদ্মমান বস্তু, উৎপদ্ম
বস্তু সকলকেই তাহাতে বিলীন অবলোকন করিলেন। এই প্রকার কপ
দর্শন করিয়া রামের প্রষ্টব্য বিষয়ে তত্ত্বজ্ঞান সঞ্জাত হইলেও তিনি ভ্রাকুলচিত্তে পুন: পুন: মহাদেবকে প্রণাম করিতে লাগিলেন এবং উপনিষ্দের
সারার্থস্ক গ্লোক দ্বারা তব করিতে প্রস্তু হইলেন॥ ১৮-২১॥

প্রীরাম উবাচ।

দেব প্রপন্নান্তিকব ! প্রসীদ, প্রসীদ বিশেশর বিশ্ববন্ধ। প্রসীদ গলাধর চন্দ্রমোলে, মাং আহি সংসারভরাদনাথম্॥ ২২ হত্তে। হি জাতং জগদেতদাশ, অদ্যেন ভ্রতানি বসন্ধি নিত্যে ক্রেরে শভ্যো! বিলয়ং প্রয়ান্তি, ভ্রমৌ বগা বৃজ্লতাদরোগপি॥ ১৩। ব্রক্ষেক্রাণ্ড মক্দাণাশ্চ, গন্ধব্যক্ষাস্থ্রসিদ্ধ্যভ্যাঃ। গলাদিনতো বকণালরাশ্চ, বসন্ধি শলিং তব বক্তুমধ্যে॥ ২৪। জ্যায়য়া কল্লিতমিন্দ্রমালে, অসেবে দশুভ্মপৈতি বিশ্ম্। ভ্রান্ত্যা জনঃ পশ্যতি সক্ষমেতচ্ছুভো বথা ক্রিয়মহিঞ্চ রজ্জো। ২৫॥ তেভোভিরাপ্যা জগৎ সমগ্রং, প্রকাশমানঃ ক্রেবে প্রকাশম্। বিনা প্রকাশং তব দেবদেব! ন দৃশ্যতে বিশ্বাম্যং ক্রেণেন॥ ২৬॥

রাম বলিলেন, হে দেব ! হে প্রপন্ধন-গ্রহারিন্! আমার প্রতি প্রসন্
হও। হে বিশ্বেক্য ! হে বিশ্ববন্য ! তুমি প্রসন্হও। হে গঙ্গাধর ! হে চন্দ্র চূড় ! আমার প্রতি প্রসন্হও, আমি জনান, আমাকে সংসারভার হইতে পরিত্রাণ কর । ২২॥

হে ঈশ ! বৃক্ষলত দি যেরপ ভূমি হই . ৩ ে এ হয়, ভূমিতেই অবস্থিতি করে, আবার তাহাতেই বিলীন হইয়া বার, ্রহরপ এই জগৎ তোমা হইতেই উৎপন্ন হইয়াছে, তোমাতেই আন বার তোমাতেই বিলয় পাইতেছে॥ ২৩॥

হে শ্লিন্! বাদা, ইন্দ্র, রুদ্র প্রভৃতি কেনে, কর্মি, যক্ষ, অনুর ও সিদ্ধাণ, গ্লাদি তর্কিণীগণ এবং সমুদ্র সকল কোন করিতে-ছেন। ২৪॥

হে চন্দ্রমোলে ! লান্ধিবশতঃ যেমন ক্রিকে ব্রজ্জান, রজ্জ্তে সর্পজ্ঞান হইরা থাকে, সেই প্রকার অজ্ঞান ক্রিকি ভূমানতে এই বিশ্বজ্ঞান
হর, বস্ততঃ এই বিশ্ব তোমার মারা ছারাই ক্রিক ইরা তোমাতে দৃশ্বরূপে
বিরাজ্মান রহিরাচে বহু ৪ ।

হে দেবদেব! তুমি স্বয়ং প্রকাশমান প্রার্, গ্রাই আপন প্রকাশ দার। সমস্ত লগৎ প্রকাশিত করিতেছ, তোমার প্রবাশ রাতীত ক্ষণকালও এই ক্যান্তের প্রকাশ হয় না॥ ২৬ " জন্ধাশ্রের নৈব বৃহস্তমর্থং, ধত্তেহণুরেকো নহি বিশ্ব্যাশৈলম্।
তদকুনাত্রে জগদেতদন্তি, স্মার্যরৈবেতি বিনিশ্চিনোমি॥ ২৭ :
রজ্জৌ ভূজকে। ভ্রদেশ গথৈব, ন জারতে নান্তি ন চৈতি নাশন্।
স্মার্য্যা কেবলমান্তরপং, তথৈব বিশ্বং স্থায় নীলকণ্ঠ ৫ ২৮ ॥
বিচাধামাণে তব শক্তবীবমাধারভাবং হুগতামুলৈতি।
তদপ্যবশ্বং শ্ববিভাষের, পূর্ণশিচদানন্দননো যত্ত্বম্॥ ২৯ ॥
পূজেইপুতাদিববপ্রিয়াণাং,ভে।জ্বুঃ ফলং সক্তসি শন্তমেব।
মুবৈতদেবং বচনং পুরাবে, স্বভোঠন্তি ভিন্নং ন চ কিঞ্চিদেব ॥ ৩০ ॥
অজ্ঞানমূচ। মূনযো বদন্তি, প্রজাপচাবাদিবহিঃক্রিরাভিঃ।
তোবং গিবীশো ভজতীতি মিধাা, কৃত্ত্বমূর্ত্বন্ত তু ভোগলিকা। ৩১॥

তে দেব। অল্লাশ্রষ পদার্থ স্থ অপেক্ষার বৃহৎ দ্রব্যকে কদাচ ধারণ করিতে পারে না, যেমন একটি প্রমাণু কদাপি বিদ্ধাপর্বতিধারণে সমর্থ হয় না, কিন্তু তোমার মুখ্মধ্যে এই অনন্ত ব্রশাশু পরিলক্ষিত হইতেছে, ইহা সম্বাহী অঘটনঘটনপটারদী তোমাব মার। ঘারাই সম্পাদিত হইতেছে, ইহা আমবা অফুমান কবি ॥ ২৭।

ত্বেনীলকণ্ঠ। যেমন বচ্ছতে সর্প উৎপন্ন হয় না, স্থতরাং নইও হয় না, আবচ ভ্রমকল্লিভ সর্পই লোকের ভন্নদ হইনা থাকে, দেই প্রকাব মারাকল্লিভ বিশ্বও তোমাতে ব্যবহারযোগ্যতা প্রাপ্ত হইতেছে ॥ ২৮ ॥

হে দেব। তোমার শরীর বে জগতের আধার বলিয়া প্রতীত হয়, এই বিষয়ের বিচার কবিলে অবিজাই ইহার কারণ বলিয়া মনে হয়, কাবণ, তুমি পূর্ণ ও চিদানলময় পুক্ষ, তোমাব শরীর-সম্বন্ধ কদাচ সম্ভব হইতে পারে না॥ ২৯॥

হে পুবারে! তুমি যজমান সম্বন্ধে পূজা, তডাগাবামাদি প্রতিষ্ঠা এবং দানাদিজনিত সমস্ত ফল প্রদান করিয়া থাক, এই বাক্য অলীক, কারণ, বন্ধাণে তোমা ভিন্ন আর কিছুই উপলভ্যমান হয় না॥ ৩০॥

অজ্ঞানমৃত অমননশীল ব্যাক্তই বলিয়া থাকেন বে, মহেশ্বর পূজা উপচা-রাদি বহি:ক্রিয়া দারা পরিতৃষ্ট হয়েন, কিন্তু সেই সমন্ত বাক্যই মিথাা, কারণ, তুমি অমুর্ভ, ভোমার ভোগলিপা কি প্রকারে হইতে পারে ? ৩১ ॥ কিঞ্চিল্ল বা চুলুকোদকং বা, যন্ত্বং মহেশ ! প্রতিগৃহ্ছ দংসে।
হৈলোকলক্ষ্মিপি ডজ্জনেভ্যঃ, স্কান্থবিছাক্তমেব মছে ॥ ৩০ ॥
ব্যাপ্রোসি সর্বা বিদিশো দিশক, বং বিশ্বমেকঃ পুরুষঃ পুরাণঃ।
নষ্টেচ্পি তক্ষিংম্বে নান্তি হানির্ঘটে বিনষ্টে নভসো যথৈব ॥ ৩০ ॥
যথেকনাকাশগমকবিষং, ক্ষুদ্রের পাত্রের্ জলাগ্নিতের্।
ভক্ষত্যনেকপ্রতিবিশ্বভাবং, তথা ব্যস্তংকরণের্ দেব ॥ ৩৪ ॥
স্পর্জনে বাং পাবনে বিনাশে, বিশ্বস্তা কিঞ্চিত্তব নান্তি কার্য্য্য
স্বাদিভিদ্যেভ্তামদৃষ্টেতথাপি তং স্বপ্রবদাতনোষি ॥ ৩৫ ॥
স্থলস্ত ক্ষস্ত জড্স্তা দেহদ্রস্ত শস্তো ন চিদং বিনান্তি।
সভ্সদাবোপণমাতনোতি, শ্রুতিঃ পুরাবে স্থপ্তংখ্যোঃ সদা ॥ ৩৬ ॥

হে মহেশ থে ব্যক্তি কতিপয় বি নদল বা গণ্ডবমাত্র জলম্বারা তোমাব পূজা করে, তুমি তাহাব সম্বন্ধে ত্রৈলোক্য শ্রী প্রদান কর, এই সমস্ত বাক্যই অবিভাকত বলিয়া মনে করি * ॥ ৩২ ॥

হে দেব। তুমি সমন্ত দিক্ ও বিদিক পরিব্যাপ করিয়া অবস্থিতি করি-তেছ, তুমি পুরাতন পুরুষ, তুমিই এই বিশ্বস্থাপ পদার্থ, অথচ আকাশাধার ঘট বিনষ্ট হইলে যেমন আকাশেব বিনাশ হয় না, তেমন এই জগৎ বিনষ্ট হইলেও ভোমার বিনাশ হয় না॥ ৩৩॥

হে দেব! গগনমগুলস্থ এক স্ব্যাবস্থ দেৱপ ক্ষুদ্ৰ জ্লপাত্তে প্ৰতি-বিষিত হইয়া অনেক বলিয়া প্ৰতাত হয়, দেইৱপ একমাত তুমিই নানা জ্ঞাক্রনে নানারপে প্ৰতীয়খান হইয়া থাক ু ৪ ৮

বিষের সৃষ্টি, স্থিতি বা বিনাশ বিষয়ে তোমার কিছুমাত্র কর্ত্ব নাই, ভথাপি প্রাণীর অনাদি অদৃষ্ট দারা স্বপ্রবং তুমি এই জ্গাৎ বিস্তার করিতেছ, বস্তুত: অদৃষ্টই ইহার কারণ॥ ৩৫॥

হে পুরারে ! এই রল ও স্কাদেহ জডণিগু, আত্মা ভিন্ন ইহাদের চেতনতা হইতে পারে না, অতএব শ্রুতি তোমাতে দেহদ্ম জন্ত স্থ-তৃংথের আরোপ করিয়া থাকেন,তুমি ভিন্ন দেহকৃত স্থ-তৃংথাদির প্রকাশ হইতে পারে না ॥৩৬॥

^{*} এই পর্যান্ত যে সমন্ত উপদেশ করা হইল, ইহা তত্ততানীর পক্ষে অর্থাং বিনি বন্ধ-দাক্ষাৎকার করিয়া অনন্ত ব্রহ্মাণ্ডই ভয়ায় দেখিতেছেন, তাঁহার পক্ষে, কিন্তু অজ্ঞানীর সম্বন্ধে কর্মকাণ্ডাদি সম্ভই সভ্যা, ইহাই শাস্ত্রের রহস্ত ।

নমঃ সচিদেভোধিহংসায় তুজাং, নমঃ কালকণ্ঠায় কালাত্মকায়। নমত্তে সমস্তাবসংহারকরে, নমত্তে মুবাচিত্তবৃত্তাৈকভোক্তে ॥ ৩৭ ॥

স্ত উবাচ।

এবং প্রণম্য বিষেশং পুর চঃ প্রাঞ্চলঃ স্থিতঃ। বিস্মিতঃ প্রমেশানং জগাদ বগুনন্দনঃ॥ ৩৮ ।

শীরাম উবাচ।

উপসংহর বিশ্বাস্থন বিশ্বনপমিদং তব । প্রতীতং জগদৈকাত্ম্যং শস্থো ভবদমুগ্রহাৎ ॥ ৩৯ ॥

শ্ৰীভগৰামুবাচ।

পশ্য বাম মহাবাহো। মত্তো নাল্যোহন্তি কন্দন 🛙 ৪০ ॥ স্ত উবাচ।

হত্যুকৈ বোপসংজ্ঞ খনেতে দেবতাদিকান্।
নীলিতাক: পুনহ বাদ্বাবদাম: প্রপশ্রতি।
ভাবদেব গিরে: শৃদ্ধে ব্যাঘ্রচন্দোপরি স্থিত্ব। ৪১॥
দদর্শ পঞ্চবদনং শীলকণ্ঠং ত্রিলোচনম্।
ব্যাঘ্রচন্দাব্বধরং ভূতিভূবিভবিগ্রহ্ব॥ ৪২॥

হে দেব ! তুমি সচিৎ-সাগরের হংসম্বরূপ, তোমাকে নমস্কার, তুমি নীল-ক্স, ক্রোমাকে নমস্কার, তুমি কালাত্মক, তোমাকে নমস্কার, তুমি কালাত্মক, তোমাকে নমস্কার, তুমি মিধ্যাময় চিত্তবৃত্তির একমাত্র ভোক্তা, তোমাকে নমস্কার ॥ ৩৭ ॥

স্ত বলিলেন, রঘুনন্দন এই প্রকারে বিশেশরকে প্রণাম করত পুরোভাগে ক্লতাঞ্জলিপুটে দণ্ডায়মান ফইয়া বিশ্বিতভাবে পুনরায় বলিভে লাগিলেন। ৩৮॥

বাম বলিলেন, তে বিখায়ন্। তোমার এই বিরাট্রূপ উপসংহার কর, তে শভো! তোমার অনুগ্তে আমি তোমার অপদাত্তা অনুভব করিয়াভি॥৩৯।

खनवान् विनातन, टर महावादश त्राम । এই दिश, श्रामा रहेट श्रावितिक भात दिनानरे निर्मार्थ नार्थ ॥ ४०॥

স্ত বলিলেন, মহাদেব এই কথা বলিরাই নিজ দেহে সমস্ত দেবতাদি পদার্থ বিগীন করিলেন, তথন প্ররায় দাশরথি বিকাশিত- ফণিকস্পণভূষাত্যং নাগযজোপবীতিনম্ '
ব্যাদ্রচর্মোন্তরীরঞ্চ বিত্যুৎপিকজটাধরম্ ॥ ৪৩ ॥
একাকিনং চন্দ্রমৌলিং বরেণ্যমভয়প্রদম্ ।
চতুর্ভুক্ত থণ্ডপরশুং মুগহন্তং জগৎপতিম্ ॥ ৪৪ ॥
অথাজ্ঞা পুরস্তম্ম প্রণম্যোপবিবেশ সং ।
অথাহ রামং দেবেশো যদ্যৎ প্রষ্টুমভীচ্ছিদি ।
তৎ দর্ব্ধং পক্ত রাম জং মত্রো নালোহন্তি তে গুজং ॥ ৪৫ ॥

ইতি শ্রীপদ্মপুরাণে উপরিভাগে শিবগীতাস্পনিবংস্থ ব্রহ্মবিভারাং যে গ্রন্থ শিবরাঘ্য সংবাদে বিশ্বরূপদর্শনং নাম সপ্তমোংধ্যায়ঃ ॥ १॥

অক্রমোহধ্যায়ঃ।

শ্রীরাম উবাচ।

পাঞ্চভৌতিকদেহক্ত চোৎপণ্ডিধিনয়: স্থিতি:। স্বরূপঞ্চ কথং দেহে ভগবন্ বক্ত মহদি॥১॥

নেত্রে দৃষ্টপাত করির। দেখিতে পাইলেন গে, ত্রিলোচন, পঞ্চানন, নীলকণ্ঠ শিব ব্যাঘ্রচর্মোপরি সমাসীন রহিয়াছেন। তাঁহার পরিপেয় ব্যাঘ্রচর্ম, সর্বাঙ্গ বিভৃতি দ্বারা ভৃষিত, হত্ত ফণিরূপ কল্পণে সমলক্ত এবং তিনি নাগ্রভোপবীতধারী। তাঁহার উত্তরীর ব্যাঘ্রচর্ম এবং জ্ঞটা বিভাতের কায় পিন্ধলবর্ম ॥ ৪১—৪৩॥

ইনি একাকী, চন্দ্রমৌলি, বর ও অভয়দাতা, চতুর্জ, থওপরশু, মুগরন্থ এবং ইনি জগৎপতি। এতাদৃশ মতেশবকে রাম দর্শন করত প্রণাম করি-লেন। অনস্তর ঠাহার আদেশে তাঁহারই পুরোভোগে উপবেশন করিলেন। অতঃপর দেবেশ শভু রামকে বলিলেন, তে রাম! তুমি যাহা কিছু প্রশ্ন করিতে ইচ্ছা কর, তৎসমন্তই আমাকে জিজ্ঞাসা করিতে পার। আমি ব্যতীভ অন্ত আরু ক্লার কেইই তোমার গুরু নাই। ৪৪-৪৫॥

শ্রীরাম জিজ্ঞাসা করিলেন, হে ভগবন্! স্ক্রেণেহে অর্থাৎ লিঙ্গলেহে এই পাঞ্ভৌতিক দেহের উৎপত্তি, স্থিতি ও লয় কেমন করিয়া হইতে পারে, ভাহা আপনি বলুন ॥ ১॥

শীভগৰামুবাচ।

পঞ্চতে: সমারকো দেহোৎয়ং পাঞ্চতোতিক: ।
তত্র প্রধানং পৃথিবী শেষাণাং সহকারিতা ॥ ২ ॥
ভরাযুলোই ওজলৈত স্বেদজকোতিদস্থা।
এবং চতুবিধঃ প্রোকে' দেখেহিয় পাঞ্চভোতিক: ॥ ৩ ॥
মানসম্ব পরঃ প্রোকো দেবানামেব স স্বতঃ।
তত্র বক্ষো প্রথমতঃ প্রধানহাক্ষরযুক্ষম্ ॥ ৪ ॥
শক্রশোণিতস স্বতঃ র'ভরেব হবাযুক্তঃ।
স্বাণাং গভাশয়ে শুক্রত্বালে বিশেব্দা।
রক্ষা যোষিতো যুক্তং তদেব ক্ষাক্ষরাযুক্ষম্ ॥ ৫ ।
বাহল্যাদ্রক্ষমং স্বা শুক্তেকাদিকো পুমান্ ভবেং।
শক্রশোণিতয়োঃ সামে জায়তেহও নপুংসকঃ ॥ ৬ ॥
ঝতুমাতা ভবেয়ারী চতুর্থদিবসে ততঃ।
শক্রকালম্ব নিদিষ্ট আয়োডশনিনাইধি ॥ ৭ ॥

ভগবান্ বলিলেন, এই দেহ ক্ষিতাদি পঞ্চতেরই পরিণামবিশেষ, এই নিমিত্র এই দেহকে পাঞ্চেতিক বলে। পঞ্চতের মধ্যে পৃথিবীই সর্বাপেক্ষা প্রধান, ত্রন্সভ্তচতুষ্ট্র সহকারী চাবে থাকে। ১।

পাঞ্চোতিক দেহ চতৃর্বিধ , —জরাযুজ, মণ্ডজ, ষেদজ ও উদ্ভিজ্জ। ৩॥
এতবাতাত মাণও এক প্রকার শ্রেষ্ঠ দেহ। মাছে, তাহাকে দেবদেহ
বলে। এই পঞ্চ প্রকার দেহের মধে প্রথমতঃ প্রধানভ্ত জবাযুক দেহের
বিষয় বলিতেছি॥ ৪॥

জরাযুজ দেহ শুক্র ও শোণিক ২ইতে সন্ত হয়। ঋতুকালে স্তার গর্ভাণরে (জরাযুতে) শুক্র প্রবেশ করে, তৎপর উহা স্ত্রীর রজোধারা সমাযুক্ত হইরা প্রাণীর উৎপত্তি হয়। জ্বাযু হইতে উংপত্তি হয়, এই নিমিত্ত উহাকে ভ্রাযুক্ত বলে॥ ॥

যদি শোণিতের আধিক্য হয়, তবে দ্রা, শুক্রের আধিক্যে পুরুষ এবং শুক্র ও শোণিতের সমানতা হইলে নপুংসকের উৎপত্তি হইয়া থাকে॥৬॥ ঋতুর প্রথম দিন হইতে যোল দিন পর্যান্তই ঋতুকাল নির্দিষ্ট আছে, শুরুষ্ধ্যে প্রথম দিন হইতে চতুর্থ দিনে দ্রী ঋতুমান করে॥ १॥ ত্রাযুগাদনে স্থা স্থাং পুমান্ যুগাদিনে ভবেং । চকেবরাঁ গা বাজ। জায়তে সন সংশয়ঃ॥ ৯।
ঋতৃস্বাভা যপ্ত পুংসঃ সাকাজ্জং মুখনাক্ষতে।
তদাক্ষতিভিবেদগভতং পণ্ডেং সামিনো মুখম॥ ১০॥
যা সাঁচর্মারাতঃ স্থা ক্রায়ঃ সা নিগজতে।
ভক্র গভো ভবেদয্যাতের প্রোক্তো জরায়ুজঃ॥ ১০॥
অগুজাঃ প্রিস্পান্তাঃ স্বেদজা নশকাদয়ঃ।
উদ্ভিজা বৃক্ষপ্রাতা মানসাশ্চ স্বর্ধয়ঃ॥ ১২॥
জন্মকর্মবশাদেব নিষ্ক্রং প্রথম মাসি তদ্দ্রম্॥ ১০॥

এই ঋতৃকালেব অযুগা দিনে গনি গভদঞ্চার হয়, তবে স্থাদৈতেব উৎপত্তি গুইয়া পাকে এবং যুগাদিনে পুরুষদেতের উৎপত্তি হয়॥৮॥

আব যদি বোডশ দিবসে পাওসঞ্চার হয়, তবে সেই গভ চক্রবর্ত্তী বাজা। ১ইরা গাকে, ইহাতে সন্দেহ নাই॥ ১ ।

রমণী ঋতুমান পূর্কক \স্কামা হইর। বে পূরুষের ম্থাবলোকন কবিবে, সন্তান সেই পুক্ষেব মার্হা চিবিশিষ্ট হইবে, অতএব ঋতুমানেব পব প্রথমতঃ যামিন্থ নিরীক্ষণ করাই কর্ত্তব্য ॥ ১০ ॥

গ্রীব উদ্বাভাস্তরে যে ফুল্ল চর্মের আরতি অর্থাৎ পেনী আছে, তাহাকে জবায় বলে। তাহাতেই শুক্র ও শোণিতেব সংযোগ হইয়া থাকে এবং তাহাতেই প্রাণীর উংপত্তি শর, এই কারণে জবায়ুত্ব বলে॥ ১১॥

পক্ষিস্পাদিরা অও হইতে উৎপন্ন হর, এই নিমিত্ত তাহাদিগকে অওজ নশকাদি স্বেদ হইতে জন্মে, এই কাবণে ভাহাদিগকে বৈদজ, তৃণগুলাদি ভূমি উত্তেদ করিরা জন্ম, ভাই তাহাদিগকে উত্তিজ্ঞ এবং দেব ও ঋষিগণ বোগসামর্থ্য দ্বাৰা মানস হইতে উৎপন্ন হয়েন, এই নিমিত্ত তাহাদিপকে মানস বলিয়া নির্দ্ধেশ করা হয়॥ ১২॥

জন্মের কারণীভূত কর্মের দারা ঐাবোনিতে শুক্র নিবিক্ত হইরা শীরজের সহিত সমাবোগে উহা প্রথম মাসে দ্রবাকার ধারণ করে॥ ১৩॥ বৃদ্ধং কললং তন্মান্ততঃ পেশী ভবেদিদ্য ।
পেশীঘনং বিতামে তু মানি পিণ্ড: প্ৰজায়তে ॥ ১৪ ॥
করাজিনু শীৰকাদীনি হতীয়ে সন্তবস্তি হি ।
অভিব্যক্তিশ্চ জীবস্ত চতুৰ্থে মানি জায়তে ॥ ১৫ ॥
তত্তশ্চলতি গর্জোহপি জনন্তা জঠবে স্বতঃ ।
প্ত্ৰশ্চেলক্ষিণে পাথে কন্থা বামে চ তিষ্ঠতি ॥ ১৬ ॥
নপুংসকম্পূৰ্বস্ত ভাগে তিষ্ঠতি মধ্যমে ।
অতো দক্ষিণপাৰ্থে তু শেতে মাতা পুমান্ যদি ॥ ১৭ ॥
মঙ্গপ্ৰতাঙ্গভাগান্ত স্মাঃ স্থাযুগপত্তদা ।
বিহায় শাশ্ৰদকাদীন্ জন্মানস্তবসম্ভৰান্ ॥ ১৮ ॥
চতুৰ্থে ব্যক্ততা তেষাং ভাবানামপি জায়তে ।
প্ংসাং কৈৰ্যাদিয়ো ভাষা ভতত্বাজান্ত বোৰিতাম্ ॥ ১৯ ॥
নপুংসকে চ তে মিশ্ৰা ভবন্ধি রঘুনন্দন ।
মাতৃজং চাক্ত ক্ষরং বিবয়ানভিকাক্ষতি ॥ ২০ ॥

[্] দ্রবাকার শুক্র প্রথমে বৃদ্বৃদর্প, তাহা হইতে কললাকার, ক্রমে পেশীরীপে পরিণত। হয়, পরে ঐ পেশী দৃত হইয়া বিতীয় মালে পিগুরুপে পরিণত হয় ॥ ১৪ ॥

ঐ পুণ্ড হইতে তৃতীয় মাদে কর, চরণ ও মন্তকাদির অভিব্যক্তি হয় এবং চতুর্থ মাসে বিকদেহের অভিব্যক্তি হয় ॥ ১৫॥

তংপরে গর্ভ স্বতই জননীর জঠববিবরে বিচণিত হইতে থাকে। পুঞ সন্তান হইলে উদ্বের দক্ষিণভাগে, কলা হইলে বামভাগে এবং নপুংসক হইলে মধ্যভাগে; অবস্থিতি করে . অতএব গর্ভে পুত্র-সন্তান বিভ্যমান থাকিলে তথ্য মাতা দক্ষিণপার্থে শিয়ন করেন ॥ ১৬-১৭ ॥

শাশ্র ও দস্তাদি জনোর পরে উংপন্ন হয়, তদ্ব্যতীত অন্তার অবপ্রত্যক স্কারপে এই সময়েই হইয়া থাকে॥ ১৮ ।

হে রঘুনন্দন ! চতুর্থ মাণেই পুক্ষের স্থৈগাদি ভাব, স্ত্রীর চাঞ্চল্যাদি ভাব
এবং নপুংসকের উভয়-মিশ্রিত ভাব বিক্সিত হয়। তথন মাতার হৃদয়
'হইতে গর্ভের হৃদয় সঞ্জাত হইয়া মাতার আকাজ্জিত বিষয়ের আকাজ্জ।
ক্রিতে থাকে, অত এব গর্ভ-বির্দ্ধিব নিমিত্ত মাতার মনোভীট অবশ্রই সম্পান

ততো মাতৃশনোংভীই কুর্যাদগর্ভবিবৃদ্ধয়ে।
তাঞ্চ বিদ্দাশ নারীমাছদে ছিদিনীং ততঃ ॥ ২১ ॥
অদানাদোহদানাং স্ত্রগর্ভস ব্যঙ্গতাদয়:।
মাতৃ্যদ্বিবের লোভন্তদার্ভো জায়তে স্তঃ । ২১ ॥
প্রবৃদ্ধং পঞ্চনে চিত্তং মাংসশোণিতপুইতা ।
বর্ত্তেইস্থায়নগরকেশলোমবিবিজ্ঞতা ॥ ২০ ॥
বলবণে চিগেচিতৌ সপ্তমে অঙ্গপ্রতা ।
পাদাস্তরিতহন্তাভাং শোত্রেরেরে পিধার স: ॥ ২৪ ॥
উদ্বিশ্লো গভসংবাদাদ্তি গর্ভভয়াবিতঃ ॥ ২৫ ।
আবিভূতপ্রবোধোহসৌ গভত্থাদিসংযুতঃ ।
হা ক্টমিতি নির্বিল্পঃ স্বাস্থানং শোশুচীত্যথ ॥ ২৬ ॥
অন্তর্তা মহা১সজপুরোমশ্চিদোহসকং ।
ক্বন্তবালুকান্তপাশ্চাদ্বস্তাস্থাশয়াঃ ॥ ২৭ ॥

দনীয়। গভাবস্থায় এইরপে মাতা দ্বি-হানরবিশিপ্তা হয়েন, এই কারণে নারীকে নৌহদিনী বলে । ১৯-২১॥

গভাবস্থায় গভিণীর অভিলাষ পূরণ না করিলে গভস্থ শিশুর অসন্নিত।, আশক্তি ও বৃদ্ধিমান্দাদি ঘটয়া থাকে এবং মাতার নে বিনরে অভিলাষ হয়, পুত্রও তাহার নিমিত্ত আভলাষী হয়॥ ২২॥

অনস্তর পঞ্চ মাদে চিত্ত প্রবৃদ্ধ হয় এবং মাংদশোণিতের পরিপুট্তা জন্মে। ষ্ঠমাদে অন্থি, সায়, নথ, কেশ, অঞ্চ ও রোমাবলির প্রকাশ ছয়॥২৩॥

সপ্তম মাদে বল ও বর্ণের উপচিতি এবং অক্ষের পূর্ণতা হয়। এই সময়ে গর্জ পাদ্বরের অভ্যন্তর দিয়া হস্ত উত্তোলন পূর্বক অবণ-বিবর আছোদন করত গভবাস বশতঃ ভীত ও ভাবি গর্জবাস চিন্তা করিয়া উদ্মিচিত্রে অবস্থিতি কবে ॥২৪-২৫॥

তথন গভত জীব অনেক জন্মের গর্ভবাসক্রেশ শ্বরণ করিয়া হৃতন্তে ছুঃথিত হয় এবং অতি মহুতাপের সহিত আত্মাকৈ লক্ষ্য করিয়া পুন: পুন: শোক প্রকাশ করে॥ ২৬॥

তৎকালে জীব চিন্তা করিতে থাকে যে, আমি অসহনীয় ও মর্মপীডক আনেক নারকী শরীর অসভব করিয়াছি; পরস্তু এখনও গ্রাদি-ভর্জনার্থ জঠরানলসম্ভপ্তণিত্তাথ্যরসবিপ্রবং।
গর্ভাশরে নিমগন্ত দক্তাতিত্লাং হি মান্॥ ২৮॥
উদর্যাক্রমিবজ্রাণি কূটশাল্পালিকণ্টকৈ:।
তুলানি চ তুদন্তার্তিং পার্গান্তিককচার্দিতম্॥ ২৯॥
গর্ভে তুরিকে জঠরাগ্রিপ্রদীপিতে।
তঃধং ময়াপ্রং বত্তমাৎ কনীয়ঃ কুন্তপাকজম্॥ ৩০॥
প্রাস্ক্রেমপারিতং বাস্তাশিত্তক বহুবেং।
অশুচৌ ক্রমিভাবশ্চ তৎ প্রাপ্রং গর্ভশান্ত্রনা॥ ৩১॥
গর্ভশ্যাং সমাক্রম তঃখং মাদ্র্যাপি তং।
নাতিশেতে মহাতঃখং নিঃশেষং নরকেষ্ তং॥ ৩২॥
এবং ল্বরন্ প্রাপ্রাপা নানাজাতীশ্চ গাতনাঃ।
মোক্লোপাযমভিশ্যাবন্ বত্তিত্ত্যাসতংপরঃ ॥ ৩০॥
ভাইমে অক্সতী স্থাতামোজন্তেজশ্চ হন্তবম্।
শুন্রমাপীতরক্ক নিগিত্রং জীবিতে মতম্॥ ৩৪॥

পুন: পুন: সম্ভপ্ত বালুকার জায় জঠরানলসম্ভপ্ত পিত্রাথ্য রস গর্ভাশরস্থ আমাকে অতিশয় পীডিত করিতেছে॥ ২৭-২৮॥

উদূরের মধ্যক্ত কীটাবলী শাল্মলী বৃক্ষের কণ্টক সদৃশ মুখাগ্র দাবা মাতৃপার্যান্তি-ক্রুক্চ-পীতিত আমাকে অত্যস্ত ব্যথিত করিতেছে ॥ ২৯॥

আমি দুৰ্গন্ধ-পৃবিত, জঠবাগি দারা প্রদীপিত এই গর্ভে অবস্থিতিপৃকক বেরূপ দুঃথ প্রাথ হইলাম, ইহা অপেক্ষা কৃতীপাক নবকে অবস্থানজনিত ক্লেণ্ড ভুচ্চ মনে কৰি। ৩০।

আমি গর্ভে বাদ কবিরা পূর, বক্ত প্রেমা ও বাস্ত ভক্ষণ এবং অশুচি বিশু আদি-পূর্ণ স্থানে রুমিব লার বিচবণ কবিতেচি। আমি গর্ভ-শহাং আতার কবিলা বাদৃশ মহাতঃথের অলভব কবিলাম, সমস্ত নরকেও এতাদৃশ তঃথের সম্ভাবনা নাই॥ ৩১-৩২॥

এই প্রকারে গর্ভন্থ শিশু পুরুদাদি নানাজাতিরপে জন্ম এবং তত্তৎজন্মীয় নানাবিধ বাতনা স্মবণ কবত মুক্তিলাতেব উপায়-চিস্তায় তৎপর হইয়া অবস্থিতি করে॥ ৩৩॥

অট্ম মানে তৃক্, গমনকমতা এবং হদরের তেজ জন্মে। এই তেজ

মাতর প্রার্ভং চঞ্চলং তং প্রধাবতি।
ততে। জাতোংইমে মাসি ন জীবত্যোজনোজ্বিতঃ ॥ ৩৫ ॥
কিঞ্চিৎকালমবস্থানং সংস্থারাং পীড়িতালবং।
সময়ঃ প্রস্বস্থ স্থান্মানের নবমাদির ॥ ৩৬ ॥
মাত্রপ্রবহাং নাড়ীমাঞ্জিত্যারবতারিতা।
নাভিস্থনাড়ী গর্ভস্থ মাত্রাহাররসাবহা।
তেন জীবতি গর্ভোগিপ মাত্রাহারেণ পোবিতঃ॥ ৩৭ ॥
অন্তিয়ন্তিনিশিস্টঃ পতিতঃ কুফিব্রনা।
মেদোহস্পিশ্বস্বাকো জরায়পুটসংবৃতঃ ॥ ৩৮॥
নিজ্ঞামন্ ভূশত্ঃখার্ভো রুদল্লটক্রেরধাম্থঃ।
যন্ত্রাদেবং বিনিশ্ব ক্রঃ পত্তারানশায়ত ॥ ৩৯ ॥

ত্বই প্রকার ;—ওবং, তেবং। তন্মধ্যে ওবং শুলুবণ আর তেবং ঈবং পীত ও রক্তবর্ণ। এই ওব্ধশুক্তই জীবনধারণের নিমিত ॥ ৩৪॥

জন্তমমাসে এই ওজ চঞ্চলভাবে থাকে, একবার মাতাকে, আবার গর্জকে আশ্রম করে, অতএব যদি ওজোরহিত হইয়া অন্তমমান্ত্রে সন্তান জন্মে, তবে সেই সন্তান জীবিত থাকিতে পারে না। ৩৫॥

বেমন ভারবহনপ্রান্ত ব্যক্তি ভার ক্যন্ত করিতে ক্রেতিও কিছু কাল তুফী-খাবে ব্রথক্তি করে, সেই প্রকার গভন্থ শিশুও প্রস্ব-প্রতিবন্ধক অদৃষ্ট বশতঃ প্রস্বের উপযুক্ত সময় নবমমাসাদি আগত হইলেও কিছু কাল গর্ভেই অবস্থিতি করে॥ ৩৬॥

গভত্থ শিশুর নাভিত্থা নাড়ী জননীর রক্তবহা নাড়ীকে আশ্রন্ধ পূর্বক অবস্থিতি করে। সেই নাড়ীই জননীর ভূক্তপীত জব্যের রস বহন করিয়া লয় এব এই রসের দারাই শিশু পোষিত হইরা জীবন ধারণ করে॥৩৭॥

অনস্তর বোনিমওলস্থ অস্থিকপ যত্তের ঘারা ব্যথিতাক হইরা বোনিবার দিয়া বহিনিঃস্ত হয়। তথন শিশু মেদ ও রক্ত ঘারা লিপ্তাক এবং জরায়-পুটে আবৃত থাকে॥ ৬৮॥

এই প্রকারে অতি ছ:খ-পীড়িত হইয়া ধোনিযন্ত্র হইতে অধোমুথে নিক্রামণ-পূর্বাক উজ্জৈয়ের রোদন করিতে থাকে এবং উদ্ভানভাবে শরন করে॥ এ॥। অকিঞ্চিৎকতদা লোকৈর্মাংসপেশীবদান্থিত:।
বিমার্জারাদিন প্রিভোগ রক্ষাতে দণ্ডপানিভি:॥ ৪০ ॥
পিতৃবজাক্ষসং বেজি মাতৃবজ্জাকিনীমপি।
প্রং পরোবদজ্ঞানাৎ দীর্ঘকষ্টস্থ শৈশবম্॥ ৪১ ॥
শেষণা পিহিতা নাড়ী সুষুমা যাবদেব হি।
বাক্তবর্গঞ্চ বচনং ভাববক্তাং ন শক্তাতে ॥ ৪২ ॥
অতএব চ গভেহপি রোনিত্যং নৈব শক্তাতে ॥ ৪৩ ॥
দ্পোচথ বৌবনং প্রাপা মন্মথজরবিহনল:।
গায়ত্যকমাত্তৈস্ত তথাকম্মান্ত বল্গতি ॥ ৪৪ ॥
আরোহতি তরুন্ বেগাঞ্জান্তাত্ত্তেরুরত্যপি।
কামক্রোধমদান্ধ: সন্ন কাংশ্চিদপি বীক্ষতে ॥ ৪৫ ॥
অহিমাংসশিরালায়া বামারা মন্মথালরে।
উত্তানপৃতিমঞ্কপাটিতোদরস্ক্লিভে।
আসক্তঃ স্মরবাণার্ড আসুনা দহুতে ভূশম্॥ ৪৬ ॥

তথন শিশু সর্কবিধ ক্ষমতাশৃষ্ঠ হইয়া অবস্থান করে, তাহাকে একটা মাংসপিওবং লক্ষিত হয়,অতএব সর্কানাই স্বজনেরা দণ্ডপাণি হইয়া মার্জ্জাবাদি দংষ্ট্রিগণের নিকট হইতে তাহাকে রক্ষা করেন॥ ৪০॥

এই সময়ে ইহার কিছুমাত্র বিবেক থাকে না, তাই ভয়ে রাক্ষসগণকে পিতার স্থায়, ডাকিনী-(রাক্ষসীবিশেষ) গণকে মাতার স্থায় মনে করে এবং জননীর স্থাননিঃস্ত প্রকে পয়োজানে গ্রহণকরে; অতএব শৈশবকাল অতীব কট্টশায়ক, ইহাতে সন্দেহ নাই। ৪১॥

বে পর্যান্ত স্থানাড়ী শ্লেম দারা সমারত থাকে, তাবৎ পর্যান্ত স্পাইরূপে বাক্য বলিতে পারে না। এই কারণেই গর্ভে তাদৃশ কট পাইরাও ক্রন্সন ক্রিতে সমর্থ হর না॥ ৪২-৪৩॥

অনম্ভর যৌবনে পদার্পণ করে, তথন গর্মিত এবং কামজরে বিহ্নল হয়, কথন উটচে: মরে গান করে, কথন বা নিপ্রায়োজনে মুপরাক্রমের প্রশংসা করে, কথন সবেগে বৃক্ষোপরি আরোহণ করে, কথন শাস্তব্যক্তিগণকে উদ্দে-জিত করে, তথন কাম, ক্রোধ ও মদে অন্ধীভূত হইয়া কাহাকেও গ্রাহ্ম করে না ঃ ৪৪-৪৫ ঃ

এই दोवनकारन अन्ति, भाःम ও नितामत्री तमनीत छेखान पूर्वचाधिक ও

অন্থিমাংসশিরাত্বগ্ ভ্যাঃ কিমন্তব্রত্তে বপুঃ।
বামানাং মাররা মৃতো ন কিঞ্জিলীকতে জগং॥ ৪৭॥
নির্গতে প্রাথপবনে দেহো হস্ত মুগীদৃশঃ।
বথা হি জারতে নৈব বীক্ষাতে পঞ্চবৈদ্দিনৈঃ॥ ৪৮॥
মহাপরিভবস্থানং জরাং প্রাপ্যাতিত্বংবিতঃ।
শ্লেমণা পিহিতোরক্ষো জ্বামরাং ন জীর্যাতি॥ ৪৯॥
সার্লস্তো মন্দদৃষ্টিঃ কট্তিজ্ঞকষায়ত্ত্ব।
বাতভ্রাক্টিগ্রীবাকরোক্লচরণোহ্বলঃ॥ ৫০॥
গদাযুতসমাবিষ্টঃ পরিভ্তঃ স্ববন্ধতিঃ।
নিঃশোচো মলদিশ্বাক্ব আলিক্তিববোষিতঃ॥ ৫১॥

াবশীর্ণ মণ্ডুকের উদরের স্থায় স্মর্মন্দিরে (বোনিস্থানে) সমাসক্ত হইয়া কামৰাণ-পীড়ায় স্বয়ংই অতিশয় দগ্ধ হইতে থাকে । ১৮॥

স্ত্রীর দেহ অস্থি,মাংস শিরা এবং ত্বক ভিন্ন আব কিছুই নহে, তথাপি যুবক কামিনীর মারার মৃশ্ধ হইরা স্ত্রীদেহেব প্রকৃত তত্ত্ব বুঝিতে পারে না, সে জগংকে স্ত্রীমরই নিরীকণ করে ॥ ৪৭ ॥

স্থীদেহ হইতে প্রাণবায় নির্গত হইরা গেলে, পঞ্চ বড্দিনের পরেই সেই মৃগীদৃশীর দেহ বে কি অবস্থার পরিণত হইবে, তাহা একবারও আলোচনা করে না॥ ৪৮॥

এই ত যৌবনাবস্থার ক্লেশ বর্ণিত হইল, তৎপরে বার্দ্ধকাবস্থা প্রাপ্ত হইরা অতি তৃ:খিত-চিত্তে কাল্যাপন করিতে হয়। এই অবৃস্থার পরিভৃত হইরা থাকিতে হয়, বক্ষঃস্থল শ্লেম্বাবা আচ্ছর থাকে, ভ্রুত অর পরিপাক করিতে সামর্থ্য থাকে না॥ ৪৯॥

দস্তাবলী বিশীণ হইরা যার, দৃষ্টিশক্তি মন্দীভূতা হর, সর্বাদাই ব্যাধি-নিবৃ-ত্তির জন্ম কটু, তিক্ত ও ক্যায় বদের আত্মাদ করিতে হর, বায়ু ছারা কটি, প্রীবা, কর, উক এবং চরণদ্বর ন্র্যাভূত হর, তথন শরীর বলহীন হইরা প্রে ॥ ৫০ ॥

এই সমরে দশ সহস্র ব্যাধি দারা আক্রান্ত এবং স্ববন্ধ দারা পরিভৃত হর, সর্বাদা শৌচহীন, মললিপ্তান্ধ দেহে দশ্ধ হইতে থাকে । ৫১॥ ধানেরস্পভান্ ভোগান্ কেবলং বর্ততেইচল:।
সর্কেন্সিরালোপাদ্ধন্ততে বালকৈরপি॥ ৫২ ॥
ততো মৃতিকতঃথক্ত দৃষ্টাস্কো নোপলভাতে।
বস্ণাদিভাতি ভূতানি প্রাপ্তানাপি প্রাং রুক্তম্॥ ৫০॥
নীয়তে মৃত্যুনা করু: পবিদক্তোইপি বক্তি:।
সাগনান্তর্জনগভো গরুডেনের প্রগঃ॥ ৫৪॥
হা কান্তে। হা ধনং। প্রা:। ক্রেন্সান: স্থাকণম্।
মঙ্ক ইব সর্পেণ মৃত্যুনা নীয়তে নরঃ॥ ৫৫॥
বিদ্যুন্থামানের্ মৃচ্যমানের সন্ধির্।
বদতঃথং মির্মাণক্ত স্থাতাং ত্রুম্কৃতি:॥ ৫৬॥
দৃষ্টাবাক্ষিপ্যাণান্নাং সংক্রেরা হির্মাণরা।
মৃত্বপাশেন বন্ধন্ত ত্রাতা নৈবোপলভাতে॥ ৫৭॥

তথন কেবলমাত স্বাত সমাদি-ভোগ-লিপ্সা হয়, দেহ ক**ম্পিত হইতে** খাকে, সমস্ত ইন্দ্রিষেব ক্রিয়াকারিতা বিলুপ্তায়ে হয়, স্তরাং বালকগণও উপহাস করিতে থাকে, সমস্তর মৃত্যু উপস্থিত হয়॥ ৫২॥

মৃত্যুয়াতনার বর্ণনা আর কি করিব, প্রাণিগণ বিবিধ পীড়া উপভোগ করিয়াও মৃত্যুর নিকট ভীত হর অর্থাৎ মৃত্যু আকাজ্জা কবে না॥ ৫৩॥

গরুড বেমন সাগরতলগত সর্পকে গ্রহণ করে, ভজ্রপ বন্ধুগণ কর্তৃক সমাকীর্ণ থাকিলেও মৃত্যু জীবকে গ্রহণ করিয়া প্রস্থান করিয়া পাকে॥ ৫৪॥

মৃত্যশব্যার পতিত ব্যক্তি যমদূত দর্শনে দারুণরূপে 'হা কা**ল্ডে! হা ধন!** হা পুত্র।' বলিয়া ক্রন্দন করিতে থাকে। তথন সর্প যে**রূপ মঙ্ক গ্রহণ করে,** সেই প্রকার মৃত্যুও মানবকে লইয়া প্রস্থান করে॥ ৫৫॥

প্রাণবায় মশাস্থান সকল পরিত্যাগ করিলে এবং হন্তপদাদির সন্ধিস্থানগুলি বিশ্লথ হইয়া পড়িলে তথন মিয়মাণ ব্যক্তির বাদৃশ তৃঃখ সম্পস্থিত হয়, তাহা যেন মৃম্কুগণ সর্বাদা স্মরণ করেন। মৃম্কুগণের কদাপি দেকে বিশ্বাস করা কর্ত্তব্য নহে॥ ৫৬॥

যথন জীব মৃত্যুপাশে আবিদ্ধ হয়, তথন ষমদ্তের দৃষ্টির আক্ষেপে সংজ্ঞা বিলুপ হইরা যায়, সেই কালে কেহই রক্ষক হইয়া উপস্থিত হয় না ॥ ৫৭ ॥ সংক্রমানন্তমসা মহচিত্তমিবানিশম্।
উপায়তত্তদা জ্ঞাতানীকতে দীনচক্রা। ৫৮॥
অরংপাশেন কালেন স্বেল্পাশেন বন্ধৃতি:।
আত্মানং ক্রমাণস্তমীকতে পরিত্তথা॥ ৫৯॥
হিক্রা বাধ্যমানস্ত খাসেন পরিত্তব্যত:।
মৃত্যুনাক্রমাণস্ত ন থক্তি পরায়ণম্॥ ৬০॥
সংসার্যস্তমারতা বমদ্তৈর্বিষ্টিত:।
ক যাস্তামীতি ত:থার্ড: কালপাশেন বোজিত:॥ ৬১%
কিং করোমি ক পছামি কিং গৃহামি তাজামি কিম্।
ইতিকর্ত্রবাস্ত্: ক্লুন্দেহান্ত্যজ্তাস্থন্ ॥ ৬২॥
যাতনাদেহসংবদ্ধা যমদ্তৈর্বিষ্টিত:।
ইতো গ্রাম্ভবতি যা যাস্তা যম্যাতনা:।
তামু যল্লতে তু:থং তছ্কং সহতে কুত:॥ ৬২॥

মৃত্যুকালে জীব অজ্ঞান দারা সমাচ্ছন্ন হয়, তথাপি ক্ষণে ক্ষণে যেন বিবে-কের উনয় হইরা থাকে, তৎকালে আত্মীরগণ সন্বোধন করিলেও সন্তাষণ করিতে অসমর্থ হইরা কেবল দীনচক্ষে তাহাদিগের প্রতি দৃষ্টিপাত করে॥৫৮॥

ম্রিরমাণ ব্যক্তি এক দিকে কালের লৌহমর পাশে, অপব দিকে বন্ধগণের স্লেহ্মরপাশে আরম্ভামাণ হইরা চতুর্দিকে নিরীক্ষণ করিতে থাকে॥ ৫৯॥

মৃত্যুকালে হিক্কা পীড়ন করিতে থাকে, খাসমারা কঠ শুদ্ধ হইরা যার এবং মৃত্যুও আকর্ষণ করিতে থাকে, তথন কেহই তাহাকে রক্ষা করিতে পারে না। ৬০॥

এইরপে সংসারবস্তারত জীব যমদ্ত কর্তৃক আক্রান্ত ও কালপাশের দারা সংবোজিত হইরা তৃ:থিতচিত্তে 'আমি কোথার যাইব' এই প্রকাব চিস্তা করে॥ ৬১॥

আমি এখন কি করিব, কোথার যাইব, কাহাকে আশ্রম করিব, কি প্রকারেই বা বন্ধুগণকে পরিভ্যাগ করিব,এই প্রকার চিন্তা করত ইভিকর্ভব্যতা-ন্থির-বিষয়ে বিমুশ্ধ হইরা অভি কষ্টে দেহ হুহতে প্রাণ পরিভ্যাগ করে॥ ৬২॥

অনম্ভর ইহলোক হইতে যমলোকে গমন করিয়া যমদ্তগণ কর্তৃক আফ্রান্ড ও তাদৃশ যাতনামর দেহ দারা সংবদ্ধ হইয়া বে সমন্ত ব্যবাতনা অহু- কপ্রচন্দনাদৈত্তে লিপ্যতে সততং হি যৎ।
ভূষণৈভূবিতে চিত্রৈ: স্ববৈশ্ব: পরিবার্যকে॥ ৬৪॥
অস্প্, তাং জায়তেংপ্রেক্য: জীবত্যক্তং সদা বপু:।
নিষ্কাসয়ন্তি নিলয়াৎ কণং ন স্থাপন্নত্যপি॥ ৬৪॥
দহতে চ ততঃ কাঠিন্তন্ত্র ক্রিয়তে ক্রণাং।
ভক্ষাতে বা শুগালেন গৃধকুক্রবায়দে:।
পুনন দ্ভাতে সোংথ জন্মকোটিশতৈরপি॥ ৬৬॥

মাতা পিতা গুরুজন: স্বজনো মর্মোত, মারোপ্যে জগতি কক্ষ ভবেং প্রতিজ্ঞা। একো মতো ব্রজতি কর্মপুর:স্রোহয়ং, বিশ্রামসুক্ষসদৃশঃ থলু জীবলোক: ॥ ৬৭॥

সারং সায়ং বাসরুকং সমেতা:, প্রাত: প্রাতত্তেন তেন প্ররান্তি। ত্যক্রান্যোংকু তঞ্চ বৃক্ষং বিহলা, ব্যৱস্থাত্রোহ্**জা**ত্র ত

ভব করিতে গাকে এবং ভদার। যে তঃথের উপলব্ধি হয়, তাহা বর্ণন কবিতে কে সক্ষম হইবে ? ৬৩॥

যে দেহ সর্বাণ কপুরি ও চন্দন প্রভৃতি অফলেপন দারা অমুলিপ্ত হইত, নানা প্রকার ভ্ষণে বিভূষিত হইত এবং বিচিত্র বহু দারা পরিবৃত গাকিত, সেই দেহই জীবশৃষ্ঠ হইয়া সকলের অস্পৃত্য ও অদৃত্য হইয়া থাকে এবং উহাকে জ্ঞাতিগণ তৎক্ষণাৎ গৃহ হইতে নিদাসিত করে, ক্ষণকালও তথার স্থাপিত করে না॥ ৬৪.৬৫॥

অনস্তর ক্ষণকালমধ্যেই - এ দেহ কার্চায়ি দারা ভশ্মীভূত করিয়া ফেলে এবং যে দেহের দাহক্রিয়া হয় না, ভাহাকে শৃগাল, গৃধ, কুরুর বা বায়সগণ ভক্ষণ করিয়া থাকে। শতকোটি জন্ম অতীত হইলেও আর সেই দেহ দৃষ্টিগোচর হয় না॥ ৬৬॥

ইক্সাল সদৃশ এই জগতে আমার মাতা, আমার পিতা, আমার গুরুজন, আমার বন্ধুগণ, এই প্রতিজ্ঞা স্থারিনী হয় না, কারণ, মৃত্যুর পরে স্থীয় কর্ম সহায় করিয়াই জীব গমন করে, তথন মাতা-পিত্রাদি কেহই সঙ্গী হয় না। স্তরাং মন্ত্রীবন কেবলমাত্র কয়েকদিনের বিশ্রামর্কস্বরূপ॥ ৬৭॥

যেমন প্রতিদিন সারংকালে পতকগণ সন্মিলিত হইরা একটি বৃক্ষ আত্রন্ধ করিয়া থাকে, অনম্ভর প্রতিদিন প্রাতঃকালে সেই বৃক্ষকে পরিত্যাগ পূর্বক মৃতিবীঙ্কং ভবেজন জন্মবীজং ভবেন্দুতি:।
ঘটযন্ত্ৰবদ্ধাত্যৈ বংল্মীত্যনিশং নর:॥ ৬৯ ॥
তবিতক্স মহাবাদধম ত্রো নাজোহন্তি ভেষজম্॥ ৭০ ॥

ইতি শ্রীপদাপুরাণে উত্তরপত্তে শিবগাঁতাত্পনিষ্থত্ত ব্রহ্মবিভারাং যোগশাহে শিবরাঘবসংবাদে অষ্টামোহধারিঃ। ৮॥

নবমোহধ্যায়ঃ

শ্রীভগবামুবাচ।

দেহস্বরূপং বক্ষ্যামি শৃণুলাবহিতো নূপ। মত্তো হি জায়তে বিশ্বং মহৈবৈতৎ প্রধান্যতে। মন্যেবেদমধিষ্ঠানে লীয়তে শুক্ষিরৌপ্যবং॥১॥

স্ব স্থানে চলিয়া নায়, এই প্রকার বন্ধুগণ ও অন্তাক্ত ব্যক্তিগণ সকলেই স্ব স্থ কর্মান্তরোধে কিছুকাল একত্র পাকিয়া যথায়থ স্থানে গমন করে॥ ৬৮॥

জনাই মৃত্যুর কারণ, আবার মৃত্যুই জন্মের কারণ অর্থাৎ জন্ম হইলেই মৃত্যু এবং মৃত্যু হইলেই আবার জন্ম, ইহা নিশ্চিত বিষয়। কুন্তকারের চক্র যেমন নিরম্ভরই ভ্রমণ করিতে থাকে, সেই প্রকার মানবও এই সংসারে পুন: পুন: ভ্রমণ করিতেছে॥ ৬৯॥

গতে শুক্রপাত হইতে অর্থাৎ উৎপত্তি হইতে আরম্ভ করিয়া মরণ পর্যান্ত পুরুষের যে মহাব্যাধির বিষয় বর্ণিত হইল, তাহার ঔষধ আমি (মহেশ্বর) ব্যতীত আর কিছুই নাই অর্থাৎ সংসার-ব্যাধির পরিক্রাতা আমি ভিন্ন আর বিতীয় নাই॥ ৭০ ৷

শীভগবান বলিলেন, হে রাজন্! একণে দেহস্বরূপ বলিতেছি, অব-হিত হইয়া শ্রবণ কর। যেমন অজ্ঞানবশ : শুক্তিতে রজতজ্ঞান হয়, আবার জ্ঞানোদর হইলে শুক্তিতেই উহার বিলয় হইয়া যায়, সেই প্রকার অজ্ঞান বশতঃ আমা হইতেই বিশের স্ঠি, আমা দারাই পালন হইয়া থাকে, আবার জ্ঞানোদর হইলে আমাতেই উহা বিলীন হইয়া যায়॥ ১॥ অহন্ত নির্মল: পূর্ণ: সচিদানন্দবিগ্রহ:।

অসলো নিরহন্ধার: শুকং ব্রহ্ম সনাতনন্ ॥ ২ ॥

অনাভবিতাযুক্ত: সন্ জগংকারণতাং ব্রক্তে ॥ ৩ ॥

অনির্বাচ্যা মহাবিতা ত্রিগুণা পরিণামিনী ।

বজঃ সন্তম্ভমশ্চেতি তদ্ওণা: পবিকীর্তিতা: ॥ ৪ ॥

সত্তং শুকং সমাদিষ্টং স্থক্জানাস্পদং নূণান্ ।

ডংখাস্পদং রক্তবর্ণং চঞ্চলঞ্চ রজো মতন্ ॥ ৫ ॥

তম: রুফং জড়ং প্রোক্তম্লাসীনং স্থাদির ॥ ৬ ॥

অতো মম সমাযোগাচ্ছক্তি: সা ত্রিগুণাত্মিকা ।

অধিষ্ঠানে চ মণ্যেব ভজতে বিশ্বরপতান্ ।

শুক্রো বজতবন্ত্র্রেলী ভুজলো য্রদেব তুল ৭ ॥

আাকাশাদীনি জারন্তে মন্তো ভ্তানি মাররা ।

বৈত্রারক্ষিদং সর্বাং দেহোহ্বং পাঞ্চভৌতিক:॥ ৮॥

কিন্তু আমি নির্মাল, পূর্ণ, সচিচদানলমূর্ত্তি, অসঙ্গ, নিরহক্ষার, শুদ্ধ, নিতা ব্রহ্মস্বরূপ হইয়াও ূ্র্আনাদি অবিজ্ঞা-সংযোগে জগতের কর্ত্বভাগী হইয়া থাকি ॥ ২০৩॥

আধার সর, বজ ও তমোগুণমরী অনির্বাচনীয়া পরিণামিনী মহাবিছা-শক্তি আছে । ৪ ॥

সত্ত্বপণ শুক্রবর্ণ, সুথ ও জ্ঞানের কারণ, রজোগুণ দুঃখাস্পদ, বক্তবর্ণ ও চঞ্চলম্বভাব এবং তমোগুণ রুফ্তবর্ণ, জড ও সুথাদিব অন্তংগাদক॥ ৫-৬॥

আমি শ্বত: অসঙ্গ উদাসীন হইলেও আমার এই ত্রিগুণাত্মিকা মারা-শক্তিই আমার সমাযোগবশত: নানাবিধ জগদ্রুপে পরিণত। হইরা থাকে। বেমন শুক্তিতে রক্ষত এবং রক্জুতে সপ্-জ্ঞান হইরা থাকে, তেমন শ্বিষানভূত আমাতেই এই বিশ্বজ্ঞান হয়॥ १॥

মারোপহিত-চৈতক্তররপ আমা হইতেই আকাশাদি পঞ্ভূত উৎপদ্ধ হয় এবং এই পঞ্চভূত হইতেই ব্রহ্মাণ্ডের ও এই দেহেব উৎপত্তি হয়, স্থতরাং ইহাকে পাঞ্চভৌতিক বলা যায়॥৮,॥ পিতৃত্যামশিতাদয়াং বট্কোবং জারতে বপু:।

সারবোহন্তীনি মজ্জা চ জারন্তে পিতৃতন্তবা॥ > ॥

তত্মাংসশোণিতমিতি মাতৃতক্ষ ভবন্তি হি।

ভাবাঃ বুঃ বড্বিধান্তক্য মাতৃকাঃ পিতৃজান্তবা।

রসজা আত্মজাঃ সন্তসংভূতাঃ আত্মজান্তবা॥ > ০॥

মুদবঃ শোণিতং মেদো মজ্জা প্রীহা বরুদ্গুদম্।

সন্তাংশাণিতং মেদো মজ্জা প্রীহা বরুদ্গুদম্।

সন্তাংশানকচন্ত্রায়শিরাধমনয়ো নবাঃ।

লশনাঃ শুক্রমিত্যাদি স্থিরাঃ পিতৃসমূত্রবাঃ॥ > ২॥

শরীরোপচিতির্ব্রেণা বৃদ্ধিন্তবিশ্বাং স্থিতিঃ।

মলোলুপত্মমূৎসাহ ইত্যাদীন রসজান্ বিতঃ॥ > ০॥

ইচ্ছা বেবঃ সুথং তৃঃথং ধর্মাধর্ম্মো চ ভাবনা।

প্রবড়ো জ্ঞানমায়ুক্তেন্দ্রিরাণীত্যেবমাত্মজাঃ॥ > ০॥

জ্ঞানেন্দ্রিরাণি প্রবণং স্পর্ণনং দর্শনং তথা।

রসনং ভাণ্যিত্যাতঃ পঞ্চ তেবাঞ্চ গোচরাঃ॥ > ০॥

পিতা-মাতার ভূক আন হইতে এই ষট্কোষবিশিষ্ট শরীরের উৎপত্তি হর, তন্মধ্যে সায়্, অস্থি ও মজ্জ। এই সকল পিতা হইতে উৎপন্ন হন আর অকৃ, মাংস ও রক্ত মাতা হইতে জন্মে। এই শরীর সম্বন্ধে মাতৃত্ব, পিতৃত্ব, রস্ক, আত্মক, সন্ত্রসভূত এবং সাম্ভা এই যড্বিধ ভাব আছে॥ ১-১০॥

তন্মধ্যে শোণিত, মেদ, মজা, প্রীহা, যক্তৎ, শুহুদেশ, হাদর, নাজি, এই মৃত্ পদার্থরাশি মাতৃজ ভাব , শুক্রা, রোম,কেশ, সায়ু, শিরা, ধমনী, নথ, দন্ত, শুক্রা ইগারা পিতৃজ ভাব ; শরীরোপচিতি অর্থাৎ উৎপত্তিকালে শরীরের স্থাতা, গৌরখ্যামন্তাদি বর্ণ, বৃদ্ধি অর্থাৎ ক্রমে শরীরের উপচর, তৃপ্তি, বল, স্থিতি অর্থাৎ অবয়বের দৃঢ়তা, অকার্পণ্য, উৎসাহ, ইহারা রসজ অর্থাৎ সপ্ত ধাতৃর অন্তত্ম ধাতৃক ভাব এবং ইচ্ছা, বেষ, সুখ, তৃঃখ, ধর্ম, অধর্ম, ভাবনা, প্রযন্ত, জ্ঞান, আয়ু ও ইন্দ্রির ইহারা আত্মজ অর্থাৎ প্রারক্তর্মিক ভাব॥ ১১-১৪॥

এই ইন্দ্রির; বিবিধ ;—ক্ষানেলিয়ে ও কর্মেলিয়ে। তন্মধ্যে কর্ণ, তক্, চক্ষ, রসনা এবং নাসিকা এই পাঁচটি জ্ঞানেলিয়ে এবং শব্দ, স্পর্ম, ব্লগ, ব্লগ ও গব্দ শব্দ: স্পর্শন্তথা রূপং রুসো গন্ধ ইতি ক্রমাৎ।
বাক্করান্ত্রিপ্রনোপস্থান্তান্ত: কর্মেজিয়ানি হি॥ ১৬॥
বচনাদানগমনবিসর্গরতয়: ক্রমাৎ।
কর্মেজিয়ালাং জানীয়ায়নশ্চৈবোভয়াত্রকয়্॥ ১৭॥
ক্রিয়াত্তবাং মনোবুদ্ধিরহকারত্ত: পরম্।
অতঃকরণমিত্যান্তাশ্চন্তং চেতি চতুইয়ম্॥ ১৮॥
স্থং তঃথক বিষয়ে বিজেয়ে মনস: ক্রিয়া:।
য়ৃতিভীতিবিকয়াতা বুল: ভালিশ্চয়াত্রিকা।
অহং মমেত্যইঙ্কাবশ্চিত্রং চেতরতে যতঃ॥ ১৯।
সন্ত্রাথ্যমন্তরণং গুণভেদাভ্রিধা মতম্।
সন্ত্রং রক্তরম ইতি গুণা: সন্ত্রান্ত্র সান্ত্রিকা:॥ ২০॥
আতিক্যপ্রদিধশৈকক্চিপ্রভৃতয়ে মতা:।
রক্তসা রাজদালুভাবা: কামক্রোধ্যদাদয়:॥ ২১॥

এই পাচটি জ্ঞানেব্রিয়ের গ্রাহ্য বিষয়। বাক্, হল্ত, চরণ, গুদ ও উপস্থ এই পাচটি কর্মেব্রিয় ॥ ১৫-১৬ ॥

কথন, গ্রহণ, গমন, মলত্যাগ এবং রমণ ক্রমে এই পাঁচটি কর্ম্বেলিরের ক্রিয়া জানিবে, আর মনকে জানেন্দ্রিয়, কর্মেন্দ্রিয় উভয়স্বরূপ জানিবে॥ ১৭॥

মন, বৃদ্ধি, অংকার ও চিত্ত এই চারিটিকে অন্তঃকরণ বলে॥ ১৮॥

তন্মধ্যে স্থপ ও তঃখ মনের বিষয় এবং স্মৃতি, ভয় ও বিকল্পাদি মনের ক্রিয়া জানিবে আনর নিশ্চরাত্মিকা বৃত্তিকে বৃদ্ধি, অহং মম ইত্যাকার বৃত্তিকে মহকার ও অভীত বিষয়ের স্মরণাত্মক বৃত্তিকে চিত্ত বলিয়া জানিবে॥ ১৯॥

এই সন্থনামক অন্তঃকরণ সন্থ, রজ ও তমোগুণভেলে তিন প্রকার, মতরাং পূর্বোক্ত সন্থল ভাবও তিন প্রকার, তমধ্যে আজিক্য, মনোনৈর্মাল ও ম্থ্যরূপে ধর্মবিষয়ে ক্লচি প্রভৃতি সান্তিক অন্তঃকরণ হইতে উৎপন্ন হয়, মতরাং ইহারা সান্তিক সন্থল ভাব। আর কাম, ক্রোধ, লোভ ও মদাদি রজোগুণ হইতে উৎপন্ন হয়, স্কুতরাং ইহারা রাজস সন্তল্প ভাব এবং নিস্তা, আলহ্য, অনবধানতাদি ও বঞ্চনা প্রভৃতি তমোগুণ হইতে সৃথ্পন্ন, স্কুতরাং ইহারা ভামস সন্তল্প ভাব বিলিয়া নির্দিষ্ট। পুন্রীয়ে আর কতকগুলি সন্তল্প হারা ভামস সন্তল্প ভাব বিলিয়া নির্দিষ্ট। পুন্রীয়ে আর কতকগুলি সন্তল্প

নিজালশুপ্রমাদাদি বঞ্চনাছান্ত তামসা:।
প্রসম্ভেরতারোগ্যানাশশুলাছান্ত সন্ত্রনা:॥ ২২ ॥
দেহো মাঞাত্মকন্ত্রশাদাদতে তদগুণানিমান্।
শব্দ: শ্রোক্রং মৃথব তা বৈ.চক্রাং স্ক্রন্ত: রতি:॥ ২০ ॥
বলঞ্চ গগনাঘায়ো: স্পর্শক স্পর্শনে ক্রিরন্।
উৎক্রেপণমবক্ষেপাকুঞ্চনে গমনস্তথা ॥ ২৪ ॥
প্রসারণমিতীমানি পঞ্চ কর্মানি কক্ষতা।
প্রাণাপাণো তথা ব্যানসমানোদানসংক্রকান্॥ ২৫ ॥
নাগ: কুর্মণ্ড ক্রকরো দেবদন্তো ধনজন্ম:।
দশ্রেতা বাযুবিকৃতীন্তথা গুরুতি লাঘ্যম্॥ ২৬ ॥
তেষাং মৃথ্যতরং প্রাণো নাভে: কণ্ঠাদ্যস্থিত:।
চরত্যসো নাসিকরোনাভো হদ্যপক্ষে ॥ ২৭ ॥
শব্দোচ্যারণনিশ্বাসাচ্চাসাদেবপি কারণম্॥ ২৮ ॥

ভাৰ বলা যাইতেছে। ইন্দ্ৰিয়ের প্ৰসরতা, আরোগ্য এবং অনালভাদি ইহারা সাত্তিক সত্তজ ভাব বলিয়া ক্ষিত হয়॥২০-২২॥

এই দেহ মাত্রায়ক অর্থাং এই দেহ ইচার উপাদান পঞ্ছত-তাদান্ত্রেটিংপন্ন; স্কৃতরাং উপাদানীভূত প্রত্যেক ভূতের গুণ গ্রহণ করিয়া থাকে। যথা,—এই(সুল দেহ আকাশ চইতে শব্দ, শ্রোত্রেন্দ্রিয়, বক্তর, কন্মকুশলতা, লঘুত্ব, ধৈর্য্য এবং বল এই সপ্ত গুণ গ্রহণ করে এবং বাযু হইতে স্পর্শ, ত্বিনির্দ্রে, উৎকেপণ, অবক্ষেপণ, আকৃষ্ণন, গমন, প্রসারণ ও কর্কশতা এবং প্রাণ, অপান, ব্যান, সমান, উদান, নাগ, কৃন্ম, ক্লকর, দেবদন্ত ও ধনঞ্জয় এই দশ প্রকার বায়্বিক্লতি এবং লঘ্তা এই একোনবিংশতি গুণ গ্রহণ করিয়া থাকে এই ২৬॥

এই দশবিধ বায়্র মধ্যে প্রাণই মৃথ্যতর, এই প্রাণবায় কণ্ঠ হইতে নাভিদেশ পর্যান্ত ব্যাপিয়া অবস্থিত এবং নাসিকারক, নাভি ও হৃদয়দেশে বিচরণ করিয়া থাকে। ২৭।

এই প্রাণবায়্ই শব্দোচ্চারণ, নিখাস ও প্রখাসের কারণ॥ ২০॥

অপানস্থ গুদে মেড্রে কটিজ জ্যোদরেষপি।
নাজিকণ্ঠে বক্জণরোরকজান্তম তিঠিতি।
তক্ত মৃত্রপুরীবাদিবিদর্গ: কর্ম কীর্ত্তিতম্য । ২৯ ॥
ব্যানোহক্ষিশ্রোত্র গুল কেম্ব জিহ্নাভাণের তিঠিত।
প্রাণারামগ্রতিত্যাগগ্রহণাত্ত কর্ম চ ॥ ৩০ ॥
সমানো ব্যাপ্য নিথিলং শরীরং বহিনা দহ।
দিসপ্রিসহশ্রেম নাজীরজেদ সঞ্চরন্ ॥ ৩১ ॥
ভুক্পীতর্সান্ সম্যানায়ন্দেহপৃত্তিকং।
উদানঃ পানরোরান্তে হন্তরোবঙ্গসন্ধির্ ॥ ৩২ ॥
কর্মান্ত দেহোরস্থনোৎক্রমণাদি প্রকীর্ত্তিতম্।
ব্যাদিধাতুনাপ্রিত্য পঞ্চ নাগাদেয় হিতাঃ॥ ৩০ ॥
উদ্যারাদি নিমেষাধি কৃৎপিপাসাদিকং ক্রমাণ।
তক্রীপ্রকৃতিশোকাদি তেষাণ কর্ম প্রকীর্ত্তিতম ॥ ৩৪ ॥

অপানবায় শুঞা, মেঢ়, কটি, জজ্যা, উদর, নাভি, কণ্ঠ, উক এবং জায়নেশে অবস্থিত আছে, ইহা দারা মৃত্রমলাদির পরিত্যাগ-ক্রিয়া সম্পন্ন হইয়া থাকে॥ ২৯॥

ব্যানবায় চক্ষ্, কর্ণ, গুল্ফ, জিহ্ন। এবং নাসিকাদেশে অবস্থিত, ইহা বারা প্রাণায়াম-বিষয়ে কৃষ্ণক, রেচন ও প্রণ ইত্যাদি কার্যা হইয়া থাকে॥ ৩০ ।

সমানবায়ু 'শরীরবহ্নির সহিত মিশিত হটয়া সমগু দেহ ব্যাপিয়া অবস্থিতি করে এবং বিসপ্ততি সহস্র শরীরস্থ নাড়ীর অভ্যস্তরে বিচরণ করে॥ ৩১ ।

এই বায়ু ভুক্ত-পীত দ্রব্যের রস সকল আনমন অর্থাং আকর্ষণ করত দেহের পুষ্টিসাধন করিয়া থাকে, এই নিমিত্ত ইহাকে সমান বায় বলে। উদান বায়ু পাদ, হস্ত এবং অঙ্গদস্কিস্থানে অবস্থিতি করে॥ ৩২॥

ইহা দারা দেহের উন্নয়ন ও উৎক্রমণাদি ক্রিয়া হইরা থাকে। পৃর্ব্ধাক্ত নাগাদি পঞ্চ উপবায়ু অক্, মাংদ, রক্ত, অস্থি, মজ্জা এবং স্নায়ু প্রভৃতি ধাতু আশ্রম করিয়া অবস্থিতি করে। এই পঞ্চ বাযুর মধ্যে নাগ বায়ুর উদ্গার ও হিক্তাদি, কুর্মের নিমেষ, উন্নেষ ও কটাক্ষাদি, কুক্রের ক্ষ্যা, পিশাদা ও অবেস্থ বোচক: রূপং দীপ্তং পাকং প্রকাশতাম্।
অমর্বতীক্ষুস্থাণামোজন্তেজন্ত শ্রতাম্॥ ৩৫ ॥
মেধাবিতাং তথাদত্তে জলাত রুসনং রুসন্।
শৈত্যং স্নেহং দুবং স্বেদং গাঁত্রাণাং মৃত্তামপি॥ ৩৬ ॥
ভূমের্দ্রাণিজ্রিরং গন্ধং হৈর্ঘ্যং ধৈর্যাঞ্চ গোরবম্।
ক্যুস্থ মাংসমেদোহস্থিমজ্ঞাশুক্রাণি ধাতবঃ॥ ৩৭ ॥
অরং প্ংসাশিতং তেথা জারতে জঠবাগিনা।
মলং স্বিক্টো ভাগঃ স্থান্যধামো মাংস্তাং ব্রজেং।
মনঃ কনিটো ভাগঃ স্থান্যধামো মাংস্তাং ব্রজেং।
অপাং স্থবিষ্টো মৃত্রং স্থান্যধামো ক্ষিরং ভবেং।
কনিটভাগঃ প্রাণঃ স্থান্ত্রমাৎ প্রাণো জলাত্মকঃ॥ ৩৯ ॥
তেজসোহস্থি স্থবিষ্ঠঃ স্থান্মজ্যা মধ্যসমূদ্রর:।
কনিটা বান্ধতা তত্মান্তেজোহবলাত্মকং জগং॥ ৪১ ॥

কুতাদি, দেবদত্তের আলহা, নিদ্রা ও জৃন্তণাদি এবং ধনঞ্জের স্বভাবতই শোক ও হাসাদিরূপ ক্রিয়া হইয়া থাকে॥ ৩০-৩৪॥

এই দেহ ক্ষিত্যাদি পঞ্চতাত্মক, ইহা পূর্বেই বলা হইয়াছে, এখন দেহ কোন্ ভূত হইতে কোন্ গুণ প্রহণ করে,তাহা বিবৃত হইতেছে)—(দেহ তেজোন্ধারা চক্রিন্দ্রি, খ্যামিকাদি রূপ, শুরুরপ, ভূকদ্রোর পরিপাকশক্তি প্রকাশতা অর্থাৎ শদ্ বি, ক্রোধ, তীক্ষতা (পরিভবাসহিষ্ণুর), রুশতা, ওল (শরীর-ধারক তেজোবিশেষ), সন্তাপ, পরাক্রম এই সমন্ত গুণ প্রাপ্ত হইয়া থাকে, জল হইতে ধারণাশক্তি, রসনেন্দ্রি, বড়বিধ রস, শৈত্য, সেহ, ত্রব, ঘর্ম এবং শরীরের মৃত্তা গ্রহণ করে, পৃথিবী হইতে দ্রাণেন্দ্রির, গন্ধ, স্থিরতা, ধৈর্যা, গুরুর, বক্, রক্ত, মাংস, মেদ, অন্তি, মজ্জা এবং শুক্র ধাত্ উৎপদ্ধ হয়॥ ৩২-৩৭॥

প্রাণীমাত্রেরই ভূক অন্ন জঠরাগ্নি দারা তিন ভাগে পরিণত হয়, তন্মধ্যে ফলভাগ মল, মধ্যমভাগ মাংদ এবং শেষভাগ মনরাপে পরিণত হয়, তাই মনকে শ্রুতিতে অন্নময় বিশিষ্ধ। নিজেশ করিয়াছেন । প্রাণ্

জলের স্থানার মৃত্, মধ্যমভাগ কৃধির এবং শেষভাগ প্রাণরূপে পরিণত হয়, তাই প্রাণকে অলময় বলে ৩৯॥

তেজ অর্থাৎ তেজন্তর দ্বতাদির স্থলভাগ অন্তি, মধ্যমভাগ মজ্জা এবং শেষ-

লোহিতাজ্ঞায়তে মাংসং মেদো মাংসসমূত্ত্বম্ ।

মেদসোহন্ত্রীন জান্তত্ত্ব মজ্জা চান্থিসমূত্ত্বম্ ॥ ৪২ ॥
নাড্যোহপি মাংসসংঘাতাচ্ছুক্রং মজ্জাসমূত্ত্বম্ ॥ ৪২ ॥
বাতপিত্রক্ষাশ্চাত্র ধাতত্ত্বং মজ্জাসমূত্ত্বম্ ॥ ৪২ ॥
বাতপিত্রক্ষাশ্চাত্র ধাতত্বং পরিকীর্জিতাঃ ।
দশাপ্রলি জলং জ্ঞেরং রসস্থাপ্পরায় নব ॥ ৪০ ॥
বক্তপ্রাটো পুরীষস্থ সপ্ত হি প্লেম্বন্দ ষট্ ।
পিতস্থ পঞ্চহারো মৃত্রস্থাপ্রনম্বরঃ ॥ ৪৪ ॥
বসায়া মেদসো ছৌ তু মজ্জা অপ্রলিসন্দিতঃ ।
অর্জাপ্রলি তথা শুক্রং তদেব বলম্চাতে ॥ ৪৫ ॥
অস্থাং শরীরে সংখ্যা স্থাৎ ষ্টিষ্ক্রং শতত্ত্বম্ম ।
জলজানি কপালানি ক্রচ্নাশ্তরণানি চ ।
নলকানীতি তান্থাহং পঞ্চধান্থীনি স্বেরঃ ॥ ৪৬ ॥
ছে শতে অন্থিসন্ধীনাং স্থাতাং তত্ত্ব দশোন্তরে ।
রৌরবাং প্রসরাঃ স্কলসেচনাঃ স্থাক্সনু থলাঃ ॥ ৪৭ ॥

ভাগ বাগিজিররপে পরিণত হয়, তাই বাগিজিয়কে তেজোমর বলিয়া থাকে। ৪০।

রক্ত হইতে মাংস, মাংস হইতে মেদ, মেদ হইতে অন্থি, অন্থি হইতে মজ্জা, মাংসসমূহ হইতে নাডী এবং মজ্জা হইতে ওজের উৎপত্তি হইরা থাকে 1 ৪১-৪২ ॥

এই শরীরস্থ বায়ু, পিত্ত ও কক এই তিনটিও ধাতু নামে অভিহিত হইরা থাকে। এই শরীরে জনাদি পদার্থ কোন্টি কত অঞ্চল-পরিমিত আছে, তাহার নির্দেশ করিতেছেন।—-জল দশ অর্থাল-পরিমিত, রস নব অঞ্চল-পরিমিত, রস্ত অন্ত, মল সপ, প্রেমা ছয়, পিত নব, মৃত্ত তিন, বসা ছই, মেদ তই ও মজ্জা এক অঞ্জাল-পরিমিত এবং শুক্ত অর্জাঞ্জাল-পরিমিত আছে। এই শুক্রই বলপ্রদু, ইহাকে বলস্ক্রপ বলিয়া শাকে॥ ৪৩-৪৫॥

এই শরীরে তিন শত বাটথানি অন্থি আছে। পণ্ডিতগণ এই অন্থিকে পাঁচ প্রকারে বিভক্ত করিয়াছেন। যথা, অগজ, কপাল, কচক, তরণ এবং নলক ॥ ৪৬॥

এই भंदीरत दिगंठ मनगरशुक चर्हिद मिक चार्टि, এই मिक्सिनश्रीत

সমূদ্যা মণ্ডলাঃ শঙ্খাবর্ত্তা বামনকৃত্তলাঃ।
ইত্যান্তথা সমূদ্দিন্তাঃ শবীবেদ্বন্তিসম্বরঃ ॥ ৪৮ ॥
সার্দ্ধবেদিন্তাঃ ব্যান্তং দশবথাত্মত ।
বেশাদসাবে৷ নাস্ত্যেব পদার্থো তৃবনত্ররে ॥ ৪৯ ॥
দেহেহিমিন্তিমানেন ন মহোপারবৃদ্ধরঃ।
অহল্বাবেশ পাপেন ক্রিয়ন্তে হন্ত সাম্পাতম্ ॥ ৫০ ॥
তত্মাদেত্র্যুক্তর বিবোদ্ধবাং মনীবিণা ॥ ৫১ ॥

ইতি শ্রীপদ্মপুরাণে উপবিভাগে শিবগীতাস্পনিষৎস্থ ব্রহ্মবিছায় ° যোগশাং .
শিব-বাঘবসংবাদে শ্রীবনিকপণ নাম

नवरगरिशांत्रः॥ ॥॥

দশমোহধ্যায়ঃ। শীৰাম উৰাচ।

ভগবদত্র জীবোহসের জন্মেদে হৈহবভিষ্কতে। জায়তে বা কুতো জীব: স্বকণং বাস্থ্য কিংবদ " >॥

বৌৰ্ব, প্রাসর, স্কল্সেচন, উল্থল, সম্দা, মণ্ডল, শভাবির্ত, বামনকুণ্ডল এই জাই নামে বিভক্ত ॥ ১৭-৪৮॥

এই শবীরে সার্দ্ধ ত্রিকোটি রোম এবং ত্রিলক্ষ শাশ্রু ও কেশ আছে)
হে দাশবথে। আমি এই পয্যস্ত তোমার নিকট শবীর-স্বন্ধ বর্ণন কবিলাম।
এই দেহাপেক্ষা অসাৰ দ্রব্য ত্রিভূবনে স্থাব নাই॥ ৪৯॥

কিন্তু কি পবিতাপেব বিষয় 'বে, পাপ বশত: এই দেহাভিমান ছারাই প্রা'ণগণ মোক্ষরণ উৎসব এবং তাহার উপায়-বিষয়ে অধ্যবদায়ী হয় না। অতএব হ্রোম। দেহের প্রতি বিরক্তিসাধনের নিমিত্ত মনীধী ব্যক্তিব পূর্ববিণিত এই দেহস্করণ বিবেচনা করা কর্তব্য॥ ৫০-৫১॥

শ্রীরাম জিজ্ঞান করিলেন, ছে ভগবন্! এই প্রাণিদেহে জীব কি স্বভা-স্ববিস্থতি কৰে, না জীবের উৎপক্তি হয়, স্বার কেনই বা জীব এই দেহান্তে কুত্র বা ষাতি গন্ধা বা কুত্র ভিষ্ঠতি।
কনমায়াতি বা দেহং পুনর্নায়াতি বা বদ॥ ২॥
শীভগবাসবাচ।

নাধু পৃষ্টং মহাভাগ গুহাৎ গুহুতমং হি বং।
নেবৈরপি স্কৃতজ্ঞে দ্বমিন্তাবিদার্কা মহাবিভিঃ॥ ॰॥
অক্টেম্ম নৈব বক্তব্যং ময়াপি রঘুনন্দন।
অভ্নতাহং পরং প্রীতো বক্ষ্যাম্যবহিতঃ শৃণু॥ ৪॥
সত্যজ্ঞানায়কোহনস্তঃ পরমানন্দবিগ্রহঃ।
পবনায়া পরংজ্যোভিরব্যক্তোহব্যক্তকারণম্॥ ৫॥
নিত্যো বিশুদ্ধঃ সর্ববাত্মা নিলে পোহংং নিরজনঃ।
সর্বধেমবিহীনন্ট ন গ্রাহ্মো মনসাপি চ॥ ৬॥
নাহং সর্বেন্তিয়গ্রাহঃ সর্বেষাং গ্রাহকো ফহম্।
জ্ঞাতাহং সর্বলোকস্থা মম জ্ঞাতা ন বিভাতে॥ ৭॥

প্রকার সংজ্ঞা দেওয়া হয় এবং ইহার স্বরূপই বা কি প্রকার, স্থাপনি তৎসমক্ত বলুন। প্রস্তু জ্ঞাব দেহনাশ হইলে কোথায় গ্যন করে, গ্যন করিয়া কোথায় অবস্থান করে, কেমন করিয়া পুনরায দেহে স্থাগ্যন করে, স্থবা স্থাগ্যন করে না, তৎসমক্ত স্থামায় বলুন ॥ ১-২ ॥

মতেশার বলিলেন, তে মহাভাগ রাম ! তুমি সাধু-বিষয়ক **প্রান্ন করিয়া**ছ, ইহা মতীব গুহু বিষয়, অধিক কি, ইন্ত্রাদি দেবগণ এবং মহর্ষিগণেরও এই বিষয়**টি** অতিশয় তৃত্তেরি॥ ০॥

তে রঘ্নন্দন। আমিও তোমার পৃষ্ট এই সমস্থ বিষয় অভের নিকট কীর্ত্তন করি নাই, কেবলমাত্র তোমাব ভক্তি দাবা প্রীত হইয়া তোমাব স্মীপে বলিব, তুনি অবহিত হইয়া শ্রবণ কর ॥ ৪ ॥

সত্যজ্ঞানস্থকপ, অনস্ত, প্রমানন্দমূর্ত্তি, প্রম জ্যোতি, অবাক্ত অর্থাৎ অবিজাবৃত জীবগণের সঙ্গন্ধে গৃঢ় এবং অব্যক্ত অর্থাৎ মায়ার অবভাসকর, নিত্য শুদ্ধ, বৃদ্ধ, নিঃসঙ্গ, ক্রিয়াবভিত, সর্কাজ্মন্ত্রপ আমি প্রমাল্মন্ত্রপ শ্রামি সর্ক-ধর্মবিহীন, মত্রএব আমাকে মনের দারাও বিষয় করিতে পাবা বায় না ॥৫-৬॥

পরস্থ আমি সর্ব্ব ইন্দ্রিরের স্থাহ্য পদার্থ, অথচ সকল পদার্থের আমিই একমাত্র গ্রাহক, আমি সর্ব্বলোকের জ্ঞাতা, কিন্তু কেহই স্মানকৈ স্থানিতে , পারে না ॥ ৭ ॥ দ্ব: সর্কবিকারাণাং পরমাথাদিকশু চ ॥ ৮ ॥
বতাে বাচাে নিবর্জন্তে অপ্রাপ্য মনসা সহ।
আনলং ব্রন্ধ মাং জ্ঞাতা ন বিভেতি কৃতশ্চন ।
বস্তু সর্কাণি ভূতানি মধ্যেবেতি প্রপশ্চতি ।
মাঞ্চ সর্কোণি ভূতানি হাত্যেবাভূবিজানতঃ ।
কো মাহন্তব্র কং শােক একত্মমুপশ্চতঃ ॥ ১১ ॥
এব সর্কেষ্ ভূতের্ গুঢাত্যা ন প্রকাশতে ।
দৃশ্চতে তথ্যায়া বৃদ্ধা স্ক্রন্থা স্ক্রন্দিভিঃ ॥ ১২ ॥
আনাদ্যবিদ্যায়া যুক্তবাপ্যেকােহ্হমব্যায়: ।
অব্যাক্তব্রক্রপাে জগৎকর্তা মহেশ্বরঃ ॥ ১৩ ॥
জ্ঞানমাত্রে যথা দৃশ্যমিদং স্বপ্রে জগভ্রম্ম্ ।
ভ্রন্মির জগৎ সর্কাং দৃশ্যতেহন্তি বিলীয়তে ॥ ১৪ ॥

আমি পরাণু প্রভৃতি সমন্ত বিকার-পদার্থের অভীত ॥ ৮ ॥

বে পদার্থ বাক্য ও মনের অবিষয়, আমাকে সেই আনন্দর্রপ ব্রহ্ম পদার্থ বিদায় জানিবে। এই প্রকার জানিতে পারিলে জন্ম-মরণাদি কোন প্রকার সংসারভারই থাকে না। ১॥

বিনি সমস্ত প্রাণিগণকে স্থামাতে স্থান্তভাবে দেখিতে পান এবং সর্থ-প্রাণিতে স্থামাকেই দর্শন করেন, তিনি এই সংসারে কাহাকেই নিন্দা করেন না॥ > • ॥

বিনি ভূতসমূহকে আত্মন্বরপরণে অবগত হইতে পারেন, সেই একজদশী আনী পুরুষের মোহ বা শোক কিছুই থাকিতে পারে নাএ ১১।

কিন্ত বাহারা মারা-ম্থা, সেই সমন্ত প্রাণীর সম্বন্ধে সেই আত্মা গুঢভাবে অবস্থিত থাকেন, কদাপি অবভাসিত হয়েন না। যাঁহারা স্ক্রদর্শী ব্যক্তি, ভাঁহারাই প্রবণ-মননাদি-ম্সংস্কৃত বৃদ্ধি ঘারা আমাকে আয়ক্সপে প্রত্যক্ষ করিয়া থাকৈন ॥ ১২॥

আমি এক নির্ব্ধিকার পুরুষ হইরাও অনাদি অবিদ্যা-সংগোগে নাম রূপ দারা অনভিবাক্ত অবিদ্যোপহিত ব্রহ্মরূপ প্রাথ হইর। জনতের স্টিকাগ্য করিয়া থাকি, তাই আমাকে মহেশ্বর বলে ॥ ১৩॥

त्यमन चन्नावकात्र जात्मक निर्मार्थत्रहे क्यांनमात्व मृष्टि इहेश वारक, वास्त-

নানাবিছাসমাযুক্তো জাবদেন বসাম্যুহ্য ।
পঞ্চ কর্মেন্দ্রিরাণ্ডের পঞ্চ জ্ঞানেন্দ্রিরাণি চ ।
মনো বৃদ্ধিরহঙ্কারশ্ভিতং চেতি চতুইরম্ ॥ ১ / ॥
বারবঃ পঞ্চ মিলিতা যান্তি লিকশরীরতাম্ ॥ ১ ৬ ॥
তত্তাবিছাসমাযুক্তং চৈতক্তং প্রতিবিদিত্য ।
ব্যবহারিককাবস্ত ক্লেত্রক্তঃ পুক্ষোহপি বা ॥ ১ ৭ ॥
দ এব জগ গং ভোক্তা নাছয়োঃ পুণ্যপাপরোঃ ।
ইহাম্ত্র গতী তত্ত জাগংবপ্রাদিভোক্ত্তা ॥ ১৮ ॥

বিক তাহাদের সন্তা নাই, তেমন অবিভা দারা আমাতেই এই সমন্ত জগতের দৃশ্রত এবং বিশয় অবস্থিত বহিয়াছে অর্থাৎ যেমন স্বপ্নদৃষ্ট পদার্থ মিথ্যা হইলেও জ্ঞানকালে তাহার সত্যতা উপলব্ধ হয়, তেমন জগতের দৃশ্রত, অন্তিম এবং বিশয়াদি বান্তবিক মিথ্যা হইলেও অবিদ্যা দারা প্রতীয়মান হইরা থাকে॥ ১৪॥

এই পর্যান্ত পরমাত্মাব স্বরূপ নিরূপণ করত। ইদানীং রামের পৃষ্ট বিষয়ে । উত্তর বলিতেছেন।—তে রাম । আমি নানাপ্রকার অবিভাগংশুক্ত হইয়া জীবরূপে বাস কবি । * (এই পর্যান্ত জীবের স্বরূপাদি-বিষয়ন্দ প্রয়ের উত্তর করা হইল, ইদানীং জীবের লোকান্তরগ্যনা-প্রমন-প্রতিপাদনের নিমিত্ত লিকশরীরস্বরূপ বলিতেছেন)—পঞ্চ কর্মেক্তির, পঞ্চ জ্ঞানেজ্রিয়, মন, বৃদ্ধি, অহজার, চিত্ত এবং প্রাণাদি পঞ্চ বাযু মিলিত হইয়া লিকশরীর নামে অভিনিত হয়॥ ১৫-১৬॥

•এই লিফ্শরীরাভিমানী অবিদ্যোপহিত চৈতন্তই ত্যাবহারিক জীব, ক্ষেত্রজ্ঞ এবং পুরুষ নামে কথিত হয়॥ ১৭।

এই জীবই প্রবাহরূপে অনাদি পুণ্যপাপজনিত অদৃষ্টের ভোগ করে এবং লিকশরীরকে নিমিত্ত করিয়া ইহলোক-পরলোক-গমন ও জাগ্রৎ-স্বপ্নাদি অবস্থা তোগ করিয়া থাকে ॥ ১৮॥

^{*} সচিচদানন্দ্ৰরূপ ষহেশ্বরই মধন জীবরূপে অবস্থিতি করেন, তথন জীব কিংকরূপ, এই প্রশ্নে জীব যে সচিচদানন্দ্ৰরূপ, তাহা প্রতিপাদিত হইল এবং জীব উৎপন্ন হর কি না, এই প্রশ্নে উৎপন্ন হর না, ইহাও স্চিত হইল।

যথা দপণকালিয়া মলিনং দৃশুতে মৃথ্য।
ত্বদন্তঃকরণগৈদে বিরাজাপি দৃশুতে॥ ১৯।
পরস্পরাধানবশাৎ স্থাদস্তঃকরণাত্মনোঃ।
একীভাবাভিমানেন পরাত্মা ছংথভাগিব॥ ২০॥
মকভূমৌ জলত্বেন মধ্যাহ্যাকমরীচিকাঃ।
দৃশুকে মৃচ্চিত্তশু ন হার্দ্রান্তাপকারকাঃ॥ ২১॥
তব্দাত্মাপি নিলেপো দৃশুতে মৃচ্চেত াম্।
স্বাবিভাগাগ্রদোধেণ কর্ত্বাদিকধর্মবান্॥ ২২॥
তব্দ চারময়ে পিঙ্গে হাদ জীবোংবভিষ্ঠতে।
আনপাগ্রং ব্যাপ্য দেহং তদ্ক্রবেহ্বহিতঃ শৃথু।
সোহ্যং তদভিমানেন মাংসপিণ্ডো বিরাজতে॥ ২০॥

বেমন দর্পণীর কালিমাদার। তংপ্রতিবিদিত মুখও মলিনরপে দৃষ্ট হয়, তেমনি অন্তঃকরণগত কামক্রোধানিদোধ দার। জীব মলিনরপে প্রতীত হইয়া থাকে । ১৯॥

আত্মা ও অন্ত:করণের পরস্পার অধ্যাস বশতঃ অর্থাৎ আত্মার ধর্ম অন্ত:করণে এবং অন্ত:করণের ধন্ম আত্মাতে আরোপিত হওয়ায় উভরে বেন একীভাবাপর হইয়া বার, তাই আত্মা নিতঃগ হইয়াও অন্ত:করণগভ ভ:বেরই বেন ভোগ করিতে থাকেন ॥২০॥ ১০

বেশন মধ্যাক্কালীন ঃ স্থ্যমন্ত্রীচিরাশি মক্তৃমিতে পতিত হইরা মৃচ্চিত্ত ৰাজিগণের সম্বন্ধে জলরপে পরিদৃষ্ট হইলেও উহার আর্দ্রতা লক্ষা হর না, পরস্ক উহা সন্তাপকারকই হইরা থাকে অর্থাৎ ভ্রম বশত: জলকপে প্রতীত হইলেও তাপজনকতা পরিত্যাগ করিয়া শীতলতা ধারণ করে না, তজ্ঞপ নির্দিপ্ত আত্মাও মৃথ্যচিত্ত ব্যক্তির সম্বন্ধে স্থগত অবিভাগোধবশত: কর্তৃত্যাদি ধর্মবিশিষ্ট বলিয়া প্রতীত হইলেও বহুত: ইহার স্বত: ক্রৃত্যাদি নাই, ইনি নির্দেশ অবস্থারই থাকেন ॥ ২১-২২ ॥

পূর্ব্বোক্ত জীব এই সুলদেহের শিরঃ প্রভৃতি নথাগ্র পর্যন্ত সমস্ত দেহটি সমাব্যাপ্ত করিরা হাদরদেশে অবস্থিতি করেন . স্মতরাং এই দেহ মাংসপিওরূপ কড়পদার্থ হইরাও জাত্মার সহিত ঐকাত্মাভাব বশতঃ "আমি মহ্ব্যু,
ভাষি ব্রাক্ত্মশ ইত্যাদি প্রকার অভিমান করিয়া থাকে । ২৩॥

নাভের্দ্ধমধঃ কণ্ঠাদ্বাপ্য তিন্ঠতি বং সদা।
তক্ত মধ্যেইন্ডি হদরং সনালং পদ্মকোশবং ॥ ২৪।
মধ্যেম্থঞ্চ তত্রান্তি স্কাং স্থির মৃত্তমম্।
৮০ইকোশমিত্যক্তং তত্র জীবোহবাঁ তন্ত্রতে ॥ ২৫ ॥
বালাগ্রশতভাগক্ত,শতধা কল্লিভক্ত চ।
ভাগো জীবঃ স বিজ্ঞেরঃ স চানস্ত্যার কল্লতে ॥ ২৬ ॥
কদসর স্থমোদ্দকেশর। ইব সর্বতঃ।
প্রস্তা হদরাল্লাভোগ বাভির্দ্ধান্তং শবীবকন্॥ ২৭ ॥
হিতং বলং প্রবচ্ছন্তি তক্ষাত্তেন হিতাঃ ক্ষতাঃ।
দাসপ্রতিসহক্ষৈত্রঃ সংখ্যাতা বোগবিত্তমৈঃ ॥ ২৮ ।
হদরাত্রান্ত নিক্রান্তা ব্যাক্তিনিগতাঃ ॥ ২৯ ॥
একোত্তরশতং তান্ত মৃথ্যা বিশ্বহিনিগতাঃ ॥ ২৯ ॥

নাভির উদ্ধ ও কণ্ঠের অধঃস্থানে প্রাণ-বায় অবস্থিতি কবে,এই প্রাণ-বাষ্ক্র সঞ্চারস্থানে নালযুক্ত পদ্মকোশের সায় হৃদয়-পুগুরীক অবস্থিত আহে॥ ২৪॥

এই স্বাদয়-পুণুরাক অণোমুখে অবস্থিত, ইহাতে উৎক্ট সুদ্দ ছিদ্দ আছে, ইহাকে "দহরাকাশ" বলে। এই স্থানে জীব অবস্থান কবেন। ২৫॥

কেশাগ্রকে শত ভাগ কবিরা তাহার এক ভাগকে আবাব শতধা বিভক্ত করিলে বে স্ক্রভাগ হয়, তৎসদৃশ অর্থাৎ অতি স্ক্র জীব-স্বরূপ জানিবে। জীবের এতাদৃশ স্ক্রত উপাধিবশতঃ কল্লিত হইয়া থাকে, বাস্তবিক পক্ষে উপাধির অপগম হইলে জীব অপরিচ্ছিন্নরূপেই প্রতীয়মান হয়েন॥ ২৬॥

ে এই প্রাপ্ত জীব-স্থকপ বর্ণন।করিরা তৎপ্রসঙ্গে নাডার বিষয় বিশিত্ত ছেন)—বেমন কদম্ব-পুশ্পের গ্রন্থি হইতে কেশররাজি প্রস্তুত হইরা উহার চতুর্দ্ধিকে পরিবাপ্তি থাকে, তদ্ধ্রপ জনমদেশ হইতে নাডী সকল প্রস্তুত হইরা সমস্থ শরীর পরিবাপ্তি করিয়া বাথিরাছে । ২৭॥

'এই নাড়ী সকল হিত অর্থাৎ দৈহিকবল প্রদান কৰে, এই নিমিত্ত ইতারা হিত নামে অভিহিত চইয়াছে। ঘোগবিৎ ব্যক্তিগণ এই নাড়ীর বাসপ্রতি সহস্র সংখ্যা নির্দেশ কবিয়াছেন ॥ ২৮॥

বেমন অর্ক-বিশ্ব হুইতে রশ্মিমালা বিনিক্ষান্ত হয়, তেমন স্থান চুইতে নাড়ী সমূহ বিনিগত হুইয়াছে। এই নাড়ী সমূদায়ের মধ্যে এক শত একটিই প্রধান এবং ইহারা দেহের সর্বত্ত প্রত্তে শাছে। ২৯॥ বহস্তাভো যথা নভো নাডাঃ কর্মকলং তথা।
অনক্তৈকের্দ্ধিগা নাড়া মৃদ্ধপর্যন্তমঞ্জনা ॥ < ।
প্রতীন্দ্রিং দশ দশ নির্গতা বিষয়ে মৃথাং ।
নাডাঃ শর্মাদিহেত্ হাৎ স্বপ্রাদিকলত্ক্তরে ॥ ৩১ ॥
মুধ্রেতি সমাদিষ্টা তয়া গচ্ছবিমৃচ্যতে ।
তরোপচিতচৈতক্তং জীবাজানং বিত্র্ধাঃ ॥ ৩২ ॥
বথা রাহরদৃশ্রোহিপি দৃশুতে চক্রমগুলে ।
তবং সর্বগতোহপ্যাজা লিদদেহেহপি দৃশ্রতে ॥ ৩৩ ॥
দৃশ্রমানে যথা হস্তে ঘটাকাশোহপি দৃশ্রতে ।
তবং সর্বগতোহপ্যাজা লিদদেহেহপি দৃশ্রতে ॥ ৩৪ ॥
নিক্তলঃ পরিপূর্ণোহপি গচ্ছতীত্বপ্রচর্যতে ।
জাগ্রংকালে যথা জ্ঞেরমভিব্যক্তবিশেষধীঃ ॥ ৩৫ ॥

বেমন নদী সকল জলরাশি ধারণ কবে, তেমনি এই নাড়ী সম্দায় কর্মন কবি অর্থাৎ স্থত-তঃথাদি বহন করিয়া থাকে। এই একশত একটি নাড়ীর মধ্যে স্ব্য়া নাড়ী সরলভাবে মন্তক পর্যান্ত পামিনী। ইহা অনস্ক কল প্রদান করে বলিয়া ইহাকে অনস্থা বলে ॥ ৩০ ॥

এই নাড়ী সমূহ বিবরোমূপ হটয়। প্রত্যেক ইন্দ্রিরের প্রতি দশ দশটি করিরা বিনির্গত হটরাছে। ইহারা স্থ-তৃ:বের হেতৃ এবং জাপ্রৎ-স্থাদি অবস্থায় ফল-ভোগের কারণ॥৩১॥

এই বে সুষ্মা নাড়ীর কথা বলা ইইল,ইহার আলম্বনে যিনি গমন করিছে গারেন, তিনি মুক্তিভাগী হরেন। কিন্তু এই মুক্তিকে কৈবল্য বলা বাম না। পশুন্তপণ সুষ্মা নাড়ীঘারা উপচিত চৈতন্তকে জীবাআ,বিলয়া জানেন অর্থাৎ এতাদৃশ উপাসনার জীবভাব পরিহার হয় না, কিন্তু ইহা ঘারা ব্রহ্মলোকে গমনরপ গৌণী মুক্তি সাধিত হইয়া থাকে ॥ ৩২ ॥

বেমন রোজ অনুতা পদার্থ হইরাও চন্দ্রমণ্ডলের, আলমনেই দৃষ্টিগোচর হয়, তেমনি জীব সর্বপত হইলেও কেবলমাত্র লিক্সরীরালমনেই ইচার অভিব্যক্তি হইরা থাকে ॥ ৩৩ ॥

খটের আলখনেই বেমন ঘটাকাশ পরিদৃষ্ট হয়, তেমনি আত্মা সর্কব্যাপী কইলেও লিকদেহালখনেই ভাঁহার জ্ঞান হইয়া থাকে ॥ ৩৪ ॥

আংল্মা পরিপূর্ণ নিশ্চল পদার্থ হইরাও লিক্দেছের গমনবারা গমনশীল

ব্যাপ্রোতি নিজ্জির: সর্বান্ ভাত্মর্শ দিশো ধবা।
নাড়ীভির্ক্, ত্রেরা বাস্তি লিকদেবসমূত্রবা: ॥ ৩৬ ॥
তত্তৎকর্মারসারেশ জাগ্রন্তোগোপলকরে।
তীনং নিজশরীরাধ্যমামোক্ষং ন বিনশুলি ॥ ৩ ॥
আত্মজ্জানেন নষ্টেংশিন্ সাবিন্তে স্বশরীরকে।
আত্মজ্জানেন নষ্টেংশিন্ সাবিন্তে স্বশরীরকে।
আত্মজ্জানেন নষ্টেংশিন্ সাবিন্তে স্বশরীরকে।
আত্মজ্জানেন নষ্টেংশিন্ সাবিন্তে স্বশরীরকে।
তিৎপাদিতে ঘটে ব্রদ্ঘটাকাশব্যুচ্ছতি।
ঘটে নষ্টে গ্রাকাশং স্বরূপেনাবতিষ্ঠতে ॥ ৩৯ ॥
ভাগ্রহর্ক্সকর্বশাৎ স্বপ্রভোগ উপস্থিতে।
বোধাবস্থাং তিরোধার দেহাভাশ্রন্তক্ষণান ॥ ৪০ ॥

বিনিয়া উপচবিত হয়েন এবং জাগৎকালে বিষয়াকারে আকারিত অল্তঃকরণে প্রতিবিধিত হইয়া থাকেন। তথন স্থা যেমন দশদিক পরিব্যাপ করে, তেমনি মাআ নিক্ষির হইয়াও সমস্য পদার্থে অভিস্বদ্ধ হয়েন। বল্পতঃ এতাদৃশ বিষয়াভিদম্বদ্ধ মায়ার ধর্ম নহে, কিন্তু লিল্পেন্ড-সম্ভূত চিত্তর্থি সম্হই নাড়ী-সহায়ে বিষয়ের সহিত সন্মিলত হইয়া বিষয় প্রকাশ করিয়া থাকে ॥ ৩৫-২৬ ॥

ি নিজ নিজ কশাসুসারে জাগ্রদবস্থার সুখতঃখাদি-জ্ঞানের নিমিত যে কিঙ্গদেনের পূর্ব্বোক্ত বৃত্তি কথিত চইল, এই লিঙ্গদেহ মৃত্তিনা হওয়া পর্যাক্ষ বিনষ্ট হয় না, মৃত্তি হইলেই এই লিঙ্গদেহের বিনাশ হইয়া থাকে ॥ ৩৭ ॥

ক্রীব ও প্রমাত্মার ঐক্যজ্ঞান হইলে যখন অবিদ্ধার সহিত খদেহ বিনষ্ট হইরা যার, তথন জীব কেবল আত্মস্বরূপে অবস্থিতি করে, ইহাকেই প্রাঞ্জ মৃক্তিবলে ॥ ৩৭ ॥

বেমন ঘট উৎপন্ন হইলে, তদবচ্ছিন্ন আকাশ ঘটাকাশ নামে ব্যবহৃত হয়, আবার ঘট নষ্ট হইরা গেলে যেমন আকাশ নিজ অরপে অবস্থিতি করে অর্থাৎ উপাধি ঘটের অভাবে আর ঘটাকাশ বলিয়া ব্যবহারাম্পদ হয় না, (তক্ষেপ জীরের অ্রপাবস্থিতিই মুক্তিনামে অভিহিত হইরা থাকে)। ৩৯॥

এই পর্যান্ত জাগ্রদবস্থার বিষয় বর্ণনা করিয়া এখন স্থাবস্থার বিষয় বর্ণন করিতেছেন।—জাগ্রদবস্থার ভোগপ্রদ কর্মের ক্ষয় হইলে স্থাবস্থার ভোগপ্রদ কর্ম সকল উদ্বৃদ্ধ হইরা উঠে, তখন জাগ্রংকালীন দেহগেহাদির কংশারাবিতসংশ্বারগুত্র স্থারিরংসয়া

অবস্থাক প্রারাত্যতাং মারাবা চাল্পমারর।

ঘটাদিবিষয়ান্ সর্কান্ বৃদ্ধাাদিকরণানি চ।

ভতানি কপ্রবশতো বাসনামাত্রসংগ্রতান্ ॥ ৪২

এতান্ পঞ্জন্ স্থাংজ্যোভিঃসাক্ষ্যাত্মা ব্যবভিন্তত।

অত্যান্তঃকরণাদীনাং বাসনালাসনাত্মতা।
বাসনামাত্রসাক্ষিত্রং তেন ৬চ্চ পরাত্মনঃ ॥ ৪৪ ॥
বাসনাভিঃ প্রপঞ্চোহত দৃশতে কন্মচোদিতঃ।
ভাগজুমৌ যথা তদং কর্কপ্রক্রিয়ারকঃ ॥ ৪৫ ॥
নিঃশেববৃদ্ধিসাক্ষ্যাত্মা স্বন্ধ্যের প্রকাশতে।
বাসনামাত্রসাক্ষিত্রং সাক্ষিণঃ স্থাপ উচাতে ॥ ৪৬ ॥
বাসনামাত্রসাক্ষিত্রং সাক্ষিণঃ স্থাপ উচাতে ॥ ৪৬ ॥

সাক্ষাংকালরণ বোধাবস্থা তিরোহিত হয়। সেই কালে স্পার স্থাবস্থারই ভোগ ককক" এই প্রকার ঈশবেজাবশতঃ জীবের স্বপ্রপ্রদ কর্ম থারা হস্তী অর্মাদি নানাপ্রকার বিষয়ঘটিত সংস্কার উদ্দুদ্ধ হইয়। থাকে,তথন মায়াবী জীব আত্মায়া অর্থাৎ অবিভা বশতঃ জাগ্রৎ অবস্থা হইতে অন্ত প্রকার অবস্থা প্রাপ্ত হয়। তৎকালে কেবল বাসনারণে অবস্থিত ঘটাদি সমস্ত বিষয় এবং কর্মবশতঃ সম্পুদ্ধ বৃদ্ধাদি অন্তঃকরণসমূহকে অবভাসিত করত স্বয়ংজাতিঃ সাক্ষিরপ আত্মা অবস্থিত থাকেন অর্থাৎ তৎকালে বিষয়ের অভাব বশতঃ বাসনারণে অবস্থিত বিষয়রাশিকেই প্রকাশ করেন। পরস্ত স্থান্বস্থাতে অন্তঃকরণাদি সমস্তই বাসনারণে পরিণত হয়, স্থুতরাং এই অবস্থাতে আত্মা কেবলমাত্র বাসনারই সাক্ষী হইয়া থাকেন অর্থাৎ বিষয়াধিবাসিত বাসনাকেই প্রকাশ করিয়া থাকেন ॥ ৪০-৪৪॥

জাগ্রংকালে যেমন কর্ত্তা, কর্মা ও ক্রিয়াদিসমভিব্যাহারেই বিষয়ের উপলব্ধি হয়, স্বপ্লাবস্থায়ও তদ্ধ্যপ্র প্রকাশবশতঃ বাদনা হারা বিষয়প্রপঞ্চ উপলব্ধ হইরা থাকে অর্থাৎ বাদনাময় বিষয়রাশিই প্রতীয়মান হইতে থাকে এবং সমস্ত বিষয়ের সাক্ষিত্বরূপ আত্মা স্বয়ংই প্রকাশমান হয়েন, সত্তএব আত্মা বধন বাদনামাত্রকেই প্রকাশ করেন, সেই অবস্থাকেই স্বাপ্ত বলে ॥ ৪৫-৪৬॥

l

ভূতজন্মনি ষ্টুতং কর্ম ত্থাসনাবশাং।
নেদীয়ন্ত্রান্ধরস্থান্যে স্বপ্নং প্রায়ঃ প্রপশ্যতি। ৪৭ ॥
মধ্যে বয়সি কার্কগ্রাং করণানামিহাদিতঃ।
প্রায়েণ বীক্ষতে স্বপ্নং বাসনাকর্মণোবাদিং॥ ৪৮ ॥
উষাস্মং পরলোকন্দ কর্মবিভাদিসভূতম।
ভাবিনো জন্মনো রূপ্ন স্বপ্ন আব্রা প্রপশ্যতি॥ ১৯ ॥
বহুং প্রপতনাচ্চ্যেনঃ প্রান্থো গগনমভূলে।
আকুঞ্চা পক্ষো গততে নীডে নিশ্রনায় নীঃ॥ ৫০ ॥
তবং জাগুৎস্বপ্রভূমো শ্রান্থ আত্যাভিসঞ্চরন্।
আপীতকরণগ্রামং কাবণেনৈতি চৈকতাম্॥ ৫১ ॥

জাগ্রৎকালে যে সমন্ত বিষয় অন্ত্রত হয়, স্বপ্নে তাহাই পরিদৃষ্ট হইয়া থাকে, তন্মধ্যে প্রথম অবস্থায় অর্থাং বাল্যাবস্থায় স্থলপান-কন্দ্রক্রীড়াদিই সপ্নে প্রায় দৃষ্ট হইয়া থাকে, কাবল, বাল্যকালে স্থলপানাদি-বিষয়ক অন্ত্রত অতি নিকট-কালবর্ত্তী, স্থতবাং তত্তবিষয়ক বাসনারই প্রাবল্য এবং মধাবয়সে অর্থাৎ হৌবনকালে ইন্দ্রিয়গণের পট্টা নিবন্ধন মানব বহুতর বাপোরে লিপ্নে হইয়া থাকে, অতএব তংকালীয় বাসনা স্বস্থোচিত অধ্যয়ন, মৃদ্ধ, কৃষি ও বাণিজ্য প্রভৃতি জাগ্রৎকালীন অন্তব্ববাসিতা থাকে, তাই স্বপ্নেও তজ্জাতীয়বিষয়েরই দর্শনি হইয়া থাকে ॥ ৪৭-৪৮॥

অনস্তর পরলোক-গমনের সম্ভাবনা হইলে অর্থাং শেববয়সে নিজ কর্ম ধ বিভাদি বশতঃ যে প্রকার ভাবীজন্মের স্বর্গ লক্ষপ্রায় হইয়াছে অর্থাৎ ইহজন্মের কর্মাদিয়ারা যেরূপ ভাবীজন্ম সম্পাদিত হইবে, সেই কর্মাদির বাসনা বশতঃ আব্যা স্থপ্নে ভাদৃশ জন্মাদিস্থকপ দর্শন করিয়া থাকে॥ ৪৯॥

এই প্রকাবে জাগুৎ ও স্বপ্লাবতা নিরূপণ করিয়া ইদানীং সৃষ্ত্তি অবস্থার বিষয় বলিতেছেন।—শ্রেন পক্ষী গগনমগুলে অতিশন্ন ত্রমণ বশতঃ বেমন আজি ইইয়া প্রমপরিহারের উপায় অন্থেবণ কবত পক্ষ আকৃঞ্চনপূর্বক নীড়প্রাপ্তির নিমিত্ত বত্ব করে, এই প্রকার জীবও জাগ্রং-স্থাবতার সঞ্চরণ বশতঃ অতিশন্ন প্রাপ্ত হইয়া ইন্দ্রিসমূহকে মূলকারণে বিদীন করও প্রমাত্মার সহিত একতা প্রাপ্ত হয়। ৫০-৫১।

নাভামাগৈরিক্রিয়াণামারস্থ্যাদার বাসনা:।
সর্বং প্রসিত্ব। কার্য্যঞ্চ বিজ্ঞানাত্মা বিলীয়তে॥ ১০
ঈর্ষরাপ্যেইব্যাক্ততেহও যথা স্থমরো ভবেং।
কংক্রপ্রপঞ্চবিলয়ন্তথা ভবতি চাত্মন:॥ ৫০॥
বোষিত: কাম্যানারা: সম্ভোগান্তে যথা স্থম্।
স আনন্দময়োহবাত্যো নাস্তর: কেবলন্তথা॥ ৫৪॥
প্রাজ্ঞাত্মান: সমাসাত্ম বিজ্ঞানাত্মা তথৈব স:।
বিজ্ঞানাত্মা কাবণাত্মা তথা তির্ম্নর্থাপি স:॥ ৫৫॥
অবিদ্যাক্ষর্ব্যায়ভবত্যেব স্থাং যথা।
তথাহং সুথমস্বাক্সং নৈব কিঞ্চিদবেদ্বম্॥ ৫৬॥

এই প্রকারে সাম্মাব সহিত একীভাব প্রাপে হইয়াও পুনরায় ব্যুথিত হয কেন, তদ্বিয় বলিতেছেন। স্পুপি অবস্থায় বিজ্ঞানাত্মা অর্থাৎ স্থীব নাডা-মার্গদারা সমন্ত অবিভাকার্য দাগ্রৎস্বপ্রাদি অবস্থার বাদনাবাশি-সংহিত্ত হইয়াই ঈয়বাথ্য মায়োপহিত হৈ হল্পে বিলীন হয়। অনস্তর স্থেময় হইয়া অবস্থিতি কবে। যেমন কাম্যমানা সীব সন্তোগসময়ে অক্সান্ত বৈষ্মিক স্থ অপেক। অধিকত্ব স্থামভূতি হয়. তেমনি স্থাপ্ত অবস্থায় অধিক স্থেক উপলব্ধি হইয়া থাকে, অত্তব তথ্ন স্পীব আনন্দময় হয়। তাহার বাহ বিষয়সম্বন্ধ বশতঃ কোন প্রকার বৃত্তি থাকে না এবং মোক্ষাবস্থার স্থায় মূল কারণেরও (অভিমানেব) নিবৃত্তি হয় না। স্ত্রাং আত্মা কেবলীভাব

জীব জাগ্রদাদি অবস্থায় যেমন অভেদভাব প্রাপ্ত হয় না, তেমনি সুষ্থি অবস্থায়ও প্রাজ্ঞাক্সা অর্থাৎ ঈশ্বরকৈ প্রাপ্ত হইলেও তাঁহার সহিত ভেদ-ভাব অবগত হয় না, কিন্ত জীব তথন তৃঃখবিরহিত হয়, এই নিমিত্ত তাঁহাকে কাবণাত্মা অর্থাৎ ঈশ্বব বলিয়া অভিহিত করা হইয়া থাকে ॥ ৫৫॥

সুষ্থি অবস্থার যদি অন্ধ:করণাদি সমন্তেরই বিলয় হইরা বার, তবে
"মুথ্মহমস্বাব্দং" অর্থাৎ আমি সুথে নিজিত ছিলাম, সুপ্তোশিত ব্যক্তির
এই প্রকার জান কেমন করিয়া হয়, এই আগতি মনে করিয়া বলিতেছেন।
—বেমন সুষ্থি অবস্থায় অবিভাব স্বর্ত্তি বারা সুথায়তব হইরা থাকে,
তেমনি অবিভা বৃত্তিধারাই "সুথমহমস্বাব্দং ন কিঞ্চিদবেদিবং" ইত্যাদি
প্রত্যাতিজ্ঞা উৎপন্ন হয়॥ ৫৬॥

অজ্ঞানমপি সাক্ষ্যাদিবৃত্তিভিন্তান্ত্ত্বতে।

ইতোবং প্রত্যভিজ্ঞাপি পশ্চান্তভোপজায়তে॥ ৫৭ ॥
জাগ্রংস্থস্থপুগাধ্যমেবেহামুত্রলোকরোঃ।
পশ্চাৎকশ্বন্যাদেব বিক্লিকা ইবানলাং।
জায়স্তে কারণাদেব মনোবৃদ্ধ্যাদিকানি তু। ৫৮।
পয়ঃপূর্ণো ঘটো সম্বান্তময়ঃ সলিলাশরে।
তৈবেবাদ্ধ্ আয়াতি বিজ্ঞানাত্ম তথৈত্যকাং॥ ১
বিজ্ঞানাত্মা কাবণাত্মা তথা তিঙ্গংগুথাপি সঃ।
দৃশ্যতে সর্বমেষেব নষ্টেধায়াতাদৃশ্যতাম্॥ ৬০॥
একাকাবোংগ্যা তত্ত্বদান্তভিত্তীব সঃ॥ ৬১॥

পরস্থ সুষ্থি অবস্থায় কেবলমাত্র "সুথমহমস্বাপাং" এই প্রকার প্রভ্য-ভিজ্ঞাই বৈ হয়, তাহা নহে, কিন্ত বাপকালীন স্প্রিস্থার্ডি দারা স্ক্রানেরও সমূত্তি হইরা থাকে॥ ৫৭॥

এই দে জাগ্ৰৎ, স্থপ ও সুষ্পি অবস্থার বিষয় বর্ণিত হইল, ইছা ইছ-লোক প্রলোক উভ্যত্তই সমান জানিবে। এই প্রকারে অবস্থাত্তর নিরূপণ কবিরা, সুষ্পি অবস্থাব পব দে প্রকারে জাগ্রৎ অবস্থাব বিকাশ হয়, দৃষ্টাস্তদহ তাহা বিশিতেছেন।—বেমন ম্মি হইতে ইবিক্ষুলিঙ্গবাশি নির্গত হয়, তেমনি ফাগ্রৎ অবস্থাব অদৃষ্ট বশতঃ কাবণ অর্থাৎ জীবাজ্ঞান হইতে স্ক্ষরণে স্বব্ছিত বৃদ্যাদি স্থান্তপে প্রকাশিত হয়॥ ৫৮॥

দ্যম-প্রিপূর্ণ ঘট যেমন জলাশরে নিমগ্ন করিরা উদ্ধৃত করিলে উহা তাদৃশ স্বস্থারই বিভামান থাকে, তেমনি প্রমান্তার বিলীন জীবও সুষ্থি অপগমে ভিত্রবংই প্রতীয়মান হয়॥ ৫৯।

জীব ও পরমাত্মা অুসুপি অবস্থার একীভূত অবস্থার থাকিলেও উহাদের অভিনতা হর না এবং যতক্ষণ অজ্ঞান ও তৎকার্যোর সভা থাকে, ততক্ষণ প্রপঞ্চেরও জ্ঞান হইরা থাকে, আর যথন উহার বিলয় হয়, তবন প্রপঞ্চভ অদুশু হইরা বার। ৬০॥

বেমন একই স্থা জলাদি উপাধিভেদে ভিন্ন ভিন্নপে দৃষ্ট হইরা থাকেন, তেমনি সেই কৃতত্ব পরমপুরুষ আব্রা নির্বিকার কইরাও উপাধিবলভঃ সমনা-গমনশীল বলিয়া প্রতীয়মান ক্ষেন । ৬১ ॥ মোহ্মাত্রাস্তরাধ্বাৎ দকং তক্তোপপছতে ,
দেহাছাতীত আক্মাপি স্বয়ংজ্যোতিঃ স্বভাষ্তঃ !
 এবং জীবস্বরূপন্তে প্রোক্ত দশর্থাত্মজ ॥ ৬২ ॥
ত শ্রীপদ্মপুরাণে উপবিভাগে শিবগীতাস্পনিষ্থ ব্রহ্মবিদ্যায়াং
 যোগশাল্মে শিবরাহ্বসংবাদে জীবস্বরূপ্বর্ণনং
 নাম দশ্মোহণ্যায়ঃ ॥ ১০ ॥

এकाम्राभाश्यायः।

শ্রীভগবাসবাচ।

দেহান্তরগতিকতা পবলোকগতিন্তথা।
বন্ধ্যামি নূপশাদ্ধ মত্তঃ গুণু সমাহিতঃ ॥ > ॥
ভূক্তং পীতং গতন্ত্র তদ্রসাদামবন্ধনম্।
স্থলদেহতা লিজতা তেন জীবনধারণম্॥ > ॥
ব্যাধিনা জরয়া বাপি পীভাতে জাঠরোহনলঃ।
ক্ষেমণা তেন ভূক্তায়ং পীতং বা ন পচতাল্ম॥ > ॥

স্থভাবতঃ স্বয়ংজ্যোতিঃ দেহাত্তাত আহ্বাও মোহপ্ৰতিবন্ধ বশতঃ স্কুলপে প্ৰকাশিত ছইতে পান না, তাই উপাধিব বিক্দ ধৰ্ম ইাহার সম্বন্ধে কল্লিত হইয়া থাকে। হে দাশ্বথে। তোমাব নিক্ট এই জীবস্কুপবিষয় কীৰ্ত্তন ক্ৰিলাম। ৬২॥

শ্রীভগবান শিব বলিলেন, তে নৃপশ্রেষ্ঠ। জাঁবের দেহান্তবগতি এবং পবলোকগতিবিষধ ভোমার নিকট বলিতেছি, সমাহিতৃচ্তি প্রথণ কর॥ ১॥ ভূক্ত-পীত দ্রবোব রস দ্বাবা হলদেহে ও লিঙ্গদেহের পরস্পার নৃতন বন্ধন সম্পাদিত হয় এবং দৃঢ়বন্ধন এই দেহ দ্বারা প্রাণবায় বিধৃত হইয়া থাকে ॥>॥ বাধি বা জরা দ্বারা শ্রেমা সম্প্রযুক্ত হইয়া জঠবানল বিকৃত করিয়া দেয়, সেই কারণে জঠরায়ি ভূক্তপীত দ্রব্যকে পর্যাপ্তরূপে পরিপক্ত করিতে সমর্থ হয় না॥৩॥

ভূক্তপীতরসাভাবাত্তনা শুষান্তি ধাতবঃ।

ভূক্তপীতরসেনৈব দেহে লিম্পন্তি বারবঃ॥ ৪॥

সমীকরোতি ষত্ত্রশাৎ সমানো বাযুক্তাতে।

তদানীং তদ্রসাভাবাদামবন্ধনহানিতঃ॥ ৫॥

পরিপকরসত্ত্বন ষথা গৌরবতঃ কলম্।

সম্মেব পত্তাশে তথা লিঙ্গং তনোত্রজেৎ॥ ৬॥

তত্ত্রংস্থানাদপাক্ষয় স্থাকাগাঞ্চ বাসনাঃ।

আধ্যান্মিকাধিভূতানি সংপদ্মে চৈকতাং গতঃ॥ ১ ৪

তত্তোহধ্বগঃ প্রাণবায়ুং সংযুক্তো নববাযুভিঃ।

উদ্ধোজাুনী ভবত্যের তথা তেনৈকতাং গতঃ॥ ৮ ॥

চক্ষ্বোর্ণপি মৃদ্ধাে বা নাডীমার্গং সমাপ্রিভঃ।

বিজ্ঞাকশ্বসমাযুক্তো বাসনাভিশ্চ সংযুতঃ।
প্রাক্তায়ানং নমাপ্রিভঃ বিজ্ঞানাজ্যোপসপতি॥ ৯॥

ভূক্তপীত দ্রব্যের বসধারাই প্রাণাদি বাযুসমূহ দৈছিক গাড়ুর বৃদ্ধি কবিয়া দেয়, স্থতরাং সেই ভূক্তপীত দ্রোব রসাভাব হইলে অগাৎ উন্তমক্রে পরিণামবিশেষ হইলে অগাদি গাড় সকল বিশুদ্ধ হইতে থাকে॥৪॥

পঞ্চ বাধ্র মধ্যে সমান বাধ্ই প্রবৃদ্ধাত সমূহকে দেহে স্মীকৃত করিয়া দেয়, এই নিমিত্ত "সমান বাধৃ" বলিয়। কথিত হয়। কিন্তু বৃদ্ধাবস্থায় রস-ধাতুর অভাব বশতঃ স্থাদেহ ও লিখদেহের সংবন্ধন বিল্লথ হইতে থাকে। তথন পরিপক ফল যেমন আপন গুক্ত নিবন্ধন বৃদ্ধ হইতে আপনিই পতিভ হয়, তেমনি এই স্থাদেহ হইতে লিখদেহ বিলিই হইয়া যায়॥ ৫-৬॥

তথন প্রাণবায় ই দ্রিয়গণের বাসনা, জীবাত্মাতে অধ্যন্ত বৃদ্ধি প্রভৃতি অসঃ-করণ এবং আধিভৌতিক সোম প্রভৃতিকে আকশন করত কংপদে এক ত্রিত হইয়া অস্ত নব বায়ুর সভিত সন্মিলিতভাবে উদ্ধেনির্গত হয় এবং পথিকের সায় ইতন্ততঃ বিচরণ করে। তৎকালে জীবও সেই প্রাণবায়ুর সভিত একীভাবাপর হইয়া উপসর্পূণ করে॥ ৭-৮॥

দেহের কোন্ কোন্ ছার অবলঘন করিয়া নির্গত হয়, তাহা বলিতে-ছেন।—বিজ্ঞানাত্মা অর্থাৎ পরমাত্মা জীবাত্মাকে আত্মরপূর্বক বিজ্ঞা, কর্ম ও বাসনা ছারা সংযুক্ত হইয়া চক্ষ্, ব্রহ্মদ্বর ও নাড়ীমার্গ ছারা নির্গত হয়। এই যে আত্মার গমনবিষয় বর্ণিত হইল, ইহা মৃথ্য গমন নহে, কারণ, আত্মা পরি- বথা কুন্তো নারমানো দেশাদেশান্তরং প্রতি।
থপূর্ণ এব সর্বাত্র দ আকাশোংশি তত্র তু ॥ ১০ ॥
ঘটাকাশাখ্যতাং যাতি তথল্লিকং পরান্ধন: ॥ ১১ ॥
পুনর্দেহান্তরং যাতি যথা কর্মান্থসারত: ।
আমোক্ষাৎ সঞ্চরত্যেবং মংস্তঃ কুলবরং যথা ॥ ২২ ॥
পাপভোগান্ন চেদ্গচ্ছেদ্যমদ্ট গর্মিন্টিত: ।
যাতনাদেহমাশ্রিত্য নরকানেব কেবলম্ ॥ ১০ ।
ইত্তাপ্রিদিকর্মাণি যোহহাত্র্রিত সর্বাদা ।
পিতৃলোকং ব্রন্ধতাের যামমাশ্রিত্য বর্হ্বিঃ ॥ ১৪ ॥
ধুমং রাত্রিং গতঃ কৃঞ্পকং তন্মান্ত দক্ষিণম্ ।
অর্মঞ্চ ততাে গোকং পিতৃলাঞ্চ ততঃ পরম্ ।
চন্দ্রলোকে দিব্যদেহং প্রাপ্য ভূত্রেক পরাং শ্রের্ম ॥ ১৫ ॥

পূর্ণ পদার্থ, তাঁহার কথনই গমন-সম্ভাবনা নাই। বেমন আকাশ পরিবাণি পদার্থ, স্কুতরাং ঘট বেথানেই দেওরা বার, সর্ব্বতই আকাশের সম্বন্ধ থাকে, স্কুতরাং সকল স্থানেই ঘটাকাশ বলিয়া ব্যবহার হয়, তেমনি লিজ্পরীর বেথানেই ঘটক না কেন, ব্যাপক পরমান্তার সর্ব্বতেই বিভ্যানতা বশতঃ লিজদেহ সর্ব্বতে জীবপূর্ণই থাকে॥ ১ > ১ ॥

এই প্রকারে জীব নিজ কর্মান্সসারে পুনর্বার দেহান্তর প্রাপ্ত হইরা গাকে। বেমন মংশু নদীর এ কৃল ও কৃল সঞ্চরণ করিরা থাকে, তেমনি জীবও মোক্ষ না হওরা পর্যান্ত এই প্রকারে দেহ হইতে দেহান্তরে সঞ্চরণ করিতে থাকে ॥ ১২॥

জীব বদি পাপভোগের নিমিত্ত পমন করে, তবে ব্মৃদ্ত দারা আক্রান্ত ক্ট্রা হাতনাময় দেহ গ্রহণপূর্বক নবকে পমন করিয়া থাকে ॥ ১৩॥

ধিনি সর্বাণ যাগণজ্ঞাদি কর্ম ও তড়াপ প্রতিষ্ঠাদি ক্রিয়ার অস্ঠান করেন. তিনি অগ্নিসাধ্য যাগাদিবলৈ যমদ্ত কর্ডক নীয়মান হঁইয়া পিড়লোকে গমন করেন॥ ১৪॥

এই ইষ্টাপ্র্তকারা ব্যক্তি প্রথমে ধুম, তৎপর রাত্তি, তৎপর রুঞ্চপক্ষ এবং দক্ষিণারনের ই্থালখনে পিতৃলোক প্রাপ হইরা চক্রলোকে গমন করিরঃ থাকে এবং চক্রলোকে একপ্রকার দিবাদেহ ধারণ করত উৎকৃষ্ট শ্রীভোগ তত্ত চক্রদমানোহসৌ বাবৎ কর্মকলং বসেৎ।
তবৈব কর্মদেবেল বথেতং পুনরাব্রজেও। ১৬।
বপুর্বিংগর জীবরমাসাম্বাকাশমেতি স:।
আকাশাঘার্মাগত্য বারোরজাে ব্রজতার ॥ ১৭।
অল্লো নম্বং সমাসাম্ব ততাে বৃষ্টির্ভবেদসৌ।
ততে৷ পালানি ভক্ষাণি জারতে কর্মচোদিতঃ। ১৮॥
বোনিমলে প্রপত্তে শরীর্ষার দেহিনঃ।
ম্ক্রিমলে তু স যান্তি যথাকর্ম বথাক্রেম্। ১৯॥
তেংক্রেম সমাসাম্ব পিতৃভাগে ভ্রুতে পরম্।
তেংক্রেম বল্লীপ্রস্থাসকম্।
তেংকর্মান্সনারেণ ভবেৎ স্ত্রীপ্রপ্রস্থাসকম্।
তবং ভৌবগতিঃ প্রাজ্বা মৃক্তিং তক্স বদামি তে॥ ২১॥

করেন এব॰ চন্দ্র-সমান • ইয়া কর্মকলক্ষয় পর্যন্ত চন্দ্রকোকেই বাস করেন। অনস্তর কর্মকল ক্ষীণ হইলে ম্থাগতক্সপে আবার এই লোকে আগমন করেন॥ ১৫-১৬॥

ভখন চক্রলোকে যে ভোগদেহ প্রাপ্ত হইরাছিলেন, তাহা পরি-ত্যাগপূর্বাক পুনবা। নিদ্দরারবিণিট হইরা প্রথমে আকাশত, তৎপর বার্ত্ব, অনজর জলম এবং তৎপর মেঘত প্রাপ্ত হইরা অর্থাৎ আকাশাদি-সাদৃষ্ঠ প্রাপ্ত হইরা বৃষ্টিকপে পরিণত হয়েন। অনস্তর প্রারক্ষ কর্মবশতঃ ধাক্ত ও বিবিধ ভক্ষারূপে উৎপন্ন চইয়া থাকেন॥ ১৭-১৮॥

বাঁহারা পূর্ব্বাক ধৃমাদিষার্পে গমন করেন, তাঁহাদের মধ্যে সকলেরই সে পুনরাবৃত্তি হংবে. এরপ নির্ম নাই। ইহাদের মধ্যে অনেকে স্থাদেহ সহক্ষের নিমিত্ত পতে প্রবেশ করেন এবং অনেকে চিত্তশুদ্ধিশনক কর্ম ও চক্রলোকে অনুষ্ঠিও প্রবেশাদিসাধন ছারা ক্রমে মৃত্তি লাভ করিয়া গাকেন। ১৯॥

ঘাইবো অন্ন নেপে সম্পান হয়েন, তাঁহারা পিতা মাতা কর্ত্ক পরিভূক্ত হইরা শুক্র-শোণিতাকাবে পাবণত হইরা সর্ভন্তণে উৎপন্ন হয়েন এবং নিজকর্মায়-শারে স্ত্রী, পুরুষ ও নপুংসকাকার দেহ ধারণ করিয়া থাকেন। হে রাম ! এই পর্যন্ত আমি তোমার নিকট জাবের পতিবিষয়ক তন্ত্ব বর্ণনা করিলাম, কেমন করিয়া ভাগার মৃক্তি হইরা থাকে, ভাহা বলিতেছি, প্রবণ কর ॥ ২০-২ ১ ॥ বন্ধ শান্তাদিষ্ক: সন্ সদা বিভারতো ভবেং।
স বাতি দেববানেন ব্রহ্মনোকাবধিং নরঃ ॥ ২২ ॥
অর্চিভূ ছা দিনং প্রাপ্য শুক্রপক্ষমথো ব্রক্তেং।
উত্তরায়পমাসাভ সংবৎসরমধো ব্রক্তেং ॥ ২৩ ।
আদিত্যচন্দ্রনোকো তু বিত্যান্তাক্ষতঃ পরম্।
অথ দিব্যঃ পুমান্ কল্চিদ্রক্ষলোকাদিহৈতি স: ॥ ২৪ ॥
দিব্যে বপুষি সন্ধার জীবমেবং নয়ত্যসৌ ॥ ২৫ ॥
বন্ধনোকে দিব্যদেহে ভূক্তা ভোগান্ বংপেলতান্।
তত্রোবিছা চিরং কালং ব্রহ্মণা সহ মৃচ্যতে ॥ ২৬ ॥
শুক্রক্রম্বতো যন্ত্র ন স যাত্যেব কুত্রচিং।
ভশ্ত প্রাণা বিলীয়ন্তে জলে সৈক্রবিশারতে।
বন্ধনানবভন্তব্যিরক্তে ভদৈব তে।
বিশ্বাক্রিবিলীননা বন্ধতীয়ং স্থানমেতি স: ॥ ২৮ ॥

বে মানৰ সৰ্বাদা শমদমাদিসম্পন্ন হইরা বিভানিরত থাকেন, তিনি বেলাকে পর্যান্ত গমন করিরা থাকেন ॥ ২২ ॥

বে পছার অন্থ্যরণ পূর্ক্কর ব্রহ্মলোকে গমন করেন, তাহা নির্দেশ করি-তেছেন। প্রাথমে অর্চিরভিষানিনী কেবতা, তৎপর দিবসাভিমানিনী দৈবতা, অনন্তর অন্ধ্রশাভিমানিনী দেবতা, পরে উত্তরারণাভিমানিনী দেবতা, তৎপব সংবৎসরাভিমানিনা দেবতাত্ত্বর হইরা স্থ্য ও চন্দ্রলোকে গমনপূর্কক অনন্তর বিদ্যাৎক্ষাক প্রাপ্ত হরেন। অনন্তর কোন দিব্য পূরুব ব্রহ্মলোক হইতে এই বিদ্যাৎক্ষাকে আগমন করত এই উপাসককে দিব্য পদ্মীরের সহিত সংযুক্ত করিয়া বৃদ্ধাক্ষের সময়ন করিয়া থাকেন। ২৩-২৫।

আরম্ভর উপাসক ব্রমলোকে গমনপূর্ণক দিব্য দেহালয়নে বথেপিসত ভোগ্যবন্ধর ভোগ করিয়া সেইথানেই বহুকাল কাস করত ব্রন্দের সহিত যুক্তি লাভ করিয়া থাকেন, তাঁহার আর পুনরাবৃত্তি হয় না॥ ২৬॥

পরত বিনি ওয়ত্রদনিষ্ঠ ব্যক্তি, ভিনি কুত্রাপি গমন করেন না, ভাচাব প্রাণবাসু, সামে ইসম্বেশতের স্থার এই দেহেই বিনীন হইগা বার ॥২৭॥

ে বেমৰ প্ৰায়ুষ্ট কয় প্ৰবৃদ্ধ হইকেই আর পরিদৃষ্ট হব না, তেমলি একজান-বিশিষ্ট বাহ্মির প্রাথানি সম্ভট এই বেহে বিকীন হইবা বার। আর হৈ ব্যক্তি পুক্ত 1 চ নরকান খোরান্ মহারোরবরোরবান্ ।
পশ্চাৎপ্রাক্তনশেৰেণ ক্রেজস্কর্তবেদসৌ ॥ ২৯ ॥
ব্কামশকদংশাদি জন্মাসৌ লভতে ভূবি।
এবং জীবগতিঃ প্রোক্তা কিমন্তজ্বোত্মিচ্ছসি ॥ ৩০ ॥
জীরাম উবাচ।

ভগবন্ যন্ত্যা প্রোক্তং কলম্ভ জ্ঞানকর্মণো:।
বন্ধলোকে চন্দ্রলোকে ভূঙ্কে ভোগানিতি প্রভা ॥ ৩১ ॥
গম্বর্মাদিষ্ লোকেষ্ কথং ভোগ: সমীরিত:।
দেবস্থং প্রাপ্ত মাধিক কল্চিৎ কল্চিদিন্দ্রমেব চ ॥ ৩২ ॥
এতৎ কর্মকলং বাস্ত বিভাফলমথাপি বা ।
তদ্ব্রহি গিরিজাকান্ত ! তত্ত্ব মে সংশ্রো মহান্ ॥ ৩৩ ॥
শ্রীভগবাহ্যাচ ।
তদ্বিভাকর্মণোরেবাহ্সারেপ ফলং ভবেং ।
ব্বা চ সুন্দর: শ্রো নীরোগো বলবান্ ভবেং ॥ ৩৪ ॥

বিভা ও ইটাপ্রাদি কর্মবিহীন, সেই ব্যক্তি প্রোক্ত ছানঘর ব্যতীত অন্ধ্র আর এক স্থান প্রাপ্ত হয় এবং সেই স্থানে মহারোরৰ ও রোরব প্রভৃতি ভরা ঘহ নরক ভোগ করিয়া অনস্তর অবশিষ্ট প্রাক্তন কর্মবেশ ক্তু প্রাণী হইরা উৎপন্ন হয়। অথবা যুক্মশকাদিরপে জন্ম লাভ করিয়া থাকে। হে রাম। এই প্রকার জীবগতিবিষয় দ তন্ধ্ব তোমাকে বলিলাম, অন্থ আর কোন বিষয় শ্রবণ করিতেইছো করিতেছ, তাহা বল ॥ ২৮-৩০ ॥

রাম বলিলেন, ভগবন্। আপনি জ্ঞান ও কর্মকলে ব্রহ্মলোক এবং চন্দ্র-লোকে বিবিধ ভোগ করিয়া থাকে, ইহা কীর্ত্তন করিলেন, কিছু গন্ধর্কাদি লোকে বে ভোগ হয়, তাহা এবং কেহ দেবত্ব প্রাপ্ত হয়েন, কেহ বা ইক্সত্ব প্রাপ্ত হয়েন, ইত্যাদিরপ ভিন্ন ভিন্ন ভোগ কর্মকল অথবা জ্ঞানকলে সম্পাদিত হয়, তৎসমন্ত আমাকে বলুন। হে গিরিজানাথ! এই সমন্ত বিষয়ে আমার ভীব সংশব্ধ সমুপন্থিত হইয়াছে॥ ৩১-৩৩॥

ভগৰান্ শিব বনিলেন, জান ও কর্ষের তারতম্য বশতঃ পূর্ব্বোক্ত ফল-তারতম্য হইরা থাকে। ব্বা, পুনার, বিজমশালী, নীরোগী এবং বলবান্ হইরা এই সপ্তবীপা পৃথিবীকে নিক্টকভাবে ভোগ করাকেই মান্তবানক্ষ বলে, আর বে মন্তব্য তপোযুক্ত হইয়া পদ্ধবিদ্ধ প্রাপ্ত হরেন, তাঁহার সম্বন্ধ মান্তবানকাপে- সপ্তবীপাং বস্ত্রমন্তীং ভূঙ্জে নিজনকং বদি।

স প্রোক্তো মান্তবানক্তসাচ্চতগুণো মতঃ ॥ ০৫॥
মন্তব্যস্তপা যুজো গর্মধো জারতেহস্ত তু।
তস্ত্রাচ্ছতগুণো দেবগর্মবাণাং ন সংশরঃ ॥ ৩৬॥
এবং শতগুণানক উত্তরোত্তরতো ভবেৎ।
পিত্বাং চিরলোকানামাজানস্ত্রসম্পদাম্ ॥ ৩৭॥
দেবতানামধেক্রস্ত গুরোত্ত্বং প্রকাপতে:।
ব্রহ্মবিশ্বমানকাঃ প্রভাত্তরোত্তরম্ । ৩৮ ন
জ্ঞানাগিক্যাৎ স্থাধিকাং নাক্তদন্তি স্বালয়ে।
ভৌত্রোহর্জিনোহ্কামহতো যক্ত ছিজো ভবেং॥ ৩২॥
তস্তাপ্যেবং সমাধ্যা হা জানকাশ্যেতরোত্তরম্ ।
আজ্ঞানাৎ পরং নাভি তম্মাকশর্থাজ্ঞ ॥ ৪০॥
ব্যক্ষণঃ কর্মভিনৈ ব বর্জতে নৈব হীয়তে।
ন লভ্যঃ পাতকেনব কর্মণা জ্ঞানবানু যদি॥ ৪১॥

কার শতত্ত্ব অধিক আনন্দের সমৃত্তি হইয়া পাকে এবং যাহারা দেবগর্বার প্রাপ্ত হয়েন, তাহাঁদের এতদপেক্ষাও শতত্ত্ব আনন্দ সমুৎপন্ন হয়। ৩৪-৩৬ ॥

এই প্রকার পিত্রাদির আনন্দ উত্তরোত্তর শতগুণ অধিক জানিবে। যথা—
দেবগল্লকাপেকায় পিতৃগণের শতগুণ, কর্ম ছারা দেবত প্রাথ্য ব্যক্তিগণের
ভদপেকায় শতগুণ, তদপেকায় দেবগণের শতগুণ, তদপেকায় ইল্লের,
ভদপেকায় বৃহস্পতির এবং তদপেকায় প্রকাপতি ব্রক্ষার শতগুণ আনন্দ
ভানিবে। ৩৭-২৮॥

জ্ঞান ও কর্মের আধিক্য বশতই অগে সুংধিক্য হইর থাকে, এত ঘাতীত সক্ষ কারণ নাই। বিনি বেশাবং নিজ্ঞাপ ও)নিজাম বিজ-শপবাচ্য, তাঁহার সম্বন্ধে পূর্ব্বোক্ত সকল প্রকার অনন্দই একদা সমৃত্ত ইইয়া থাকে, অতএব হে দাশরখে। আজ্ঞান ২ পেকায় আর কিছুই তেওঁ বস্থ নাই কানিবে ॥ ৩৯-৪০ ॥

ইদানীং জানী ব্যক্তির প্রশংসা করিতেছেন ৷— যিনি ও জণ অর্থাৎ ব্রহ্ম বিং, তিনি বিধি-নিবেধের অভীত, তাদৃশ জ্ঞানবান্ বাজিকে পাপকর্ম ছারা প্রাপ্ত হওরা বাব না, তিনি কেবলমাত্র পুণ্যপুত্রবন্দেই মূল্ডা হইরা বাকেন ॥ ৪১ ॥ তশ্বাৎ সর্বাধিকো বিপ্রো জ্ঞানবানের জারতে।
জ্ঞাবা য: কুরুতে কর্ম্ম তন্তাক্ষয়কলং ভবেও॥ ৪২॥
যৎ কলং লভতে মর্ড্য: কোটিব্রাহ্মণভোজনৈ:।
তৎকলং সমবাপ্রোতি জ্ঞানিনং যস্ত ভোজরেও॥ ৪৩॥
জ্ঞানবস্থং দ্বিদ্ধং যস্ত চিয়াতে চ নরাধম:।
স শুষামাণো মিয়তে যশ্মাণীশ্বর এব স:॥ ৪৪॥
উপাসকো ন যাত্যের যশ্বাৎ পুনরধোগতিম্।
উপাসনরতো ভূবা তশ্মাদাশ্ব শ্বথী নুপ॥ ৪৫॥

ইতি শ্রীপদ্মপুরাণে শিবগীতাস্পনিষৎস্থ ব্রহ্মবিভারাং বোগশাস্ত্রে শিবরাঘবসংবাদে জীবস্বরূকথনং নাম একাদশোহধাায়ঃ ॥ ১১ ॥

> দ্বাদ**েশাহ্**ধ্যায়ঃ । শ্রীরাম উবাচ।

ভগবন্দেবদেবেশ নমন্তেংস্ক মহেশ্বর । উপাসনবিধিং ত্রহি দেশং কা**লন্ধ তম্ম তু॥** > ॥

অতএব জানবান্ এক্সণই সক্ষাপেক্ষায় অধিক জানিবে। কিছু বিৰি জানী ব্যক্তিকে জানিয়া তাঁহার সেবাদি ক্রিয়ার অনুষ্ঠান করেন, তাঁহার অক্ষয় ক্ল হইয়া থাকে॥ ৪২॥

মানব কোটি ব্রাহ্মণ ভোজন করাইরা বে ফল লাভ করিতে পারে, একটি আনী-ভোজনেই সেই ফললাভে সমর্থ হয়॥ ৪৩॥

যে নরাধম ব্যক্তি জ্ঞানিপুরুষের প্রতি ছেব করে, সে ক্ষয়রোগ**গুত ক্ইরা** কুতুদেশা প্রাপ্ত হয়। কাবণ, জ্ঞানী ঈশ্বরম্বরূপ, তাঁহাকে ছেব করিলে **ঈশরের** প্রতিই ছেব কবা হয়। ৪৪॥

হে নুপতে ! উপাসক ব্যক্তি কথনই অধোপতি প্রাপ্ত হয়েন না, **অভএব** উপাসনানিরত হইয়া সংসারভয় পরিহার পূর্বক বিরাজ কর। ৪৫॥

জীরাম বলিলেন,হে ভগবন্ দেবদেব মহেশর । আপনাকে নমন্বার । জাপনি এখন উপাসনাবিধি এবং তাহার দেশ ও কাল নির্দেশ করিয়া আমার বসুন্ত।

ঈশ্বর উবাচ।

শৃণু রাম প্রবক্ষামি দেশকালমুপাসনম্।
মদংশেন পরিচ্ছিয়া দেহাঃ সর্বাদিবৌকসার্॥ ২ ॥
বে অন্তদেবতাভক্তা বলস্তে প্রয়াবিতাঃ।
তেহপি মামেব রাজেক্র বজস্তাবিধিপূর্বকম্ ॥ ৩ ॥
বন্ধাৎ সর্বমিদং বিশ্বং মন্তো ন ব্যভিরিচ্যতে।
সর্বক্রিয়াণাং ভোক্তাহং সর্বস্থাহং ফলপ্রদঃ ॥ ৪ ॥
বেনাকারেণ বে মর্ত্যা মামেবৈকমুপাসতে।
তেনাকারেণ ভেড্যোহহং প্রসন্নো বাঞ্ছিতং দদে॥ ৫ ॥
বিধিনাহবিধিনা বাপি ভক্ত্যা বে মামুপাসতে।
তেভ্যঃ ফলং প্রবচ্ছামি প্রসন্নোহহং ন সংশয়ঃ ॥ ৬ ॥

মহেশর বলিলেন, হে রাম! উপাসনার দেশ, কাল ও উপাসনাবিধি
শ্বন্ধ কর। সমন্ত দেবগণের দেহই মদংশ্বারা অর্থাৎ প্রতিবিশ্ব-চৈতন্ত
বারা উপলক্ষিত; অতএব উহা পরিচ্ছিল অর্থাৎ তত্তৎ অন্তঃকরণপ্রতিবিধিত
চৈতন্তভেদে ভিন্ন ভিন্ন, স্তরাং বাহারা অন্ত দেবতার প্রতি ভক্তিসম্পন্ন হইরা
শ্বানা পূর্বক তাঁহানিগকে ভন্তনা করে, তাহারা প্রকৃত পক্ষে আমারই
উপাসনা করিলা থাকে। কিন্তু আমিই বে স্কান্তর্থামী এবং স্ক্র্কিলপ্রদ
ইত্যাদি আমার স্বন্ধপ জানিতে পারে না, তাই তাদৃশ ভন্তনা অবিধিপূর্বক
সম্পাদিত হল ॥ ২-৩॥

এই নিখিল বন্ধাও আমা হইতে অভিরিক্ত বৃদ্ধ-নহে, আমিই সমন্ত ক্রিরার ভোক্তা, আমিই সমন্ত ক্রিরার কলদাতা; অতএব বিষ্ণাকার, শিবাকারাদি যেরূপেই যে উপাসনা করুক না কেন, একমাত্র আমাকেই স্কলে উপাসনা করিয়া থাকে, স্থতরাং তত্তদাকারে আমিই প্রসর হইরা বাহিত কল প্রদান করিয়া থাকি ॥ ৪-৫ ॥

গাহার। ভক্তিপূর্বক আমাকে উপাসনা করে, তাহারা ঐ উপাসনা বিধি-পূর্বকই করুক অথবা অবিধিপূর্বকই করুক, আমি প্রসন্ন হইয়া তাহাদিগকে অভীষ্ট ফল প্রদান করি, ইহাতে সন্দেহ নাই । ৬। আদি চেৎ সংক্রাচারো ভকতে মামনগুভাক।
সাধ্রেব স মন্তব্য: সমগ্যাবসিতো হি স: : १॥
অকীবজেন বো বেজি মামেবৈক্মনক্রথী:।
তাং ন পশুন্তি পাপানি ব্রহ্মহত্যাদিকাক্রপি॥৮॥
উপাসাবিধয়ন্তব্য চন্তার: পরিকীর্জিতা:।
সদস্পারোপসন্বর্গাধ্যাসা ইতি মনীর্ষিভি:॥ > ॥
অনন্তং বৈ মন ইতি সম্প্রিধিক্রদীরিত:॥ > ॥
বিধাবারোপ্য যোপাসা সারোপ: পরিকীত্তিত:।
বহদোকারম্দ্রীধম্পাসীতেত্যুদার্ত:॥ >> ।
আরোপো বৃদ্ধিপ্র্বেণ ম উপাসাবিধিক্ত স:।
বোবিত্যলিমতির্গুদধ্যাস: স উদাক্ত:॥ >২ ॥

পূর্ব্বে ছ্রাচার থাকিরাও বে ব্যক্তি একনিষ্ঠ হইরা **আমাকে ভজন**। করে, তাহাকে সাধু বলিয়া জানিবে। কারণ, সেই ব্যক্তি পূর্ব্বে **ছ্রাচার** থাকিলেও সম্প্রতি উত্তম বিষয়েই নিশ্চরবান হইরাছে॥ १॥

ৰে ব্যক্তি অনস্তৃতিত চইয়া আমাকে লীবাস্থান্তপে জানিতে পারে সেই জানসম্পন্ন ব্যক্তিকে ব্রন্ধহত্যাদি পাপসমূহও দর্শন করিতে পারে না, অর্থাৎ তাদশ জানী ব্যক্তি ব্রন্ধহত্যাদি পাপেও লিপ্ত হয়েন না ॥ ৮॥

ইনানীং উপাসনার প্রকারভেদ বলিতেছেন।—মনীবিগণ উপাসনাকে চারি প্রকারে বিভক্ত করিরাছেন। বথা,—সম্পদ্, আরোপ, সম্বর্গ ও অধ্যাস ॥ » ॥

পরিচিছ্ন মনের অনস্ত বৃত্তিরূপ গুণযোগবশতঃ অধিক্য সাদৃশ্য এইশ প্রাক "বিখেদেবগণ অনস্ত" এই প্রকার যে চিস্তন, তাহাকে সম্পণ উপাসনা বলে ॥ ১০॥

অকে আরোপ পূর্বক যে উপাসনা করা হর, তাহাকে আরোপোপাসনা বলে। টুবেমন শ্রুতিতে উদ্গীথ শব্দবাচ্য উন্নারের উপাসনা নির্দিষ্ট, ক্ইয়াছে॥ >> ॥

বৃদ্ধি পূৰ্ব্যক আরোপ করিয়া যে উপাসনা করা হয়, তাহাকে অধ্যাস বলে । বেমন শুভিতে স্থীসমূহে অৱিজ্ঞানে উপাসনা-বিধি ক্ষিত হুইয়াছে ॥ ১২ ॥ ক্রিরাবোগেন চোপা্সাবিধিং সম্বর্গ উচাতে।
সংবর্ত্তবায়ুং প্রালয়ে ভূতাসেকোহবসীদতি। ৩॥
উপসক্ষা বৃদ্ধ্যা যদাসনং দেবতাজানা।
তত্পাসনমন্তঃ স্থাত্ত্ত্তিঃ সম্পদাদরঃ॥ ১৪॥
জ্ঞানান্তরানন্তরিতসজাতিজ্ঞানসন্ততেঃ।
সম্পারদেবতাজ্যত্মপাসনম্দীরিতম॥ ১৫॥
সম্পাদাদির্ বাহেষ্ দৃচবৃদ্ধিরূপাসনম।
কর্মকালে তদকেষ্ দৃষ্টিমাত্রম্পাসনম।
উপাসনমিতি প্রাক্তং তদকানি ক্রাব শৃণু ' ১৬॥
তীর্ষক্রোদিগমনং শ্রদ্ধাং তত্ত্র পারতাং তথ।
স্বিচিত্তকাগ্রতা বত্ত্ ত্রাসীত সুথং বিজঃ॥ ১৫॥

ক্রিয়াবোগের ছারা বে উপাদনা করা হর, তাহার নাম সম্প্র উপাসনা। বেমন প্রলয়কালে এক সংবর্জ নামক বায়ু সমস্ত ভৃতকে অবসল্ল করে, সেই প্রকার এই সম্প্র উপাসনাতেও সমস্ত ভৃত বশীক্ষত ১য়, তাই ইংকি স্প্রপ্র বলে ॥ ১৩ ॥

শুরপলন্ধ জ্ঞানবলে উপাত্ত দেবতা এবং নিজের যে আভেদভাবে অবস্থ'ন, তাহাকেই অন্তরক ভূত-উপাদনা বলে। পূর্বে যে
সম্পদাদি উপাদনার বিষয় বলা হইল, ইহারা ব'হরক উপাদনা বলিয়া
গণ্য । ১৪ ॥

চিত্তের অক্স জ্ঞানপ্রবাহ বিদ্রিত করিরা পবিচ্ছিন্নভাবে কেবলমাত্র উপাস্ত-বিষয়িণী চিস্তাকেই উপাসনা বলে। এতাদৃশ উপাসনায়ই দেবতা ও শীৰাস্থাৰ অভেদ ভাব-সম্পন্ন হয়॥ ১৫॥

সম্পদানি পূর্ব্বোক বহিরক উপাসনায় যখন দুচ্ব্দি ১ইবে, তথন তাহা পরিত্যাগ পূর্বক অন্তরক উপাসনার অভ্যান করিবে। এই পর্যান্ত উপাসনা-বিষয় বলিলাম, এখন উপাসনাক সকল প্রবণ কুর॥ ১৬ ন

ভীর্থ ও পুণ্যক্ষেত্রাদিতে গিমন 'এবং, তাহার প্রতি শ্রদ্ধা পরিত্যাগ করিবে। বেথানে নিজ চিত্তের একাপ্রতা সম্পাদিত হয়, সেইথানেই স্থাধে উপবেশন করিবে ॥ ১৭॥ কথলে মৃততল্পে বা বাজিচন্দণি বাস্থিতঃ ।
বিবিজ্ঞানেশ নিম্নতঃ সমগ্রীবশিবস্তক্ষঃ ॥ ১৮ ॥
অত্যাশ্রমন্তঃ সকলানী জ্রিয়াণি নিরুধ্য চ।
ডক্ত্যাথ স্বপ্তকং নত্ব' বোঙ্গং বিশ্বাংশ্চ বোজক্ষেং ॥ ১৯ ॥
বন্ধবিজ্ঞানবান্ ভবতব্যক্তমনসা সদা।
তক্তে জ্রিয়াণ্যবশ্রানি তুরাশ্বা ইব সারধেঃ ॥ ২০ ॥
বিজ্ঞানিনস্ত ভবতি যুক্তেন মনসা সহ।
তক্তে জ্রিয়াণি বশ্রানি সদশ্বা ইব সারধেঃ ॥ ২১ ॥
বন্ধবিজ্ঞানবান্ ভবতব্যনাস্কঃ সদা শুচিঃ ।
ন স তৎপদমাপ্রোতি সংসারম্পি গচ্ছতি ॥ ২২ ॥
বিজ্ঞানী যস্ত্র ভবতি স্থনস্কঃ সদা শুচিঃ ।
স তৎপদমবাপ্রোতি বন্ধান্তুয়োন জায়তে ॥ ২০ ॥
বিজ্ঞানসার্থিযন্ত্র মনঃ প্রগ্রহ এব চ ।
সোহধ্বনঃ পারমাপ্রোতি মথৈব প্রমং পদ্ম ॥ ২৪ ॥

নির্জ্জন প্রদেশে কম্বল, মৃত্বস্থানির্মিত আসন অথবা ব্যান্তচর্মোপবি শ্বীবা, শিরোদেশ ও অজার অঙ্গগুলি সরলভাবে রাথিয়া সংযত্তিত্ব উপবেশন করিবে॥ ১৮॥

বিধিপূর্ব্বক ভন্মধারণ করত সমস্ত ইন্দ্রিরবর্গকে নিক্দ্ধ করিয়া ভক্তিপূর্ব্বক নিজ শুক্রকে প্রণাম করিয়া শিলান্ বাক্তি যোগাস্থান প্রয়োগ করিবেন ॥১৯॥ যেমন ছাই অথাগণ সার্থির বনীভূত হয় না, তেমনি যে ব্যক্তি বিবেকশৃত্ব এবং মুশ্কচিত্ত, তাহার ইন্দ্রিয়গণ কলাপি বনীকৃত হয় না॥ ২০॥

বিনি বিজ্ঞানবান্ পুক্ষ, তাঁহার সম্বন্ধে সাধু জন্মগণ সার্থির স্থায় বশীভূত হইয়া থাকে॥ ২১॥

বে ব্যক্তি বিবেকশ্রু ও চঞ্চতিত, সেই ব্যক্তি সর্বদা বাহাভ্যস্তর-শৌচ সম্পন্ন হইলেও সেই প্রমপদ প্রাপ্ত হইতে পারে না, পরস্ত পুন: পুন: সংসাবেই প্রবর্তমান হইয়া থাকে॥ ২২॥

ষিনি বিবেকবান্, স্থিনচিত্ত এবং সর্কাদা শৌচপরায়ণ পুরুষ, তিনি সেই প্রম্পদ্লাভ ক্রিয়া পুনরায় আর সংসারী হয়েন না। ২৩॥

বাঁহার বিবেকই সার্গি এবং মনই রথ-রজ্জু, তিনি এই সংসারমার্গের পার্ভুত আমারই প্রমণদ অর্থাৎ মংক্রপ্তা প্রাপ্ত হয়েন ॥ ২৭॥ বংশুগুরীকং বিরক্ষং বিশুদ্ধং বিশাদং তথা।
বিশোকক্ষ বিচিন্ত্যাত্র ধ্যাধেন্মাং পরমেশ্বরষ্ ॥ ২
অচিন্তারূপমব্যক্তমনস্তমমূতং শিবম্ ।
আদিমধ্যান্তরহিতং প্রশান্তং ব্রহ্ম কারণম্ ॥ ২৬ ॥
এবং বিতৃং চিদানন্দমরূপমক্ষমন্ত্রন্ ।
শুদ্ধক্ষটিকসন্ধাশমুমাদেহার্দ্ধধারিণম্ ॥ ২৭ ॥
ব্যাব্রচর্মান্তর্বার্ধ নীলকণ্ঠং ত্রিলোচনম্ ।
অটাধরং চন্দ্রমৌলিং নাগ্যক্ষোপবীতিনম্ ॥ ২৮ ॥
ব্যাব্রচর্মোত্রবারক্ষ বরেণ্যমভরপ্রম্ম ।
শ্বাভ্যাম্ব্রহন্তাভ্যাং বিভ্রাণং পরশুং মৃগম্ ।
ভূতিভূষিত্রস্বান্ধং সর্বাভরণভূষিত্র্ম ॥ ২৯ ॥
এবমান্মারণিং কথা প্রণবক্ষোত্রারণিম্ ।
ধ্যাননির্ম্থনাভ্যাসাৎ সাক্ষাৎ পশ্রতি মাং জনঃ ॥ ৩০ ॥
বেদবাক্যরলভ্যাভ্যং ন শাক্ষেন্পি চেত্রসা ।
ধ্যাননির্ম্বিত্র যো মাং সর্ব্বদাহং রুণোমি তম্ ॥ ৩১ ॥

রজোগুণকার্য্যকামাদি-রহিত, সত্তগুণকার্য্য-শমাদিগুণযুক্ত, নির্মণ, তমোগুণকার্য্যবিরহিত-হৃদয় পুগুরীকের চিন্সা করত এই হৃৎপুগুরীকে পরমেশ্বর আমাকে ধ্যান করিবে॥ ২৫॥

আমাকে কিরপে ধ্যান করিবে, তাহা বলিতেছি, অপ্রতর্ক্যন্ত্রপ, অপরি-ছির, অনস্ত, বিনাশ-রহিত, কল্যাণস্থরপ, নিথিল কার্য্যের কারণ, ব্রক্ষর্ক্রপ, পরিব্যাপক, জ্ঞান ও স্থস্বরূপ, রূপপরিশৃত্র, উৎপত্তিবিরহিত হইরাও বখন মারোপহিত হরেন, তথন নির্মাণ ফটিকসভূশ, উমাদেহার্মধারী, ব্যাত্তর্মান্তর্শার্মণ-বস্থপরিধায়ী, নীলকণ্ঠ, ত্রিনয়ন, জটাধারী, চক্রশেধর, নাগষজ্ঞোপবীভধর, ব্যাত্তর্দ্ধোন্তরীর, সর্ব্বশ্রেষ্ঠ এবং অভয়প্রদ, উর্দ্ধিত হত্তরের পরশু ও মুগধারী, ডক্স-ভ্বিত্সর্বান্ধ এবং সর্ব্বালম্বারশোভিত আমাকে ধ্যান করিবে॥ ২৬-২৯০ঃ

এই প্রকারে আত্মাকে অরণি (অগ্নিচয়নার্থ দণ্ডবিশেষ) এবং প্রণবকে উত্তরারণি,করিয়া ধ্যানরূপ মন্থনের অভ্যাস বশতঃ মানব আমাকে সাক্ষাৎরূপে দর্শন করিতে পারে॥ ৩০॥

আমি দেববাকা বা শাস্ত্রধারা অলভ্য বস্তু, আমাকে অসংবতচিত হারাও

নাবিরতো তৃশ্চরিতারাশান্তো ন স্বাহিত:।
নাশান্তমানসো বাপি প্রজ্ঞানেন লভেত মান্। ৩২ ॥
জাগ্রহমপুষ্বপুরাদি প্রপঞ্চো য: প্রকাশতে।
তদ্রেক্ষাহমিতি জ্ঞাতা সর্ববহৈ: প্রস্চাতে। ৩০ ॥
গ্রিষ্ ধামস্থ যন্তোগ্যং ভোক্তা ভোগশ্চ বস্তবেং।
তজ্যোতির্লাকণ: সাকী চিন্নাজোহহং সদাশিব:। ৩৪ ॥
কোটিমধ্যাক্রপ্রাভং চন্দ্রকোটিসুন্দীতলম।
স্ব্যচন্দ্রাগ্রনমন: ন্মেরবজ্ব: স্বোক্রহম্॥ ৩৫ ॥
একো দেব: সর্বভ্তেষ্ গৃড:, সর্বব্যাপী সর্বভ্তান্তরাত্মা।
সর্বাধ্যক্ষ: সর্বভ্তাধিবাস:, সাকী চেতা কেবলো নিশ্বশিদ্য। ৩৬ ॥

লাভ করিতে পারে না। বিনি ধনানের বারা আমাকে প্রপন্ন হয়েন, আহি তাঁহাকে সর্বনাই প্রপন্ন হইয়া থাকি ॥৩১॥

বে ব্যক্তি পাপাচরণ হইতে বিরত নয়, যে ব্যক্তি সর্বাদা অশান্ত, শ্রেবণাদি বিষয়ে অসমাহিত এবং চঞ্চলচিত, তাদৃশ াক্তি কেবলমাত্র শাস্ত্রজ্ঞান দারা কদাপি আমাকে লাভ করিতে সমর্থ হয় না॥ ৩২॥

বিনি জাগ্রং-স্বপ্থ স্বস্থার সাক্ষিরণে প্রকাশমান থাকেন, সেই ৰক্ষাস্থ্যপ আমাকে জানিরা মানব সকল প্রকার সংসার-বন্ধন হইতে বিমৃক্ত হইরা থাকে॥ ৩৩॥

জাগ্রৎ, স্বপ্ন, সুষ্ধি এই বিল অবস্থারই বিলি ভোগ্য, ভোজা ও ভোগরূপে অবস্থিত থাকেন, সেই জ্যোতি:স্বরূপ, সাক্ষী, চিত্মর সদাশিবরূপে আমাকে জানিবে ॥ ৩৪ ॥

ধিনি আমাকে কোটি মধ্যাংকালীয় স্থোর সার প্রদীপ্ত, কোটি চক্তের স্থায় স্থশীতল অর্থাৎ ত্রিতাপহারী, স্থ্যচন্ত্রাগ্নি-নয়ন এবং শেরাননকমল-রূপে ধ্যান করেন, তিনি সর্ক্বিন্ধন হইতে বিমৃক্ত হয়েন॥ ৩৫॥

পূর্ব্বোক্ত এই বিষয়টি শ্রুতি-সংগ্রহের দ্বারা প্রতিপাদন করিতেছেন।—বিনি এক, অদিতীয়, দ্যোতনম্বভাব, সর্ব্বভূতে গৃড়-রূপে অবস্থিত, সর্ব্বব্যাপী, সর্বভূতের অস্তরাত্মস্বরূপ, সর্ব্ববিব্যের অধ্যক্ষ, প্রের্মিন্তা, বাঁহাতে সর্ব্বভূত অধিবাস করিতেছে, বিনি সাক্ষিস্বরূপ, কেবল, অবিদ্যাবিরহিত এবং নিগুল পদার্থ, বিনি স্টির পূর্ব্বে একাকীই অবস্থিত ছিলেন এবং স্টির পরে সর্ব্বপ্রাণীর অস্তরাত্মরূপে বিরাজ করিতেছেন, বিনি

একো বনী সর্বভূ হান্তরান্ধাপ্যেকং বীজং নিত্যদা য: করেছি।
তং মাং নিত্যং বেংহুপশান্তি ধীরান্তেবাং শান্তিঃ শান্তা নেতরেবাম্॥৩৭॥
অগ্নিবথৈকো ভূবনং প্রবিষ্টো, রূপং রূপং প্রতিরূপো বভূব।
একস্তথা সর্বভূতান্তরান্ধা, ন লিপ্যতে লোকছঃখেন বাহ্যঃ॥ ৩৮॥
বেদেহ বো মাং পুক্রং মহান্তমাদিত্যবর্ণং তমসঃ পরন্থাং।
স এব বিদ্যান্মতোহত্র ভূরান্ধান্তঃ পছা অন্ধনান্ধ বিদাতে॥ ৩৯॥
হিরণাগতং বিদ্ধামি পূর্বং, বেদাংশ্চ তব্যৈ প্রতিবোমি বোহ্হম্।
তং দেবমীত্যং পুক্রং পুরাণং, নিশ্চিত্য মাং মৃত্যুধাং প্রমৃচ্যতে ॥৪০॥
এবং শান্তাদিযুক্তঃ সন্থেত্তি মাং তত্ত্ত যাঃ।

নিম্কিত:খসস্থান: সোহতে মধ্যের লীয়তে ॥ ৪১ ॥ ইতি শ্রীপদ্মপ্রাণে শিবস্থীতাস্পনিষৎস্থ ব্রন্ধবিদ্যাদ্বাং যোগশাস্থে শিবরাঘব-সংবাদে উপাসাজ্ঞানফলং নাম স্থাদশোহধ্যাদ্ব: ॥ ১২ ॥

মায়াথ্য বীজকে সর্বাদা অসভায় বভাসিত করেন,এতাদৃশ আমাকে যে ধীর-ব্যক্তি সর্বাদা সাক্ষাৎকার করিতে পারেন, তাঁহার কৈবল্যরূপ মৃত্তি হইয়া থাকে, কিন্তু যাঁহারা ভেদদশী, তাঁহাদের মৃত্তি হইতে পারে না॥ ৩৬-৩৭॥

আমি বেমন লোহাদি দাহ্য পদার্থের সহিত সম্মিলিত ১ইয়া তত্তত্ব পাধিবশত: চতুজোপ-দার্ঘ-ব্যাদি আকার প্রাপ্ত হয়, তজ্ঞপ এক সর্বভৃত্তের অস্তরাত্মা তত্ত্বপাধি বশত: ভিয়বৎ প্রতীয়মান হইলেও লৌকক ছঃথ মারা বিলিপ্ত হয়েন না। কারণ, ইনি বাহ্য মর্থাৎ স্বাধ্যাণ্ড পদার্থ॥ ৩৮॥

বে জ্ঞানী ব্যক্তি আমাকে সর্বান্ত্র্যামী, পরিব্যাপক, অপ্রকাশস্ক্রপ, প্রকৃতির অতীত পুরুষরূপে জানিতে পারেন অর্থাৎ জীবাত্মার সহিত অভেদে সাক্ষাৎ করিতে পাবেন, সেই বিদ্যান্ ব্যক্তি 'ই সংসারে মৃক্ত হইয়া থাকেন। এই প্রকার মাল্পঞ্জান ব্যতীত মুক্তির আর অন্ত প্রস্থানাই। ৩৯।

আমিই হিরণ গভ অর্থাৎ ব্রহ্মাকে স্বষ্ট করিয়াছি এবং আমিই তাঁহাকে বেলোপদেশ করিয়াছি, এতাদৃশ বরণীয় পুরুব আমাকে যিনি স্থাত্মরূপে নিশ্চয় করিতে পারেন, তিনি মৃত্যুমুধ হইতে বিমৃক্ত ৽য়য়ন ॥ ৪০॥

এই প্রকারে শাস্ত্যাদি গুণসম্পন্ন হটরা যে ব্যক্তি আমাকে যথার্থক্রপে জানিতে পারে, সে সমস্ত ত্রংথ অর্থাৎ ত্রিবিধ ত্রংথ হইতে মুক্ত হইরা আছে আমাতেই লয়প্রাপ্ত হইরা থাকে॥ ৪১॥

ज्यामत्नार्थायः।

শ্রীস্থত উবাচ।

এবং শ্রুষা কৌশলেরস্তুদৌ মতিমতাং বর: পপ্রচ্চ গিরিজাকান্তং স্কৃত্রনং মুক্তিলক্ষণম 🖟 🔀 🔻

প্রীরাম উবাচ।

ভগণন ককণাবিষ্টজনম জং প্রসাদ মে। স্করপলক্ষণং মুক্তেঃ প্রকৃষি প্রমেশ্বর ॥ ২॥

শ্রীভগবারুবাচ।

সালোক্যমপি সাক্ষপ্যং সাই গ্রেষ্ড্রমেব চ।
কৈবলক্ষেতি তাং বিদ্ধি মৃত্তিং রাঘ্য পঞ্চধা। ৩॥
মাং পুজয়তি নিদ্ধামঃ সর্বদা জ্ঞানবর্জিতঃ।
স মে লোকং সমাসাদ্য ভূঙ্তেক ভোগান্ বংশপিতান্॥ ৪॥

সূত বলিলেন, মতিমান্গণের শ্রেষ্ঠ রাম এই প্রকার উপাসনা-বিধি খনণ করিয়া সন্থই ইইলেন এবং গিরিজা-বল্লভকে শোভন মুক্তির লক্ষণ-বিধরে জিজাসা করিলেন॥ ১॥

শ্রীরাম বলিলেন, হে ভগবন্ করুণাময়চিত্ত পরমেশ্বর ! আপনি আমার প্রতি প্রসন্ন হটয়া অরপলক্ষণ মুক্তির বিষয় কীর্ত্তন করুন ॥ ২ ॥

ভগবান্ মতেথর বলিলেম, হে রাঘব! মৃক্তি পঞ্চ প্রকার;--সালোকা, সার্পা, সার্প্রা * এবং কৈবলা॥ ৩॥

যে ব্যক্তি মংস্বরূপানভিজ্ঞ হইরা নিধামভাবে আমাকে প্**জা করে, সেই** ব্যক্তি আনার লোক প্রাপ্ত হইরা অভীপিত বিষয় ভোগ করিরা থাকে॥ ।।

প্তগ্রানের সহিত একলোকে বাস করার নাম সালোক্য, ভগরানের স্বান রূপ আপ্তির নাম সাক্রপা, ভগরানের ভূল্য ঐশ্ব্যশালী হওয়ায় নাম সাষ্ট্র এবং ভূভ বেষন সন্ত মানব-শ্রীয়ে এবেশ করিয়া বিষয় ভোগ করে; তেবনি হিরণ্যপর্ভাদির সেহে এবে পূর্বক বিষয় ভোগ করার নাম সামুদ্য । আষা মাং প্ৰরেষ্বত সুর্বকামবিবর্জিতঃ।
মরা সমানরপঃ সন্মম লোকে মহীরতে॥ ।
ইই'প্রাদিকর্মানি মংশ্রীতাৈ কুক্তে তু বঃ।
বং করোতি বদলাতি বজুহোতি দদাতি বং ॥ ৬।
ঘত্তপশ্রতি তংগর্কাং বঃ করোতি মদর্পাম্ ।
মরোকে স শ্রিরং ভূঙ্জে মত্তুল্যং প্রান্তবং ভঙ্গন্ ।
বন্ধ শাস্ত্যাদিযুক্তঃ সন্মামাত্মবেন পশ্রতি।
স জারতে পরং জ্যোতিরহৈতঃ ব্রহ্ম কেবলম্।
শত্যং জ্ঞানমনন্তং বদান্দাং ব্রহ্ম কেবলম্।
সর্বাধর্মবিহীনঞ্চ মনোবাচামগোচরম্॥ ৯॥
সজাতীরবিজাতীয়পদার্থানামসন্তবাং।
অক্তর্যাতিরিজানামহৈত্যিতি সংক্রিত্য । ১০॥

বে কাজি আমার স্বরূপ জানিরা সর্বকামনা-বিবর্ক্তিতভাবে আমাকে আর্দ্ধনা করেন, তিনি আমার সমানরূপ চইরা আমার লোকে বসতি করিরা থাকেন। ৫॥

বে ব্যক্তি আমার প্রীতি উদ্দেশ্ত করিয়া ইটাপ্র্তাদি ক্রিরার অম্প্রচান করে এবং বে কিছু ক্রিয়ার অম্প্রচান করে, বাহা কিছু ভোজন করে, বাহা কিছু হোম করে, বাহা কিছু দান করে এবং বে কিছু তপস্তার অম্প্রচান করে, তৎসমন্তই আমাতে সমর্পণ করে, সেই মানব আমার তুল্য প্রৈভুত্তাদী হইরা আমার লোকে প্রীভোগ করে । ৬-৭॥

বিনি শাস্ত্যাদি-গুণযুক্ত হইরা আমাকে আত্মরূপে সাক্ষাৎকার করেন, তিনি পরমজ্যোতিঃস্বরূপ অধৈত কেবল ব্রহ্মরূপে সম্পন্ন হরেন, ডাই বলিয়াছেন, ব্রহ্মস্বরূপে অবস্থিতির নামই পরম মুক্তি॥ ৮॥

ইদানীং ব্রহ্ম কীদৃশ বস্ত, ভাষা বলিভেছেন।—ব্রহ্ম যত্য, জ্ঞান, অনস্ত ও (আনক্ষরত্বরূপ। ইনি সর্বাধর্ম-বিহীন এবং মনোবাক্যের অগোচর পদার্থ । ১ 🔟

বন্ধ ব্যতিরিক্ত সক্ষাতীর বিশান্তীর অন্ত পদার্থের অসম্ভব বস্তঃ এক অবৈত নামে অভিহিত হয়েন । ১০ৣ। মব্যেব দৃশুভে রূপং জগৎ স্থাবরজঙ্গমন্ ॥ ১১ ॥
ব্যোরি গন্ধর্বনগবং বথা দৃষ্টং ন দৃশুভে ।
জনাদ্যবিদ্যারা বিশ্বং সর্বাং মব্যেব করাতে ॥ ১২ ॥
মন স্থান্সভানেন বদাহবিদ্যা প্রণশুভি ।
তদৈক এব বর্ব্ছেইং মনোবাচামগোচরঃ ॥ ১৩ ॥
সদৈব পরমানন্দঃ স্থান্সভানি ন দিশো বিদিশক ন ॥ ১৪ ॥
ন কালঃ পঞ্চভূতানি ন দিশো বিদিশক ন ॥ ১৪ ॥
ন সংদৃশে বিষ্ঠিতি মে স্থান্সং, ন চক্রবা পশুভি মান্ত কন্তিং ।
হুদা মনীবামনসাভিক পং বে মাং বিহুন্তে হুমুতা ভবস্থি ॥ ১৬ ॥

হে রাম ! এই বে শুদ্ধ ব্রহ্মরপ কীর্ত্তন করিলাম, ইহাকে স্বাস্থাকণে জানিয়া জীব মুক্ত হইয়া থাকে। এই শুদ্ধ ব্রহ্মর্যকপ আমাতেই স্মবিদ্যা দারা দুশুমান স্থাবর-জন্মাত্মক জগৎ পরিলক্ষিত হইয়া থাকে। ১১॥

বেমন আকাশে গর্ম্ব-নগর পরিদৃষ্ট হইলেও পরমার্থতঃ মিধ্যা পদার্থ, তেমনি অনাদি অবিভা বশতঃ আমাতে এই বিশ্ব দৃষ্ট হইলেও পরমার্থকরে উচা মিথা বস্তু জানিবে ॥ ১২॥

যথন আমার শুদ্ধ স্থ গোল আন বারা স্বিভা বিন্তু হইরা যায়, । তথন মনোবাকোর অবিষয়ীভূত একমাত্র আমিই ব্রুমান থাকি ॥ ১৩ ।

আমি সর্কানাই পরমানন স্বপ্রকাশ চিক্রণে অবস্থিত আছি। কাল, গঞ্চ-ভত, দিক্বিদিক্ কিছুই আমার স্বরূপ নতে, আমি এতৎসমন্ত হইতে পুধক্ ॥ ১৪ ॥

ম্ব্যভিরিক্ত অন্ত কোন বস্তুরই অতিছ নাই, এই প্রকার আনের উদয় হইলে তথন আমি একই বর্ত্তমান থাকি ॥ ১৫ ॥

আমার নীল, পীত, রখ-দীর্ঘাদি কোন প্রকার আরুতি নাই, অতএব ব্রহাদি কোন জীবই চকুদারা আমাকে দেখিতে পার না। কিছ বিনি হণবহু প্রবণান্ত্রিকা বৃদ্ধি ছারা নিদিধ্যাসন পূর্বক আমাকে সাকাৎ কবিতে পারেন, ভিনি অমৃত অর্থাৎ মুক্ত হইরা থাকেন। ১৬॥

প্রীরাম উবাচ।

কথং ভগৰতো জ্ঞানং শুদ্ধং মর্ত্তাশু জায়তে দ ত্যোপায়ং ১র ক্রহি ময়ি তে২মুগ্রহো ধান

শ্ৰীভগাবত্ব চ।

বিবজ্য সর্বাভ্তেন্ড্য আবিরিঞ্চিপদাদি
ঘুণাং বিতত্য সর্বাত্ত পুত্রমিত্রাদিকেবাপি
শুলাং নিত্তা সর্বাত্ত পুত্রমিত্রাদিকেবাপি
শুলাকশালেম বৈদাকজানলিকার
উপায়নকবে। ভূষা গুরুং ব্রহ্মাবদং ত্র্র্বে
সেবান্তিঃ পবিতোবৈয়নং চিবকালং সমাহিতঃ
সর্ববেদাক্তরাক্যার্থং শুনুয়াৎ ক্রসমাহিতঃ ॥ ২ ॥
সর্ববেদাক্তরাক্যার্থাং শুনুয়াৎ ক্রসমাহিতঃ ॥ ২ ॥
সর্ববেদাক্তরাক্যার্থানিকার্যাদিনঃ ॥ ২ ।
শোহমণ্যাদিদ্টান্তির্থা পিতাহিবিদ্ধেনম ।
ভলের মননং প্রোহ্বাক্যার্থস্থোপরংহণম্ ॥ ২ ।

শীবাম বলিলেন, তে মতেশর। আমার প্রতি অনুগ্রহ করিয়া, মানৰ বি প্রকারে আপনাব শুদ্ধরূপেব জ্ঞান লাভ কবিতে পাবে, ভাহার উপায় কীর্ত্তন করুন॥ ১৭॥

শ্রীভগবান্ শিব বলিলেন, সমন্ত প্রাণী, এমন কি, ব্রন্ধলোক পর্যন্ত ও গিনি বিরক্ত হইয়।ছেন এবং পুত্র-মিত্র'দি বিষয়ে হাহাব দ্বণাভাব সম্পাদিত চইরাছে, যিনি বেদান্ত-জ্ঞানলিপ্যু হইনা মেক্ল-প্রতিপাদক শাস্ত্রবিবনে শ্রহাসপ্রের, তিনি হত্তে সমিধাদি গ্রহণ পূর্বক ব্রন্ধবিং গুরুর শ্রণাগত চইবেন এবং বছকাল স্মাহিতচিত্তে গুরুব সজোবসাধন করিয়া শ্রমন্ত্রভাবে সমন্ত বেদান্ত-বাক্যার্থ শ্রবণ করিবেন॥ ১৮-২০॥

ব্ৰহ্মবাদিগণ সমস্ত বেদান্ত-বাক্যের তাৎপধ্য নিশ্চয় কবাব নামই শ্রেবণ ৰলিয়া কীৰ্ত্তন করিয়া থাকেন ॥ ২১॥

লোহ মণি প্রভৃতি সর্ব্ধ বেদান্ত-প্রাসিদ্ধ দৃষ্টান্তরূপ যুক্তি দারা ভর্মজাদি বাক্যার্থের বিচার করার নাম মনন ॥ ২২ ॥ নির্মনো নিরহন্ধার: সম: সন্ধবিবর্জ্জিত:।
সদা শাস্ত্যাদিযুক্ত: সরাক্সান্থানমীকতে ॥ ২০ ॥
যৎ সদা ধ্যানযোগেন তরিদিধ্যাসনং স্বৃত্য ॥ ২৪ ॥
সর্বকর্মকর্মনাং সাক্ষাৎকারোহিপ চাত্মন:।
কশ্যচিজ্জারতে শীঘ্রং চিরকালেন কশ্যচিৎ ॥ ২৫ ॥
কৃটস্থানীহ কর্মাণি কোটিজন্মার্জ্জিতাশ্যপি ।
জ্ঞানেনৈব বিনশ্রস্তি ন তু কর্মাযুতৈরপি ॥ ২৬ ॥
জ্ঞানাদ্গজ্ঞ যৎ কিঞ্চিৎ পুণ্যং বা পাপমেব বা ।
ক্রিয়তে বহু বাল্লং বা ন তেনারং বিলিপ্যতে ॥ ২৭ ॥
শরীরারম্ভকং যতু প্রারকং কর্ম জ্ঞানন:।
তব্যোগেনৈব নইং স্থায় তু জ্ঞানেন নশ্যতি॥ ২৮ ॥
নির্মোধ্যে নিরহঙ্কারো নিলেপ: সক্বর্জ্জিত:।
সর্বভ্তেম্ চাত্মানং সর্বভ্তানি চাত্মনি ।
যং পশুন্ সঞ্চরত্যের জীবন্যুক্তোই ভিনীয়তে ॥ ২৯ ॥

নির্মান, নিবহন্ধার, সর্বভৃতে সমভাবাপন্ন, সঙ্গরহিত ও সর্বাদা শাস্ত্যাদি-গুণযুক্ত হইয়া ধ্যানযোগ ধারা আগ্র-সাক্ষাৎকার কবার নাম নিদিধ্যাসন । ২৩-২৪॥

গাঁহার জ্ঞান-প্রতিবন্ধক কর্মের সহসা ক্ষর হয়, তিনিই বহুকালে আজ্ঞাকাশ্বকার লাভ করিতে সমর্থ হয়েন॥২৫॥

জনাৰ্জিত কৃটস্থ অৰ্থাৎ যাতার কাব্য আরম্ভ হয় নাই, তাদৃশ কর্মরাশি বিনষ্ট হইয়া থাকে, কিন্তু জ্ঞান ব্যতীত এই কম্মরাশি বহুসহত্র কর্মের দারাও বিনষ্ট হইতে পারে না॥ ২৬॥

একবার জ্ঞান সমুৎপন্ন হইলে তৎপর পুণ্টই করুক আবে পাপই কক্ক, উহা বহুই হউক বা অল্লই হউক, তদ্বারা জীব বিলিপ্ত হয় না॥২৭॥

প্রাণীর এই দেহারম্বক যে প্রারম্ব কর্ম, তাহা একমাত্র ভোগের ধারাই বিনয় হইয়া থাকে। তাহা বিনয় করিতে জ্ঞানও সমর্থ নহে॥ ২৮॥

ইদানীং জীবনুক ব্যক্তির অবস্থা বর্ণন করিতেছেন ৷— যিনি নির্দোহ অর্থাৎ বিবেকসম্পন্ন, নিরহকার, বিষয়াসক্তিরহিত, যিনি স্ত্রীপুত্রাদি বিষয়ে সক্ষবিৰক্ষিত হইয়া সর্বভৃতেই আত্ম-সন্তার অস্থভৃতি এবং আত্মান্তেই সমন্ত ভূতের অস্থভৃতি করত বিচরণ করেন, তিনি জীবনুক্ত বিদিয়া অভিহিত ॥২১॥ অহিনিক বিনী বৰদ্ है; প্ৰাং ভরঞা।
ততাহত ন ভরং কিঞিং তবদু है রয়ং জনঃ ॥ ৩০।
বদা সর্বো প্রমৃচ্যন্তে কামা বেংত বলংগভাঃ।
অথ মর্ত্যোহমূতো ভবভ্যেতাবদমূলাসনম্। ৩১॥
মোকত ন হি বাসোহতি ন গ্রামান্তরমের বা।
অজ্ঞানহদয়গ্রন্থিনাশো মোক ইতি মৃতঃ ॥ ৩২॥
রক্ষাগ্রচ্যতপাদো যঃ স তদেব পততাধঃ।
তবজ্ জ্ঞানবতো মৃক্তিক রিতে নিশ্চিভাপি তু॥ ৩০॥
তীর্থে চাণ্ডালগেহে বা যদি বা নইচেতনঃ।
পরিত্যজন্দেহমেবং জ্ঞানাদেব বিমৃচ্যতে । ৩৪॥
সংবীতো বেন কেনাল্লন্ ভক্ষাং বাহভক্যমেব বা।
শল্পানো যত্ত কুত্তাপি সর্বাধ্যা মৃচ্যতেহত্ত সঃ ॥ ৩৫॥

যেমন সর্পের কঞ্ক (অক্) সর্পের গাজসংশ্লিষ্টাবস্থার লোকের ভরপ্রদ হইরা থাকে, কিন্তু যথন গাজ চইতে বিশ্লিষ্ট হয়, তথন আর কেহই ভাহা দেথিয়া ভীত হয় না, তদ্ধপ জীবমূক্ত ব্যক্তিও কাহারই ভরপ্রদ হয় না অর্থাৎ জীবমূক ব্যক্তির দেহাদিব সহিত কোনও তাদাত্মভাব থাকে না, স্মৃতরাং ভাহার দেহাদিজনিত কোন ভরই হওয়া সভবে না॥ ৩০॥

যথন মানবের হৃণয়স্থ বাসনারাশি প্রাক্ষীণ হইরা যায়, তখনই মানব অমৃতত্ব প্রাপ্ত হইরা থাকে, ইহাই শ্রুতিব অফুশাসন। ৩১॥

প্রত্যেক বস্তরই যেমন এক একটি নির্দিষ্ট আবাস থাকে, তেমনি মোক্লের কৈলাস-বৈকুণ্ঠাদি কোন নির্দিষ্ট বসতি-স্থান নাই, অথবা মোক্ষ গ্রাম হইতে কোন গ্রামেও গমন করে না। কেবলমাত্র অঞ্চানুক্তনিত .হদর-গ্রন্থির বিনাশই মোক্ষ বলিয়া কথিত হইরাছে ॥ ৩২ ॥

বেমন বৃক্ষাগ্র হইতে পদচ্যুত হইলে সেই ব্যক্তি নিশ্চরট অধোভূমিতে পতিত হইবে, সেই প্রকার জ্ঞানবান্ ব্যক্তিরও মৃক্তি নিশ্চরই হইবে॥ ৩৩॥

জীবনুক বাজি তীর্ণেই মৃত হউন আর চাণ্ডাল-গৃহেই মৃত হউন অথবা ব্রহাকার-বৃত্তিস্ত হইরাই মৃত্যুক্লা প্রাপ্ত হউন কিংবা ব্রহাকার-বৃত্তিসম্পন্ন অবস্থারই দেহত্যাপ করুন, নর্মাবস্থাতেই আনবান্ মৃক্তিভাগী হইবেন ॥ ০৪ ॥ স্কার্মা জীবসুক্ত স্থানুন উত্তম অথ্য কোন প্রকার ব্রহারাই সংস্ত কীরাত্ত্তমাজ্যং বং কিপ্তং পর্সি তৎ পুন:।
ন তেনৈবৈকতাং বাতি সংসারে জ্ঞানবাংগুণা। ৩৬॥
নিজ্যং পঠতি বোহধ্যারমিমং রাম! শৃণোতি বা।
স মৃত্যতে দেহবদ্ধাদনায়াসেন রাঘব॥ ৩৭॥
ততঃ সংশর্ষচিত্তম্থ নিজ্যং পঠ মহীপতে।
জ্ঞানায়াসেন তেনৈব সর্বাথা মোক্ষমাপ্যাসি॥ ৩৮॥
ইতি শ্রীপদ্মপ্রাণে শিবগীতাম্পনিষ্থ ব্লাবিভারাং
বোগশাস্ত্রে শিবরাঘ্বসংবাদে মৃক্তিক্থনং
নাম ত্রোদশোহধ্যায়:॥ ১৩॥

চতুর্দ্নশোহধ্যায়ঃ।

শ্রীরাম উবাচ।

ভগবন্। যদি তে রূপং সচ্চিদানক্বিগ্রহম্। নিক্লং নিক্রিং শাস্তং নির্বৃত্তং নির্গ্রনম্॥ ১॥

হউন না কেন,ভক্ষাভিক্ষা যাহাই আহাব ককন না কেন এবং যে কোন স্থানেই শয়ান থাকুন না কেন, প্রাবন্ধ কশ্বের কর হইলে মুক্ত হইয়া থাকেন। ৩৫

ষেমন জন্ধ হইতে সতকে একবার পৃথক করিতে পারিলে আব তাহাতে মিলিত হয় না,সেই প্রকাব যে ব্যক্তি দেহাদি হইতে আত্মাকে একবার পৃথক্ কবিতে পারিয়াছেন, সেই জ্ঞানবান্ ব্যক্তি আব সংসারে বিলিপ্ত হয়েন না। ৩৬॥

হে রঘূত্রম রাম। যে ব্যক্তি নিত্য এই অধ্যাষ্টি পাঠ বা শ্রবণ করে, সেই ব্যক্তি অনায়াসে দেহবন্ধন হইতে বিমুক্ত হয়॥ ৩৭॥

হে মহীপতে। তুমি অসন্তাবনাদি বারা দলিয়চিত হইরাছ, অতএব তুমি নিত্য ইহা পাঠ কর, তাহা হইলে অনারাদে মোক প্রাপ্ত হইবে॥ ৩৮॥

শীরাম বলিবেন, ভগবন্ শহর। আপনি বদি সচিদানল-মৃতি, অবরব-বহিত, নিজির, নিত্তর্দসমূত্রসন্থ প্রশান্ত, নির্দোষ, নিঃসন্ধ, সর্বাধর্মবিহীন, মনোব্যাক্যের অগোচর, সর্বাহ্য অনুস্থত হইরা প্রকাশমানরূপে অবস্থিত, সর্বধর্শবিহীনঞ্চ মনোবাচামপোচরম্।
সর্বব্যাপিতরাত্মানমীক্ষতে সর্বতঃ স্থিতম্॥ २॥
আত্মবিদ্যাতপোমৃশং তদ্ধু কোপনিষৎ পরম্।
অমূর্ত্তং সর্বভূতাত্মাকারং কারণকারণম্॥ ৩॥
বত্তদদ্রেশুমগ্রাহ্বং বা তদগ্রাহ্যং কথং ভবেৎ।
অত্যোপারমজানানত্তেন ভিলোহিশ্য শঙ্কর॥ ৪॥

শীশিব উবাচ।
শৃণু রাজন্ প্রবক্ষ্যামি তত্ত্রোপায়ং মহাভূজ।
সগুণোপাসনাভিস্ত চিত্তৈকাগ্রাং বিধায় চ।
য়ুলসৌরাজিকালায়াত্ত্র চিবং প্রবর্তমেও। ৫॥
তিশ্মিয়ময়ে পিতে স্থাদেহে তন্ত্তাম্।
জন্মব্যাধিজরামৃত্যুনিলয়ে বর্ততে দূচা।
আাত্মবৃদ্ধিরহংমানাও কদাচিব্রৈব হীয়তে॥৬॥

আত্মবিদ্যা ও তপশ্যাগম্য, উপনিবদাবলীর তাৎপর্য্যবিষয়ীভূত, অপরিছিন্ন,সর্জভূতাত্মস্বরূপ, মায়াদির সন্ত্রাপ্রদ অর্থাৎ প্রকাশক, অদৃশ্য এবং তর্জিজ্যেম্বরূপ
হরেন, তাহা হইলে কেমন করিয়া গ্রাহ্ম হইবেন অর্থাৎ আমবা কি প্রকাবে
এতাদৃশ ছর্কিজ্যে ভবদীয় স্বরূপে চিত্ত সমাহিত করিব ৫ ইহার কোনই
উপায় স্থির করিতে না পারিয়া ব্যাকুল হইয়াছি ॥ ১-৪॥

শ্রীশিব বলিলেন, হে মহাবাহো রাম। তোমার পৃষ্ট বিষয়ের উপায় বলিভেছি, শ্রবণ কর। প্রথমত: সগুণোপাসনা দারা চিত্তের একাগ্রতাসাধন কবত স্থলসৌরাভিকালার • অনুসাবে পূর্ববর্ণিত আমার নিগুণস্করণে চিত্ত প্রবৃত্ত করিবে॥ ॥

শরীরিগণের অর্ধবিকারময়, জন্ম, ব্যাধি, জরা ও মুত্যুর আলরত্বরূপ এই স্থাদেহের সহিত অন্তঃকরেণের তাদাত্মাধ্যাসবশতঃ এই দেহে সর্ব্বদাই আত্মবৃদ্ধি অ্লুট্রপে বিশ্বমান রিষ্যাচ্চে এই বৃদ্ধির কথনই হীনতা হয় না ॥৬॥

*জলাশর পর্যান্ত পমন করিতে জসমর্থ ত্যার্জ ব্যক্তিকে মরীচিকাই জলকণে দর্শন করাইরা দূরে লইরা বার, তৎপর জলাশর নিকটবজী হইলে প্রকৃত জল দর্শন করাইরা থাকে।
ইহাকে কুল সৌরাজিকাল্লার বলে। এথানেও প্রথমত: দংসারম্ভি-জভীন্সু নানবকে
সঙ্গ উপাসনার আরুচ করাইয়া চিত শুদ্ধ হইলে পরে নিশুণোপাসনার প্রবৃত্ত করাইবে,
ইহা বুঝাইবার নিবিত্তই উক্ত হায়ের অবভারণা হইল।

আত্মা ন জায়তে নিভা মিয়তে বা কথঞ্চন ॥ १॥

যৎজায়তেইন্তি বিপরিণমতে বর্দ্ধতেইপি চ।

ক্রীয়তে নশুভীত্যেতে ষড্ভাবা বপুষ: স্বভা:॥৮॥

অনাত্মনো ন বিকারিত্বং ঘটস্থনভদো বধা।

এবমাত্মাইবপুত্মাদিতি সংচিন্তয়েষ্ ধ:॥৯॥

মহানিক্রিপ্তহেমাভ: কোশ: প্রাণময়ো ভবেং।

কুৎপিপাসাপরাভ্তো নাষমান্না জডো যত:॥ >०॥

চিত্রপ আত্মা যেনৈব স্বদেহমভিপশ্রতি।

আত্মৈব হি পরং ব্রহ্ম নিলেপ: স্পনীর্ধি:॥ >১॥

ন ভদশাতি কিকৈত্তদ্যদশ্রতি কিঞ্চন॥ >২॥

তত: প্রাণময়ে কোশে কোশেহন্ত্যেব মনোময়:।

স সংক্রবিক্রাত্মা বৃদ্ধীক্রিয়সমাযুত:॥ >০॥

বাস্থবিক পক্ষে এই দেহ আয়া নহে, আত্মা জন্ম-বিনাশবহিত নিজ্য পদার্থ, আর এই দেহ জন্ম, বিদ্যমান্তা, বিপ্রিণাম, বৃদ্ধি, ক্ষয়, বিনাশ এই ষড়্ভাববিকাববিশিষ্ট মত্এব দেহ আ্য়া হইতে পাবে না॥ °-৮॥

খটেব বিকাব হইলেও যেখন তৎস্ত আকাশেব বিকতি হয় না, তেমনি দেহের বিকাব হইলেও আয়ার বিকাব হয় না. অভএব বিবেকী ব্যক্তি আয়াকে দেহ হইতে ভিন্নরূপে চিন্তা করিবেন॥ ৯ স্ক্রি

বেমন মুষা-(স্বর্ণিত্র ক্রার পাত্র) নিক্ষিপ্ত স্বর্ণ তৎসংশিষ্ট থাকিয়াও তাহা হইতে বিবিক্তবস্তু, তেমনি আ আ প্রাণাম্য কোশ-সংশ্লিষ্ট হইয়াও তাহা হইতে পৃথক্ পদার্থ, কারণ, প্রাণময় কোশ ক্ষ্পেপাসা-অভিভূত জড়পদার্থ, কিছু আত্মা তাদৃশ নহে। ১০॥

আায়া চিংশ্বরপ, ওদ্যারাই স্বদেহের প্রকাশ হইয়া থাকে, এই আত্মাই নিলেপি সুথ্যাগর প্রমন্ত্রন্ধ প্রদার্থ ॥১১১

পূর্ব্বোক্ত প্রাণময় কোশে অজ্ঞান বর্ত্তমান আছে, ইহা ব্রহ্মকে বশীকৃত করিতে পারে না অথচ তিনি অজ্ঞানকে স্বস্তায় প্রকাশিত করিতেছেন। সতএব এতাদৃশ ব্রহ্ম কেমন করিয়া প্রাণময় কোশ হইবেন ? ১২॥

এই প্রাণময় কোশের অন্তরেই মনোময় কোশ বিভয়ান আছে। এই মনোময় কোশ সংকল-বিকলাত্মক এবং বৃদ্ধীন্তিয়-সমাযুক্ত । ১৩। কাম: কোধন্তথা লোভো মোহো মাৎসর্ব্যমেব চ।
মদেশভারিবজ্বর্গো মমভেচ্ছাদরোহপি চ।
মনোমরক্ত কোশস্ত ধর্মা এতক্ত তত্র তু ॥ ১৪ ॥
বা কর্মবিবরা বুদ্ধির্বেদশাস্থার্থনিশ্চিতা।
সা তু জ্ঞানেজিরে: সার্দ্ধং বিজ্ঞানমরকোশত: ॥ ১৫ ॥
ইহ কর্জ্যাভিমানী স এব তু ন সংশর: ।
ইহাম্ত্র গতিস্কত স জীবো ব্যাবহারিক: ॥ ১৬ ॥
ব্যোমাদিসান্থিকাংশেভ্যো জারন্তে ধাজ্রিরাণি তু ।
ব্যোম: শ্রোত্রং ভূবে। দ্রাণং জলাজ্জিলাথ তেজস: ॥ ১৭ ।
চক্র্রায়োত্তগুৎপন্না তেবাং ভৌতিকতা তত: ॥ ১৮ ॥
ব্যোমাদীনাং সমন্তানাং সাল্পিকাংশেভ্য এব তু ।
জারতে বৃদ্ধিননসী বৃদ্ধি: স্থানিশ্রাত্মিকা ॥ ১৯ ॥
বাক্পাণিপাদপারপন্থানি কর্মেজিরাণি তু ।
ব্যোমাদীনাং রজোহংশেভ্যো ব্যন্তেভ্যন্তাক্তর্জমাৎ । ২০ ॥

কাম, জোধ, লোভ, মোহ, মাৎস্থা এবং মন্ততা এই ষড্বিপু এবং মুম্ভা-ইচ্ছাদি ইহারা সকলেই মনোময় কোশের ধর্ম ॥ ১৪ ॥

বৈদিক ও লৌকিক কৰ্মবিষয়িণী বেদশাস্থাৰ্থনিশ্চিতা বৃদ্ধি জ্ঞানেক্সিয়ের সহিত মিলিত হইয়া বিজ্ঞানময় কোশ নামে অভিহিত হয়॥ ১৫॥

এই বিজ্ঞানময় কোশবিশিষ্ট আত্মা কর্ত্ত্বাদি অভিমান করিয়া থাকে, ইহাতে সংশয় নাই, ইহাকে ব্যাবহারিক জীব বলে। এই জীবেরই ইহলোক-প্রলোকগমন হইরা থাকে ॥ ১৬॥

আকাশাদি পঞ্চত্তের মধ্যে এক একটির সান্ধিক অংশ হইতে বক্ষামাণ-ক্রমে জ্ঞানেন্দ্রিরের উৎপত্তি হয়। তন্মধ্যে আকাশ হইতে প্রবাদিন্দ্রের, পৃথিবী হইতে স্থানেন্দ্রির, জল হইতে রসনেন্দ্রির, তেজ হইতে চক্ষ্রিন্দ্রির এবং বায় হইতে ত্বিন্দ্রির উৎপত্র হয়, এই কারণে এই ইন্দ্রিরগণ ভৌতিক নামে অভি-হিন্ত হইরা থাকে ॥ ১৭ ১৮ ॥

আকাশাদি পঞ্জুত-সমষ্টির সাত্ত্বিক অংশ হইতে বৃদ্ধি ও মনের উৎপত্তি হয়। এই বৃদ্ধি নিশ্চরাত্মিকা-বৃত্তি-সম্পন্ন॥ ১৯॥

ৰাক্, পাণি, পাদ, গুহু, উপত্ত এই পাঁচটিকে কর্ম্বেক্তির বলে। ইহারা আকাশাদির পৃথক্ পৃথক্ রজোংশ হইতে উৎপন্ন হইরা থাকে ॥ ২০ ॥ সমতেভাো রজোইংলেভাো পঞ্চপ্রাণাদিবারক।
ভারতে সপ্তদশকমেবং নিজনরীরকম্ ॥ ২১॥
এতলিকনরীরন্ধ তথারঃপিগুরন্ধত:।
পরম্পরাধ্যাসবোগাৎ সাক্ষিচৈতক্তসংযুত্য ॥ ২২॥
তদানলমরঃ কোশো ভোক্তেরং প্রতিপদ্যতে।
বিদ্যাকর্মকনাদীনাং ভোক্তেরামূত্র স স্বত:॥ ২০॥
বদাহধ্যাসং বিহারের সম্মরণে তিঠতি।
অবিদ্যামাত্রসংযুক্ত: সাক্ষ্যাত্মা ভারতে তদা ॥ ২৪॥
দ্রপ্তার্থকরণাদীনামস্ভূতে: স্বতেরপি।
অতোহস্ত:করণাধ্যাসাদধ্যাসিত্রেন চাত্মন:।
ভোক্ত্রং সাক্ষিতাং চেতি বৈধং তক্তোপপদ্যতে॥ ২৫॥
আতপশ্চাপি তছারা তৎপ্রকাশে বিরাজতে।
একো ভোজরিতা তত্র ভুঙ্কেহ্নত: কর্মণ: ক্রম্॥ ২৬॥

আকাশাদির সমন্ত রজোংশ হইতে প্রাণাদি পঞ্চ বায়ু উৎপন্ন হয়। এই পূর্ব্বোক্ত সপ্তদশ পদার্থ একত্রিত হইন্না শিকশরীর নামে কথিত হয়॥ ২১॥

এই লিক্শরীর তথায়:পিওবং * পরস্পর অধ্যাস বশত: সাক্ষিচৈতন্ত্র-সংযুক্ত হইরা আনন্দময় কোশ নামে অভিহিত হয়। এই লিক্শরীরোপহিত চৈতন্ত্রই ইহলোক-পরলোকে-জ্ঞান ও কর্মফলাদির ভোকা॥ ২০-২০॥

যথন লিকদেহের অধ্যাস পরিত্যাগ পূর্বক এই আত্মাই কেবলমাত্র অবিদ্যা-সংযুক্ত হইয়া অত্মরেপ অবস্থিত হয়েন, তথন সাকিত্মরূপে অবভা-সিত হইরা থাকেন॥ ২৪॥

এতাদৃশ আত্মা অস্তঃকরণাদির অফুভৃতি ও শ্বতির দ্রষ্টা,অতএব অস্তঃকরণের সহিত আত্মার অধ্যাদ বশতঃ ভোক্তব ও সাক্ষিব প্রতিপন্ন হইরা থাকে ॥২৫॥

এক ব্রন্ধেতেই আতপ-অনাবৃত বিশ্বরূপ অর্থাৎ ঈশ্বরত এবং ছারা-আবৃত প্রতিবিশ্বরূপ অর্থাৎ জীবত প্রকাশ পাইতেছে, ওরাধ্যে বিনি ঈশ্বর, তিনি সুথাদি ভোগ করাইয়া থাকেন, আর জীব সুথাদি ভোগ করে ৷ ২৬ ৷

^{*} এক বও লোহ অগ্নিতে সংতপ্ত করিলে বেষন লোঁহের গুরুতাদি বর্ষ অগ্নিতে এবং অগ্নির দাহকতাদি বর্ষ লোহে আরোপিত বা অব্যক্ত হর, তেষনি লিকশরীর আত্মার সহিত্ত সংবদ্ধ হওরার লিকশরীরের কর্ত্বাদি বর্ষ আত্মাতে এবং আত্মার প্রকাশতাদি বর্ষ লিকশরীরে অব্যক্ত হইরা থাকে।

ক্ষেত্রভাং রবিনং বিদ্ধি পরীরং রব্ধেব তু।
বৃদ্ধিন্ত সার্থিং বিদ্ধি প্রগ্রহন্ত তু মনন্তবা। ২৭ ॥
ইন্দ্রিরাণি হরাঘিদ্ধি বিষয়ান্তেষ্ গোচরা:।
ইন্দ্রিরের্মনসা যুক্তং ভোক্তারং বিদ্ধি প্রুষম্ ॥ ২৮ ॥
এবং শাল্তাাদিযুক্ত: সর্পান্তে ব: সদা বিজ:।
উদ্ঘাটোদ্ঘাটোকমেকং বথৈব কদলীতরো: ॥ ২৯ ॥
বক্ষলানি ততঃ পশ্চালভতে সারম্ভ্রমম্।
তথৈব পঞ্চকোশেয় মনঃ সংক্রামর্ন ক্রমাং ॥ ৩০ ॥
এবং মনঃ সমাধার সংযতো মনসি বিক্লা । ৩২ ॥
এবং মনঃ সমাধার সংযতো মনসি বিক্লা । ৩২ ॥
ততো মনঃ প্রগৃহাতি পরাজানং হি কেবলম্ ।
বভারের শ্রেভ্রম্য গ্রাহ্মমুলাত্যক্তিগোচরম্ ॥ ৩৩ ॥
শ্রীরাম উবাচ।

ভগবন্ প্রবণে নৈব প্রবন্তস্তে জনাঃ কথম্। বেদশাস্থার্থসপানা যজানঃ সত্যবাদিনঃ ॥ ৩৪ ॥

ইদানীং কনবলীর উপনিষদর্থ সংগ্রহ করিরা বলিতেছেন।—ক্ষেত্রজ্ঞান (জীবকে) রথী এবং শরীরকে রথ বলিয়া জানিবে। বৃদ্ধি এই বণের সারথি, মন প্রগ্রহ (লাগাম), ইন্দ্রিয়গণ অখ, শর্কাদি বিষয় অখের গন্তব্য স্থান এবং ইন্দ্রিয় ও মনঃ-সংযুক্ত পুরুষ বা আত্মাকে ভোক্তা বলিয়া জানিবে॥২৭-৩৮॥

থিনি শাস্ত্যাদি গুণযুক্ত হইরা এই প্রকারে উপাসনা করেন, তিনি যেমন কদলী তরুর এক একটি বন্ধল উদ্যাটিত করিতে করিতে পরে সারভাগ লাভ করিতে পারা যায়, তেমনি পূর্ব্বোক্ত পঞ্চ কোশের জ্বান্তরে মনকে প্রবিষ্ট করিয়া ক্রমে এক একটির বিবেক করিতে করিতে পঞ্চ কোশের সারভূত আত্মাকে লাভ করিতে পারেন॥ ২৯-৩১॥

এই প্রকারে মনেব সমাধান অভ্যাস করত সংঘতচিত্ত ২ইয়া নিরাকাব প্রমাত্মার চিত্ত সংস্থাণিত করিবে ॥ ৩২ ॥

তথন মন কেবলমাত্র অদৃষ্ঠ, অগম্য, অসুল ও বাক্যের অগেচর পর-যাত্রারই অস্তৃতি করিতে থাকে॥ ৩০॥

শ্রীরাম জিঞাসা করিলেন, ভগবন্! সমস্ত মানবগণ বেদশালার্থসম্পন্ন,

শ্বন্তোংপি তথাত্মানং জানতে নৈব কেচন।
জাত্মাপি মন্ততে মিধ্যা কিমেতত্ত্ব মার্রা। ৩৫।
শীশিব উবাচ।

এবমেব মহাবাহো! নাত্র কার্য্যা বিচারণা।
দৈবী হোৱা গুণমন্ত্রী মম মান্না ত্রত্যরা॥ ৩৬ ॥
মামেব যে প্রপাততে মান্নামেতাং তরস্কি তে।
অভকা যে মহাবাহো মম শ্রদ্ধাবিবর্জিকাঃ॥ ৩৭ ॥
কলং কামন্নমানান্তে চৈহিকাম্মিকাদিকম্।
কান্ন স্বল্লং সাতিশন্তং ডতঃ কর্মকলং মতম্॥ ৩৮॥
তদবিজ্ঞান্ন কর্মাণি যে কুর্মন্তি নরাধমাঃ।
মাতৃঃ পতন্তি তে গর্ভে মৃত্যোর্কক্রে পুনঃ পুনঃ॥ ৩৯ ॥
নানাযোনিষ্ জাতক্ত দেহিনো যক্ত কক্তাচিং।
কোটিজনার্জিতঃ পুণ্যার্মন্তি ভক্তিঃ প্রজারতে। ৪০ ॥

যাজ্ঞিক ও সত্যবাদী হইয়া শ্রবণ-বিষয়ে কেন প্রবৃত্ত হয় না ? কেহ কেহ শ্রবণ করিয়াও আত্মাকে জানিতে পারে না কেন এবং কেহ কেহ জানিয়াও শ্রাপনার মায়া বশতঃ মিথ্যা বলিয়া মনে কবে কেন ? (এই বিষয় স্থাপনি বলুন) ॥ ৩৪-৩৫॥

শ্রীশিব বলিলেন, তে মহাবহো। তুমি যাহা জিজ্ঞাসা করিলে, তাহা ঠিক, ইহাতে আর বিচাব করিতে হইবে না। আমার দৈবী ত্রিগুণায়িকা এই যে চুরধিগম্যা 'মারা আছে, (ইহাই এতৎসমন্তের কারণ), যাহারা আমাকে প্রাপ্ত হইতে পারে, তাহারাই এই মারাকে উত্তীর্ণ করিতে সমর্থ। ছে মহাবাহো। যাহারা আমার প্রতি অভক্ত ও শ্রদ্ধাবিবর্জ্জিত, তাহারা কেবলমাত্র এইক ও পারত্রিক ফলকামনা করিয়া থাকে। এ ফল করি অল ও সাতিশয় অর্থাৎ স্থাগির প্রাপক। ৩৬-৬৮।

যে নরাধ্য পুরুষ কর্মের এতাদৃশ ফলের বিষয় না জানিয়া কর্মাছঠান করে, ভাছারা পুন: পুন: জন্ম-মৃত্যুর বশবর্তী হয়॥ ৩১॥

এই প্রকারে নানা বোনিতে বারংবার জন্ম লাভ করিয়া কোটজনার্জিভ পুণাকলে আমাতে ভক্তি সমুংপন্ন হর । ৪০ । দ এব শভতে জানং মন্তক: শ্রেমান্থিত:।
নাভকর্মাণি কুর্নাণো জনকোটিশতৈরপি ॥ ৪১ ॥
তত: দর্বং পরিত্যজ্য মন্তকিং সম্দাহর ॥ ৪২ ॥
দর্শধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রন্ধ।
অহং ঘাং দর্শপাপেভ্যো মোক্ষরিয়ামি মা শুচ: ॥ ৪৩ ॥
যং করোবি যদশাদি যজ্জুহোবি দদাদি যথ।
যতপশ্রদি রাম ঘং তৎ কুরুল মদর্শণম্।
তত: পরতরং নান্তি ভক্তিক্ষির রঘ্তম ॥ ৪৪ ॥

ইতি শ্রীপদ্মপুরাণে শিবগীতাস্পনিবৎস্থ বন্ধবিভারাং যোগশাস্ত্রে শিবরাঘবদংবাদে চতুর্দ্দশোহধ্যারঃ ৪১৪॥

আমাতে স্থান ভক্তি ও প্রদা হইলে নির্বাণমোক্ষাধক তওজান লাভ করিতে পারে। হে মহাবাহো! আমাতে ঐকান্তিকী ভক্তি হইলে তত্ত্ব-জানলাভের নিমিত্ত তাহার উপায়ান্তর অ্যেষণের প্রয়োজন নাই। শতকোট জন্ম পর্যান্ত অন্ত কোন জানসাধন কর্মান্ত্র্চান না করিয়াও যিনি কেবল আমার ভক্তির অহুশীলন করিতে পারেন, তিনি অনায়াসেই সেই অ্যেতাম্বভব করিয়া থাকেন, অতএব তুমিও আমার উপাসনাক এবং আমার ভক্তির সাধন নিত্যনৈমিত্তিক সন্ধ্যাবন্দনাদি ব্যতীত সমন্ত যাগ্যজ্ঞাদি ক্রিয়াহ্রান পরিত্যাগ করিয়া আমার ভক্তিসংগ্রহের চেষ্টা কর ॥ ৪১-৪২ ॥

আত্মবোগ, মন্ত্রবোগ, জ্ঞানবোগ প্রভৃতি সমন্ত ধর্ম উপেক্ষা পূর্বক কেবল ভজিবোগনিরত থাকিরা আমার শরণাপর হও। হে রছ্তম ! তুমি বিষণ্ণ হইও না, তুমি আমার বাক্যের অনুসরণ করিতে পারিলে আমি তোমাকে সমন্ত অপারের হেতৃভূত নিথিল পাপ হইতে বিমৃক্ত করিব। এএ ট

হে রঘ্তম! তৃমি নিজের কর্ত্ব সর্বতোভাবে উপেক্ষা করিয়া কেবল আমাকেই সমস্ত ক্রিয়ার উদ্দেশস্থানে নিবদ্ধ রাখিবে। তৃমি যাহা কিছু করিবে, বাহা ভোজন করিবে, বাহা হোম করিবে, বাহা দান করিবে এবং শরীর ও মনের সংকারসাধন তপস্থাস্থান করিবে, তৎসমন্তের ফলই আমাতে অর্পণ করিবে, ইহাই আমার পরা ভক্তির লক্ষণ, অতঃপর আর ভক্তির শেষ্ঠা আবস্থা নাই। ৪৪॥

शक्षमत्नार्थायः।

বীরাম উবাচ।

ভক্তিতে কীদৃশী দেব জায়তে বা কথঞ সা।
বয়া নিৰ্বাণক্ষপত্ত লভতে মোক্ষমৃত্তমম্।
তদ্কহি গিরিজাকান্ত প্রাণ্যতে বেন নির্বৃতি: ॥ > ।

শ্রীভগবাহ্বাচ।
বো বেদাধ্যরনং যজ্ঞং দানানি বিবিধানি চ।
মদর্পণধিরা কুর্যাৎ স মে ভক্তঃ স মে প্রিরঃ । ২ ।
নর্যাভন্ম সমাদার বিশুদ্ধং শ্রোত্রিরালয়াৎ।
অগ্রিরিত্যাদিভিশ্ববৈরভিমন্ত্র্য যথাবিধি ॥ ৩ ॥
উদ্বারতি গাত্রাণি তেন চার্চতি মামপি।
তন্মাৎ পরতরা ভক্তিশ্বম রাম ন বিশ্বতে । ৪ ॥
সর্বদা শিরসা কঠে ক্লাক্ষান্ ধার্বেরতু যঃ।
পঞ্চাক্ষরীজপরতঃ স মে ভক্তঃ স মে প্রিরঃ । ৫ ॥

শ্রীরাম বলিলেন, হে দেব। আমি আপনার ভক্তির লক্ষণ বিস্তার পূর্বক ভাবণ করিতে ইচ্ছা করি। আপনার প্রকৃত ভক্তি কি, বাহা লাভ করিতে পারিলে জীব নির্বাণ-মৃত্তি প্রাপ্ত হইয়া থাকে, কি প্রকারেই বা সেই পরা-ভক্তির বিকাশ হর, হে গিরিজাকাস্ত ! আর কেমন করিয়াই বা তাহার ছারা পরম নির্বৃতি লাভ করিতে পারা বার, ভাহা আমাকে বলুন॥ ১॥

ভগবান্ ৰলিলেন, হে মহাবাহো। বিনি আমাতে কলার্পণ করিয়া অধ্য-য়ন, বজ্ঞ এবং দানাদি সমন্ত কর্মের অফ্টান করেন, তিনি আমার প্রিয় ভক্ত জানিবে ॥ ২ ॥

যিনি অগ্নিহোত্রী ব্রাহ্মণালয় হইতে বিশুদ্ধ অগ্নিহোত্র-ভন্ম গ্রহণ ক্রিয়া সেই ভন্মের দারা "অগ্নিরিতি ভন্ম" ইত্যাদি মন্ত্রপাঠে বথাবিধি সর্বাহ্ম বিলিপ্ত করেন এবং আমাকেও ভদ্ধারা অর্চনা করেন, হে রাম! ভাহা অপেক। আমার প্রীতিকর ভক্তির কার্য্য আর কিছুই নাই॥ ৩-৪॥

বিনি মন্তকে এবং কঠে সর্বাদা করাক্ষমালা ধারণ করেন এবং আমার পঞ্চাক্ষর মন্ত্র (নমঃ শিবার) সভত জগ করেন, তিনি আমার জক ও প্রিয়া ৫॥ ভস্ম ছলো ভস্মশারী সর্বাদা বিজিতে জির:।

যন্ত কলং জপেরিতাং চিন্ত রেনামন স্পাই:॥ ৬॥

স তেনৈব চ দেহেন শিব: সংজারতে স্বর্ম্।

জপেদ্যো কল্পজানি তথাথকাশির: পরম্॥ १॥

কৈবল্যোপনিষংপ্তকং খেতাখতরমেব চ।

ততঃ পরতরো ভক্তোমন লোকে ন বিভাতে॥ ৮॥

সম্ভ ধর্মাদক্রশাদক্তলাশাং কতাকতাং।

তত্ত ভ্তান্তবাচ্চ ষং প্রবক্ষামি তচ্চ্ব্।৯॥

বদস্তি যং পদং বেদা: শাস্তাদি বিবিধানি চ।

সর্বাপনিষদাং সারং দলো ম্বতমিবোক্তম্॥ ১০॥

যদিচ্চস্তো ব্লচর্যাং চর্জি ম্নয়: সদা।

তত্তে পদং সংগ্রেণ প্রবিষ্যামি যংপদম্॥ ১১॥

তে রঘুত্তম! ভশ্মাচ্চন্ন ও ভশ্মশাগ্রী হইরা সংক্ষেদ্রির সংযম পূর্বক বিনি
আমার কলোধ্যার পাঠ করেন এবং নিজের আত্মাহইতে অভিন্নভাবে আমাকে
উপলবি করেন, তিনি সেই জড়দেহ বিজ্ঞমান থাকিলেও মংস্করপে বিরাজ্ঞ
করিতে থাকেন। বিনি সহত ঋক ও বজর্কেদোক কলুস্কু সমূহ পাঠ করেন
এবং অথকাশির, কৈবলা ও খেতাগতরনামক উপনিষদ্পাঠ দ্বারা আমার
অস্থ্যান করেন, এই পৃথিবীতে তাঁহার তুল্য ভক্ত আমি আর কাহাকেও
মনে করি না॥ ৬-৮॥

হে রঘূত্তম ! অভঃপর আমার আর একটি মহামন্তের কথা তোমার বলি-তেছি, প্রবণ কর, — যাহা বিষয় সম্বন্ধে প্রদীপের ক্রায়, প্রকাশ্র সম্বন্ধে প্রহার, আমার সেই সর্বধর্ষ-সর্বক্রিয়াগুণ-বিবর্জিত, ভূত, উবিষ্যং, বর্তমান ত্রিকালাতীত এবং যাবজ্জ্পদার্থ হইতে বিভিন্ন, পরম জ্যোতি পরম ব্যোম চিংস্করপের প্রকাশক নাম তোমাকে বলা যাইতেছে। যে নামের বিস্তার ব্যাখ্যার নিমিত্ত সমস্ত শাস্ত্র প্রসারিত হইরাছেন, যাবং বের্দ যাহার ব্যাখ্যার নিমিত্ত আবির্ভুত, যাহা দধির মধ্যগত স্থতের ক্রায় সারস্করণে সর্ব্বোপ-নিষ্যু হইতে উদ্বৃত হইরাছে, বাহার তত্ত্বোপলন্ধির নিমিত্ত প্রবিগ্ন সতত ব্রহ্মচর্যোর অনুষ্ঠান করিয়া থাকেন, সেই নামটি উদ্বৃত করিয়া আমি তোমাকে বলিতেছি। ১১১ ॥

এতদেবাক্ষরং ব্রহ্ম এতদেবাক্ষরং প্রম্।
এতদেবাক্ষরং জাষা ব্রহ্মলোকে মহীয়তে । ২০॥
ছন্দসাং যন্ত ধেন্নাম্যভন্তেন চোদিত:।
ইদমেব পতি: দেতৃরমৃতক্ষ চ ধারণাৎ ॥ ২০॥
মেদসা পিছিতে কোশে ব্রহ্ম যৎ প্রমোমিতি॥ ২৪॥
চতপ্রস্তক্ষ মাত্রা: স্মারকারোকারকো তথা।
মকারন্চাবসানেহর্মমাত্রেতি প্রিকীর্ত্তি।॥ ২৫॥
পূর্বব্র ভ্র্ন্ড ঋগ্রেদো ব্রহ্মান্টবসবন্তথা।
গার্হপত্যন্চ গায়ত্রী গঙ্গা প্রাতঃসবন্তথা॥ ১৬॥

হে দাশরথে। সেই নামটি শক্ষপী হইলেও অগ্নির দাহিকা-শক্তির স্থার আমার রূপ হইতে অভিন্ন, এই জন্ম সেই অক্ষরটিকেই পরম ব্রহ্ম বলা গিয়া থাকে এবং তাহাই পর ও অব্যায়স্থকপ, অত্তএব সেই অক্ষরটির আরোধনা ক্রিলেই এবং তাহার ভত্ত বুঝিলেই আমার সেই চিদ্ঘন-রাজ্যে বাস হইয়া থাকে॥ ১২॥

মহাবালো। যিনি সমন্ত শতিরূপ ধেমুর ব্যভ্যরূপ, যাঁহার সংস্রবের দ্বারা শ্রুতিগণ যাবং তত্ত্বাথের প্রস্তি হইয়া যাবজ্লগৎকে সমাপ্যায়িত করি-তেছেন, যাহা মংস্থরপপ্রাপ্তির সেতৃ্ত্বরূপ, যাহার করে মুক্তি অবস্থিতি করিতেছে, সেই পরম পদটি তোমাকে বলা যাইতেছে, তাহা ওঁকারম্বরূপ। হে রাঘব ! এই মাংসমেদানি কোশের (নেহের) মধ্যে এই পরম পদটি সভত বিরাজ করিতেছে॥ ১৩-১৪॥

এই নামটি চতুর্ভাগে বিভক্ত হইরা থাকে, তাহার প্রত্যেকে এক একটি মাত্রা বলিরা নির্ণীত আছে। যথা—প্রথম মাত্রা অকার, দিতীর মাত্রা উকার, তৃতীর মাত্রা মকার,চতুর্থ মাত্রা নাদবিন্দান্মিকা। এই শেষোক্ত মাত্রাটি ক্ষমাত্রা বলিরা কীর্ত্তিতা হর । ১৫ ।

হে মহাবীর ! ইহার এক একটি মাত্রা ধারা এক এক প্রকার অর্থের পরিদীপনা হইরা থাকে। সেই সমন্ত অর্থই আমার বিস্তৃত রূপমাত্র, সেই জ্ঞল এই অক্ষরটি চতুর্মাত্রা ধারাই আমাকে প্রতিপন্ন করে। মহাবাহো ! অর্থেদ ইহার প্রথম মাত্রার ব্যাসবাক্যস্বরূপ এবং এই প্রথম মাত্রার ধারা ভূবে কি, বন্ধা, বন্ধাণ, গলা এবং গাহ পত্য অগ্নি প্রতিপাদিত হইরা থাকেন। ইহার ছন্দ পার্ক্তী এবং প্রা চঃকালে ইহার আরাধনার ধারা দেহে ক্রিরাদির সংস্থার বিতীয়া চ ভূবো বিক্সেন্তোংস্ট ব্যক্তথা।

যম্না দক্ষিণায়িক মধ্যক্ষিনসৰ: শৃতঃ ॥ ১৭ ॥

তৃতীয়া চ শ্বঃ সামান্তাদিত্যক মহেধর:।

অগ্নিকাহৰনীয়ক জগতী চ সরস্বতী ॥ ১৮ ॥

তৃতীয়ং সবনং প্রোজ্মথর্মজেন যম্মতম্।

চতুর্থী যাবসানেংর্জমাত্রা সা সোমলোকগা॥ ১৯ ॥

অর্থনাকিরসঃ সংবর্তকোহগ্রিক মহন্তথা।

বিরাট সভ্যাবস্থাে চ শুভূতির্জ্জপুক্ষকঃ ॥ ২০ ॥

প্রথমা রক্তবর্ণা ভাক্তিরা ভাক্রা মতা।

তৃতীয়া বিত্যদাভা সা চতুর্থী শুরুবর্ণিনী ॥ ২১ ॥

জাতক জারমানক তদোকারে প্রতিষ্ঠিতম্।

বিশ্বং ভূতক ভূবনং বিচিত্রং বহুধা তথা ॥ ২২ ॥

করিতে হয়, এই নিমিত্ত ইহা প্রাতঃসানস্বরূপ অথবা প্রাতঃকালই ইহার প্রতিপায় বিষয়। ১৬।

ষিতীয় মাত্রার ব্যাসবাক্যম্বরপ যদ্ধবিদ এবং ভ্বলেশিক, বিফুর্নপী রুদ্ধ, যমুনা এবং দক্ষিণাগ্নি ইহার প্রতিপাত বিষয়। ইহার উচ্চারণ অন্তইপূছন্দেকরিতে হয়, ইহা মধ্যাহ্নকালের আরাধ্য এবং পবিত্রতাজনক, এই নিমিত্ত মধ্যাহ্নসান্দ্ররূপ অথবা মধ্যাহ্নকালও ইহার প্রতিপাত বিষয়॥ ১৭ ৪

ভৃতীয়া মাত্রার ব্যাসবাক্যম্বরূপ সামবেদ, ইহার প্রতিপাল বিষয়, মর্লোক, দাদশ স্থ্য, মহেশ্বর, আহবনীয় অগ্নি, সরস্বতী এবং সায়ংকাল অথবা সায়ংকালে ইহার আরাধনা করিতে হয় বলিয়া ইহা সায়ংকালীয় বজ্ঞস্করূপ। আর জগতীচ্চলে ইহার উচ্চারণ করিতে হয়। অতঃপর স্ক্রাবসান নাদবিন্দুরূপ যে ইহার অর্ক্রমাত্রা বিরাজ করিতেছে, তাহার ব্যাসব্রাক্যম্বরূপ অথবনি বেদ এবং সোমলোক, সংবর্ত্তক অগ্নি, জ্যোতি, বিরাট্নামক অবস্থা প্রকৃতিপুক্ষবাত্মক বস্তু) ইহার প্রতিপাল বিষয়। ১৮-২১ ৪

জাত, জায়মান ও উৎপৎস্থমান বাহা কিছু আছে, তৎসমন্তই এই ওলারকে আতার করিবা অবস্থিতি করিতেছে। স্থাবরজ্ঞসম-প্রাণিবিশিষ্ট পৃথিবীরাজ্য এবং অক্সান্ত সমন্ত ভ্বনও এই ওলারেরই আত্তিত। এই ওলার আমার অভিন্ন অল্লু, বিশ্বর্থাওও আমা হইতে বিভিন্নবর্গে নহে, তাই সমন্তকেই প্রণবন্ধরণে অধ্যারোপ করা বাইতেছে। প্রাণিগণের সমন্ত

জাতক জারমানং যথ তথ সর্বাং কল্ল উচাতে।
তিন্দিরের পুন: প্রাণ: সর্বামাদার উচাতে। ২৩॥
প্রবিলীনং তদোদারের পরং ক্রম সনাতনম্।
তন্মাদোদারারজাপী বং স মৃক্রো নাত্র সংশরং ॥ ২৪॥
তেতাগ্রেং স্মার্তবহেকা লৈবাগ্রেকা সমাহিতম্।
তন্মাভিমন্ত্র্য বো মাস্ত প্রণবেন প্রপ্রবংথ।
তন্মাৎ পরতরো ভক্রো মম লোকে ন বিভাতে। ২৫॥
শালাগ্রেদ ববহেকা ভন্মাদারাভিমন্ত্রিতম্।
বো বিশিশ্বতি গাত্রাণি স শ্লোহিপি বিম্চাতে॥ ২৬॥
কুশপুলৈর্বিরদলৈ: পুলৈর্বা গিরিসভবৈ:।
বো মামর্চরতে নিত্যং প্রণবেন প্রিরো হি সং॥ ২৭॥
পুশাং ফলং সম্লং বা পত্রং সলিলমের বা।
বো দদ্যাৎ প্রণবৈর্যহং তথ কোটিগুলিতং ভবেং॥ ২৮॥

ইদ্রির ও অন্ত:করণ প্রভৃতি আন্তর-রাজ্যে যাহা কিছু আছে, তৎসমন্তই এই ওফারে প্রতিষ্ঠিত আছে। কারণ, আমার সনাতন ব্রহ্মরূপ এই প্রণবের মধ্যেই বিরাজ করিতেছে। অতএব যে ব্যক্তি এই ওজারেরক্রীসারাধনা করেন, তিনি আমার আরাধক, তিনি মৃক্ত হইবেন, তবিষয়ে সন্দেহ নাই॥ ২২-২৪॥

বৈদিকায়ি, সার্ত্তায়ি এবং শৈবাগ্নি-সমৃত্ত তম প্রণব ৰারা অভিমন্ত্রিত করিয়া যিনি আমাকে অর্চনা করেন, তাঁহা অপেকা আমার অধিকতর ভক্ত এ পৃথিবীতে নাই। যিনি শালাগ্নি (আগ্নিহোত্র বজ্ঞ ভিন্ন সাধারণ যজ্জীয়াগ্নি) অথবা গৃহদাহের অগ্নি বা দাবাগ্নিভন্ম অভিমন্ত্রিত করিয়া সর্কাগাত্র বিলিপ্ত করেন, তিনি শুক্রজাতি হইলেও মৃক্তিলাভ করিয়া থাকেন॥২৬॥

কুশ, পূপা, বিলদল অথবা গিরিসভূত পূপা দারা প্রশবেচারণ পূর্বক বিনি প্রভাহ আমার অর্চনা করিয়া থাকেন, তিনি আমার ট্রপ্রিয় ডক্ত জানিবে ৷ ২৭ ৪

অধিক কি, প্রণবের তুল্য প্রির মন্ত্র আমার আর নাই। পুশ, কল, বৃল, পজ, সলিল প্রভৃতি বাহা কিছু প্রণব-সংবৃক্ত মন্ত্র বারা আমাতে অপিত হয়, ভাহা নিপ্রণব মন্ত্রপাঠের অর্চনা হইতে কোটিওণ কলবান্ হইরা বাকের ২৮॥ অহিংসা সভাষত্তেরং শৌচমিন্তিরনিগ্রহঃ ।

বস্তান্ত্যধারনং নিতাং স মে ভক্তঃ স মে প্রিরঃ । ২৯ ॥
প্রদোবে বাে মম স্থানং গরা প্ররুতে তু মান্।
স পরাং শ্রেরমাপ্রোতি পশ্চান্মরি বিলীরতে ॥ ৩০ ॥
অইমাঞ্চ চতুর্দ্রভাং পর্ববােদরভরারপি ।
ভূতিভূবিতসর্বাকাে যঃ প্রুরতি মাং নিশি ।
কৃষ্ণপক্ষে বিশেবেণ স মে ভক্তঃ স মে প্রিয়ঃ ॥ ৩১ ॥
একাদশ্রাম্পোবাবে যঃ প্রুরতি মাং নিশি ।
সোমবারে বিশেবেণ স মে ভক্তো ন নশ্রতি ॥ ৩২ ॥
প্রাম্বতঃ স্থাপ্রেদ্যং পঞ্চাব্যেন বা প্রঃ ।
প্রোদকৈঃ কুশজলৈন্তশারাক্তঃ প্রিয়ো মম ॥ ৩৩ ॥
পর্যা সর্পিষা বাপি মধ্নেক্রসেন বা ।
প্রায়কলক্রোপি নারিকেল্জনেন বা ॥ ৩৪ ॥

বিনি সভত অহিংসা, সত্য, অন্তের, শৌচ, ইন্দ্রিরনিগ্রহ এবং তত্ত্ব-জ্ঞানের প্রকাশক শাস্ত্রাধ্যারনে নিরত, তিনি আমার ভক্ত, তিনি আমার প্রিয় । ২৯ ॥

সে সাধক প্রদোষসময়ে আমার কোন অনাদি লিঙ্গ কিংবা সুপ্রসিদ্ধ প্রতিষ্ঠিত লিঙ্গের স্থানে উপস্থিত হইয়া আমার অর্চ্চনা করেন, তিনি ইচ্ছাম্থ-রূপ বিভৃতি লাভ করিয়া অবশেষে আমাতেই বিলীন হইয়া থাকেন ॥ ৩০ ॥

উভর পক্ষেরই মইমা এবং চতুর্দ্দশী তিথির রাত্তিকালে, বিশেষতঃ ক্রুঞ্-পক্ষে বিভূতিভূবিতস্কান হইরা যিনি আমার অর্চনা করেন, তিনি আমার প্রায় ও ভক্ত ॥ ৩১ ॥

বিনি একাদশীর রাত্রিভে বিশেষতঃ সোমবারে উপবাস পূর্বক আমার আর্চনা করেন, তিনিও আমার প্রিয়ভক্ত, তাঁহাকে কংনই কোন আপদ সংস্পর্ক করিতে পারে না॥ ৩২॥

পঞ্চামৃত, পঞ্চাপব্য, পুল্প-বাসিতোদক এবং কুশোদক দারা বিনি আমাকে অভিযিক্ত করেন, তাঁহা অপেক্ষা অধিক্তর প্রিয় আর কেহই নাই । ৩০ ॥

ত্ম, যুত, মধু, ইন্ধুরস, পকামবস, নারিকেলোদক অথবা সুপ্রোদক

গজোদকেন বা মাং বাে কস্তব্যুম্পুৰন্ ।
আজিবিঞ্জেতো নাক্ত: কলিৎ প্রিয়তরা মম ॥ ৩৫ ॥
আদিত্যাভিম্থাে ভ্যা হ্যর্কবাহর্জনে হিত: ।
মাং ধাারন্ রবিবিষন্থমধর্মাকিরসং জপেৎ ॥ ৩৬ ॥
প্রবিশেনে শরীরেহসৌ গৃহং গৃহপতির্বধা ।
বৃহদ্রথস্তবং বামদেব্যং দেবব্রতানি চ ॥ ৩৭ ॥
তদ্যোপানাক্যদোহাংশ্চ যাে গায়তি মমাগ্রত: ।
ইহ প্রিয়ং পরাং ভ্রু মম সায্ত্র্যমাপ্রাৎ ॥ ৩৮ ॥
ঈশাবাক্তীদিমন্ত্রান্ যাে জপেরিত্যং মমাগ্রত: ।
মৎসাযুজ্যমবাপ্রাতি মম লােকে মহীয়তে ॥ ৩৯ ॥
ভক্তিযোগাে ময়া প্রোক্ত এবং ব্যুক্লােন্তব ।
সর্কবিষাপ্রদাে মতঃ কিমক্তেল্লাত্বিভিসে ॥ ৪০ ॥

देखि निवतीकांबाः शक्षान्तांवाः॥

ৰারা, কল্ৰস্কু পাঠ পূৰ্বক বিনি আমাকে অভিবিক্ত করেন, তাঁহা অপেকা অধিকতর প্রিয় আর কেহই নাই। ৩৪-৩৫॥

নাভিজনে অবস্থান পূর্বাক স্থাতিম্থ হইরা যিনি সেই রবিষওলের মধ্যে আমাকে ধ্যান করিতে করিতে আথর্বাণ শুতি গান করিরা থাকেন, হে রাঘব! গৃহপতির গৃহপ্রবেশের লার তিনি আমার শরীরে প্রবেশ করিরা থাকেন—তাঁহার সত্তা আমার সতার বিলীন হইরা যার। যিনি সামবেদীর বৃহত্তথন্তর ও বামদেব্যাদিস্ক আমার নিকট গান করেন, তিনিও ইহ-জন্ম ইচ্ছাহ্মরপ বিভৃতি লাভ করিরা অবশেষে মৎসাযুল্য প্রাপ্ত হইরা থাকেন। অথবা ঈশাবাল্যাদি বাজসনেরোপনিষদ্ মন্তাবলী যিনি সতত আমার নিকট উদ্গীত করেন, তিনিও মৎসাযুল্য প্রাপ্ত হইরা আমার লোকের অধিবালী হরেন। হে রল্পুলোভব। এই সকল অন্তানই আমার তিজিবোগ নাম্যে অভিহিত হর। এই ভিভিবোগ কীবের সর্ক্রমনার কামধেল্ডকরপ এবং ইহাই মুক্তিশ্রাক, অতএব মীবগণ সর্ক্রভোভাষে ইহারই অন্ত্রীনন করিবে। অত্যান্ধ বাহা জিল্পান্ত থাকে, তাহা বল ॥ ৩৬-৪০ ॥

(वीक्राश्चा शाबः।

जीवाम खेबाह ।

ভগবন মোক্ষমার্গো বন্ধরা সম্যঞ্জনাত্তঃ। তত্তাধিকারিণং ক্রহি ভূত্ত মে সংশ্রো মহান্ । ১॥

খ্রীভগবাছবাচ।

ব্ৰহ্মকত্ৰবিশঃ শৃদ্ৰাঃ বিশ্বক্ষাজ্ঞাধিকাৰিশঃ।
ব্ৰহ্মচাৰী গৃহস্থো বাহুপনীভোহথবা বিজঃ॥ ২॥
বনস্থো বাহবনস্থো বা ষতিঃ পাওপতত্ৰতী।
বহুমাজ কিমুক্তেন যক্ত ভক্তিঃ শিবাৰ্চনে॥ ৩॥
স এবাজ্ঞাধিকাৰী স্থান্নাক্ষচিত্তঃ কৰ্ণঞ্চন।
জড়োহন্ধো বধিৰো মূকো নিংশৌচঃ কৰ্মবৰ্জিতঃ॥ ৪॥
অজ্ঞোপহাসাভজ্ঞাক ভূতিক্লজ্ঞাক্ষধাৰিশঃ।
নিজিনো যক্ষ বা বেষ্টি তে নৈবাজ্ঞাধিকাৰিশঃ॥ ৫॥

শীরাম বলিলেন, ভগবন । আপনি যে মোক্ষমার্গের বিষয় সম্যক্রপে পূর্বে উপদেশ করিয়াছেন, সেই বিষয়ের প্রকৃত অধিকারী সম্বন্ধে আমার বিশেষ সন্দেহ আছে, অভএব তাহা বিস্তার করিয়া উপদেশ করেন, ইহাই অভিলাব করিডেছি॥ ১॥

তগবান্ বলিলেন, রঘ্তম । মরির্দিষ্ট মোকমার্গের অধিকারে বিশিষ্ট ভাতি ও আশ্রমাদির বিশেব কোন অপেকা নাই, অপেকা কেবল ভাজির। বিনি মদেকপরারণ, মদেকরতভজ্ঞ, ভিনিই উরিথিত মোকমার্গের অধিকারী। তিনি রাহ্মণ হউন, ক্ষত্রিই ইউন, বৈশ্ব হউন, শৃত ইউন কিংবা শীজাতিই হউন, অথবা রহ্মচারী, গৃহত্ব, উপনীত বা অমুপনীত বা বনত্ব বা অবনত্ব বা বতি ইত্যাদি যে কোন আশ্রমী বা যে কোন আভিই হউন, নিজের আহ্বা হইতে অভিরক্তপে উপলব্ধি করিরা বিনি আমার প্রতি ভজিপরারণ হইবেন, তিনিই উরিথিত বিষরের অধিকারী, এ বিষরে সন্দেহ নাই। এতব্যকীত বাহারা মূর্থ (তম্কানপরিশৃত্ব), অহু, ব্যরির, মৃক, শৌচজিরাবর্জিত, নিত্যা-নৈমিজিক-কর্ত্রা-জিরাবিরহিত এবং অম্প্রাক্ত ব্যক্তির উপহাসকারী অথবা মহজিবিত্রিক ইইরাক্ত বিভূতি ও ক্ষাক্ষবারশাল

বে মাং শুলং পাশুপতং ব্রন্থ বেটি নরাধিপ।
বিশ্বং বা স ন মৃচ্যেত জন্মকোটিশতৈরপি॥ ৩॥
অনেককর্মসজোহপি শিবজানবিবর্জিতঃ।
শিবভজিবিহীনন্দ সংসারী নৈব মৃচ্যুতে॥ १॥
আসকাং কলস্দিনো, বে ঘবৈদিককর্মণি।
দৃইমাত্রকলান্তে তু ন মৃক্তাবিধিকারিণঃ॥ ৮॥
অবিমৃক্তে বারকারাং শ্রীশৈলে প্গুরীককে।
দেহাত্তে তারকং বন্ধ লভতে মদত্রহাং॥ ৯॥
বন্ধ ততারকং বন্ধ লভতে মদত্রহাং॥ ৯॥
বন্ধ ততারকং বন্ধ লভতে মদত্রহাং॥ ৯॥
বন্ধ তপশ্চ কীর্ভিন্চ স তীর্থকলমন্ন তে॥ ১০॥
বিশ্বাভারবেদ্বেশ্ব স্থানিনরনাদৃতে॥ ১১॥
নাজিব্যাহারবেদ্বেশ্ব স্থানিনরনাদৃতে॥ ১১॥

দির ঘারা আমাব ভক্তবেশে সজ্জিত, বিশেষতঃ বাহারা আমাকে বিষেষ করে, তাহারা কদাপি মোক্ষমার্গের অধিকারী নহে॥ ২-৫॥

যে ব্যক্তি আমাকে, গুরুকে এবং আমার পাণ্ডপত ব্রত ও বিশ্বুকে বিছেব করিরা থাকে, সে শতকোটি জন্মেও মৃক্তিলাভে সমর্থ হইবে না। বিবিধ বিহিত কর্মান্তর্চান করিলেও যে আমার ভক্তি ও তত্ত্ত্তানে বঞ্চিত, সে কদাচ সংসার হইতে মৃক্তিলাভ করিতে পারে না। যাহারা দৃইকলাকাজনী (আহারী বিভূতির প্রত্যাশী) হইয়া বাম-কাপালকাত্যক্ত অবৈদিক কর্মে সমাসক্ত হয়, ভাহারা কেবল সেই সকল শান্ত্রোক্ত দৃইকলমাত্রই লাভ করিয়া থাকে, কিছু মৃক্তিতে অধিকারী নহে। এতব্যতীত অবিমৃক্তক্ত্রে, হারকা, শ্রীশৈল এবং পৃগুরীক ক্ত্রে দেহান্ত হইলে ভাহারাও আমার অন্ত্রহাধীন ব্রহ্মণদ লাভ করিয়া মোক্ত প্রাপ্ত হয়। কিছু রাম! সকল ব্যক্তিই ঐ সকল ভার্ত্বের অধিকারী হয় না। বাহার সমন্ত জানেন্দ্রির স্থসংযত, বিনি জান-সন্তার, ভপত্তাসন্তার এবং বিনি ধর্মান্থ্রীন হারা থ্যাতিমান্, ভিনি ভীর্থকল-ভোগের অধিকারী । ৬-১০ ৪

অভ্গনীত প্রাক্ষণের পক্ষে কল্যাণ প্রকার অধিকারিত নিরুপণ করিছে-ছেন।---অভূপনীত প্রাক্ষণ স্থাকার ব্যতীত বেলোচ্চারণ করিবে না। বে ন শ্তেণ সমন্তাবদ্বাস্থেদান লাগতে।
নামসংকীর্তনে খ্যানে সর্ব্য এবাধিকারিণ: ॥ ১২ ।
সংসারান্ত্যতে জন্তঃ শিবতাদাত্মভাবনাং।
তথা দানং তপো বেদাধ্যুরনং চাক্তকর্ম বা ।
সহস্রাংশন্ত নাইন্তি সর্বাদা ধ্যানকর্মণ: ॥ ১৩ ॥
জাতিমাশ্রমকানি দেশং কালমথাপি বা ।
আসনাদীনি কর্মাণি ধ্যানং নাপেকতে কচিং ॥ ১৪ ॥
গচ্চংন্তিঠন চরন্ বাপি শন্তানো বাক্তকর্মণ ।
পাতকেনাপি বা যুক্তো ধ্যানাদেব বিম্চাতে ॥ ১৫ ॥
নেহান্তিক্রমনাশোংন্তি প্রত্যাধ্যা ন বিহতে ।
অল্লমপ্যস্ত ধর্মস্ত ভারতে মহতো ভ্রাং ॥ ১৬ ॥
আশ্চর্য্যে বা ভয়ে শোকে ক্তে বা মম নাম যং ।
ব্যাক্ষেন বা শ্বরেদ্যন্ত স যাতি পরমাং গতিম্॥ ১৭ ॥

পর্য্যন্ত ব্রাহ্মণ উপনয়ন-সংশ্বার-সম্পর না হয়, তাবৎ শৃদ্রতুল্য। কিন্তু ভগবানের নামসংকীর্ত্তন ও ধ্যানাদি বিষয়ে সকলেরই অধিকার জানিবে। ১১-১২॥

বে ব্যক্তি "শিবোহং" এই প্রকার অভেদ ভাবনা করিতে পারে, সেই ব্যক্তি সংসার হইতে বিমৃক্ত হয়। দান, তপস্থা, বেদাধ্যয়ন অথবা অন্ত যে কিছু কন্দাস্ঠানই করা যাউক না কেন, কিছুই ধ্যানের তুল্য নহে ॥ ১৩॥

ধ্যানবিৰন্ধে ব্ৰাহ্মণাদি জাতি, ব্ৰহ্মচৰ্য্যাদি আশ্ৰম, ক্ৰাস্বিধি, দেশ, কাল. আসনাদি ক্ৰিয়াষ্ঠান প্ৰভৃতি কিছুৱই অপেক্ষা করে না॥ ১৪॥

গমন করিতে করিতে কিংবা উপবেশন করিরা অথবা বিচরণশীল ছইরা বা শরান অবস্থার কিংবা অভকর্মাসক্ত থাকিরা অথবা পাপমূক্ত হইরাও বদি ধ্যানাস্কান করে, তবে সেই ব্যক্তি বিমৃক্ত হইতে পারে ॥ ১৫ ॥

এই ধ্যানাস্থানের আরম্ভ করিলে কোন বিদ্ন হইতে পারে না, কোন প্রকার প্রভাব্যানেরও আশকা নাই। এই ধ্যানরূপ, কার্ব্যের একদেশ-অস্কৃষ্টিত হইলেও ইহা মহাসংসারভর হইতে পরিজ্ঞাণ করিয়া থাকে ঃ ১৬ ঃ

কোন আশ্রেশনক ঘটনা, তর, শোক এবং কুংপাডসময়ে যদি মানব হলজমেও আমার নাম সংকীর্জন করে, ভবে নেই ব্যক্তি পরমগতি লাভ করিয়া থাকে ৪ ১৭ ৪ মহাপাপৈরপি ক্রে দেহাতে বস্তু মাং করেং।
পঞ্চাক্ষরীং বোচ্চরতি স মৃক্ষো নাত্র সংলয়ঃ ॥ ১৮ ॥
বিবং শিবময়ং বস্তু পশুত্যাত্মানমাত্মনা।
তত্ম ক্ষেত্রেষ্ তীর্থের্ কিং কার্যাং বাস্তকর্মস্ম ॥ ১৯ ॥
সর্বেণ সর্বাদা কার্যাং ভৃতিরুদ্রাক্ষধারণম্।
ব্রেলনাথাপ্যযুক্তেন শিবভক্তিমভীক্ষতা ॥ ২০ ॥
নর্যান্তত্মসমাযুক্তো রুদ্রাক্ষান্ যন্ত্ম ধাররেং।
মহাপাপৈরপি ক্রেছি মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ২১ ॥
অক্যানি শৈবকর্মাণি করোতু ন করোতু বা।
শিবনাম জপেদ্যস্ত সর্বাদা মুচ্যতে তু সঃ ॥ ২২ ॥
অক্তবালে তু রুদ্রাক্ষারিভূতিং ধাররেজ্ব যঃ ॥
মহাপাপোপপাপোধিররিপ ক্রেটা নরাধমঃ ॥ ২৩ ॥
সর্বাথা নোপসর্পন্তি তং জনং যমকিকরাঃ ॥ ২৪ ॥

যে ব্যক্তি মহাপাতক্যুক্ত হইরাও দেহাস্ত-সমরে আমাকে স্মরণ করে অথবা আমার পঞ্চাক্ষরী মন্ত্র উচ্চারণ করে, সেই ব্যক্তি নিশ্চরই মুক্তিভাগী হর, ইহাতে সন্দেহ নাই॥ ১৮॥

বিনি আত্মাভিমান পরিত্যাগ পূর্বক বিশ্বব্রশাগুকে একমাত্র **শিব্যরণে** দেখিতে পান, সেই সাধকের কোন প্রসিদ্ধ ক্ষেত্র কিংবা তীর্থগমন অধবা অস্থ কোন কার্য্যামুষ্ঠানের প্রয়োজন নাই। ১৯॥

বোগযুক্তই হউক অথবা বোগবিযুক্তই হউক, বাহারা শিবভক্তি-অভীপ্রু, তাহাদের সকলেরই ভন্ম ও ক্রাক্ষ ধারণ করা অবশু কর্ত্ব্য । ২০ ॥

বে ব্যক্তি অগ্নিহোত্র-যজ্ঞাবশিষ্ট ভল্মে নিপ্তান্ধ হইয়া ক্রন্ত্রাক্ষমালা ধারণ করে, সেই ব্যক্তি মহাপাতকযুক্ত হইয়াও মুক্তিলাভে সমর্থ, ইহাতে সংশর নাই॥ ২১॥

অক্সান্ত শৈব কর্মান্ত্রীন করুক আর নাই করুক, যে ব্যক্তি সর্বাদা শিবনাম-সহত্র জপ করে, সেই মানব মৃক্তিভাগী হইরা থাকে॥ ২২ ন

বে দেহাভাগমরে ভন্ম ও রুলাক ধারণ করে, সে মহাপাপ-উপপাণাদিযুক্ত মরাধম পুরুষ হইয়াও বমকিছরের বলবর্তী হয় না ৪ ২৩-২৪ ট

বিষম্লয়দা বন্ধ শরীরম্পলিপতি । অন্তকালেহন্তকজনৈঃ স দুরীক্রিরতে নরঃ॥ ২৫।,

প্রীরাম উবাচ।

ভগৰন্ পৃঞ্জিতঃ কুত্ৰ কুত্ৰ বা দং প্ৰসীদসি। তদক্ৰহি মম জিজ্ঞাসা বৰ্ত্ততে মহতী বিভো॥ ২৩ ॥

🕮ভগৰাত্বাচ।

মুদা বা গোমরেনাপি ভন্মনা চন্দনেন বা।

সিকতাভিদনিরণা বা পাষানেনাপি নির্মিতা।
লোহেন বাথ রঙ্গেশ কাংস্থর্পরপিত্তলৈ: ॥ ২৭ ।
ভাররৌপ্যস্থরনৈর্জা রত্ত্বেননাবিধৈরপি।
অথবা পারদেনেব কপুর্বেনাথবা ক্রতা ॥ ২৮ ॥
প্রতিমা শিবলিকং বা ক্রব্যৈরেতৈ: ক্রন্ড ষং।
ভক্র যাং পৃজ্বেত্তেষ্ ফলং কোটিগুণোভরম্॥ ২৯ ॥
মুদ্দাক্রকাংস্তলোহৈন্চ পাষাণেনাপি নির্মিতা।
গৃহিণা প্রতিমা কার্য্যা শিবং শ্রদভীক্ষতা॥ ৩০ ॥

বে ব্যক্তি বিশ্বতক্ষর মৃশস্থ মৃত্তিকা ছারা শরীর লেপন করে, সে ব্যক্তি দেহাস্তকালে যমদৃত কর্ত্ব দুরীকৃত হয়, যমদ্তগণ তাহাকে স্পর্শ করিতে পারে না॥ ২৫॥

শীরাম বলিলেন, ভগবন্! আপনি কোন্কোন্ দ্রব্য-নির্মিত যত্ত্তে প্রিত হইরা প্রসন্ন হইরা থাকেন, তাহা আমাকে বলুন। হে বিভো! এই বিষয়ে আমার মহতী জিঞাসা উপস্থিত হইরাছে ॥ ২৩ ॥ -

শীভগবান বলিলেন, মৃত্তিকা, গোমর, ভন্ম, চন্দন, বালুকা, কার্চ, পাষাণ, লোহ, রন্ধ, কাংলু, থর্পর এবং পিউল, তাম, রৌপ্য, স্থবর্ণ অথবা নানাবিধ রন্ধ, পারন কিংবা কপুর বারা আমার প্রতিমা বা শিবলিক নির্মাণ করিয়া বে ব্যক্তি তাহাতে আমার পূজা করে, সে ব্যক্তি আমার সাধারণ বত্তে পূজা অপেকাও কোটিউণ কল লাভ করিয়া থাকে ॥ ২৭-২৯॥

বাহারা শিবপ্রাপ্তি ইচ্ছা করে, ভাদৃশ গৃহী ব্যক্তি মৃত্তিকা, কাংক্ত, লোহ অথবা পাবাণ দারা আমার প্রতিমা নির্মাণ করিবে। ৩০ ॥

বার্ লিরং কৃলং ধর্মং পুরানাপ্তোতি তৈঃ ক্রমাং।
বিবর্কে তৎকলে বা বো মাং পৃত্যতে নরঃ ॥ ৩১ ॥
পরাং লিরমিহ প্রাপ্য মম লোকে মহীরতে।
বিবর্কং সমালিত্য যো মন্ত্রান্ বিধিনা জপেৎ ॥ ৩২ ॥
একেন দিবসেনের তৎপুরক্তরণং ভবেৎ।
বন্ত বিরবনে নিত্যং কুটাং রুষা বসেররঃ ॥ ৩৩ ॥
সর্কে মন্ত্রাঃ প্রতিষ্ঠিত জপমাত্রেণ কেবলম্।
পর্কাতাগ্রে নদীতীরে বিরম্লে শিবালরে ॥ ৩৪ ॥
অগ্নিহোত্রে কেশবক্ত সন্নিধৌ বাংজপেত্র যঃ।
নৈবাক্ত বিরং কুর্কন্তি দানবা যক্তরাক্রসাঃ ॥ ৩১ ॥
তং ন স্পৃশন্তি পাপানি শিবসাযুক্ত্যকৃতি ।
হতিলে বা জলে বক্রো বারাবাকাশ এব বা ॥ ৩৬ ॥
গুরৌ সাজনি বা যো নাং পৃত্তরেং প্রতো নরঃ।
স রুৎসং ফল্যাপ্রোতি লব্যাত্রেণ রাঘ্র ॥ ৩৭ ॥

এই পঞ্চ দ্রব্যের অক্সতম বারা নির্মিত প্রতিমার পূজা করিলে বথাক্রমে আয়, জ্রী, কুল, ধর্ম এবং পূজ লাভ করিতে পারে। বে ব্যক্তি বিবরুক্ষে অথবা তদীর মূলে আমাকে অর্জনা করে, সে ব্যক্তি ইহলোকে পরম শ্রীলাভ করিয়া দেহাল্তে আমার লোকে বাস করিয়া থাকে। পরস্ক বে ব্যক্তি বিবরুক্ষের তলে উপবেশন করিয়া বিধি পূর্ব্ধক আমার মন্ত্রজপ করে, তাহার এক দিনেই পূর্-শুরণকার্য্য সম্পন্ন হয়। আর বে ব্যক্তি বিবতর্ক্রনে কূটার নির্মাণ করত বাস করে, সেই মানবের জপমাত্রেই সমন্ত মন্ত্র সিদ্ধ হইয়া থাকে। যে মানব পর্বতাগ্রদেশ, নদীতীর, বিশ্বমূল, শিবালয়, অগ্নিহোত্ত-মঞ্চগৃহ এবং বিশ্বুর সমীপে মন্ত্র জপ করে, সেই সাধকের সম্বন্ধে দানব, যক্ষ, রাক্ষস কেইই বিশ্ব আচরণ করিতে সমর্থ হয় না॥ ৩১-৩৫॥

পরস্ক পাপও এতাদৃশ সাধককে সংস্পর্ণ করিতে পারে না, সে রাজি-আন্তে শিবসাবৃদ্য প্রাপ্ত হইরা থাকে। হণ্ডিল, জল, বহি, বায়ু, আকাশ. পর্বান্ত এবং ঘণেতে যে ব্যক্তি আমার অর্চনা করে, তে রাঘব ! নে পূজার সমত কল্লাভ করিতে পারে ॥ ৩৬-৩৭ ॥ আত্মপুলাসমা নান্তি পূজা মনুত্লোহব।
মংসাবৃজ্যমবাপ্নোতি চণ্ডালোহপ্যাস্থপুলরা ॥ ৩৮ ॥
সর্বান্ কামানবাপ্নোতি মহ্বয়ঃ কবলাসনে।
ক্ষাজিনে ভবেন্দ্ভির্মোক্ষঃ শ্রীব্যান্তর্মণি ॥ ৩৯ ॥
কুশাসনে ভবেজ্জানমারোগ্যং প্রনির্মিতে।
পাষাণে হঃথমাপ্নোতি কাঠে নানাবিধান্ গদান্ ॥ ৪০ ॥
বস্ত্রে প্রিমনবাপ্নোতি ভূমো মরো ন সিধ্যতি।
উদম্বং প্রান্থখো বা জপং পূজাং সমাচরেৎ ॥ ৪১ ॥
অক্ষমালাবিধিং বক্ষ্যে শৃণ্যাবহিতো নূপ।
সাম্রাজ্যং ক্ষটিকো দছাৎ পুরন্ধীবং পরাং প্রিমন্ ॥ ৪২ ॥
আব্জ্ঞানং কুণগ্রহো ক্রাক্ষঃ সর্ব্বকামদঃ।
প্রবালিক কতা মালা সর্বলোকবশপ্রদা॥ ৪০ ॥

হে রঘুকুল-ধুরন্ধর ! আত্ম-পূজার সমান আর পূজা নাই। যে ব্যক্তি আত্ম-পূজা-* নিরত, সে চণ্ডালজাতি হইলেও আমার সাযুজ্য লাভ করিয়া থাকে ॥ ৩৮ ।

বে ব্যক্তি কমলাসনে উপবেশন পূর্ব্বক আমার পূজা করে, সে সমন্ত অভীট বিষয় প্রাপ্ত হর। ক্লফাজিন-আসনে মৃত্তি এবং ব্যাত্তচর্মাসনে শ্রীলাভ হইয়া থাকে। ৩৯।

কুশাসনে জ্ঞানবিকাশ, প্রত্তিনিবিতাসনে স্থারোগ্য, প্রস্তরাসনে তৃ:খ, কাষ্ঠাসনে নানাপ্রকার পীড়া, বস্ত্রাসনে শ্রীলাভ হইরা থাকে। কিন্তু বাহারা ভূম্যাসনে বসিরা মন্ত্র জপ করে, তাহাদের মন্ত্র সিদ্ধ হর না। সাধক উত্তরম্থ বা পূর্বামুখ হইরা জপ ও পূজামুষ্ঠান করিবে॥ ৪০-৪১॥

হে নুপতে ! ইদানীং ৰূপমালার বিষয় বলিতেছি, অবহিত হইরা শ্রবণ কর। ফটিকমালার জপে সাম্রাজ্যলাভ, পুদ্রন্তীবমালার জপে উৎকৃষ্ট প্রীলাভ, কুশগ্রন্থি বারা জপে আত্মজান এবং র জাক্ষমালার জপে সম্ভূক্ষমনা সিদ্ধ

^{*} নিজের ক্ষরদেশ প্রমান্তার অভিত যনে করিরা, যাহা কিছু আত্মতোগার্থ প্রহণ করিবে, তৎসমতই তাঁহাকে নিবেদন করিরা প্রহণ করিবে এবং তিনি ক্ষরত থাকিরা আমার পাশ-পুণ্য সম্ভই দর্শন করিছেছেন, ইহা দ্বির করিয়া পাশ হইছে নিবৃদ্ধ থাকিবে, ইহার নাম আত্মপুলা।

মেক্সেলা চ মালা ভালামলক্যা: কলৈ: কৃতা।
মুক্তাকলৈ: কৃতা মালা সক্ষবিভাপ্রদায়িনী । ৪৪ ॥
মাণিকারচিতা মালা ত্রৈলোক্যন্ত বশকরী ।
নীলৈর্দ্মরকতৈর পি কৃতা শক্রভরপ্রদা ॥ ৪৫ ॥
স্বর্ণরচিতা মালা লভাবৈ মহন্তীং প্রিরম্।
তথা রৌপ্যমরী মালা কন্তাং বছনতি কামিতাম্ ॥ ৪৬ ॥
উক্তানাং সক্ষবামানাং দায়িনী পারদৈ: কৃতা।
অষ্টোভরশতং মালা তত্র ভাভতুত্রমোত্রমা ॥ ৪৭ ॥
শতসংখ্যোত্তমা মালা পঞ্চাশন্মধ্যমা মতা।
চতুঃপঞ্চাশতী যঘা হ্যমা সপ্তবিংশতি: ॥ ৪৮ ॥
অধ্যা পঞ্চবিংশত্যা বিদি ভাছতেনির্দ্মিতা।
পঞ্চাদশক্ষরাণ্যবাহুলোমপ্রতিলোম্বাহাঃ ॥ ৪৯ ॥

ইয়া থাকে। প্রবাল দারা নির্শিত মালায় জপ জরিলে সর্বলোক বশীভূত ম, শুআমলকীফলনির্শিত মালা মোক্ষদান করিয়া থাকে এবং মৃক্ডামালা দারা প করিলে উহা সর্ববিভা প্রদান করিয়া থাকে ॥ ৪২-৪৪ ॥

মাণিক্যনির্নিত। মালার জপে ত্রিলোক বশবর্তী হয়। নীলমরক্তমণিচিতা মালা শত্রুগণের ভয় উৎপাদন করে, স্বর্গ-বিরচিতা মালা মহতী সম্পদ্
।দান করিতে সমর্থ এবং রোগ্যনির্নিত। মালা মনোজ্ঞী কলা প্রদান করে।
ারদনির্নিতা মালার জপে উল্লিখিত সমন্ত কামনা সিদ্ধ হইয়া গাকে।
চ প্রকার মালার বিষয় বলা হইল, এই সকল প্রকার মালাতেই অস্টোত্তরতসংখ্যক শুটিকা উত্তমোত্তম, শতসংখ্যক উত্তম, পঞ্চাশং অথবা
চুংপঞ্চাশংসংখ্যক শুটিকা মধ্যম এবং সপ্তবিংশতিসংখ্যক শুটিকা অধম
নিবে॥ ৪৫-৪৮॥

যথন শতদংখ্যক মালা উত্তম বলিরা গণ্য হইবে, তথন পঞ্চবিংশতি খ্যার মালা অধমস্থানে পরিগণিত হয়। উল্লিখিত পঞ্চাশৎসংখ্যার মালাতে দারাদি বর্ণের বিজ্ঞান করিয়া যদি তাহাতে মূলমন্ত্র জপ করে, তাহা লে একবার জপের ঘারাই একটি পুরশ্চরণ সমাপ্ত হইতে পারে। ভাহার য়ম এই,—কথিত সর্ক্রপ্রকার মালার মধ্যেই সংখ্যাতিরিক্ত একটি বীক্ত গার প্রথিত বীক্তলি হইতে একটু ভিরভাবে বৃস্তাকারে গ্রহন করিবে, ইটিকে মেরু বলে। যথন পঞ্চাশং গুটিকা ঘারা ঘালা নির্মাণ করা হয়.

ইত্যেবং স্থাপরেৎ স্পষ্টং ন কলৈচিং প্রদর্শরেৎ ॥ ৫ । । বর্ণৈবিক্তরা বৈদ্ধ ক্রিয়তে মালয়া লপঃ । প্রকর্বারেণ তলৈত প্রভর্ত্যা কুতা তবেৎ ॥ ৫> ॥ সব্যপাঞ্চিং ওলে স্থাপ্য দক্ষিণং চ শিবোপরি । বোনিমূলাবর এবং ভবেদাসনম্ভ্রমন্ ॥ ৫২ ॥ বোনিমূলাসনে স্থিতা প্রজ্ঞাপেদ্বঃ সমাহিতঃ । বং কঞ্জিদপি বা মন্তং তত্ত স্থাঃ সর্বাসিকরঃ ॥ ৫০ ॥ ছিলা ক্রমা অভিতাশ্চ মিলিতা মৃচ্ছিতাত্তথা । স্থা মতা হীনবীর্ব্যা দক্ষা প্রভ্যাবিপক্ষগাঃ ॥ ৫৪ ॥

তথন ঐ মেরু গুটিকাটি সমেত একারটি গুটিকা ইইরা থাকে, তর্মধ্যে মেরুস্বরূপ গুটিকাটি জপকালে ফিরাইতে হয় না, উহা সাক্ষিত্রপে অবস্থিতি
করে, সেইটিকে মধ্যন্থ করিয়া অনুলোমবিলোমক্রমে অপর গুটিকাগুলি
ফিরাইতে হয়। ইহাই হইল মালাজপমাত্রে সাধারণ নিয়ম। তর্মধ্যে বখন
পক্ষাশং গুটিকা বারা জপ করা হয়, তখন এক একটি গুটিকাকে অকারাদি
এক একটি বর্ণস্বরূপে কল্পনা করিয়া অনুলোমক্রমে একবার পঞ্চাশং পর্যান্ত্র পূর্ণ করিতে হয়। তাহা হইলেই হ'এর পরবর্ত্তী ল'রে * গিয়া শেব হইল।
তৎপর অবশিষ্ট ক্ষ বর্ণটিকে মেরু স্থানে কল্পনা করিয়া পুনর্ব্বার বে মালাটিতে
পঞ্চাশং সংখ্যার শেব হইরাছে, সেইটি হইতে আরম্ভ করিয়া লকারাদিক্রমে
বর্ণ কল্পনা পূর্বাক মূলমন্ত্র জপ করিতে করিতে অকারের স্থানীয় মালাটিতে
আসিয়া পঞ্চাশং সংখ্যা পূর্ণ হইবে। ইহার নাম বিলোম-জ্বপ। এইরূপ অন্তুলোম বা বিলোমক্রমে পঞ্চাশংমালার পঞ্চাশং বর্ণের বিক্রাস বারা গুপুভাবে
জপ করিতে হয়॥ ৪৯-৫১॥

অতঃপর বনিবার আসনবিবরও বলা গাইতেছে। জপকালে বীরাসন, ভলাসন প্রভৃতি নানাপ্রকার আসনই বিহিত আছে সভ্য, কিন্তু তথাবা বোনিমূলাবন্ধে যে আসন করা হয়, তাহা সর্বাপেকা প্রশন্ত । বোনিমূলাসনে স্থিত হইয়া সমাহিতভাবে যে কোন,মন্ত্র জপ করা বায়, তাহাই সর্কাসিদ্ধিপ্রদ হইয়া থাকে। অধিক কি, জপ্যমান মন্ত্র ঘদি ছিল্ল-দোবগ্রন্ত, য়ঢ়দোবগ্রন্ত অথবা ভাছিত, মিলিত, মৃচ্ছিত, সুপ্ত, মত, হীনবীর্য্য

छेगानना-मारबंद बर्फ स्थाद गांव आंच अक्के का गांठिज हरेता भारक ;

বালা বৌৰনমভাক বৃদ্ধা মন্ত্ৰাক্ত বে মডাঃ।
বোনিমূলাসনে ছিম্বা মন্ত্ৰানেবংবিধান্ কপেং॥ ৫৫॥
তক্ত সিধান্তি তে মন্ত্ৰা নাক্তক্ত তৃ কথকন।
নাক্ত্ৰ মূহৰ্ত্তমানভা মধ্যাকং প্ৰকপেন্মস্থ।
অত উৰ্জং ক্তেত জাপ্যে বিনাশো ভবতি ধ্ৰবন্।
প্রক্র্য্যাবিধাবেবং সর্বকাম্যকলেছপি॥ ৫৬॥
নিত্যে নৈমিভিকে বাপি তপক্র্যাম্থ বা প্নঃ।
সর্বদৈৰ জপঃ কার্য্যোন দোষস্তত্ত্ব কক্তন॥ ৫৭॥
বস্তু ক্ত্রুণ জপেনিভাগ ধ্যায়মানো মমাকৃতিন্।
বভক্রং বা প্রণবং নিজামো বিজিতেক্ত্রিরং॥ ৫৮॥
তথাথর্ক্ষশিরোমন্ত্রং কৈবলাং বা রুম্ভ্রম।
স তেনৈব চ দেহেন শিবঃ সঞ্জারতে ক্রুম্॥ ৫৯॥

দক্ষ, কিংবা অরি-স্থানীয়ও হয় কিংবা বালদোষ, যৌবন-দোধ
অথবা বৃদ্ধবদোষ প্রাপ্ত হয়, তাহা হইলেও বোনিমৃদাসনে অপ করিলে
তৎসমস্ত দোষ বিনষ্ট হইয়া তাহা সিদ্ধিপ্রদ হয়। যোনিমৃদাবদ্ধের নিয়য়
এই,—বামপাদের পাঞ্চিভাগ ঘারা শুক্তমান অবইদ্ধ করিয়া দক্ষিণপাঞ্চি

ভারা শিশ্রমূল অবইদ্ধ করত বসিতে হয়, তাহা হইলেই যোনিমৃদাবদ্ধের
আসন করালি । । ৫২-৫৫॥

হে তীত আর । অপের সমরবিষ্ট্রেও কিছু বিশেষ জ্ঞাতবা আছে,
তাহাও বলিলেন, স্বান্ধান হ বল জ করা করা । ইহার পর জপ করিলে জাপকরে অফতর হ। করা আলিক নিরম কেবল প্রশ্রণ ও কামালপ-বিষয়েই আলিক আলিক করা হল, তাহা সকলোই করিতে
পারে। সে হলে সাল

বে ব্যক্তি আমার কিন্তু বিশ্বনী মগ্ন হইরা কলাধ্যার পাঠ করে এবং জিতে জির ও সর্বাক্ত কিন্তু বিশ্বনী বিশ্বনী করে, হে রঘূত্তম। সে জড়দেহ বিভয়ান থাকিলেও আতার বারা শিবত প্রাপ্ত হইরা থাকে। বে ব্যক্তি প্রদাবান হইরা নিত্য এই শিবগীতা অধ্যয়ন করিয়া থাকে

অণীতে শিবগীতাং যো নিত্যমেতাং জপেজু (ব:। শুনুরাবা স মুক্তঃ ভাৎ সংসারারাত্ত সংশরঃ॥ ৩০॥

স্থত উবাচ।

এবমুক্তা মহাদেবস্ত কৈবান্তরধীরত।
রাম: রুতার্থমান্তানমমন্তত তথৈব স: ॥ ৬১ ॥
এবং মরা সমাসেন শিবগীতা সমীরিতা।
এতাং ব: প্রজপেরিত্যং শুণুরাবা সমাহিত: ॥ ৬২ ॥
একাগ্রচিত্তো যো মর্ত্ত্যতে মুক্তি: করে হিতা।
অত: শুণুধ্বং মুনরো নিত্যমেতাং সমাহিতা: ॥ ৬০ ॥
আনারাসেন বো মুক্তির্বিতা নাত্র সংশর:।
কারত্রেশো মন:কোভো ধনহানিন চান্ত্রন: ॥ ৬৪ ॥
ন পীডা প্রবণাদেব যন্ত্রাৎ কৈবল্যমাপ্পুরাৎ।
শিবগীতামতো নিত্যং শুণুধ্বম্বিস্ত্রমা: ॥ ৬৫ ॥

কিংবা শুরুমুথে শ্রবণ করে, সেও এই সংসারসাগর হুইতে বিমৃক্তি লাভ করে, এই বিষয়ে সন্দেহ নাই॥ ৫৮-৬০॥

রিয়া ল স্ত বলিলেন, মহাদেব এই প্রকার উপদেশ প্রদান ক ্র স্থানীর অন্তহিত হইলেন। তথন রাক্ত আছিলকে কুতার্থ মিন্ত নিম্বার্তি করিতে লাগিলেন॥ ৬১॥ (৪.১)

হে বিজগণ । আমি তোমানে নিক এই নিব্

া কলে বিলগায়।
বৈ ব্যক্তি একাগ্রাইড হইরা সমাহিতভাগেনিতা ।
তাহার মৃতি করন্থরণে জানিবে। আধাৰ
সমাহিত হইরা নিত্য ইহা শ্রণ কর গ্রেম্নিত ।

তাহার স্থাহিত হইরা নিত্য ইহা শ্রণ কর গ্রেম্নিত ।

তাহার

ইলা প্রবণ করিলে অনারাসেই ম্**কিলাড কি** পারিবে, ইহাতে সংশর নাই। এই শিবগীতা প্রবণে কারক্ষেত্র সন্তান করিলেই কেবলাগদ লাড করিতে পারা বার, অত এব হে খবি সভ্তমগণ! আপ্রনারা নিত্য ইহা প্রবণ করিলেই কিবলাগদ লাড করিতে পারা বার, অত এব হে খবি সভ্তমগণ! আপ্রনারা নিত্য ইহা প্রবণ করেন ৪ ৬৪-৬৫ ৪

बयत्र छेटुः ।

অগুপ্রভৃতি নঃ স্ত ত্মাচার্য্য: পিতা গুরু:।
অবিক্যায়া: পরং পারং ক্সান্তার্মিতাসি নঃ॥ ৬৬॥
উৎপাদকব্রহ্মদাত্রোর্গরীয়ান্ ব্রহ্মদঃ পিতা।
তক্ষাং স্তাত্মজ ! ত্তঃ সত্যং নাজোহন্তি নো গুরু:॥ ৬৫।

ব্যাস উবাচ।

ইত্যক্ত । প্রয়েঃ সর্কে সায়ংসক্ষান্পাসিতৃষ্। স্ববস্কঃ স্তপুলং তে সম্বটা গোমতীতটম্॥ ৬৮॥

ইতি শ্রীপদ্মপুরাণে উপরিভাগে শিবগীতাস্পনিষৎস্থ ব্রন্ধবিভারা বোগশান্ত্রে শিবরাববসংবাদে গীতাধিকারিনিরূপণং নাম মোডশোহধ্যারঃ॥

শ্বিগণ বলিলেন, হে স্ত। অভ হইতে আপনি আমাদের আচার্য্য, পিতা ও গুরুস্থানীয় হইলেন, বেহেতু, আমরা আপনার বারাই অবিভার পর-পারে উত্তার্ণ হইরাছি॥ ৬৬॥

হে স্তাযুজ। উৎপাদক ও ব্লাদাতার মধ্যে ব্লাদাতাই শ্রেষ্ঠ , অতএব আপনি ব্যতীত আর আমাদের কেহই গুরু নাই॥ ৬৭॥

ব্যাস বলিলেন, সমস্ত ঋষিগণ সম্ভই হইয়া থৈই প্রকারে স্ত-পুত্রের তব করত সারংসন্ধোপাসনা, করার নিমিত্ত গোমজীতটে সমাগত হইলেন॥ ৬৮॥

শিৰগীতা সমাপ্ত।

ভগবতী-গীতা

ভগবতী-পীতা।

প্রথমোহধ্যায়:।

नात्रम खेवाह।

ক্রহি দেব মহেশান যথা সা পরমেশ্বরী।
বভ্ব মেনকাগর্ভে পূর্ণভাবেন পার্বজী॥ >॥
শ্রভং বহপুরাণেযু জ্ঞারতেহিপ চ বছপি।
জন্মকর্মাদিকং তন্তান্তথাপি পরমেশ্বর।
শ্রোতৃং সমিষ্যতে তন্তং যতন্তং বেংসি তন্তঃ।
তদ্দস্ব মহাদেব বিস্তরেণ মহামতে॥ ২॥

শ্রীশিব উবাচ।
কৈলোক্য-জননা তুর্গা ব্রহ্মরূপা সনাতনী।
প্রাথিতা গিরিরাজেন তৎপত্যা মেনয়াপি চ।
মহোগ্রতপ্রা পুত্রীভাবেন মুনিপুঙ্কব।
প্রাথিতা চ মহেশেন স্তীবিরহতঃথিনা॥ ৩॥

নারদ বলিলেন, তে দেব মহেশ ! বেরূপে পরমেশ্বরী তুর্গা গিরিরাজপত্নী মেনকার গর্ভে পূর্বভাবে জন্মগ্রহণ করিয়াছিলেন, ভাহা আমাকে বলুন॥১॥

হে পরমেশ্বর ! যদিও আমি জগনাতা তুর্গার জন্ম এবং কর্ম্মের কথা নানা পুরাণে শ্রবণ করিয়াছি এবং বিদিত আছি, তথাপি আমি সেই দক্ত তত্ত্ব বথার্থরূপে শুনিতে ইচ্ছা করিতেছি। কেন না, আপনি সে সকল তত্ত্ব প্রকৃত-রূপে জ্ঞাত আছেন, অতএব হে মহাদেব ! আপনি সেই সমন্ত কথা স্বিস্তার-রূপে আয়াকে বসুন ॥ ২ ॥

শিব বলিলেন, হে ম্নিপ্রবর নারদ! শ্রেক্ষরপা সনাতনী তৈলোক্যজননী হুর্গা গিরিরাজ হিমালর ও তাঁহার পত্নী মেনকা দারা মহা কঠোর তপজ্ঞা-সহকারে পুত্রীভাবে আরাধিতা এবং সতীবিরহত্বংথিত আমা কর্ত্ক পত্নীরূপে প্রাথিতা হইরাছিলেন॥ ৩॥

প্রথমের মেনকাগর্ভে পূর্বজ্ঞমরা স্বর্ম্।
ততঃ শুভে দিনে মেনা রাজীবসদৃশাননাম্।
স্ব্বে তনয়াং দেবাং স্প্রভাং জগদন্বিকাম্।
ততঃহত্তবং পূস্বৃষ্টিঃ সর্বতো মুনিপুলব।
পূস্পার্কা ভবেদায়ু: প্রসমাশ্চ দিশো দশ ॥ ৪ ॥
অধাদ্রিরাজঃ শুভবান্ পূল্লীং জাতাং শুভাননাম্।
তক্ষণাদিত্যকোট্যাভাং ত্রিনেত্রাং দিব্যরূপিশীম্ ॥ ৫ ॥
অইহত্তাং বিশালাকীং চক্রার্ক্তশেপরাম্।
মেনে তাং প্রকৃতাং স্ক্রামান্তাং জাতাং স্বলীলয়া ॥ ৬ ॥
তদা স্বইমনা ভূবা বিপ্রেভ্য: প্রদেশে বহু ।
ধনং বাসাংসি চ ম্নে দোম্বীগাশ্চ সহস্রশ:।
জইং প্রভিষ্টো চাভ বন্ধুভিঃ পরিবারিতঃ ॥ ৭ ॥
তত্রস্ক্রমাগতং জ্ঞাবা গিরীক্রং মেনকা তদা।
প্রোবাচ তনয়াং পশ্চ রাজন্ রাজীবলোচনাম্।
আব্রোগ্রপ্যা জাতাং সর্বভ্তহিতার চ ॥ ৮ ॥

পূর্ণরশ্বমনী স্বরং গিরিরাজপত্নী মেনকার গর্ভেজনাগ্রহণার্থ প্রবেশ করেন। পরে শুভদিনে মেনকা পদ্মাননা স্প্রপ্রভামন্ত্রী জগজ্জননী তুর্গাকে কন্তারপে প্রস্ব করিলেন। হে ম্নিশ্রেষ্ঠ ! তৎকালে দেবগণ পূস্পর্টি করি-রাছিলেন, প্রন পূস্গরমৃক্ত এবং দশদিক স্প্রসন্ন ইইনাছিল ॥ ৪ ॥

ভখন পর্বতরাজ প্রথণ করিলেন, তাঁহার শুভাননা, কোটি তরুণ-সুয্যের ক্লান্ত কান্তিশালিনী, ত্রিনেতা, দিব্যক্লপিণা এক কলা ভূমিষ্ঠ হইয়াছে ॥ ৫ ॥

অষ্টহন্তা, বিশালাক্ষী, মন্তকে অন্ধচন্দ্ৰপ্ৰভাময়া সেই কন্তাকে জানিতে পারিলেন বে, আত্তা সন্ধা প্রঞ্জিই নিজে নীলাচ্চলে জন্মগ্রহণ ক্রিয়াছেন । আ

হে মুনে! তখন গিরিরাক হাইমনে ব্রাহ্মণদিগকে খন, বসন এবং সহস্র ভূষবতী পাভী প্রদান কবিয়া শীব বরুপগদারা বেটিঙ হইয়া নবপ্রস্তা ক্সাকে দর্শন করিবার নিমিত্ত গমন করিলেন॥ १॥

মেনকা গিরিরাজকে তথার আগত দর্শনে কহিতে লাগিলেন, হে রাজন ! দেখ দেখ, কেমন পদ্দোচনা কন্তা হটরাছে, ইনি নিশ্চরই আমাদের তপঃসভূতা এবং স্কভূতের হিতসাধনার্থ শরীব ধারণ করিয়াছেন ॥ ৮॥ ততঃ সোহপি নিরীক্ষোমাং জ্ঞাত্বা তাং জগদখিক।মৃ। প্রণম্য শিরসা ভূমৌ কুতাঞ্জলিপুট: স্থিতঃ। প্রোবাচ বচনং দেবীং ভক্ত্যা গদগদরা গিরা॥ ১॥

হিমালয় উবাচ।

কা বং মাতবিশালাকি চিত্ররূপে স্থলকণে। ন জানে ত্রামহং বংগে বথাবং কথয়ত্ব মাম্॥ ১০ ॥

(मनुर्वाठ ।

জানীহি মাং পরাং শক্তিং মহেশ্বর্ক্তাপ্রয়াষ্।
শাষতেশ্ব্যবিজ্ঞানম্থিং দর্বপ্রবর্ত্তিকাম্।
স্টেছিতিবিনাশানাং বিধারীং জগদম্বিকাম্॥ ১১॥
অহং দ্বাস্তরম্ভা চ সংসারার্থবিতারিণী।
নিত্যানন্দমন্ধী নিত্যা ব্রহ্মরূপেগন্ধীতি চ। ১২॥
ম্বন্ধোন্তপদা তুটা পুলীভাবেন ভাবিতা।
জাতন্তব গৃহে তাত বহুভাগ্যবশাত্ত। ১০।

অনন্তর গিরিবাজ কন্তাকে দেখিয়া তাঁহাকে জগন্মাতা বলিরা জানিতে পারিলেন, তথন তিনি ভূমিতলে মন্তকাবনমন পূর্বক প্রণাম করিয়া করপুটে অবস্থিতি করিতে লাগিলেন এবং ভক্তির-সহিত গদ্গদবাকে) দেবীকে কহিতে লাগিলেন ॥ ১॥

তিমালর কহিলেন, তে মাতঃ বিশালাকি। তে মাতঃ চিত্ররাপিণি। তে মাতঃ সর্বস্থলকণ-সম্পন্নে। আপনি আমার ক্যারতেপ ভূমির তইলেও আমি আপনাকে জানি না. আপনি আপনার স্থাপ মংস্কাশে প্রকাশ করিয়া বলুন। ১০॥ •

দেবা কহিলেন, ভাষাকে মহেশ্বর মহাদেবের আশ্রের পরমাশজিকপে জানিও, আমি নিত্য ঐথর্ব্য, বিজ্ঞান এবং মুক্তি প্রদান করিয়া থাকি, আমিই স্ষ্টিস্থিতি ও বিনাশবিধানী স্কগজননী॥ ১১॥

আমিই সকলের অস্তবে থাকি, আমিই সংসারসাগরতারিণী, আমিই নিত্যানন্দময়ী নিত্যব্রহ্মস্থরপিণী॥ ১২॥

হে পিতঃ ! আপনারা উভয়ে আমাকে কলাভাবে লাভ করিবেন বলিয়া বছ তপক্তা করিয়াছিলেন, আমি আপনাদের দেই তপে পরিতৃষ্ট ছইয়া আপনার বছভাগ্য বশতঃ আপনার গৃহে জন্মগ্রহণ করিয়াছি ॥ ১৩॥

হিমালয় উবাচ।

মাতত্ত্বং ক্রপরা গৃহে মম স্থতা জাতাদি নিত্যাপি বদ্ভাগ্যং মে বহুজন্মজনজনিতং দর্কং মহৎ পুণ্যদম্।
দৃষ্টং ক্রপমিদং পরাৎপরতরাং মৃর্ত্তিং ভবাস্তা অপি,
মাহেশীং প্রতিদর্শরান্ত ক্রপরা বিশ্বেশি তুভ্যং নমঃ। ১৪॥

দেব্যবাচ।

দদামি চক্ষুকে দিব্যং পশু মে রূপমৈশ্বরম্। ছিব্ধি হৃৎসংশঙ্গং বিদ্ধি সর্ব্বদেবমন্নীং পিতঃ॥ ১৫॥

শীমহাদেব উবাচ।

ইত্যক । তাং গিরিশ্রেষ্ঠং দকা বিজ্ঞানমূত্রমন্। বং রূপং দর্শয়ামাস দিব্যং মাতেগরং তদা ॥ ১৬ ॥
শশিকোটি প্রভং চাকচন্দ্রার্ক্র তশেথরম্।
ত্রিশ্লবরহত্তক জটামপ্তিত্যস্তকম্।
ভয়ানকং ঘোররূপং বিলোকা হিমবান্পুনঃ।
প্রোবাচ বচনং মাতঃ ক্পমন্ত্র প্রদর্শয়॥ ১৭॥

হিমালয় কহিলেন, মাতঃ ! আমার বছ জনাস্তরীণ পুণ্ডজনিত-সৌভাগ্য ফলে আপনি নিতা হইলেও মদীয় গৃহে কন্তারপে জন্ম লইয়াছেন, আপনি কুপা করিয়া পতিদর্শন জন্ত আগমন করাতে আমি ভবানা মাহেশীর পরাৎপরতর রূপ দর্শন করিলাম, অতএব হে বিশেশবি । আপনাকে প্রশাম ॥ ১৪॥

দেবী কহিলেন, হে পিত: । আমি আপনাকে দিব্যচক্ষু প্রদান করিতেছি, তদ্বারা আপনি আমার দিব্য ঐশ্বর রূপ দর্শন করিয়া হৃদয়ের সন্দেহ ছেদন করত আমাকে সক্ষমন্ত্রী বলিয়া জাহান ॥ ১৫॥

মহাদেব কহিলেন, এই কথা বলিয়া তগা পিতা গিরিবর হিমালয়কে উত্তম বিজ্ঞান প্রদান কবিয়া তথন অপনাব দিবা মাহেখর রূপ প্রদর্শন করিলেন॥ ১৬॥

কোটিচক্রপ্রভাষর, কপালে চাক আদ্ধচন্দ্র, একহন্তে ত্রিশূল, অপের হন্ত বরদানোছত, মন্তক জটামতিত, এইরপে ভাষণ বে।রলপ দর্শন করিয়া হিম-বান্বিশিকে হইয়া কহিলেন, হে মাতঃ! আপনার অন্ত অভয়প্রদেরপ প্রদর্শন কর্মন ॥ ১৭॥ ততঃ সংস্কৃত্য তদ্ধাপং দর্শরামাস তৎক্ষণাং।
ক্রপমন্তং ম্নিশ্রের্চ বিশ্বরূপা সনাতনী ॥ ১৮ ।
শরচন্দ্রনভং চাকম্কৃটোজ্জলমতকম্।
শব্যচন্দ্রগদাপদাহতঃ নেত্রত্রাজ্জলম্।
দিব্যমাল্যাশ্বধরং দিব্যগদাললেপনম্।
যোগীক্র-ব্রুদংবন্যস্তাক্রচরণাম্বর্জম্ ॥ ১৯ ॥
সর্বতঃ পাণিপাদক স্ক্তোচ্কি শিরেশ্র্ম্ ।
দৃষ্ট্রা তদেতং প্রমং রূপমেশ্রম্ত্রমম্।
প্রণম্য তনয়াং প্রাহ বিশ্বরোৎক্রমানসঃ ॥ ২০ ॥

হিমালয় উবাচ।

মাতন্তবেদং পরমং কপমৈশ্বমৃত্তমম্। বিশিতোহন্দি সমালোক্য রূপমকৃৎ প্রদর্শর ॥ ২১ ॥ বং যশু স ক্লোচ্যোহপি ধক্তক পরমেধরি। অমুগুহীষ মাত্মাং কুপরা তে নমো নমঃ ॥ ২২ ॥

হে মুনিপ্রবর । তথন বিশ্বরূপা সনাতনী তুর্গা সেই ঘোররূপ সংহার করত পিতাকে অন্তরূপ প্রদর্শন করিলেন । ১৮॥

সেই রূপ শরচেক্রের কার মনোহর , মন্তক দিব্য উজ্জ্বল মুকুটে মণ্ডিত ; চতু কু ক্লে শৃষ্ণা, চক্র, গদা, পদা , কর্চে দিব্য মাল্য , পরিধান দিব্য বস্ত্র ; সর্বাহ্দে দিব্য অগন্ধিত্রব্যের অন্তলেপন এবং স্থানর চরণযুগল যোগীক্রগণের বন্দনীয় ॥ ১৯ ॥

সকল দিকে হন্ত পদ, দকল দিকে শিরোমুখ, এই পরম ুউৎক্ট ঐশব্দ্ধপ দর্শনে হিমালর বিশ্বব্যোৎফুল্লচিত্তে তনরাকে প্রণাম করিয়া কহিলেন॥ ২০॥

হিমালয় কহিলেন, হে মাত:। আপনার পরম উৎক্র**ষ্ট ঐশররণ দেখিয়া** বিশ্বিত হইরাছি, আপনি আপনার অভ রূপ প্রদর্শন করুন ॥ ২১॥

হে পরমেশ্বরি! আপনি যাহাকে অন্তগ্রহ করেন, সে অশুচি হইলেও লোকে ধক্ত হয়, জননি ! আমাকে রূপা করিয়া অন্তগ্রহ করুন। আমি আপনাকে পুনঃ পুনঃ প্রাণাম করি॥ ২২ ॥ মহাদেব উবাচ।

ইত্যুক্তা সা তদা পিতা শৈলবাজেন পার্কতী।

হন্দপমপি সংহৃত্য দিবা ক্রপং সমাদধে ।

নালোৎপলদল্ভাম ক্র নালাবিভ্যিত্ম

এবং বিলোকা ক্রপেং শৈলানামবিপক্তঃ

কৃতাঞ্জলিপুট: স্থিয়া মহাহৃদেব সংযুক্তঃ।

কোতোবানেন তাং দেবীং ভুষ্টাৰ প্রমেশ্বাম।

হিমালয় উধাচ

না তঃ সর্কামরি প্রসাদ প্রমে বিধেশি বিধা শ্রের,

২ং সর্কাং ন হি কিঞ্চিদন্তি ভূবনে ব্য খনসং শিবে।

বং বিফুর্গিবিশ্বমের নিত্রাং গাতাসি শক্তিঃ পরা,

কিং বর্ণাং চরিতঃ ছচিন্ত, চবিতে ব্রহ্মান্তগমাং ময়। ॥ ২৫ ।

২ং স্বাহাথিলদেবতৃথিজানকা ভবং পিতৃণামপি,

০ুণ্মেইতুরসি স্থা হুমের জননি ছং দেবদেবাজ্মিকা।

হব্যং কর্মাপি হুমের নিয়মো গজ্জ্থা দক্ষিণ,

হং স্বর্গাদিফলং সম্ভেফ্গদে বিশ্বেশি তুভাং নঃ ॥ ২৬ ॥

শ্মীমহাদেব কহিলেন,পিতা শৈলবাদ কর্ক এংকপ উক্ত হচরা পাকিতা সেই রূপ সংহংণ কবিয়া দিব্য কপ ধাবণ কবিলেন ॥২০॥

এবার নীল উৎপল সদৃশ স্থামকপ, কর্পে বন্যালা বিবাজিত, তদ্দনি শৈলরাজ মহা হণষুক্ত চইয়া কুতাঞ্জলিপুটে দেবাকে বক্ষ্যমাণ স্থোত্ত ছারা পরিভুষ্ট করিলেন॥ ২৪॥

হিমালয় কহিলেন, হে মাতঃ সর্ক্ষয়ি প্রমেশি বিশ্বের বিশাশ্রের।
আমার প্রতি প্রসন্ধা হউন, হে শিবে। আপুনিই বিশ্বের তাবৎ বস্তু। আিলুবনে আপুনি ছাড়া অন্ত কোন বস্তুই নাই। আপুনিই বিষ্ণু, আপুনিই শিব,
আপুনিই ব্রহ্মা এবং আপুনিহ পরা শক্তি। মা, আপুনার চরিত্র অচিন্তা।
আমি ছার কি বর্ণনা করিব ? ব্রহ্মাদি সুরগণও আপুনার চরিত্রের তব্ধ
পান না ॥২৫॥

তে জননি ! আপনি অধিলদেৰগণের তৃ^{তি}ও হেতু স্বাহারপিনী, আপনি পিতৃলোকের তৃপ্তি হেতু স্বধাস্থরণা আপনিহ স্থুরগণের আ**ত্মা,** আপনিই পং ক্ষতমং প্রাৎপরতবং যদ্যোগিনো বিজয়া,
শুদ্ধং ব্রদ্মগ্রং বদিন প্রমং শাস্তং ক্রপণ তর ।
বাচাং ত্রিষ্য মনোতিগন প ত্রেলোক্রৌজং শিবে,
ক্রো বাং প্রথমনি দে'ব ববদে বিশ্বেষ্বি আহি মান্ ॥ ২৭ ॥
উল্লংক্য সহস্রাভাং মম গৃহ্ছ শোগং ক্ষাং লাল্যা,
দেব মইত্লাং বিশালনয়নাং বালেন্মৌলিং শিবাম্ ।
বজংকোটিশশ ক্লোভম্মনাং বালেন্মৌলিং শিবাম্ ।
বজংকোটিশশ ক্লোভম্মনাং বালেন্মৌলিং শিবাম্ ।
বজংকোটিশশ ক্লোভম্মনান দেবি প্রস্টাদাহিকে ॥ ২৮ ॥
কপং তে বজভা লিদ্যিভম্পং নাগেন্ত্রভ্ ষাজ্বলং,
ঘোবং প্রথম্বাস্থাইং বিন্যনৈভাবিমং সম্ধাদিত্র ।
চন্দ্রাহ্বাস্থাকং প্রথম্বান্ধ বংলা শিবে,
ক্রোহং প্রথমামি বিশ্বজননি বং মে প্রস্টাদাহিকে ॥ ২৯ ॥

ৰজীর হব। কবা, আপনিত নিয়ম ও সংকাষা সম্ভের আদিকলম্বরূপা, আপনিত চতুর্বস্ফলদাত্রা। হ বিধেশাব। আপনাকে প্রণাম ৪২৬॥

যোগিগণ বিভা ছারা আপনাব স্ক্রতম প্রাংশরতর শুদ্ধ ব্রহ্ময় রূপকে জানিয়া তাহাকে প্রম শাহ্মিনিলয় ও তৃপির গুল বলিয়া উল্লেখ করিয়া খাকেন। গে শিবে। বাকোরও তৃর্বির, মনেব অঙী ও যে তৈলোক্যের বাজস্ক্রপ আপনাব রূপ, ভক্তির স'হত তাহাকে প্রণাম ক্রি, বিশেশবি ব্রদে দেবি। আমাকে প্রিক্রাণ ক্কন॥২৭॥

হে শিবে। আপনি লালাহেত্ নবোদিত স্থ্যসহত্রের স্থার প্রভাসপার,
আইতুজ, বিশালনেত্র এবং মগুকে বাল-ইন্দু ধারণ করিয়া আমার পৃথে
কর্মগ্রহণ কারতেছেন, বালরপী নবোদিত কোটিচক্রকান্তিমুক্ত, নয়নত্রয়ধারিণী বিশ্বজননী জগদহাকে ভক্তিসংকারে প্রশাম
করি ॥ ২৮ ॥

হে শিবে। আপনার ভীম তিনেগনোন্তাসিত রজতপর্বত সদৃশ সর্পরাজ বিভূষিতা বোররূপ পঞ্চম্থ মতাদেব হলা, আপনাব অর্জচন্দ্রমূক মন্তক জটাফুটধারী শিবের যোগা, ১০ বিশ্বজনান জগদন্তে ! আপনাকে ভক্তির সহিত প্রথম করি; আপনি প্রসন্ধা হউন ॥ ২৯ ॥

রূপং শারদচন্দ্রকোটিদদৃশং দিব্যাঘরং শোভন,
দিব্যৈর্রাভরণৈবিরাজিতমলং কাস্ত্যা জগন্মোহনম্
দিব্যৈর্বাহুচতুইরৈর্তমহং বন্দে শিবে ভক্তিতঃ,
পাদাজং জননি প্রসীদ নিথিলব্রন্ধাদিদেবস্থতে ॥ ৩০ ॥
রূপং তে নবনীরদহ্যতিকচিং ফুল্লাজনেত্রোজ্জলং,
কাস্ত্যা বিশ্ববিমোহনং শ্বিতমূপং বত্বাক্ষদৈভূ বিতম্।
বিভাক্তনমাল্যা বিকসিতোরসং জগতারিদি,
ভক্ত্যাহং প্রণতোহশ্মি দেবি রূপরা তুর্গে প্রসীদাঘিকে ॥ ৩১ ॥
মাতঃ কঃ পরিবর্ণিতুং তব গুণং রূপঞ্চ বিশ্বাত্মকং,
শক্তো দেবি জগত্ররে বত্ত্বগে দেবোহধবা মান্ত্যঃ।
কোহহং স্বল্পতিব্রবীমি করুণাং রূপ্যা স্বত্যা মান্ত্যঃ।
কোহহং স্বল্পতিব্রবীমি করুণাং রূপ্যা স্বত্যা ননঃ॥ ৩২ ॥
আতো মে সফলং জন্ম তপশ্চ সফলং মম।
যন্ত্যং ব্রেজ্জগতাং মাতা মৎপুত্রীসমুপাগতা ॥ ৩০ ॥

১কার, ১৯ ক, ইকাব ও বিন্নাদাস্তক মারাবীক অবস্থিত আছে॥ ২৮ ৩২॥

তাহার উৰ্জভাগে দীপশিখাকৃতি রক্তবর্ণা দেবীরূপিনী কুণ্ডলিনী শক্তি বেরাজিতা আচেন। হে নগেখর । ইনি আমার সহিত অভিয়া॥ ৩০॥

ভাহার বহিঃপ্রদেশে পীতবর্ণ, গলিত-মর্ণমফ্যতি পলোব চিন্তা করিবে।
এই পলা চতুদল, ইহাব দল হইতে ব, শ, ধ, স, এই চাবিটি বর্ণ উৎপন্ন
শ্বরাতে। এই পলা বট্পলের মূল বলিরা ইহাকে মূলাধার-পলা বলে॥৩৪॥
ভাহার উদ্ধ্রেদেশে অনলসদৃশদ্যুতি, বড়্দল, হীরকবং, প্রভাবিশিষ্ট
প্রত্যাত্য স্থাধিষ্ঠানপলা অবস্থিত আছে। এই পদা ব, ভ, ম, ব, র, ল, এই

ষশকেন পরং লিকং সাধিষ্ঠানং ততো বিছ: ॥ '' ।
তদুর্জং নাভিদেশে তু মণিপূরং মহাপ্রভম্।
মেবাভং বিদ্যুদাভক বহুতেজাময়ং ততঃ ॥ ৩
মাণিভরম্ব তৎপদ্মং মণিপদ্মং তবোচাতে ।
দশভিদ্য কংপদ্মং মণিপদ্মং তবোচাতে ।
দশভিদ্য কংশ্যাধিকাকালারাহিত্য ।
বিষ্ণুনাবিষ্টিভং পদ্ম বিশ্বাবাকনকারণম্ ॥ ৩৮ ॥
তদক্ষেইনাহ ভং পদ্মম্ভদাদিত্যসরিভ্য ॥ ৩৯ ॥
কাদিষ্টাম্ফলৈর্কপত্রেশ্চ সমবিষ্টিভ্য ।
ভনাব্য বাণালগ্র স্থ্যাধৃতসমপ্রভ্য ॥ ৪০ ॥
শক্ষরদ্দার ভব্দানাহতং তত্ত দৃশ্যতে ।
স্বনাহ ভাব্যং ভৎপদ্মং ম্নিভিঃ পরিকীজিত্য ।
আনন্দেদনং তত্ত পুক্রাধিষ্টিভং প্রম ॥ ৪১ ॥
তদ্ধন্ম বিশ্বনাব্য দলবোডশপ্রজম্ ॥ ৪২ ॥

এবটি ব- সম্থিত ও ষভ্দলবিশিষ্ট। স্থ শব্দে প্রণিক ব্যায়, তাঁহার অধিষ্ঠান ভাম ব'ৰ্গা পণ্ডিতগ্ৰ ইহাকে স্থাধিষ্ঠানপথ বলেন। ৩৫-২৬॥

ত ২ ব উদ্ধাননে নাভিন্তানে বিদ্যাদিলসিত মেদের স্থান্ধ প্রাভা ও প্রভা এ ত এ জাবিশিপ্ত দশদলযুক্ত মণিপূর-নামক মহাকান্তিশালী পদ্ম প্রতিষ্ঠিত মান্ত । সহাব দশদলে ড, চ, ণ, ত, থ, দ, ধ, ন, প, এই দশটি বর্ণ বিরাদমান ১ ০ এই পদ্ম মণির স্থান্ধ বিক্সিত অর্থাৎ শোভাশালী, এই নিমিত্ত ১৬ কে ম লপ্যাবলে। এই পদ্ম বিষ্ণুধারা অধিষ্ঠিত, ইহার ধ্যান কবিলে বিশ্বৰ স্কাংকাবলাভ হয়। ৩৭-৩৮ ।

এন প্ৰদাৰ উদ্ধৃতাগে স্থোৱ সায় প্ৰভাবিশিষ্ট অনাহতংপদা প্ৰতিষ্ঠিত আন্দ্ৰাহ্য ক, থ, গ, ঘ, ৬, চ, ছ, জ, থ, ঞ, ট, ঠ, এই বাদশ বৰ্ণযুক্ত, বাদশ দল এবং বাদশপত্ৰসমণ্ড। ইহাৰ মধ্যপ্ৰদেশে অষ্ত স্থোৱ স্থায় প্ৰভা সম্পন্ন বাণ্লিক বিবাজমান আছেন॥ ৩৯ ৪০ ॥

ন্নাহত হইরাই অর্থাৎ কোন তাডনা ব্যতীতই ইহা ইইতে শক্ষ-এক্ষেব ডৎপত্তি হয় বলিয়া মুনিগণ ইহাকে অনাহত-পদ্ম বলিয়া থাকেন। এই পদ্ম অনক্ষান, ইহাতে ক্তুর্পী পুক্ষ বিভ্যান আছেন। ৪১॥

তাচাৰ উদ্ধৃতাগে বোড়বদল-সমন্তি, ধূমবণ, মহাপ্রভাবিশিষ্ট বিশুদ্ধ-নামক পদ্ধ মবস্থিত আছে, ইহার বোড়শ দলে অ. আ, ই, ঈ, উ, উ, অ, ৠ. বিং বোড়শভিব্ তং ধ্যবর্ণ মহাপ্রভন্।

বিশুদ্ধং তন্ততে বন্ধাজ্ঞীবস্য হংসলোকনাং।

বিশুদ্ধং পদ্মাথ্যাতং আকাশাথ্যং মহাদুত্ম ॥ ৪০ ॥

আজ্ঞানতক্রং তদ্ধে তু আজ্মাধিন্নিতং পরম্ ॥ ৪৪ ॥

আজ্ঞানতক্রমণ তত্র তেনাভেতি প্রকার্তিত্ম।

হিললং ক্রমণ ফ্রং পদাং তৎ স্নমনোহবম্ ॥ ৪৫ ॥

কৈলাসাথ্যং তদ্ধ্র রোধনীতি তদদ্ধঃ।

এবং অধারচক্রাণি প্রোক্তানি তব স্ব্রত ॥ ৪৬ ॥

সংস্রাব্যুতং বিন্তানং তদ্ধ্মীবিত্ম।

ইত্যেতৎ কপিতং সর্বাং বোগমাগমস্ত্রমম ॥ ৪৭ ॥

আদে প্রক্লোগেনাপ্যাধাবে গোজ্বের্মন:।

গুলমেন্ ভ্রেবে শক্ষিন্থামাক্ষ্য প্রবোধ্রেরং ॥ ৪৮ ॥

ভাহাব উদ্ধান্ত কৰি প্রথৎ ক্রমণ্যে হ. ক্ষ এই বর্ণধ্যবিশিষ্ট, বিদল-স্মৃতিত, মনোহৰ আজাচক সংস্থিত আছে। এই পদ্ম আত্মা অধিষ্ঠিত আচেন।
ইচাতে নিহিত্যিত পুক্ষেৰ সমন্ত পদাৰ্থেৰ সাক্ষাংকাৰ হওয়ায় ভূত, ভবিনাৎ, বহুমান পদাৰ্থেৰ জ্ঞান হেতু আজাসংক্রমণ হচয়া থাকে, অর্থাৎ ''ইচাব প্র ইচাই তোমাৰ কত্ৰণ' এই একার প্রনেশ্বরাজ্ঞাব সংক্রমণ হল, এই কাবনে ইচাকে আজ্ঞাপল বলে। ৪১-৪৫॥

ভাগাৰ উদ্ধানে কৈলাসচক্ৰাক, ভিদ্ধে রোগিনী-চক্র। ১৯ সুত্রত। এই জামি ভোম'ব নিকট সমাদ সাধারচক্রেক বিষয় কীর্ত্তন করিলাম॥ ১৬॥

সোণিগণ বলিয়া থাকেন যে, তাহার উদ্ধভাগে সহস্রার চেং, ইছা বিজ্ঞান অংশাং প্রমায়াব স্থান। হে গিরে। এই আমি তোমার নিকট সমস্ত অভু অম যোগমাণ কীত্তন করিলাম॥ ৪৭

এই সমন্ত জানিয়া পরে কি কন্তব্য, থাহা বলিতেছি। প্রথমে পূর্বণ ব প্রাণায়ামেব হারা মানারপলে মনকে সংযোজিত করিবে, অনন্তর গুলু ও

^{*, .} এ, ণ, ও ও, অং, অঃ এই বোডশ বণ বিবাজমান রহিরাছে। এই পদে জাবাজাব সহিত প্রমাশ্রার অভেদে সাক্ষাংকার হয়, তথন জীব বিশক্ষি প্রোপ্ত হইয়া থাকে, এই নিমিত্ত ইহাকে বিশুদ্ধ-পদ্ম বলে। এই মুহাদুদ্ধ পদ আক্ষাবানামে অভিহিত হইয়াছে। ৪২-৪৩॥

লিকভেদক্রমেণৈর বিন্দুচক্রক প্রাপরেং।
শন্তুনা তাং পরাং শক্তিমেকীভূতাং বিচিন্তরেং॥ ৪৯॥
ভ্রোথিতামৃতং যন্তু, জ্রুতলাকারসোপমন্।।
পাররিষা তু তাং শক্তিং মারাখ্যাং যোগসিদ্ধিদান্॥ ৫০॥
বট্চক্রদেবতান্তর সন্তুর্পামৃতধাররা।
আনরেরেন মার্গেশ মূলাধাবং ১৩: প্রধী:॥ ৫১।
এবমভাসমানস্থাপ্যহন্তরি নিশ্চিতন্।
প্রোক্তদ্যিতা মন্ত্রাং সর্বে সিধান্তি নাল্থা॥ ৫২॥
জরামরণতঃখাদ্যৈমূচ্যতে ভববন্ধনাং।
বে গুণাং সন্তি দেব্যা মে জশলাতুর্গথা তথা॥ ৫০॥
তে গুণাং সাধকবরে ভবস্তোব ন চাক্রথা।
ইত্যেবং কথিতং তাত বাস্ধাবণমূভ্যন্॥ ৫৪॥

মেঢ়ের অভ্যস্তরে অর্থাৎ ম্লাধারচক্রে বিভ্যান কুওলিনী শক্তিকে মূলানার-গভ বামু দারা আকুঞ্চিত করত প্রবোধিতা করিবে। ৪৮॥

অনস্থর লিক্ষভেদক্রমে অর্থাৎ পূর্ব্বোক্ত চক্রন্থিত তেজাময় স্বয়ন্ত্র প্রভৃতি লিক সম্হের ভেল কবত দেই সেই পথে দেই কুওলিনা শক্তিকে সহস্রাবস্থানে আনম্বন কবিবে, তৎপরে সেই পরম শক্তিকে সহস্রাবস্থিত শন্ত্র সংহত এ হীভৃতারপে চিন্তা কবিবে। ৪৯॥

অনস্তর শিবশকিব সদম বশতঃ গলিত লাক্ষাবসের লায় বর্ণবিশিপ ।
অমৃত উথিত হল, সেই আনক্ষরপ অমৃত ছাবা ধোপসিদ্ধিকরী মায়ানামা
কণ্ডলিনী শক্তিকে পরিত্পা কবিবে এবং ষ্টাকিছিত দেবসমূহকে সেই অম্ভনারা ছাবা সন্তর্পিত কবিয়া অনক্ষর পূক্ষোক পথে উক্ত শক্তিকে মলাবাবপল্মে আনিয়ন করিবে ॥ ৫০ ৫০॥

ষিনি প্রত্যেক দিন এই প্রকার গোণেব অভ্যাস কবেন, তাঁহার সহত্রে ছিয়াদি-দোষদ্বিত মন্ত্র সকল সিদ্ধ ১ইয়া থাকে, ইহাতে অক্যথা নাই এবং তদ্বাবা জরামরণাদিতঃপ্সকল সংসারবন্ধন হইতে মুক্ত হইতে পারা শেষ। পরস্থ জগমাতা আমাতে সে সমস্ত গুণ বিজ্ঞান আছে, এতাদৃশ সাধকেব হত্তে সেই সমস্ত গুণই বিরাজ করিতে থাকে, তাহাতে সন্দেহ নাই। বংস! এই আমি তোমাব নিকট অত্যুত্তম বাষ্ধারণযোগ কীকন করিলাম ॥ ৫২-৫৪॥

ইদানীং ধারণাথান্ত শৃণুধাবহিতো মম।

দিক্তালান্তনবচ্ছিমদেব্যাং চেতো বিধার চ।

তল্মরো ভবতি ক্ষিপ্রং জীবব্রক্ষৈকাষোজনাৎ ॥ ৫৫।

মথবা সমলং চেতো যদি ক্ষিপ্রং ন সিধ্যতি ।

তদাবর্বযোগেন যোগী যোগান্ সমভাদেৎ ॥ ৫৬॥

মণীরহন্তপাদাদাবঙ্গে তু মধ্বে নগ।

চিত্রং সংস্থাপথেলাধী স্থানস্থানজ্যাং পুনঃ ৫৭॥

বল্ডফ্রচিত্র: সর্বান্দ্রন্ কপে সংস্থাপয়েলন: ॥ ৫৮॥

শবল্মনোলয়ং যাতি দেব্যাং সংবিদি পর্বত।

তাব্দিষ্টমস্থং মন্ত্রী জপহোটমঃ সমভাদেব। ৫৯

মন্তাগেদন যোগেন জ্জেরজ্ঞানার কল্পতে।

ন বোগেন বিনা মন্ত্রো ন মন্ত্রেণ বিনা হি সঃ।

বন্ধোরভাসেবোগো হি ব্রহ্মসংসিদ্ধিকারণম্ ॥ ৬০॥

তমঃ-পরিবৃত্তে গেহে ঘটো দীপেন দ্ব্রুতে।

এবং মারাবৃত্রো হাত্মা মন্ত্রনা গোচরীক্ষতঃ। ৬১॥

একবে অবহিত হইরা আমার নিকট চিত্তধারণাথ্য যোগ প্রবণ কব ।

কিক্, কাল ৭ দেশাদি ঘারা অপবিচ্ছিল্লা দেবীমূর্ত্তিতে চিত্ত নিহিত কবিরা
বাকিতে পাবিলেই জীব ও বন্ধের ঐক্যজ্ঞান হইরা থাকে, তথন সাধক
ক্রন্ধ্যর হইরা যান। আর বদি চিত্ত রজন্তমোমল ঘারা অবিশুদ্ধ থাকে, তথে

ক্রান্ত যোগদিদ্ধি হইতে পারে না। তাহা হইলে মন্থ্রবাগপরায়ণ বাজি
কান অবহাবে ধাবণা করত যোগাভ্যাস করিবে অর্থাৎ আমার হল্পাদাদি
কান এক মনেহের অধে চিত্ত সংস্থাপিত করিয়া ঐ এক এক স্থান জয়
বাক্ত চিত্তেব বিশুদ্ধতা সম্পাদিত হইলে আমার সর্ব্যয়রপ করেপে মনকে

সংস্থাপিত করিবে। তে নগেন্দ্র! যে পর্যন্ত ব্রন্ধন্ত পিনী আমাতে চিত্তেব লয়
ক্রাক্তর, তাবং পর্যান্ত মন্ত্রবোগপবায়ণ সাধক জপ ও হোমেব ঘানা ইট্রমন্ত্র
সাধনাভ্যাস করিবে॥ ৫৫-৫৯।

মন্ত্ৰাসন্যোগ অৰ্থাৎ মন্ত্ৰোগ দারা ব্ৰহ্মজ্ঞান সম্পাদিত হইয়া থাকে। যোগ ভিন্ন মন্ত্ৰ সিদ্ধ হয় না, আৰার মন্ত্ৰ ভিন্নও যোগ সিদ্ধ হয় না, কিন্তু মন্ত্ৰ ও বোগ এই তুইয়ের অভ্যাসই ব্ৰহ্মজ্ঞানের কারণ॥ ৬০॥

অন্ধকার বারা আবৃত গৃহমধ্য-স্থিত ঘট ষেমন প্রদীপ বারা দৃষ্ট হয়, সেই

ইতি যোগবিধিঃ রুৎমঃ দাঙ্গং প্রোক্তো মরাধুনা। শুরুপদেশতো জেয়ো নারুণা শাস্তকোটিভিঃ । ওঁং ॥

ইতি শ্রীদেবীগীতায়াং যোগমন্থনিদ্ধিপ্রকারবর্ণনং
নাম পঞ্চমোহধারেঃ ॥

महो १ था रहा ।

वारनवावाह ।

ত্যাদিবোগযুক্তাত্মা ধ্যারেন্মাং ব্রহ্মপেণীম্।
ভক্ত্যা নির্ম্যাকর। বাজরাদনে সম্পদ্ধিতঃ ॥ ১ ॥
ভাবিঃ সন্ধিচিতং গুলাচরং নাম মহৎ পদম্।
ভাবৈঃতং সর্কামপিতমেজৎ প্রাণন্নিমিষ্ট বং ॥ ১ ॥

প্রকাব মারা-পরিবৃত জীবাত্মাও মর বারা প্রকাশ পাইরা থাকে অর্থাৎ মন্ত্র মারাজকার অন্তহিত করিয়া আমার স্বরূপ প্রকাশ করিয়া দেয়। ৬১।

এই আমি তোমাব নিকট অবেব সহিত সমস্ত বোগৰিধি কীৰ্দ্ধন কৰিলাম, ইহা গুৰুৱ নিকট উপদিষ্ট হইয়া জানিতে হয়, নতুবা কোটি শাল্প
ছারাও বথার্থভাবে ইহা লাভ করিতে পারা রায় না ১২২ চ

দেবী বলিলেন, গিরিরাজ! বোগিগণ এইরূপে যোগসন্পর হইরা পুকোক আসনে উপবেশন পূর্বক অকপট ভক্তি সহকারে ব্রশ্বরূপিৰী আমাকে ধ্যান করিবে । ১॥

একণে ব্ৰহ্মস্বরূপ বলিতেছি, শ্রবণ কর ।—এই ব্রহ্ম আমি অর্থাৎ প্রকাশমান বস্তু, অতি সমীপবর্তী ও গুহাচর অর্থাৎ সর্বব্যাপক হইরাও কেবলমান্ত্র বৃদ্ধিরূপ গুহাতেই ইহার উপলব্ধি হয়, ইনি যোগাদি সাধনগম্য, এই ব্রহ্মেই আকাশাদি সমস্ত পদার্থ কল্লিত হইয়। থাকে, ইহাডেই গন্ধী প্রভৃতি, মহমাদি ও নিমেইটিকিয়াবান সমস্ত পদার্থ সংস্থাপিত আছে॥ ২॥ এত জ্বানথ সদস্বরেণ্যং,
পরং বিজ্ঞানাদ্যবরিষ্ঠং প্রজ্ঞানাস্।
ফদর্কিমদযদগুড্যোহণু চ,
যন্তি লোকা নিহিতা লোকিনশ্চ ॥ ৩॥
তানত দক্ষরং প্রক্ষা স প্রোণস্তত্ত বাল্পনঃ।
তদেতং সভামমৃতস্তবোদ্ধব্যং সৌম্য বিদ্ধি ॥ ৪॥
ধরুপু হীত্বোপনিষদং মহাসং, শরং ত্যুপাসানিশিতং সন্ধরীত।
আযম্য ভদ্ভাগবতেন চেতসা,
লক্ষ্যন্তেন ক্রেক্সামৃচাতে।
প্রশ্বে ধরুং শবো হাত্মা প্রক্ষ তল্পক্ষামৃচাতে।
অপ্রমান্তেন বোদ্ধবাং শরবত্ত্বারো ভবং॥ ৬॥

তে দেবপন। সামান এই ব্রহ্মরপ স্বর্গত হও, বাহা মারা ও জগৎ এই উভর কইতেই শ্রেষ্ঠ, লোকের জ্ঞানাতীত ও বনিদ্ধ অধাৎ সকল-বৃদ্ধিশমানতে, বাহা স্থ্যাদি-তেজ্বেও প্রকাশ কবিরা থাকেন, স্বত্রব স্থ্যাদি ভেজ্ক হইতেও অতিশর দীপিশালী এবং অণু হইতে ও অণুত্ব অর্থাৎ অতি স্ক্র, বাহাতে ভ্বাদি লোক ও তত্তলোকবাসী জনেবা অবস্থিত রহিরাছে, সেই ক্লকব (অবিনালী) পদার্থই ব্রহ্ম, তিনিই প্রাণ ও বাল্মনংস্ক্রপ, তিনিই সভাও অমৃত্বরূপ। হে সৌমা। মনা-শব দারা ভাহাকে বিদ্ধ করিবে অর্থাৎ ভাহাতে মনাস্মাধান করিবে॥ ৩-৪।

হে সৌম্য । ঠাহাকে বিদ্ধ কবিবাব উপায় বলিতেছি। উপনিষদ্ শাস্ত্ৰজ্ঞানকপ মহাত্ৰ শবাসন গ্ৰহণ করিয়া তাহাতে সতত অভিধ্যানাদি
উপাসনা ঘারা নিশিত শরসন্ধান এবং সমস্ত ইন্দ্রিয়পণকে স্ব স্থ বিষয়
হইতে বিনিবর্তনরূপ আক্ষণপূর্বক তদ্গতচিত্তে সেই ব্রহ্মরূপ লক্ষাকে
বিদ্ধ করিবে॥ ৫॥

্ষে ধন্থপাদির বিষয় উল্লিখিত হইরাছে, তাহাই বিশেষরূপে বলিতেছি,—
পৃস্কাক্ত ব্রহ্মরূপ লক্ষ্যবেধবিষয়ে ওলার বা দেবী-প্রণবই ধন্থ, বেমন লক্ষ্যে
শরপ্রবেশবিষয়ে ধন্থই কারণ, সেই প্রকার চিত্তরূপ লক্ষ্যে প্রবেশ সম্বন্ধে
ব্রণবই কারণ, প্রণবের অভ্যাস করিতে করিতে তদ্বারা সংস্বৃত হইরা প্রণবক্তে
অবস্থন পূর্বক অপ্রতিবন্ধভাবে ব্রন্ধে অবস্থিতি কবিতে পারা যার।
আর আত্মা অর্থাৎ অন্তঃকরণই শর। যেমন শর্লক্ষাকে বিদ্ধ করে,সেই প্রকার

ৰবিন্ ভৌশ্চ পৃথিবী চান্তরীক্ষমোতং মনঃ সহ প্রাবৈশ্চ সবৈরঃ তমেবৈকং জানধাস্থানমন্তা, বাচো বিমুক্তও জয়তকৈব সে ১: ॥१॥

অরা ইব রথনাভৌ সংহতা বত্ত নাডাঃ।
স এবোহজন্দরতে বহুধা জান্নমানঃ॥৮॥
ওমিত্যেবং গ্যাবথাস্থানং স্বন্ধি বঃ
পাবার ভমসঃ পবস্তাং॥৯॥
বঃ সর্ব্বজ্ঞাঃ সর্ব্ববিদ্বন্ধিষ মহিমা ভূবি।
দিব্যে ব্রহ্মপুবে ব্যোধি জাত্মা সম্প্রতিষ্ঠিতঃ।

মনংকৰণই আয়াকে বিদ্ধ কৰে, এই নিমিত্ত অন্তঃকৰণকে শত বলা চহন, মাব এই স্থলে ব্ৰহ্মই লক্ষা বন্ধ, সাধক অপ্ৰমন্ত-চিত্তে এই লক্ষ্যুকে বিদ্ধ কৰি-বন। ভাহা হইলেই বান দেমন লক্ষ্যুভেদ কৰিয়া ভাহাব সহিত একাজ্মত। প্ৰাথ হয়, তেমনি সাধকও ব্ৰংগ্ৰব সহিত একাজ্ম প্ৰাথ হইতে পাৰি বন॥৬॥

সেই ব্ৰহ্ম-পদাৰ্থ অতীব তৃল ক্ষ্য ৰয়, এই কাবণে সুন্দর্রপে লক্ষ্য করাৰ [†]নামন্ত পুনর্কার বলিতে তেন। বাঁগাতে স্থাৰ্গ, পৃথিবাঁ, অন্তরীক্ষ এবং সমন্ত ইন্দ্রির ও প্রাণের সহিত মন অবস্থিত আছে, তাঁগাকেই আত্মা বলিয়া ভান। কে পেবগণ। ইহাঁকে জানিয়া অল অপরবিভারপ বাক্য পরিভ্যাগ কর। এই ব্রক্ষানই মুক্তির সেতু অর্থাৎ সংসারসাগর-ভাবণেব হেতু ॥ ९॥

বেষন রথ-নাভিতে সমপিত অরসকল মিলিভ চইয়া ভাচাতে প্রবেশ করে, সেইরপ যে হদরে নাডী সম্চ প্রবিষ্ট চইয়াছে, সেই হাদরমধ্যে বৃদ্ধি-বিভিন্ন সাক্ষীভৃত আত্মা বৃদ্ধিবৃত্তিব দারা বহুরূপে সম্পন্ন চইয়া বিরাজ করেন। ৮॥

ওলারকে অবলম্বন কবিয়া বথোক প্রকাবে সেই আত্মাকে চিন্তা কব। সংসাব-সাগরের প্রপাকপ্রাথি-বিষয়ে তোমাদির নির্বিদ্ধ হউক, তোমরা অবিছাবিরহিত বাল্বরূপ অবগ্ ১ হও॥ ১॥

সেই ব্রহ্ম যে স্থানে প্রতিষ্ঠিত আছেন, তাছা প্রবণ কর। বিনি সক্ষয়,
বিনি সক্ষবিৎ, বাঁহাব জগ স্ট্রাণিরপ বিভৃতি পৃথিবীতে প্রসিদ্ধ বহিষাছে,
সেই আত্মা প্রকাশশালী জ্নয়-পুত্রবীকে প্রতিষ্ঠিত বলিয়া উপলব্ধ হরেন।
সেই আত্মা মনোবৃত্তিহার। বিভাবিত হয়েন, ভাই তাঁহাকে মনোমর বলে।

মনোমর: প্রাণশরীরনেতা, প্রতিষ্ঠিতোহরে জনরং সরিধায়।
তবিজ্ঞানেন পরিপক্ষন্ধি ধীরা, আনন্দর্গপমমৃতং ধবিভাতি ॥ ১০॥
ভিন্ততে জনরগ্রস্থিভিন্তত্তে সর্বসংশরা:।
কীরন্ধে চাক্ত কর্মাণি ভব্মিন্ দৃষ্টে পরাবরে ॥ ১১॥
হিবগ্রবে পরে কোশে বিরন্ধং ব্রন্ধ নিজ্পন্।
তচ্চুনং জ্যোভিন্তাং জ্যোভিন্তদ্বদাত্মবিদোবিদ্য: ॥ ১২॥
ন তত্ত্বো স্বা্যো ভাতি ন চন্দ্রতারকং,
নেমা বিদ্যাতো ভান্ধি স্ক্তোহরমগ্রি:।
ভ্যেব ভান্তমন্তাভি সর্বাং,
ভক্ত ভাসা সর্বামিদং বিভাতি ॥ ১০॥

তক্ত ভাগা সকামদং বিভাগত ॥ ১০ ॥ ব্রহ্মৈবেদমমূতঃ পুরস্তাং ব্রহ্মপশ্চাদব্রহ্ম দক্ষিণতশ্চোভবেল। অধশ্যোগ্ধঞ্চ প্রস্তাং ব্রহ্মৈবেদং বিখং ববিষ্ঠম্ ॥ ১৪ ॥

ইনি প্রাণ ও শবীরের নেতা, ইনি অন্নমন্ন সদম্পিতে বৃদ্ধিকে সম্বাক্ত ক্রিয়া প্রতিষ্ঠিত বহিষাছেন। বিবেকী ব্যক্তি তাঁহাকে পূর্বিয়াণে জানিকে পাবেন। তিনি আনন্দরূপ অর্থাৎ তঃগ হারা অসংস্পৃষ্টমন্ত্রপ এবং আননানী-ক্লাপে প্রকাশ পাইতেছেন॥ ১০॥

্রক্ষণে আয়েজ্ঞানের ফল বলিতেছি। সেই পরমান্ত্রার সাক্ষাৎকার লাভ কবিতে পারিলে ব্যার প্রস্থিতি অর্থাৎ হৈডক্ত ও অইফারের তাদান্ত্যাভার নাই হইরা দায় সমস্ত জ্ঞেয়-বস্তু-বিষয়ক সন্ধেহ বিদ্বিত হয় এবং প্রারেক বাতীত অক্ত সমস্ত কর্মই বিনাই হইরা বায়। পূর্ব্বোক্ত বিষয়ই আবার সংক্ষেপে বলি-ভেছেন।—এই ব্রহ্ম জ্যোভির্ময় পরকোশে, অর্থাৎ আনন্দময় কোশে প্রতিষ্ঠিত আছেন। ইনি স্বাদি-গুণজ্ঞান-রহিত, নিহুল শ্বর্ষাৎ মান্ত্রাবির্হিত এবং ক্ষেত্র বস্তু, ইনি স্ব্ধপ্রকাশক স্থ্যাদিবও প্রকাশক। আন্ধ্রবিদ্যাণ মহৎ আয়াস ধাবা ইইাকে জানিয়া থাকেন। ১২ ।

সেই ব্রহ্মকে সূর্য্য প্রকাশিত করিতে পারেন না এবং চক্র, ভারা, বিচ্যুৎ বা আরিও তাঁহাকে প্রকাশ করিতে সমর্থ নছে। অধিক আরু কি বলিব. এই সমস্ত জগৎ স্থপ্রকাশ সেই আন্মাকে লক্ষ্য কবির্যাই প্রকাশ পার, তাঁহাব প্রকাশ স্বারাই সমস্ত প্রকাশিত হয় ॥ ১৩ ॥

এই **অমৃত ত্রমাই,অগ্র, পশ্চাৎ, দক্ষিণ, উত্তর, অধ এবং উৰ্দ্ধভাগে অবস্থিত** রুমিয়া**ছেন, অধিক স্পান্ধ কি বলিব, এই সমন্ত জগৎই ত্রমমন্ত জানিবে।** ১৪॥ এতাদৃগহুতবো ষশু স কতার্থো নরোভম:।

ব্রুক্ত প্রসন্ধারা ন শোচতি ন কাজ্যতি । ১৫ ॥

হিতীরাহৈ ভরং রাজংগুদ্ভাবাহিভেতি ন।

ন ভহিরোগো মেহপ্যন্তি মদ্বিরোগোহিপি তস্তু ন ॥ ১৬ ॥

অহমেব স সোহহং বৈ নিশ্চিতং বিদ্ধি পর্বত।

মদর্শনন্ত তত্ত স্থাদ্বত্ত জ্ঞানী স্থিতো মম ॥ ১৭ ॥

নাহং তীর্থে ন কৈলাসে বৈকৃষ্ঠে বা ন কহিচিৎ।

বসামি কিন্তু জ্ঞানিহদরাভোজমধ্যমে ॥ ১৮ ॥

মৎপূজাকোটিফলদং সক্রম্ম জ্ঞানিনোহর্চনম্।

কুলং পবিত্রং তস্ত্যান্তি জননী কৃত্রুত্যকা।

বিশ্বস্থা পুণাবতী চিন্নরো বস্তু চেত্রসঃ: ১৯ ॥

বক্ষজ্ঞানন্ত্র ষৎ পৃষ্ঠং ব্রয়া প্রত্রত্মন্ত্রম।

কপিতং ত্র্যুয়া স্বাং নাতো বক্সব্যান্ত্র হি ॥ ১০ ॥

হে গিরে ! যে নর্থব এই প্রকার অহুত্ব করিতে পারেন, তিনিই ক্তার্থ ব্যক্তি, সেই ক্রমস্বরূপ প্রসম্মতার পুক্র শোক ও বিষয়াকাক্ষা-পবি-শন্ত হরেন॥ ১৫॥

তে গিরিরাজ ় বৈতভাবই ভয়ের কারণ, বৈতভাবের অপগ্য চইলে আর সংসারভয় থাকে না। অবৈতভাবাপর ব্যক্তির সহিত কথনই আমি নিষ্কা হইনা, এবং তিনিও সামার সহিত নিষ্কা হয়েন না॥ ১৬॥

হে গিরে ! তুমি নিশ্চর জানিও বে, আমিই সেই জ্ঞানী ব্যক্তি এবং সেই জ্ঞানী ব্যক্তিই আমি। যেথানেই জ্ঞানী অবস্থিতি করুন না কেন, সেই থানেই সামার দর্শন লাভ করিয়। থাকেন ৪১৭॥

আমি তীর্থে অবস্থান করি না, আমি কৈলাদে অবস্থিতি করি না এবং বৈকুঠেও অবস্থিতি করি না, আমি কেবলমাত্র মংপ্রয়াণ জ্ঞানী জনেব কংপদ্মধণ্টে বস্তি করিয়া থাকি । ১৮॥

যে ব্যক্তি মরিষ্ঠ জানী ব্যক্তির একবাবমাত্র পূজা কবে, সেই ব্যক্তি মনীয় পূজার কোটিগুণ ফল প্রাথ হয়। বাঁহার চিত্ত উত্তর্ভসন্ধপ ক্রন্থে বিলীন হইয়াছে, জাঁহাব বংশ পবিত্র এবং তাঁহার জননী ক্ষতক্রত্যা হইয়া থাকে ও পৃথিবী ভদ্মারা পুণ্যশালিনী হয়॥ ১৯ ব

হে পর্বত্বর। তুমি ব্রক্ষান্দ্রিয়য়ে আমার নিকট যাহা কিছু প্রশ্ন

ইদং জ্যেষ্ঠার পুত্রার ভক্তিবৃক্তার দীলিনে।

শিব্যার চ যথোক্তার বন্ধবাং নাঞ্চথা ক্চিৎ ॥ ২১ ॥

বল্ল দেবে পরা ভক্তির্থথা দেবে তথা গুরে ।

তব্যৈতে কথিতা হুর্থা: প্রকাশক্তে মহাত্মন: ॥ ২২ ॥

যোনাপদিষ্টা বিভেরং স এব পরমেশর: ।

বল্লারং স্কুত্ত কর্ত্ব মসমর্থন্ততো ন্দী ॥ ২০ ॥

পিত্রোরপ্যধিক: প্রোক্তো ব্রহ্মজন্মপ্রদারক: ।

পিতৃক্তাতং জন্ম নষ্টং নেথং জাতং কদাচন ॥ ২৪ ॥

তব্যৈ ন ক্রফেলিত্যাদিনিগ্নোহপ্যবদরগ ॥ ২৫ ॥

তব্যাক্তাপ্রক্তা সিরাক্তে বন্ধদাতা গুরু: পব: ।

শিবে কর্তে গুরুসাতা গুরো কর্তে ন শক্তর: ॥ ২৬ ॥

কৰিয়।ছিলে, তৎসমস্তই আমি তোমাৰ নিক্ট বলিলাম, এক বিষয়ে অতঃপর আরুঃকিছু বক্তব্য নাই। ১০।

এই ব্রহ্মবিভা ভক্তিযুক্ত ও সৎ-স্বভাবাধিত জোগ্র পুত্র এবং শাস্থ্যেক্ত লক্ষণাক্ত শিশুকেই প্রদান করিবে, কদাচ ইহার অন্তথা করিবে না অর্থাৎ স্বসং শিষ্যকে প্রদান করিবে না॥ ১১॥

যাঁখাৰ ইটদেৰের প্রতি প্ৰমা ভক্তি পাকে এবং ইটদেৰতা-নিকিশেৰে গুক্ব প্রতিও যাহার অচলা ভক্তি থাকে, মহায়গণ তাঁহার নিকটই এই বন্ধবিভা প্রকাশ করিবেন ॥ ২২ ॥

যিনি এই ব্রহ্মবিভা উপলেশ করেন, তিনি সাক্ষাৎ প্রমেশ্বস্থারপ, বে শিব্য এতানশ শুরুর উপকার করিতে সমর্থ নয়, সে যাবজ্জীবনই তাঁহার নিকট ঋণা থাকে ॥ ২৩॥

ানি এক্ষরপে দম্পন্ন করিয়া দেন, সেই ব্রহ্মজন্মদাতা গুরু পিতা-মাতা চইতেও অধিকত্ব পূজা, কারণ, পিতৃজাত জন্ম মৃত্যু হইলেই বিনষ্ট হইরা বায়, কিছ ব্রহ্মরূপে জন্ম কখনই বিনাশ পার না। ২৪॥

ে গিরে! শুভিও এই বিষয়ে বলিয়াছেন বে, ব্রহ্মদাতা গুরুর কার্যা শ্বন কবিয়া কথনই তাঁহার অনিষ্ট করিবে না॥২৫॥

অতএব শাল্পসিদ্ধান্তামুসারে ব্রন্ধাতা গুরুই সর্বাপেক্ষা শ্রেষ্ঠ। কারণ, শিব রুট হইলে গুরু রুপা পূর্বাক শিবের রোধ অপনয়ন করত জাণ করিতে পাবেন . কিন্তু গুরু রুট হইলে শিব কথনই তাহার পরিজ্ঞাণ করিতে সমর্থ তশাৎ সর্বপ্রথম্বেল ঐশুক্তরং ভোষরেরগ ।
কারেন মনসা বাচা সর্বালা তৎপরো তবেং।
অন্তথা তু কৃতয়: স্থাৎ কৃতয়ে নাল্ডি নিছ্ তি: ॥ ২৭ ॥
ইক্রেণাথর্বগাম্বোক্তা শিরশ্ছেদপ্রতিজ্ঞয় ।
অবিভ্যাং কথনে তক্ত শিরশ্ছিয়ঞ্চ বক্তিলা ॥ ২৮ ॥
অবীরং তচ্চিয়ো নইং দৃই। বৈছো সুরোজ্যমা।
পুন: সংযোজিতং বীরং তাভ্যাং মুনিশিরস্তা। ২০ ॥

নতেন। তে নগেল। অত্তাব কায়, মন ও বাকে: দর্মদাই অভিযতে শ্রীগুকুর महस्रायमाधन कतिएव ध्वर मुर्खना अञ्चलवाष्ट्रम शहेबा थाकिएव। हेशाब অস্থাকারীকে কৃত্যু বলে। কৃত্যু ব্যক্তির ক্লাপি নিচ্চতি নাই ॥ ২৬-২৭॥ গুরুবাক্যবজ্যনকারী ব্যক্তির যে প্রকার চুর্গতি হইয়া থাকে, তৎপ্রদর্শনের নিমিত্ত একটি উপাথ্যান বলিতেছেন।— দধ্যত নামক এক আথৰ্কণ মুনি ইল্রের সমীপে গমন করিয়া প্রার্থনা করিলেন বে, আপুনি আমাকে বন্ধবিছা প্রদান কব্রন। ইন্দ্র বলিলেন, আমি ভোমাংক ব্রন্ধবিদ্যা প্রদান করিব, কিছুত্মি যদি এই বিছা অনুকাহাকেও প্রদান করু তাহা হইলে আমি ভোষার মন্তকছেদন করিব। তিনি তাহা স্বীকার করিলে ইক্ত তাঁহাকে ব্রন্ধ-বিভা লিলেন। অনন্তর কিছু কাল অতীত হইলে অধিনীকুমারছর সেই যুনির নিকট আগমন করিয়া ভ্রন্ধবিছা প্রার্থনা করিলেন : মুনি বলিলেন, আমি যদি ভোমাদিগকে অন্ধবিভা প্রদান করি, ভাষা হইলে ইন্দ্র আমার শিরুদেন করিবেন। তৎশ্রবণে অখিনীকুমার্ঘর বলিলেন, আপনার এই মন্তকচ্ছেদন করিয়া অন্তত্ত স্থাপনপূর্বক আপনার দেহে অখের মন্তক সংযোজিত করিয়া (नहे. এই अधीय मछक षाता आश्रीन आमानिशतक अधिवा छेशतम नान করুন। যথন ইন্দ্র আপনার শিরশ্ছেদন করিবেন, তথন আমরা আপনার এই মন্তক পুনরাম্ব সংযোজিত করিয়া দিব। অধিনীকুমারছয় এই প্রকার বলিলে দেই মুনি তাঁহাদিগকে ব্রহ্মবিছা উপদেশ করিলেন। তথন ইঞ্জ আসিয়া তাঁহার শিরশ্ছেদন করিলে অখিনীকুমার তাঁহার নিজ মন্তক তদীয় দেহে সংযোজিত করিয়া দিলেন। এই উপাধানি মর্কবেদে প্রসিদ্ধ वार्ष्ठ ॥ २४-२३॥

ইতি সফটসম্পান্ধা ব্ৰহ্মবিক্ষা নগাধিপ।
লব্ধা যেন স ধক্তঃ স্থাৎ কৃতকৃত্যুদ্চ ভূধর । ৩০॥
ইতি শ্রীদেবীগ্মতারাং জগদস্বারাঃ স্বমূথেনাক্মতত্ত্বর্থনং নাম
যর্চোচ্ধ্যারঃ ।

भश्रत्याव्धायः।

হিমালয় উবাচ।

স্বীয়াণ ভক্তি বদস্বায়। যেন জ্ঞানং সূত্ৰে হি জারেত মন্তল্পান্ত মধ্যমন্তাবিরাগিণঃ ॥ ১॥

नारमन्तरवाठ।

মার্গাস্বরো ম বিথ্যাতা মোক্সপ্রাপৌ নগাধিপ।
কর্মবোগো জ্ঞানযোগো ভক্তিবোগন্চ সরম ॥ ২ ॥
ব্রমাণামপ্যরং যোগাঃ কছুং শক্যোগতি সর্ববা।
স্কভবানানস্থাৎ কায়চিত।দ্যশীভনাৎ ॥ ৩ ॥
তথাতদানস্থাণাণ সা ভক্তিব্রবিধা মতা ॥ ৪ ॥

হে নগেলে। এইরপ ত্ল'ভ বন্ধবিভাষে ব্যক্তি প্রাথ হন, তিনি নিজ প ক্তক্তা হয়েন॥৩০॥

হিমালর বলিলেন, হে মাত:। অবিরাগী মধ্যম অধিকারী মন্তব্যের যাহাতে সুথে জ্ঞানলাভ হইডে পাবে, একণে আপনি সেই স্বীয় ভক্তিযোগ বলুন ॥ > ॥

দেবী বলিলেন, হে নগেন্দ্র। মুক্তিপ্রাপ্তিব পক্ষে তিমটি পথ কণিত হইয়। থাকে ,—কর্মবাগ, জ্ঞানযোগ ও ভক্তিবোগ ॥ ২ ॥

উক্ত ষোগত্রের মধ্যে ভক্তিযোগই অনায়াসসাধা, কারণ এই বোগ দ্রবা-ব্যয় এবং শারিবীক আয়াস ব্যতীত কেবল মনোবৃত্তি হারাই সম্পাদিত হইতে পারে, স্বতরাং এই যোগই স্থলভ³জানিবে। ৩।

সত্ত্ব, রজ ও তম এই তিন প্রকার গুণভেদে মন্তব্যের ভক্তিও তিম প্রকার
—সাত্ত্বিনী, রাজসিকী ও ভামসিকী ॥ ৪ ॥

শরপীড়াং সমৃদ্ধির দন্তং করা পুর:সর্য।
মাৎসর্যক্রোধষ্কো বন্তসং ভক্তিন্ত তামসী ॥ ৫॥
পরপীড়াদিরহিত: স্বকলাগার্থমের চ।
নিতাং সকামো হদরে নশোহর্থী ভোগলোলপং॥ ৬॥
তত্তংফলসমারাপ্রৈ মাম্পান্তেইভিভক্তিত:।
ভেদর্ক্রা তু নাং স্বস্থাদলাং জানাতি পামবং।
তক্স ভক্তি: সমাথাতো নগাধিপ । তু রাজসী॥ ৭॥
প্রমেশাপণং কম্ম পাপসংক্ষালনার চ।
বেনোক্ত রাদ্বর্গান্থ কন্তব্যক্ত ময়ানিশ্র ॥ ৮॥
ইতি নিশ্চিত্রদিস্ত ভেদর্দ্ধমুপাশ্রিত:।
করোতি প্রীতরে কর্ম ভক্তি: সা নগ সার্কিশ ॥ ৯॥
প্রপ্রপ্রাক্তে প্রাপ্রিকং ভেদর্দ্ধবেশ্বনাং।
প্রপ্রপ্রাক্তি হতে ভক্তী ন পরপ্রাপিকে মতে॥ ১০॥

া ব্যক্তি মাৎস্থ্য ও কোধাদিযুক্ত হইরা দপ্ত প্রকাশ পূর্বক পরপীড়া ডাক্তা আমার উপাসনা করে, তাহার ভক্তিকে জামসী বলিয়া, জননিবে। ৪ ।

বে ব্যক্তি প্রপীডাদি উদ্দেশ না করিয়া নিজের কল্যাণের নিমিত্ত দকাম-ভাবে বশঃপ্রাণী ও ভোগলোলুপ হইয়া অভীক্ষিত ফলপ্রাপ্তির জল অভিভ'জি প্রবি সামার উপাসনা করে এবং নিজের অভভাপ্রযুক্ত ভেদবৃদ্ধি দারা খানাকে নিজ আত্মা হইতে অক্সা বলিয়া মনে করে, হে নগেল । ভাহাব ভক্তিক বাজসী বলিয়া জানিবে ॥ ৬-৭॥

"প্রমেশাপিত কম্ম পাপসংক্ষালন করিতে সমর্থ, ই হা বেদে প্রতিপাদিত হইরাছে, অতএব আমার তাদৃশ কম্ম অবশুই অফুষ্টেয়" এই প্রকার নিশ্চিত-বৃদ্ধি চইনা যে ব্যক্তি ভেদবৃদ্ধি আশ্রয় পূর্বাক আমার প্রীতির জম্ম কর্মানুষ্ঠান করে, হে নগ। তাহার ভক্তিকে সাজিকা ভক্তি বলে। ৮-৯॥

এই সাধিকী ভক্তি পরপ্রেমকণা এবং পর ভক্তির প্রাপিকা, কিন্তু ইহা নিজেই পরা ভক্তি নহে, কারণ, ইহাতে ভেদবৃদ্ধি বস্তমান রহিয়াছে। পরস্তু প্রেরাক্ত তামসা ও রাজ্পী ভক্তি পরভক্তির প্রাপিকা নহে, অতএব তামসী, ও রাজসা ভক্তি পরিত্যাগ প্র্কিক ইহাকেই আতার করিবে । ১০ । অধুনা পরভক্তিত্ব কোচ্যানাং নিবোধ মে।

মন্ত্রণপ্রবর্গ নিত্যং মথ নামান্ত্রনার্ত্রনম্॥ ১১॥
কল্যাণগুণবন্ধানায়কবায়াং মরি স্থিরম্।

চেত্রের তত্ত কো বাপি ন কলাচিন্ত্রেদিপ।

সামাপাসান্তি সাযুক্ত্যসালোক্যানাং ন চেষণা॥ ১০॥

মংশেবাতোহধিকং কিঞ্চিয়ের জানাতি কহিচিং।

সেব্যসেবকতাভাবাত্তর মোক্ষং ন বাঞ্তি ৭১৪॥

পরান্তর্ক্তা মামের চিস্তরেদে ্যাহ্যতন্ত্রিত:।

সাতেদেনের মাং নিত্যং জানাতি ন বিভেদত:॥ ১৫॥

মজপত্রেন কাবানাং চিস্তনং ক্কতে তু য:।

বথা স্বস্তাত্মনি প্রীতিস্তর্কৈর চ পরাত্মনি॥ ১৬॥

হৈতক্ত্য স্মান্ত্রাং ন ভেদং ক্কতে তু য:।

সর্ব্রের বত্নানাং মাং সর্ব্রব্যাঞ্চ সর্ব্রদ্য ॥ ১৭॥

হে নগেল । একাণে আমি পবা ভাজিব বিষয় বলিভেছি, তুমি অবধান কব। বে বাজি নিযতই আমাব ওণ প্রবণ ও আমাব নাম কীন্তন করে, বাহার মন কল্যাণ ও গুণবদ্ধেব আকব, আমাতেই তৈলধারার লায় অবিচিন্ন ভাবে সত্তই অবস্থিত থাকে, কিও তাহাতে কোন প্রকার কাবণ বা কোন ফল আকাজ্রা কবে না, এমন কি, স, মাপ্য, সাঙ্গি, সাযুজ্য ও সালোকা মুক্তিবও কামনা করেন না, যে ব্যাক্ত আমার সেবা অপেকা অধিকতর উৎক্রেই আর বিতীয় জানে না, যে ব্যাক্ত আমার সেবা অপেকা অধিকতর উৎক্রেই আর বিতীয় জানে না, যে ব্যাক্ত অতক্রিত হইয়া পরাস্তর্রজিপ্রক আমারই চিন্তা কবে এবং আমাকে নিজ হুইতে ভিন্ন না কবিয়া 'আমিই সচ্চিদানলক্রপিণী ভগবতী' এই প্রকাব জ্ঞান কবে, যে ব্যক্তি সমন্ত জীবকে আমার স্বরূপ বলিয়া মনে করে এবং নিজ ও অক্সেতে সমপ্রীতিসম্পন্ন, যে ব্যক্তি চৈতন্তের সমানত্ত বশভঃ সর্বত বিভ্যানা সর্বন্ধপিণী আমার সহিত্য স্বলাই সকল জীবের অভিন্নতা জ্ঞান করে, হে নগেশ্বব! যে ব্যক্তি ভেদ-বৃদ্ধি পরিত্যাগ হেতু চণ্ডালাদি সমন্ত জীবকে নমন্তার ও পূলা করে এবং

নমতে যক্তে চৈবাপাচোপ্রালাল্কমীশব। ন কুত্ৰাপি ক্ৰোহৰ্দ্ধং কুক্তে ভেদবৰ্জনাং ॥ ১৮॥ यरकान-मर्गत खन्ना यसकामर्गत ज्या। মচ্ছার প্রবণে প্রকা মন্তন্তাদিয় প্রভা । ১৯। ময়ি প্রেমাকুলমতী রোমাঞ্চিততম্ব: স্থা। প্রেমাশ্রলপূর্ণাক্ষঃ কণ্ঠগদগদনিখনঃ ॥ ২১॥ অন্সনৈৰ ভাবেন প্ৰছয়েদ্যো নগাধিপ। মামাধরীং জগদযোনিং সর্বকারণকারণাম ॥ ২১ % ব্রতানি মম দিব্যানি নিতাইনমিত্তি কাকুপি। নিতাং যঃ ককতে ভক্না বিত্তশাঠ্যবিবাৰ্জ্বতঃ॥ ২২ । মতৎসবদিদকা চ মত্ৎসবক্তিভগা। জায়তে বজ নিয়তং স্বভাবাদের ভ্রুর ৷ ২৩ ॥ উচৈগায় ক নামানি মমৈব খলু নৃত্যতি। অহমাবাদিবহিতে। দেহতাদাতাবেজিক্ম ॥ ১৪॥ প্রাব্যেন যথা যচ ক্রিয়তে ভর্তথা ভবেৎ ৷ ন মে চিন্তান্তি ভ্রাপি দেহসংবক্ষণাদিয়॥ ২৫॥

কুত্রাপি গাছার দোচ্যুদ্ধি নাই, যে ব্যক্তি মানার হান দর্শনে, আমান ছবগণের দর্শনে, মদীয় শাস্ত-শ্রবণে এবং আমান দ্যাদি বিষয়ে আনাস্পান, যে
ব্যক্তি আমান প্রতি প্রেমপরিপূর্ণার্দ্ধি, স্তরাং আমান কথা শুনিকেই
রোমাঞ্চিতশরীর হয় এবং প্রেমাশ দ্বারা যাহার নয়ন প্রিপূর্ণ শাদ্যদিশকে কণ্ঠ অবরুদ্ধ হয়, হে নগাধিপতে । যে ব্যক্তি অনক্তভাবে ভাগদেশানি
সর্ক্রকারণকারণ প্রমেশ্রনী আমাকে পূজা করিয় থাকে, যে ব্যক্তি বিভ্রশাস্য না করিয়া অর্থাৎ বিজ্ঞান্ত্রপাবে ভক্তিপূর্বক আমার নিত্য-নৈমিত্তিক দিবা ব্রভের অন্তর্গান করে, হে ভূপন । যাহার বভাবতই মনীয় উৎসব দর্শনে এবং আমার উৎসব করণে ইচ্ছা থাকে, যে ব্যক্তি উচ্চৈংশবে আমার নাম গান ক্রিতে ক্রিতে নৃত্য করে, যে ব্যক্তি অহলারাদি বিব্যক্তিত এবং দেহাভিমানপ্রিশৃন্থ, যে ব্যক্তি সম্ভাই প্রায়ের কর্ম্যাদ্ধি সারে হয়, ইহা ভানিয়া আমার চিন্তা ব্যতীত দেহরক্ষাদি ইতি ভকিস্ত যা প্রোক্তা পর। ভক্তিস্ত সা শৃতা।

বস্তাং দেব্যতিবিক্তর ন কিঞ্চিদপি ভাব্তে॥ ২৬॥

ইথং জাতা পবা ভক্তিয়স ভবর তত্ত্ত:।

তদৈব তস্তা চিনালে মজপে বিলয়ো ভবেং॥ ২৭
ভকেস্ব যা পবাকালা সৈত জানং প্রকীতিত্য।

বৈবাশক চ সামা সা আনন গছলং যতঃ॥ ২৮ কিলোক চাসাং লক্ষাপি প্রায়ন্ত্রপতা নগ ।

ন জাবতে মন জানং মাধ্যাকে স গছেতি॥ ২৯ ৯

তম শরাপিলান ভোগানানজ্ঞাপ চর্চ্চাত্ত।

তদক্ষে মন চিদ্দপজ্ঞানং সন্তা ভবেন্নগ ।

তেন মুক্ত সদেব কাছ জানান্ত্রিন চাল্যা॥ ৩০॥

ইতৈব যক্ষ জানং সাজ্বিদ্যত প্রগোত্মন:॥ ৩১॥

মন সংবিংপরতনোক্তর্ম প্রাণা ব্রহ্মন্তিন ।

বিদ্যাব সংক্ষেনপ্রোতি ব্রহ্মব ব্রহ্ম বেদ যাল ৩২॥

বিদ্যাব সংক্ষেনপ্রোতি ব্রহ্মব ব্রহ্ম বেদ যাল ৩২॥

াবনদের ও চিক্সা কবে না, তাহাব এতানশা ভাক্তিই পরা ভাক্তি বলিয়া প্রদিদ্ধা জানিবে। এতাদৃশা ভাকিব উদয় হটাল গগেব চিত্তে দেবা ভিন্ন অন্য আবে কোন বিষয়েবই চিক্সা গাকে না। হে ভাববং! যাহাব যথার্থরূপে এতাদৃশী ভাকেব উদয় হয়, সেই ব্যক্তি তৎক্ষণাং আমাব চিন্নাত্ররূপে বিলীন হইরা বায় ॥ ২১-২৭॥

যে তেতু জ্ঞান হইলে ছ কি ও বৈবাণেরে সম্প্রতি হয়, অভ এব বৈরাগ্য ও ভকিব প্রাকাষ্ঠান ন।মই জ্ঞান, ইণা াত্তিত হইয়াছে ॥ ২৮॥

শে গিবে। যে ব্যক্তি ভকি কবিয়া ও শ্পাবৰ কশ্বশতঃ আমাৰ জুনাবিকাবী হয় না, সেই ব্যক্তি ম্নিখ'পে গমন কবে॥২৯॥-

হে পক্ষত। সেই হানে গমন কৰিবা শছা না কৰিলেও নানাপ্ৰকার ভোগ ৰিশ্ব প্ৰাথ হয় এবং তদকে আমাৰ চিদ্ধি জানগাভ করিয়া সেই জ্ঞান ছাৰ মৃক্তি লাভ কৰে। জ্ঞান বাতীত আৰ শিছুব ধাৰাই মৃক্তিলাভ হয় না॥ ৩০॥

পবস্থ এই স্থানে থাকিয়াই যিনে স-বিংশ্বরূপ হৃদশত প্রত্যুগান্থাব জ্ঞান-সাধন করিতে পারেন, তাঁহার প্রাণ উৎক্রান্ত হয় না, এই শরীরেই বিশীন হইষা যায়। তিনি ব্রন্ধের সহিত অভিন্ন হয়া যান, তাই ক্রতি বলিয়াছেন, "প্রশাবং বাজি ব্রহ্মবেপেই সম্পন্ন হয়েন" ॥ ৩১–৩২ ॥ কণ্ঠচামীকরসমমজানাজ, জিল্লোহিড্ন।
জ্ঞানাদজাননাশেন লক্ষেৰে হি লভ্ডতে ॥ ৩০।
বিদিতাবিদিতাদজনগোড়ৰ ৰপুদ্ধ।
যথাদৰ্শে তথাজনি যথা ললে তথা পিছলোহে ॥ ৩০।
ছারাতপৌ যথা হচ্চো বিবিজ্ঞো তছদেব হি।
মম লোকে ভবেজ জানং হৈডভানবিবজ্ঞিত্ব ॥ ৫৫।
যন্ত বৈরাগ্যবানের জানহীনো মিরেড চেং।
বক্ষলোকে বদেরিভাং বাবং করং ততঃ পরব্। ৩৬॥
ভাটনাং শ্রীমতাং পেতে ভবেভক্ত ক'নং পূনঃ।
কবোতি সাধনং পশাভতো জানং হি জারতে ॥ ৩৭॥
আনেকজন্মভী রাজন্ জানং জারৈকজন্মনা।
ততঃ সর্ব্ প্রযুক্তন জানার্থং বৃদ্ধাশ্রেরে ॥ ৩৮॥

বেমন কণ্ঠন্থ স্থাই ভ্ৰম বশত: নই ইইবাছে বলিয়া মনে হয়, আবার ভ্ৰমনিবৃত্তি ইইরা যখন তাহা প্রাপ্ত ইওরা বার, তখন বেন অলক বস্তাই পাইশাম
বলিরা মনে হয়, সেই প্রকার চিরলক আন্ধাও অভ্যান ঘারা আবৃত থাকেন,
অজ্ঞান-বিনাশ হইলে লক বস্তাকেই লাভ করিলাম বলিয়া মনে হয় ॥ ৩০ ম

হে নগদত্তম। আমার িজ্ঞাপ তত্ত্ব বিদিক্ত ঘটাদি কার্য্য ও আবদিত মান্ত্রাকাপ চইতে ভিন্ন। বেমন খাদর্শে প্রতিবিদ্ধ পাতত হয়, দেইরূপ এই দেহে
সাজার অক্তব চইরা থাকে এবং বেমন জলে প্রতিবিদ্ধ পূর্ব্বাপেক্ষা বিবিজকাপে প্রকাশ বাধ বসই প্রকাব পিতৃলোকে দেহ হইতে বিবিজ্ঞভাবে আজার
অক্তব চইরা থাকে ॥ ২৪॥

ষে প্রকার ছারা ও আতপের ভেদ পরিক্টিরপে লক্ষিত হয়, সেই প্রকার মণিখাপে বৈতভানবর্জিত জান গটংনী থাকে ॥ ৩৫ ॿ

যে ব্যক্তি বৈবাপাশালী হইয়াও জ্ঞানহীন অৰহায়ই প্ৰাণ, পরিত্যাগ করেন, তিনি প্রলয় পগ্যস্ত ব্রহ্মলোকে বাস কিছি তৎপরে পৃথিত্ত শ্রীমান্ ব্যক্তির সৃহে জন্ম লাভ করতঃসাধন ঃকরিয়া থাকেন এবং পদ্ধাৎ জ্ঞান লাভ করেন ॥ ২৬-৩৭ ॥

হে পর্যভরাজ। অনেক জন্মের প্রবন্ধ বারা আনবাত ১ন, এক জন্মেই। আনলাভ হয় না, অভএব আনকাভের বিমিত্ত আপের বৃদ্ধিরি । ওপ । নোচেমহাবিনাশ: ভাজনেমতদ্বৰ্গভং প্ন:।
তত্ত্বাপি প্ৰথমে বৰ্ণে বেদপ্ৰাপ্তিক ছব্ৰ ভা।, ০৯ ॥
শমাদিবট কসন্পভিবোশসিদিভিত্তবৈৰ চ।
তথোভমগুকপ্ৰাপ্তি: সৰ্কমেৰাক ছব্ৰ ভম্॥ ৪০ ॥
তথেজিয়াগাং পট্ডা সংস্কৃতত্ত্বং তনোভথা।
অনেক কমপুণৈয়ন্ত্ব মোক্ষেছা কাৰতে তত্ত: ॥ ৪১ ॥
সাধনে সক্ষেহেণ্যেবং কাৰমানেহপি বো নৱ:।
জানাৰ্থং নৈব বততে তত্ত্ব কম নিৱৰ্ণকম্॥ ৪২ ॥
তত্মান্তাদ্দন্ বৰ্ণাশক্ত্যা জানাৰ্থং বত্তমাত্ৰবেং।
পদে পদেহধ্যমেশত ক্ষম গাপ্লোভি মিক্তিভ্য্ ॥ ৪০ ॥
ঘততিমিৰ প্ৰসি নিগৃচং, ভৃতে ভত্তে চ বস্তি বিজ্ঞানম্।
সততং মন্থ্ৰিতবাং মনসা মছানভূতেন ॥ ৪০ ॥

এই মহুবাজন লাভ করিয়। জ্ঞানলাভ করিতে না পারিলে জনটি বিনষ্ট হইল অর্থাৎ মিথ্যা হইল। কারণ, মহুবাজনাই ছুর্ল'ভ, ভাহাতে আবার প্রথম বর্ণ অর্থাৎ ব্রাহ্মণবর্ণ হওয়। হুল'ভ, ব্রাহ্মণ হইয়াও বেদ্ঞান অভিশয় ভুর্ল'ভ। ৩৯॥

শম, দম, উপরতি, তিতিকা, সমাধান ও শ্রছা এই বট্সপত্তি, যোসসিদ্ধি ও উত্তম-গুরুপ্রাপ্তি ইছলোকে এই সম্ভই চল ভ জানিবে । ৪০॥

ইব্রিরগণের পটুতা ও বেলোক্ত সংস্কার ইহাও দুর্ল ভ বস্তু। এই পূর্ব্বোক্ত সমস্ত ব্রিবর্গনাভ হইলেও অনেকজনীর সঞ্চিত পুণ্যবলে সোক্ষবিষয়ে ইচ্ছা হইরা থাকে ॥ ৪১ ॥

পূর্ব্বক্থিত এই সমস্ত সাধন থাকিতেও বে মানব জ্ঞানলাভের নিমিত্ত বত্ববান হয় না, তাহার জন্ম নির্বক জানিবে 🛭 ৪২ ፣

শতত্ত্ব হৈ পিরিরাক ! জানলাভের নিমিত্ত যথাশক্তি যত্ত্ব কর্ত্তব্য । বিশি জানলাভের নিমিত্ত বত্ত্বশীল, তিনি ক্ষণে ক্ষণেই অখনেধ্যক্তের ফল নিশ্তিত প্রাপ্ত হরেন ॥ ৪০ ॥

মৃত বেমন সুধের অভাস্তরে নিগ্ডভাবে থাকে, সেই প্রকার প্রত্যেক দেহেই ব্রহ্ম বিরাম করিতেছেন, অভএব মনকে মহনদণ্ড করিয়া সেই বিজ্ঞান-মৃত্যুক সভতই মহন করা কর্ত্তব্য ! মহনদণ্ড বারা বেমন হয় হইতে মৃত্যুক পৃথক করে, তেমন মনোবারা দেহ হইতে আত্মাকে পৃথক করিতে হইবে ॥ ৩০ ॥ । জাৰ্নং লব্ধ কতাৰ্থ: স্তাদিতি বেদান্ত-ভিঙ্কিম:।
সক্ষমুক্তং সমাসেন কিং ভ্য়: শ্ৰোভূমিচ্ছসি । ৪৫ ॥
ইতি দেবীগীতাৰাং ভক্তি সাহাত্ম্যবৰ্ণনং নাম
সপ্তমোহধ্যায়: ।

অক্টমোহধ্যায়ন্ত্ৰ

श्यानत्र खेवाह।

কতি স্থানানি দেবেশি দ্বষ্টব্যানি মহীতলে।
মুখ্যানি চ পাবজাণি দেবীপ্রিয়তমানি চ॥ ১ ॥
ব্রতান্তপি তথা যালৈ ভুষ্টিদায়াৎস্বা অপি।
তৎস্কং বদ মে মাতঃ কু কুত্যো যতো নরঃ ॥ ২ ॥

श्रीत्मव्यवाह ।

সর্বাং দৃশ্যং মম স্থানং সর্বে কালা ব্রভান্মকা:। উৎস্বা: সর্বকালেযু যভোচ্ছং স্বার্কিসিয়া ৩ ॥

জ্ঞানলাভ করিয়া 'মানব কুতার্থ হয়, ইহা বেদান্তশাস্ত্র ভিত্তিমবাল্ডেব ক্লায় স্থিত্ত ঘোষণা করিতেছেন, অতএব জ্ঞানেরই আশ্রের গ্রহণ করা কর্ত্তব্য । হে সিরীক্র! আমি সংক্রেপে সমস্তই তোমার নিক্ট বলিগাম, পুনর্কাব কোন্বিষয় শ্রবণ করিতে ইচ্ছা করিতেছ १৪৫॥

হিমালয় জিজাস: কবিলেন, ১৯ দেবেশি! এই অবনীতলে আপনার প্রিয়তম অতি পৰিত্র মুখ্য ও দ্রষ্টব্য কতগুলি স্থান আছে, ;তাহা আমাকে বলুন ॥ ১ ॥

মাতঃ । যে সকল ব্রত ও উৎসবের অমুষ্ঠান করিলে মানবগণ ক্লভ-ক্লত্য হয়, আপনার প্রীতিপ্রাদ সেই সমস্ত ব্রত ও উৎসবের বিষয়ভ কীর্তন কল্পন ॥ ২॥

দেবী বলিলেন, হে নগের। যে হেতু, আমি সর্বাধিচানখরপিনী, অতএব ভূমগুলমধ্যে বন্ধ ছান বিদ্যমান আছে, তৎসমন্তই আমার তথাপি ভক্তবাৎসন্তাৎ কিঞ্চিৎ কিঞ্চিনধোচ্যতে।
পূগ্ৰাবহিতো ভূষা নগরাল বচো মম ॥ ৪ ॥
কোলাপুরং মংশ্বানং বত্ত লক্ষ্মী: সদা দ্বিতা।
মাতৃ: পুরং বিতীয়ঞ্চ রেপুকাধিন্তি তং পরম্ ॥ ৫ ॥
তুল্লাপুরং ভৃতীয়ং স্তাৎ সপ্তশৃক্ষং ভবৈব চ।
হিল্লারা মহাস্থানং জালাম্ব্যাপ্তবৈব চ ॥ ৬ ॥
ল কন্তব্যা: পরং স্থানং জামধ্যা: স্থানম্ভমন্।
শ্রীরক্তদন্তিকান্থানং ভূগিস্থানং ভবৈব চ ॥ ৭ ॥
বিদ্যাচলনিবাসিন্তা: স্থানং সংক্ষাত্তমোভ্যম্।
আনপ্র্যামহাস্থানং কাঞ্চীপুরমক্তমন্ ৮ ॥
ভীমাদেব্যা: পরং স্থানং বিমলাস্থানমেব চ ।
শ্রীচন্দ্রলামহাস্থানং কৌশিকীস্থানমেব চ ॥ ৯ ॥
নীলাম্বারা: পরং স্থানং নীলপর্বত্যস্তকে।
জাম্বদেশ্বীস্থানং তথা শ্রীনপরং শুভন্॥ ১০ ॥

অধিষ্ঠানভূমি এবং আমি সর্কাকালময়ী, অতএব সমস্ত কালই আমার ব্রত ও উসবাদাত্মক, অতএব ধধন ধাহার অনুষ্ঠ ন ক'রবে, তৎসমন্তই আমার প্রীতি-প্রদ জানিবে। তথাপি ভক্তগণের বা সলা বশতঃ কিছু কিছু নাম নির্দেশ পূর্বাক বলিতেছি, অবহিত হইয়া শ্রাবণ কর॥ ৩-৪॥

দক্ষিণপ্রদেশে কোলাপুর নামক এক মহাস্থান আছে, দেখানে আমি লক্ষ্মীরূপে অবস্থিতা আছি। সহা নামক পর্কতে মাতৃপুর নামক দিতীয় স্থান, রেপুকাদেবী তথার বাস করেন। ৫ ।

ভূল্পাপুর নামে তৃতীয় স্থান এবং স্থশ্ব নামক স্থানে হিস্পা ও জালা-ম্থী বাস করেন ॥ ৬ ॥

উহাই শাকস্তরী, ল্র'মরী, প্রীবক্তদন্তিকা এবং চ্পার মহাস্থান ॥ ৭ ॥
সর্ব্বোত্তযোত্তম কাঞ্চিপুরই বিদ্যাচলনিবাসিনী এবং অন্নপূর্ণার মহাস্থান
জানিবে ॥ ৮ ॥

এই কাঞ্চাপুণই শুীমাদেবী, বিমলা, শ্রীচন্দ্রলা এবং কৌশিকীর মহাস্থান স্থানিবে॥ २॥

নীলগর্কাতের শৃদদেশে নীলাধার উৎকৃষ্ট স্থান এবং স্থানর শীনগরই জাম্-নদেশরীর পর্ম স্থান জানিবে ॥ ১০ ॥ শুক্লাল্যা মহাস্থানং নেপালে বং প্রতিষ্ঠিতম্।
মীনাক্ষ্যাঃ পরমং স্থানং বচ্চ প্রোক্তং চিদ্বরে॥ ১১॥
বেদারণ্যং মহাস্থানং স্থল্য্যা সমধিষ্ঠি এম্।
একাস্বরং মহাস্থানং পরশক্ত্যা প্রতিষ্ঠিতম্॥ ১২॥
মহাল্যা পরং স্থানং বোলেস্বর্ধান্তি থৈব
তথা নীল্যরস্থত্যাঃ স্থানং চাদের্ বিক্ষ্তম্॥ ১০॥
বীমজ্বীভ্বনেশ্বর্যা মণিদ্বীপং মম স্থতম্॥ ১৪॥
শীমভ্বিভ্বনেশ্বর্যা মণিদ্বীপং মম স্থতম্॥ ১৪॥
শীমভ্বিভ্বনেশ্বর্যাং কামাখ্যাবোনিমগুলম্।
ভূমগুলে ক্ষেত্ররত্বং মহামার্যাধিবাদিত্তম্॥ ১২॥
নাতঃ পরতরং স্থানং কচিদন্তি ধরাতলে।
প্রতিমাসং ভবেদেবী বত্ত সাক্ষাক্রন্ত্রলাং প্রতাঃ।
পর্বতের্ বসস্থ্যের মহত্যো দেবতা অপি॥ ১৭॥

নেপাল-দেশে শুফ্কালীর উৎক্রন্ত স্থান প্রতিষ্ঠিত স্থাছে এবং চিদম্বর-দেশে মীনাকীর পরম স্থান কথিত হইয়াছে ॥ ১১ ॥

বেদারণ্য-নামক মহাস্থানে স্ক্রনী দেবী অবস্থিতা আছেন এবং একাঘরাথ্য মহাস্থানে পরশক্তি প্রতিষ্ঠিত রহিলাছেন ॥ ১২ ॥

চীনদেশে মহালদা, যোগেশ্বরী এবং নীলসরস্থতীর স্থান প্রসিদ্ধ আছে ॥১৩॥

বৈদ্যনাথে বগৰার সর্কোত্তম স্থান এবং মণিদ্বীপে ভূবনেশ্বরী **আ**মার পরম স্থান প্রসিদ্ধ আছে ॥ ১৪ ॥

বে কাম রপ-দেশে সতাদেবীর বোনিষণ্ডল পভিত হইরাছিল, সেই কামাথ্যা-বোনিমণ্ডলই ত্রিপুরভৈরবীর মহাস্থান, এই স্থান হইন্ডে উৎকৃষ্ট স্থান আর ধরণীতলে নাই। ভূমণ্ডলে ইহা কেত্রেরত্ন বলিরা ক্ষিত হইরাছে, এই স্থানে মহামারা বাস করিরা থাকেন এবং প্রত্যেক মাসে রজোবতী হরেম ॥ ১৫-১৬॥

এই পর্য চত্ত নেব।। পর্য চড়াব প্রাপ্ত হইরা ভবার ধান করিতে-ছেন । ১৭ ।৷

उब्रज्ञा श्विरी नक्षा (प्रवीद्रशा गुडा व्रेश: নাত: পরতরং স্থানং কামাখ্যাবোনিমগুলা দ গারভাগি পরং স্থানং শ্রীমংপুরুরমীরিত্য। অমরেশে চণ্ডিক। স্থাৎ প্রভাবে পুন্ধরেকিণী।। 😘 निमित्व कु महाकात्म (मवी मा निम्नशंतिनी। পুরহত। পুরুরাখ্যে আযাঢ়ে চ রতিন্তবা ॥২০ ॥ চত্ত্ৰমণ্ডা মহাস্থানে দণ্ডিনী প্রমেশরী। ভারভূতে। ভবেন্ততির্নাকুলে নকুলেশ্বরী । ২১ ।। চক্রিকা তু হরিকজে শ্রীপিরৌ শান্ধরী স্বতা। ৰূপ্যেখ্যর ত্রিশূলা ভাৎ স্থন্না চাদ্রাতকেখ্যর ॥ ২২ ॥ শান্ধরী তু মহাকালে সর্বাণী মধ্যমাভিধে। কেলারাথো মহাক্ষেত্রে দেবী দা মার্গদারিনী ॥ ২৩ ॥ ভৈরবাথো ভৈরবী সা প্রায়াং মদলা স্বতা। স্থাপুপ্রিয়া কুরুক্তেতে স্বায়স্ক্রাপি নাকুলে ॥২৪॥ কনথলে ভবেত্রা বিখেশা বিমলেখনে। **षहेशाम प्रशंनना प्रदास पु प्रशंकरा ॥ २० ॥**

পণ্ডিতগণ বলেন যে, সেই স্থানের সমন্ত ভূমিই দেবীস্বরূপা, অভএব কামাধ্যা-যোনিমণ্ডল অপেকা উৎকৃষ্ট স্থান আর নাই ॥ ১৮ ॥

পুষর তীর্থ পায়ত্রীর পরম স্থান, অমরেশে চণ্ডিকা এবং প্রভাবে পুরুরে-কিনী অবিস্থিতা আছেন ॥ ১৯॥

প্রসিদ্ধা শিক্ষারিণী দেবী নৈমিষ-নামক মহাস্থানে বিরাজিতা আছেন।
প্রস্থাধ্য স্থানে পুরহুতা এবং আ্যাতি স্থানে রতি অবস্থিতা আছেন। ২০॥

মহাস্থানে চণ্ডমুণ্ডা, দণ্ডিনী ও পরমেশ্বরী বাদ করিয়া থাকেন এবং ভার-ভতি স্থানে ভৃতি ও নাকুলাথ্য স্থানে নকুলেশ্বরী বিভ্যমানা আছেন ॥২১॥

হরিশ্চন্দ্র-স্থানে চন্দ্রিকা, শ্রীপর্কাতে শাঙ্করী, জপ্যেশরে ত্রিশূলা এবং আমান্তকেশরে হক্ষা অবস্থিত। আছেন ॥২১॥

উজ্জারিনী-দেশে শান্ধরী, মধ্যমেশ্বরস্থানে সর্বাণী, কেদার-নামক মহা-স্থানে প্রসিদ্ধা মার্গদারিনী দেবী, ভৈরবস্থানে ভৈরবী, গরাতে মললা, কুকক্তেত্রে স্থাপুপ্রিরা, নাকুলে স্বায়ন্ত্বী, কনধলে উগ্রা, বিনলেখনে কিম্বেশা, অইহাসন্থানে মহানলা, মহেল্র-পর্বতে মহান্তকা, ভীমন্থানে ভীমেশ্রী, ভীমে ভীমেশরী জোকা স্থানে বন্ধাপথে পুন: ।

তবানী শান্ধরী প্রোক্তা ক্যান্ত্রী শ্রহ্নকোচিকে । ২৬ ।

অবিমৃক্তে বিলাশালা মহাভাগা মহালরে ।

গোকর্ণে ভদ্রকণী স্থান্ত্রতা স্থান্ত্রতাকর্পকে ॥ ২৭ ।
উৎপলালা স্বর্ণাব্যে স্থানা স্থানুসংজ্ঞিকে ।

কমলালরে তু কমলা প্রচন্তা হুগনগুকে ॥ ২৮ ॥

ক্রওকে ত্রিসন্ধ্যা স্থানাকোটে মৃক্টেশরা ।

মওলেশে শাওকা স্থান কালী কালজরে পুন: ॥ ২৯ ।

শক্কর্ণে ধ্বনি: প্রোক্তা স্থানা স্থাৎ স্থাক্ষরে ।

ভ্যানিনাং ক্রেন্ডাভ্রে ক্রেন্থা পর্যেশরা ॥ ৩০ ॥
প্রাক্তানামানি স্থানানি দেব্যা: প্রিস্থতমানি চ ।

তত্তকে বিধানেন পশ্চাদ্বেরী প্রপ্রুরে ॥ ৩১ ॥

অথবা সর্বক্ষেত্রাণি কাল্ডাং সন্ধি নগোন্তম ।

তত্ত নিতাং বসেন্নিত্যং দেবীভক্তিপরারণ: ॥ ৩২ ॥

বক্সাপথ-স্থানে ভবানা, শান্তরী, অর্দ্ধকোটিকাথা-স্থানে ক্রন্তাণী, অবিষ্ক্তস্থানে বিশালাক্ষা, মহালয়ে মহাভাগা পোকর্ণস্থানে ভত্তকর্ণী, ভত্তকর্ণকৈ ভন্তা, স্বর্ণাথাস্থানে উৎপলাকী, স্থাপু-নামক স্থানে স্থাবীশা, কমলালয়ে কমলা, চগলগুকস্থানে প্রচণ্ডা, কুরগুকে ত্রিসন্ধ্যা, মাকোট-স্থানে মৃক্টেম্বরী,মগুলেশ-স্থানে শাগুকা, কালগুর-স্থানে কালা, শক্ত্ব-স্থানে ধ্বনি, স্থাকেম্ব-স্থানে কালা এবং ভ্রানিগণের স্থাকেম দেবী প্রমেশ্বরী স্থাকেম বাস করিয়া থাকেন ॥ ২৩-৩০ ॥

হে নগসন্তম! এই বে বে স্থান উক্ত হইল, এ গ্ৰহসমন্তই দেবীর প্রিয়-তমা। প্রথমে এই সমন্ত ক্ষেত্রের মাহাত্ম্য শ্রবণ করিয়া তত্তদ্বিধি অসুসারে পশ্চাৎ দেবীর পূজা করিবে॥ ৩১॥

হে নগভেষ্ঠ ! অথবা সমস্ত পুণ্যক্ষেত্ৰই কাশীধামে বিভয়ান আছে, এই নিমিত্ত দেবীভক্তি-পরারণ ব্যক্তিগণ কাশীধামে নিত্য বাদ করিয়া। থাকেন ॥ ৩২ ॥ তানি স্থানানি সম্পাতন্ কপন্ দেবীং নিরন্তরন্।

গ্যারংক্তরণাকোনং মৃক্তো ভবতি বছনাং ॥ ৩০ ॥

ইমানি দেবীনামামি প্রাভক্ষার মং পঠেং।
ভন্মীভবন্তি পাপানি তৎক্ষারগ সম্ম্য ॥ ৩৪ ॥
প্রাভকালে পঠেদেভান্তমলানি হিজাগ্রভঃ।
মৃক্রান্তংপি ১র' সর্কো প্রয়ান্তি পরমাং পতিম্ ॥ ৩৫ ॥
অধুনা কথমিলামি ব্রতানি তব স্বত্রত।
নারীভিশ্চ নরৈশ্চৈব কর্ত্রব্যানি প্রয়ন্তঃ। ৩৬ ॥
ব্রতমনন্ত্রত রাধাং রুপকল্যাপিনীব্রতম্।
আন্ত্রিনিক্ষরতক্ষৈর ভবা রুক্ষচতুর্দনী।
ভৌমবারব্রতক্ষৈর প্রদোষ্রভ্যেন্ব চ ॥ ৩৮ ॥
বত্র দেবো সহাদেবো দেবীং সংস্থাপ্য বিষ্টরে।
নৃত্যাং করোভি পুর্ভঃ সার্দ্ধং দেবৈনিশামুখে॥ ৩৯ ॥

সাধক দেবীমন্ত্র জপ করত সেই সমস্ত স্থান দর্শন পূর্বক দেবীর চবণ ক্ষল ধ্যান করিয়া ভব-বন্ধন হইতে বিমুক্ত হয়েন॥ ৩৩॥

হে পিরে ! প্রেণাক্ত দেবার নামাবলী বিনি প্রাতঃকালে গাতোখান করিয়া পাঠ করেন, তাঁহার সমস্ত পাপরাশি শীঘ্রই ভশীভূত হইয়া যায় ॥ ৩৪ ॥

বিনি প্রাদ্ধ করিবার সময়ে আন্দ্রণদের সমূথে এই পবিত্র নাম উচ্চারণ করেন, তাঁছার পিতৃগণ মুক্ত ২ইরা পরমা গতি প্রাপ্ত হরেন ॥ ৩৫॥

(ই প্রত । একণে ভোমার নিকট ব্রতসমূহ বলিভেছি। নারী ও নর-গণের ষত্নপূর্বক এই ব্রতের অক্টান করা কর্ত্তবা ॥ ৩৬ ॥

খনস্ততীয়াঝ এত, রসকল্যাণিনী-এত এবং আর্দ্রানন্দকরএত এই ডিনটি এত ভূতীয়াতে করিবে ৷ ৩৭ ৷

শুক্রবার-ব্রত, কৃষ্ণচ চুর্দিনী-ব্রত, মদলবার-ব্রত ও প্রদোষ-ব্রত (এই চারি ক্রকার ব্রত ক্ষিতে আছে) এই ব্রতে প্রদোষকালে দেবদের মহাদের দেবীকে আসমে সংস্থাপিত কাররা দেবগণের সহিত তাঁহার সম্মুথে নৃত্য করিয়া থাকেন। এই ব্রতে উপবাস করিয়া প্রদোষকালে মদলময়ী দেবীকে পূজা

তত্তোপোক্ত রক্ষাদে প্রাদেশ প্রাদ্ধিনান্।
প্রতিপকং বিশেবের তন্দেবীপ্রতিকারকন্ ॥ ৪০ ॥
সোমবারক্তকৈব মমাতিপ্রিরক্ষণ।
তত্তাপি দেবীং সম্পূজ্য রাজে ভাক্ত করের ॥ ৪২ ॥
নবরাজ্বরকৈব ব্রতং প্রতিকরং মম ॥ ৪২
এবমস্থাস্পি বিজো নিতানৈমিরিকানি চ।
ব্রতানি কৃষ্ণতে যোঁ থৈ মৎপ্রত্যর্থং বিমৎসর:।
প্রাপ্রোতি মম সামৃদ্ধাং স মে ভক্তঃ স মে প্রিয়:॥ ৪৩ ॥
উৎসবানপি ক্র্যাভ দোলোৎস্বম্থান্ বিজো ॥ ৪৪ ॥
শরনোৎস্বং যথা ক্র্যাভ্রথা জাগরণোৎস্বম্ ।
রপ্রেৎস্বক্ষ মে ক্র্যাভ্রথা জাগরণোৎস্বম্ ।
গবিত্তোৎস্বম্বাপি প্রাবেশ প্রীতিকারকম্ ।
মম ভক্তঃ সদা ক্র্যাদেশ্বমক্ষান্ মহোৎস্বান্ ॥ ৪৬ ॥

করিবে। বিশেষতঃ প্রতিপক্ষে এইরূপে পূজা করিলে দেবার অত্যস্ প্রীতিলাভ হইরা থাকে। ০৮-৪০॥

হে গিরে ! সোমবারত্রত আমার অত্যন্তই প্রিয়কর জানিবে। এই সোমবার-অতে দেবীকে পূজা করিয়া রাত্তিতে ভোজন করিবে॥৪১॥

নররাজম্বরনানে আর একটি ত্রত আছে,তাহা আমার অভিশর প্রীতিপ্রদ, এই ত্রত শরৎকালে ও বদস্তসময়ে কর্ত্তবা ॥ ৪২ ॥

আমার প্রীতির নিমিত যে ব্যক্তি বিমৎসর হইরা অন্তান্ত নিত্যনৈমি-ত্তিক উপান্ধ ললিতান্দি-ব্রতের অন্তর্চান করে, নেই ব্যক্তি আমার ভক্ত ও প্রের। সে নিশ্চরই আমার সাযুগ্যরূপ মুক্তিলাভ করিয়া থাকে 1 ৪৩॥

হে পিরীন্দ্র । দোলোৎসব প্রভৃতি উৎসবও কণ্ডব্য । ৪৪ ॥

আমার ভক্তপণ আঘাঢ় মাদের পোর্ণমাসীতে শরনোৎসব, কার্ভিকী পৌর্ণমাসীতে জাগরণোৎসব, আঘাঢ়ী শুক্তৃতীয়া তিথিতে রথোৎসব, চৈত্র-পৌর্ণমাসীতে দমনোৎসব এবং প্রারণমাসে আমার প্রিয়কর পবিত্রোৎসব ও এই প্রকার অক্যান্ত মত হাৎসব করিবে॥ ৪৫-৪৬॥ মঙ্কান্ ভোজরেৎ প্রী গ্রা তথা চৈব স্থাসিনাং
কুমারীকট্লাংশাসি মদ্বৃদ্ধা তদগগান্তঃ।
বিভ্রশাসেন রহিতো যজেদেগান্ স্মাদিভিঃ। ৪৭ দ য এবং কুকতে ভক্ত্যা প্রতিবর্ধ তেন্দ্রিভঃ।
ন ধক্তঃ কভক্ত্যাহসৌ মংপ্রীতেঃ পাত্রমঞ্জনা ॥ ৪৮ দ সর্বস্কং সমাদেন মম প্রীতিপ্রদারকম্।
নাশিষ্যার প্রদাতবাং নাভক্তার কদাচন॥ ৪৯॥

> ইতি শ্রীদেবীগীতায়াং দেব্যাঃ স্থানবর্ণনং নামাইমোহধায়ে: ॥

> > नवत्यार्थगायः ।

হিমাচল উবাচ।

দেবদেবি মহেশানি করুণাসাগরেহছিকে। ক্রছি পূজাবিধিং সম্যাগ্রেধাবদধুনা নিজম্॥ ১॥

এই সমস্ত উৎসবসময়ে প্রীতি পূর্বাক আমার ভক্তপণকে, সুবাসিনী ক্মারীপণকে ও বালকগণকে আমারই অরপ মনে করিয়া ভদগভচিত্তে ভোজন করাইবে। ইহাতে বিভ্রশাঠ। অথবা রূপণতা পরিভাগি করিবে এবং ইহাদিগকে কুমুমাদি ধারা পূজা করিবে॥ ৭ ॥

বে ব্যক্তি প্রত্যেক বৎসর ভক্তি পূর্বক অনলসভাবে এই প্রকার অষ্ট্রান করে,সে ব্যক্তি ধক্ত ও ক্বতকৃত্য হইন্না নিশ্চন্নই আমার প্রীতির পাত্র হর ॥৪৮॥ আমার প্রীতিদান্তক সমস্ত ব্রতাদিবিষর তোমার নিকট সংক্ষেপে কীর্ত্তন করিলাম, শিষ্য ব্যতীত অক্তকে অথবা অভক্ত ব্যক্তিকে ইছা প্রদান করা কর্ষব্য নহে ॥ ৪৯॥

হিমালর বলিলেন, মহেবরি! হে দেবদেবি! আপনি করুণার সাগর. জগজ্জননী, আপনি এখন আপনার প্রাবিধি সম্যক্রপে আমার নিকট বলুন॥১॥

औरमन्तर्गा ।

বক্ষ্যে প্ৰাবিধিং রাজ্যন্থিকায়া বথাপ্রিয়ন্।
অত্যক্তপ্রধানা সার্ধং শৃণু পর্বাতপুদ্ধর ॥ ২ ॥
বিবিধা মম পূঞা স্থাবালা চাতান্তরাপি চ ।
বালাপি বিবিধা প্রোক্তা বৈদিকী তান্ত্রিকী তুল।
বৈদিক্যর্কাপি বিবিধা মৃর্ত্তিভেদেন ভ্রম্ম ॥ ৩॥
বৈদিকী বৈদিকৈ: কার্য্যা বেদদীক্ষাসমন্বিতঃ ।
তন্ত্রোক্তদীক্ষাবন্তিন্ত তান্ত্রিকী সংপ্রিতা ভবেং ॥ ৪ ।
ইথং পূজারহস্তঞ্চ ন জ্ঞাত্মা বিপরীতকন্ম ।
করোতি যো নরো মৃচ: স পতত্যের সর্বাধা ॥ ২ ॥
তত্র যা বৈদিকী প্রোক্তা প্রথমা তাং বদাম্যহম্ ॥ ৩ ॥
বন্মে সাক্ষাৎ পরং রূপং দৃষ্টবানসি ভূষর ।
অনন্তনীর্বনরনমমন্তচরণং মহৎ ॥ १ ॥
সর্বাধিকসমাযুক্তং প্রেরকং যৎ পরাৎপরম্ ।
তদেব পূক্রেরিতাং নমেদ্ধাারেৎ ক্ষরেদ্পি ॥ ৮ ॥

দেবা বলিলেন, পিরিরাজ। আমি আমার প্রিয়কর প্জাবিধি বলিব। ১০ প্রতব্র ৷ আপনি অতিশয় শ্রুদাসম্পন্ন হইয়া শ্রুবণ করুন ॥ ২॥

বাফ ও আত্যস্তরভেদে আমার পূজা বিবিধ, তর্রাধ্যে আবার বাশ্বপূঞ্জাও মর্ত্তিভেদে বিবিধ অর্থাৎ পূর্ব্বোক্ত বিরাট্-ম্বরূপের ধ্যানক্রপ এক প্রকাব এবং করচরণাদিবিশিষ্ট ভগবতী-মূর্ত্তির ধ্যান করিয়া বৈদিক মন্ত্রে আবাহন-বিদর্জনাদি করত পূজা করার নাম বিভীয় প্রকার। তর্গাংগ বৈদিক মঞ্চে দীক্ষিত ব্যক্তি বৈদিক বিধি অমুসারে বৈদিক পূজা এবং হুছোহু মন্ত্রে দীক্ষিত ব্যক্তি বিধি বারা ভাগ্নিকাঁ পূজা করিবেন॥ ৩-৪॥

বে মৃঢ ব্যক্তি এই প্রকার পূজা-রহস্ত না জানিয়া বিপরীওভাবে-অফুষ্ঠান করে, সে সর্বাচাই নরকাদিতে পতিত হয়। ৫॥

হে ভ্ধর। উক্ত পূজাছরের মধ্যে প্রথমে বৈদিকী পূজার বিষয় বলি-তেছি। তৃমি বে আমার অনস্তনীর্ধ, অনস্ত-নয়ন, অনস্ত-চরণ, সর্কশাক্তি সম-বিত, জীবগণের বৃদ্ধি-প্রেরক, পরাৎপর, অতি মহৎ পরম রূপ সাক্ষাৎ করিয়াছ, সেই ক্লপকেই সর্বাদা পূজা করিবে, নমস্কার করিবে, ধানি করিবে এবং স্মরণ করিবে। হে গিরে! ইহাই প্রথম পূজা অর্থাৎ বৈদিকী পূজার স্থরপ

ইত্যেত্ৎ প্রথমার্চারাঃ বরুপং কবিতং নগ।
শাস্তঃ সমাহিত্যনা দভাহকারবর্জিতঃ ॥ ৯॥
তৎপরো ভব তদ্যাজী তদেব শরণং ব্রক্ত।
তদেব চেতসা পশ্চ জপ ধ্যারশ্ব সর্বানা ॥ ১০॥
অনক্তরা প্রেমযুক্তভক্তাা মন্তাবমাব্রিতঃ।
যক্তৈয়েজ তপোদানৈম্যামের পরিভোষর ॥ ১১॥
ইথং মমামুগ্রহতো মোক্ষাসে ভববদ্ধনাং।
মংপরা যে মদাসক্তচিত্রা ভক্রবরা মতাঃ।
প্রতিজ্ঞানে ভবাদশাত্রদ্ধরাম্যচিরেণ তু॥ ১২॥
ধ্যানেন কর্মযুক্তেন ভক্তিজ্ঞানেন বা পুন:।
প্রাপ্যাহং সর্বাথা রাজন্ম তু কেবলকর্মভিঃ॥ ১০॥
ধর্মাৎ সংক্ষারতে ভক্তিভিক্তেঃ সংজারতে পরঃ॥ ১৪॥

বলিরা কথিত হয়। এই পূজা কিরপ ভাব-সমন্বিত হইয় করিতে হয়, তাহা বলিজেছেন।—শান্ত, সমাহিত্চিত্ত, দন্ত ও অহলার-বর্জ্জিত এবং তলিষ্ঠ হইয়া সেই বিরাট্-রূপের পূজা কর, তাঁহারই শরণাগত হও, চিত্ত নারা তাঁহারই সাক্ষাংকার কর, তাঁহাকেই সর্বাদা জপ ও ধ্যান কর, একাথ্র প্রেমপূর্ণ-ভক্তিসম্পান হইয়া মদীর ভাব আশ্রার পূর্ব্বক যঞ্জ কর এবং তপজাও দান নারা একমাত্র আমাকেই পরিতৃষ্ট কর। এই প্রকার অমুষ্ঠান নারা আমার অমুষ্ঠান হারা আমার অভ্যান হইয়া আমাতে একান্ত আমাক্তিত হয়, তাহাকেই আমার ভক্তক্রের্য বলিয়া জানিবে। আমি প্রতিজ্ঞাপূর্ব্বক বলিতেছি, এতাদৃশ ভক্তন্ত্রের বলিয়া জানিবে। আমি প্রতিজ্ঞাপূর্ব্বক বলিতেছি, এতাদৃশ ভক্তন্ত্রাক আমি স্বচিরকালমধ্যেই সংসার হইতে উদ্ধার করিয়া গাকি॥ ৬-১২ ॥

হে গিরিরা**জ** । কর্মযুক্ত ধ্যান যোগ অথবা ভক্তিমিশ্রিত জ্ঞানবােগ বারাই আমাকে লাভ ছরিতে পারে, তঘ্যতীত কেবল কর্মযোগ **ঘারা আমা**কে প্রাপ্ত হুইতে পারে না ॥ > ৩।

ধর্ম হইতে ভর্জির ^জংগতি হয় এবং **তক্তি হইতে জানের উৎপত্তি** হয় ৪১৪ ॥ শ্রুতিভাগ্নিতং বং স ধর্ম প্রকাশ্তিত। ।
অকলারেণ বং প্রোক্তো ধর্মাভাসং স উচ্যতে ॥ ১৫ ॥
সক্ষজাৎ সর্মান্তক মত্তো বেদং সম্থিত: ।
অক্তানক্ত মমাভাবাদপ্রমাণা ন চ শ্রুতিং ॥ ১৬ ॥
শতরুক শ্রুতির্বই নির্মাণা নিয়তে ॥ ১৭ ॥
কচিৎ কলাচিং তদ্বার্থকটাকেন পরোদিত্য ।
ধর্মং বদন্তি সোহংশন্ত নৈব গ্রাহ্যোহন্তি বৈদিকৈ: ॥১৮
আক্রেবাং শান্তকর্ত্বামজ্ঞানপ্রভব্ষত: ।
অভানদোব্টভাত্তিক ন প্রমাণ্ডা।
তন্মানুষ্ক্রশার্থং সর্ক্ষ্যা বেদমাশ্রেরং ॥ ১৯ ।
বাজাজ্ঞা চ যথা লোকে হক্ততে ন কলাচনা।
সর্কেশান্তা মমাজ্ঞা সা শতিন্তাাজ্যা কথং নৃতিং ॥ ২০ ॥

এখন ধর্ম কাহাকে বলে, তাহা শ্রবণ কর, শ্রুতি ও স্মৃতি ধারা প্রতি-পাদিত কর্মাই ধর্ম নামে অভিভিত। শ্রুতি-স্মৃতি ব্যতীত অন্ধ শাস্ত্রোক্ত কর্ম প্রকৃত ধর্ম নহে, উচা ধর্মাচাস মাত্র॥ ১৫॥

সর্বজ্ঞ ও সর্বাধিক মান্ মংসার বা চাচতেই বেদ সম্পার হইরাছে, অত-এব বেদের অপ্রামাণ আশাহিত চাতে পারে না, কারণ, আমি অজ্ঞান-বির-হিত, স্তরাং মতংপর বেল প স্থিবহিত সতা বস্তা। অক্ত শাস্ত্র অজ্ঞানুক্ষ-কল্লিত, স্তরাং তাহা অপ্রামাণ এবং তত্তক ধর্মাও ধর্মাভাস বলিরা পণ্য, কল প্রেক বেদোক ধর্মাই প্রকৃত ধর্মা বালিয়া কানিবে ॥ ১৩॥

বেদের অর্থ গ্রহণ কবিষ্ণই স্মৃতিশাস্ত্র প্রণীত হইয়াছে, , অভএব মৃষ্ণু প্রভৃতি মহর্ষিগণ প্রণীত স্মৃতি শাস্ত্রের প্রোমাণ্য হইয়া থাকে 🛭 ১৭ 🛭

শ্বতি ও পুরাণাদি শালে বে কোন হলে বেদার্থের বিরুক্তাবে ধর্ম-বিষয় বলা হইয়াছে, ভাষা বৈদিক ব্যক্তির গ্রাহ্ম নহে॥ ১৮॥

কারণ, বেদ ভিন্ন অক্স শাস্ত্রকর্ত্দিগের বাক্য জজ্ঞান-সভূত, স্থতরাং তাহাতে জজ্ঞানদোৰ বর্ত্তমান শাছে, অতএব তাহার প্রামাণ্য হইতে পারে না। এই কারণ মৃষ্কু ব্যক্তি ধর্মজ্ঞানের নিমিত্ত সর্বদা বৈদক্ষেই আন্তর্ম করিবেন ॥ ১৯ ॥

বেমন লোকে রাজার আজা কুত্রাপি ব্যাহত হয় না, সেই ্রিল্লার

বদান্তারকণার্বন্ধ ব্রহ্মকন্তিরজাতয়:
মরা স্থা ততো জেরং রহজক ক্রতেকার রং ১ ।
বদা বদা হি ধর্মজ প্লানিভবিতি ভ্রর ।
অভ্যথানমধর্মজ তদা বেশান বিভর্মানম্ । বি ।
দেবদৈ ত্যবিভাগশ্চাপ্ত এবাভবর প ॥ ২০ ॥
বে ন কুর্বে ত তদ্ধং তহ্মিকার্থং ময়া সদা ।
সম্পাদিতান্ত নরকান্ধানা মজুবপান্তবেং ॥ ২৪ ॥
বো বেদধর্মমুজি মত্য ধর্মমঞ্জং সমাক্রমেং ।
রালা প্রবাসবেদেশারিজাদেতানধর্মিণ: ।
বালাবিশ্বন সভাবাা: পঙ্কি গ্রাফা ন চ বিকল: ॥ ২৫ ॥
অসান বানি শালাণি লোকেংশ্রিঘিবিধানি চ ।
ক্রতিষ্বিক্রমানি তামসাক্রেব সর্বাশ: ॥ ২৬ ॥

সর্কেশানা অর্থাং বাজবাজেররী আনার আজারকপ জাভিও মানবগণের কেমন করিয়া পরিভাজ্যি ইউনে শুডাংগ কপনই ইইতে পারে না । ২০॥

আমি আমার আজ্ঞান্ত শতিরকার্থ রাজণ ও কলির জাতি স্টে করিয়াতি, অত্থা আমার রচ্গান্ত শতিবাক্য অব্পুট জ্ঞাতব্য । ২১॥

চে ভ্ধর ! বে বে সমরে ধর্মের মানি এবং অধ্যের অভ্যুতান হয়, সেই প্রেই কালেই আমি শাক ধ্বা প্রভৃতি এবং রামকৃষ্ণাদিকণে অবভীবা হইয়া থাকি॥ ২২॥

তে পর্বভরাজ ! এই বেদের সন্তাব বশতই বেদরক্ষক দেবপণ ও বেদবিনাশক দৈত্যপণ এই প্রকার বিভাগ কল্লিভ হইরাছে। বে ব্যক্তি বেদোক্ত ধর্মাহটান না করে, তাহাদিগের শিক্ষার নিমিত্ত আমি বছবিধ নরকের স্ঠি করিয়াছি, করেণ, সেই নরকের কথা শ্রবণ করিলে ভাহাদের চিত্তে ভর উপস্থিত হইবে ॥ ২৩-২৪॥

যে ব্যক্তি বৈদিক ধর্ম পরিজ্ঞাগ করিয়া অন্ত ধর্মের আত্মর গ্রহণ করে, সেই অধার্মিক ব্যক্তিকে রাজা খদেশ হইতে নির্বাদিত করিবেন। আদ্দশন্দ জাহার সহিত সম্ভাবণ করিবেন না এবং বিজ্ঞাপ পড়্জিভোজনে ভাহাকে গুলুণ করিবেন না ১২৫॥

এই লোকে শ্রতি-বৃত্তি-বিক্লন অস্তান্ত যে সম্বন্ত শাস্ত্র আছে, ভাহাকে স্কানা ভামন শাস্ত্র বলিয়া লানিবে॥ ২৬॥ বাম, কাপালক, কৌলক এবং ভৈরকাগম এই সমস্ত শান্ত মহাদেব লোকের মোহনার্থ প্রবর্ম করিয়াছেন, নতুবা তৎপ্রবর্মে তাঁহার আর কোন কাবণ নাই ॥ ২৭ ॥

বে সকল ব্রাহ্মণপথ দক্ষ, শুক ও দধীচি ম্নির শাপে দগ্ধ হইরা বেদমার্গ হইতে বহিষ্ঠ হইরাছিল, তাহাদিগেব উদ্ধাবের নিমিত্ত অর্থাং জন্মান্তরে বেদাধিকার প্রাপ্ত হওরার জন্ত কিঞ্ছিং ঈশব্রোপাসনা কর্ত্তব্য, এই মনে করিরা শঙ্করদেব শৈব, বৈঞ্চব, সৌর, শাক্ত এবং গাণপত্য এই পঞ্চ প্রকাব আগম প্রাণ্ডন করিরাছেন। ২৮-৩০ য়

তাহাতে কোন কোন হলে বেদের অবিক্ষম অংশ এবং কোন কোন হলে বেদবিক্ষম । তন্মধ্যে বেদাবিক্ষম আংশ বৈদিকগণের গ্রাহ্ম হইতে পারে, তাহাতে কিছুই দোব নাই, কিছু সর্বাধা বেদবিক্ষম অংশে ছিলগণ কথনই অধিকারী হইতে পারেন না। বাহারা বেদে
অন্ধিকারী, তাহারাই তত্তৎবিক্ষম অংশ-গ্রহণে অধিকারী হইরা
থাকে ॥ ৩১-৩২ ॥

অতএব বেদাধিকারী ব্যক্তি অভিশর যত্নপূর্বক বেষের আল্লার গ্রহণ করিবেন। বেছেড়, বেদোক্ত ধর্মাছ্টান ছার। উৎপন্ন আনই পরম ব্রন্দেব প্রকাশ করিয়া থাকে । ২০ ।

मर्टिक्षणाः পविज्ञास्य मार्टिक म्बर्कः शक्ताः স**র্বাভ্তদরাবছো মানাহ্নারবর্জিতাঃ** ॥ ধা মচিত ভা মদগতপ্রাণা মংস্থান কথনে রঙাঃ। সন্নাসিনো বনস্থাত গৃহস্থা ব্ৰস্কচারিণ:। উপাসত্তে मना खड़ना त्वांगरेमचद्रमः किछम् ॥ : তেবাং নি গাভিযকানামহমজ্ঞানতং তমঃ। জানস্থ্যপ্রকাশেন নাশরামি ন সংশরঃ ॥ ৩৬ । ञ्चः दिमिक्शृकात्राः खबमात्रा नन्नादिन । পরপমুক্তং নংকেপান্থিতারারা অধো ক্রবে। ।।। मूर्छो वा इंडिटन वानि जवा सूर्वासूम करन , कलक्ष्या वार्गनाम वस्त्र वालि महाभारते । अ তথা শ্রীক্ষরাভোজে ধ্যারেদেবাং পরাংপরাম। সন্তৰাং কৰুবাপুৰাং তৰুবীমকুবাক্ৰাম ॥ ৩৯ ॥ (जोन्क्याजावजीयास्त्राः न्यावज्ञवस्त्राय। শুকারর নদম্পূর্ণাং সদা ভক্তাতিকা ভরাম ॥ ৪০ ঃ প্রসাদসম্থীময়াং চক্রবণ্ডশিথতিনীয়। পাশাস্থ্যবরা ভীতিধরামানকরপিণীম্ ॥ ৪১ ॥

ষে সন্ত্যানী, বানপ্রস্থাইছ এবং এগচারিগণ সমন্ত বাসনা পরিত্যাগ পূর্বাক আমার শরণাগত হইরা সর্বভূতে দরাবান্, মানাহম্বারবির্ছিত, মচিত, মন্পতপ্রাণ এবং আমার স্থানবর্ণনে নিরত হইরা বিরাই স্বরূপোপাসনা-নামক বোগের অফ্টান করে, আমি সেই নিত্য বোগাম্থরক্ত ব্যক্তিগণের সহয়ে জ্ঞানস্থ্য প্রকাশ 'করত অজ্ঞানজাত স্বরুকার বিনাশ করিরা থাকি, ইহাতে সন্দেহ নাই॥ ৩৪-৩৬॥

হে নগেন্দ্ৰ! এই আমি সংক্ষেপে প্ৰথমা বৈদিকী পূ**জা**ৰ অক্ষণ বৰ্ণন করিলাম, আনন্তর বিভীয় বৈদিকী পূজার অক্সণ বলিভেছি ॥ ৩৭॥

মূর্তি, পরিষ্ণত ভূমি, স্থামগুল, জল, বাণলিল, যদ্ধ, বন্ধ এবং কংপদ্দ ইচাদের অক্তম স্থানে সন্ত-রজ-তমোগুণমরী, ককণারসপরিপূর্ণা, যুক্তী, অক্তণব্দ রক্তবর্ণা, সৌন্দর্যসারসীমা, সর্বান্দরশ্বী, শ্বারক্ষসসম্পূর্ণা, কর্মদা ভক্তকনের আর্তিনর্শনে কাতরা, প্রসাদস্থ্যী, অন্ধ্রতক্ষেণাভিতশেখরা, চারি হতে গাল, অস্থুল, বর ও অভরধারিনী, আননক্ষপিনী, পরাহণরা, কেনী ক্ষা- প্ৰবেছ্পচারেক বথাবিকার্ন্রক্ষঃ ॥ ৪২ ॥
বাবদান্তরপূলারামধিকারো তবের হি ।
তাববাহামিমাং পূলাং প্রবেক্ষাতে তু তাং তাবেং ॥ ৪০ ॥
অভ্যন্তরা তু বা পূজা সা তু সংবিজর: মৃতঃ ।
সংবিদেব পরং রূপমূপাবিরহিতং মন ॥ ৪৪ ॥
অতঃ সংবিদি মৃত্রপে চেতঃ স্থাপাং নিরাপ্রকৃষ্
। সংবিত্রপাতিরিকত্ত মিধ্যা মারামরং জগং ॥ ৪৫ ॥
অতঃ সংসারনাশার সান্ধিণীমাত্মরপিণীন্ ।
ভাবরের্ম্মনক্ষেন বোগবৃত্তেন চেত্রা ॥ ৪৬ ॥
অতঃপরং বাহুপ্জাবিস্তারঃ কণ্যতে মরা ।
সাবধানেন মনসা শুণু পর্যন্তসন্তম ॥ ৪৭ ॥

रेठि चैरमवीशीलाग्नाः शृकाविधिवर्गनः नाम नवरमारशामः ।

দিংকাকে ধ্যান করিবে এবং নিজের বিভান্সদারে নানাবিধ উপচার খার। পূজা করিবে॥ ৩৮-৪২॥

ষাবৎ পর্যান্ত আন্তর-পূজাতে অধিকার না হর, তাবৎ পর্যান্ত এই প্রকার বাজ-পূজার অন্তর্গন করিবে। যথন আন্তর-পূজার অধিকার হর, ওখন বাজপূজা পরিত্যাগ করিবে। ৪৩॥

উপাধিবিরহিত সংবিৎ বা ব্রন্ধই আমার বরূপ, এই সংবিংখরূপে চিত্ত-বিলয়ের নামই আন্তর-পূজা জানিবে ॥ ৪৪ ॥

